বিভুনামা দেবপতিঃ পঞ্চমঃ পরিকীর্ত্তিতঃ। অমিতাভাদয়ো দেবাঃ ষষ্ঠমিন্দ্রঞ্চ মে শৃণু॥ ৯৭
আর্য্যাদ্যা বিবুধাঃ প্রোক্তাস্তেষামিন্দ্রোমনোজবঃ। আদিত্যবসুরুদ্রাদ্যা দেবা বৈবস্বতেঽন্তরে॥
ইন্দ্রঃ পুরন্দরঃ প্রোক্তঃ সর্ব্বকামসমন্বিতঃ। অষ্টমে চাপি বিবুধাঃ সুতপাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥৯৯
বিষ্ণুপূজাপ্রভাবেণ তেষামিন্দ্রো বলিঃ স্মৃতঃ। পারাবতাদ্যা নবমে ইন্দ্রশ্চাদ্ভুত উচ্যতে॥ ১০০
সধামনাদ্যা দশমে বিবুধাঃ পরিকীর্ত্তিতাঃ। শান্তির্নাম চ তত্রেন্দ্রঃ সর্ব্বভোগসমন্বিতঃ।
বিহঙ্গমাদ্যা দেবাশ্চ তেষামিন্দ্রো বৃষঃ স্মৃতঃ॥ ১০১
একাদশতমাঃ প্রোক্তাঃ শৃণু দ্বাদশমাস্তথা। ঋতুনামা চ তত্রেন্দ্রো হরিতাদ্যাস্তথা সুরাঃ॥১০২
সুত্রামাণাদয়ো দেবাস্ত্রয়োদশতমাঃ স্মৃতাঃ। দিবস্পতির্মহাবীর্য্যাস্তেষামিন্দ্রঃ প্রকীর্ত্তিতঃ॥১০৩
চতুর্দ্দশ চাক্ষুষাদ্যা দেবা ইন্দ্রঃ শুচিঃ স্মৃতঃ॥ ১০৪
এবং তে মনবঃ প্রোক্তা দেবা ইন্দ্রাশ্চ তত্ত্বতঃ। একস্মিন্ ব্রহ্মদিবসে স্বাধিকারান্ প্রভুঞ্জতে॥
লোকেশসর্ব্বসর্গেষু সৃষ্টিরেবংবিধা স্মৃতা। কর্ত্তারো বহবঃ সন্তি তৎসংখ্যা বেত্তি কো দিবি॥
ময়ি স্থিতে বিষ্ণুলোকেব্রহ্মাণোবহবোগতাঃ।তেষাংসংখ্যাংনসংখ্যাতুংশক্তোঽস্ম্যদিতিজোত্তম
স্বর্গলোকং ময়ি প্রাপ্তে যাবৎকালং শৃণুষ্ব মে। চত্বারো মনবোঽতীতা মম শ্রীশ্চাতিবিস্তরা॥
স্থাতব্যং ময়াত্রৈব যুগকোটিসমং প্রভো। ততঃ পরং গমিষ্যামি কর্ম্মভূমিং শৃণুষ্ব মে॥ ১০৯
ময়া কৃতং সুকৃতং বদামি তব পণ্ডিত। বদতাং শৃণ্বতাঞ্চৈব সর্ব্বপাপপ্রণাশনম্॥ ১১০
অহমাসং পুরা শক্র গৃধ্রঃ পাপাবশেষতঃ। স্থিতশ্চ ভূমিভাগে বৈ অমেধ্যামিষভোজনঃ।১১১
একদাহং বিষ্ণুগৃহপ্রাকারে সংস্থিতঃ প্রভো। পতিতো ব্যাধশস্ত্রেণ গচ্ছন্ বিষ্ণোর্গৃহাগতঃ॥১১২
ময়ি কণ্ঠগতপ্রাণে ভয়কো মাংসলোলুপঃ। জগ্রাহ মাং স্ববক্ত্রেণ খণ্ডিতাঙ্গোঽতিদ্রুতঃ॥ ১১৩
নয়ন্মাং সম্মুখেনৈব ভীতোঽগ্নৌর্দ্ধ্বকৈস্তথা। গতঃ প্রদক্ষিণাকারং বিষ্ণোস্তুমন্দিরং প্রভো১১৪
তেনৈব তুষ্টিমাপন্নো অন্তরাত্মা জগন্ময়ঃ। মম চাপি শুনশ্চাপি দত্তবান্ পরমং পদম্॥ ১১৫
প্রদক্ষিণাকারতয়া গতস্যাপীদৃশং ফলম্। সংপ্রাপ্তং বিবুধশ্রেষ্ঠ কিং পুনঃ সমাগর্চ্চনাৎ॥ ১১৬
ইত্যুক্তো দেবরাজস্তু সুধর্ম্মেণ মহাত্মনা। মনসা প্রীতিমাপন্নো হরিপূজারতোঽভবৎ॥ ১১৭
অদ্যাপি নির্জ্জরাঃ সর্ব্বে ভারতে জন্মলিপ্সবঃ। সমর্চ্চয়ন্তি বিবুধা নারায়ণমনাময়ম্॥ ১১৮
যে যজন্তি সদা ভক্ত্যা নারায়ণমনাময়ম্। তানর্চ্চয়ন্তি সততং ব্রহ্মাদ্যা দেবতাগণাঃ॥ ১১৯
নারায়ণানুস্মরণাদ্যতীনাং মহাত্মনাং ভক্তপরিগ্রহণাম্॥
কথং ভবত্যাগ্রভবস্য বন্ধস্তৎসঙ্গলুব্ধা অপি মুক্তিভাজঃ॥ ১২০
যে মানবাঃ প্রতিদিনং পরিমুক্তসঙ্গা নারায়ণং গরুড়বাহনমর্চ্চয়ন্তি।
তে সর্ব্বপাপনিচয়ৈঃ পরিমোচিতাশ্চ বিষ্ণোঃ পদং শুভতরং প্রতিযান্তি হৃষ্টাঃ॥১২১
যে মানবা বিগতরাগপরাপরজ্ঞা নারায়ণং সুরগুরুং সততং স্মরন্তি।
ধ্যানেন তেন হতকিল্বিষবেদনাস্তে মাতুঃ পয়োধররসং ন পুনঃ পিবন্তি॥১২২

যে মানবা হরিকথাশ্রবণাস্তদোষাস্তৎপাদপদ্মবিনিবেশিতমানসাশ্চ।
তে বৈ পুনন্তি জগতাং স্মরণাচ্চ সঙ্গাৎ সম্ভাষণাদপি ততো হরিরেব পূজ্যঃ॥ ১২৩
হরিপূজাপরা যত্র মহান্তঃ শুদ্ধবুদ্ধয়ঃ। তত্রৈব সকলং ভদ্রং যথা নিম্নে জলং দ্বিজাঃ॥ ১২৪
হরিরেব পরো বন্ধুর্হরিরেব পরা গতিঃ। হরিরেব পরঃ পূজ্যো যতশ্চৈতজ্জকারণম্॥ ১২৫
ধর্মাপবর্গফলদং সদানন্দং নিরাময়ম্। পূজয়ধ্বং দ্বিজশ্রেষ্ঠাঃ পরং শ্রেয়ো ভবিষ্যতি॥ ১২৬
পূজয়ন্তি হরিং যে তু নিষ্কামাঃ শুদ্ধমানসাঃ। তেষাং বিষ্ণুঃ প্রসন্নাত্মা সর্ব্বান্ কামান্ প্রযচ্ছতি
যশ্চৈতচ্ছৃণুয়াদ্বাপি পঠেদ্বা সুসমাহিতঃ। সংপ্রাপ্নোত্যশ্বমেধস্য ফলং বিবুধসত্তমাঃ॥ ১২৮
ইত্যেতদ্বঃ সমাখ্যাতং হরিপূজাফলং দ্বিজাঃ। সঙ্কোচবিস্তরাভ্যাঞ্চ কিমন্যৎ কথয়ামি বঃ॥ ১২৯

ইতি শ্রীবৃহন্নারদীয়ে পুরাণে হরিভক্তিমাহাত্ম্যবর্ণন নাম সপ্তত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৭॥

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

আখ্যাতং ভবতা সর্ব্বং সূত তত্ত্বার্থকোবিদ। ইদানীং শ্রোতুমিচ্ছামো যুগানাং স্থিতিলক্ষণম

সূত উবাচ।

সাধু সাধু মহাপ্রজ্ঞা যূয়ং লোকোপকারিণঃ। যুগধর্ম্মান্ প্রবক্ষ্যামি সর্ব্বলোকোপকারকান্॥২
ধর্ম্মা বিবৃদ্ধিমায়ান্তি কালে কস্মিংশ্চিদুত্তমাঃ। তথা বিনাশমায়ান্তি ধর্ম্মা এব মহীতলে॥ ৩
কৃতং ত্রেতা দ্বাপরশ্চ কলিশ্চেতি চতুর্যুগম্। দিব্যৈর্দ্বাদশভির্জ্ঞেয়ং সহস্রৈস্তচ্চ সত্তমাঃ॥ ৪
সন্ধ্যাসন্ধ্যাংশযুক্তানি যুগানি সদৃশানি বৈ। কালতো বেদিতব্যানি ইত্যাহুস্তত্ত্বদর্শিনঃ॥ ৫
আদ্যং কৃতযুগং প্রাহুস্ততস্ত্রেতাভিধায়িনম্। ততশ্চ দ্বাপরং প্রাহুঃ কলিমন্ত্যং বিদুঃ ক্রমাৎ॥৬
দেবদানবগন্ধর্ব্বযক্ষরাক্ষসপন্নগাঃ। ইমে কৃতযুগে বিপ্রাঃ সর্ব্বে দেবসমাঃ স্মৃতাঃ॥ ৭
সর্ব্বে হৃষ্টাশ্চ ধর্ম্মিষ্ঠা ন তত্র ক্রয়বিক্রয়ৌ। বেদানাঞ্চ বিভাগশ্চ ন যুগে কৃতসংজ্ঞকে॥ ৮
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাঃ স্বাচারতৎপরাঃ। সদা নারায়ণপরাস্তপোধ্যানপরায়ণাঃ॥ ৯
কামাদিদোষনির্ম্মুক্তাঃ শমাদিগুণতৎপরাঃ। আশ্রমাচারনিরতা গতাসূয়া অদাম্ভিকাঃ॥ ১০
সত্যবাক্যরতাঃ সর্ব্বে চতুরাশ্রমধর্ম্মিণঃ। বেদাধ্যয়নসম্পন্নাঃ সর্ব্বশাস্ত্রবিচক্ষণাঃ॥ ১১
চতুরাশ্রমযুক্তেন কর্ম্মণা কালযোনিনা। অকামফলসংযোগাঃ প্রযান্তি পরমাং গতিম্॥ ১২
নারায়ণঃ কৃতযুগে শুক্লবর্ণঃ সুনির্ম্মলঃ। ত্রেতাধর্ম্মান্ প্রবক্ষ্যামি শৃণুধ্বং সুসমাহিতাঃ॥ ১৩
ধর্ম্মঃ পাদোনতাং যাতি ত্রেতায়াং বিপ্রপুঙ্গবাঃ। হরিস্তু রক্ততাং যাতি কিঞ্চিৎক্লেশান্বিতা নরাঃ
ক্রিয়াযোগরতাঃ সর্ব্বে যজ্ঞকর্ম্মসু নিষ্ঠিতাঃ। সত্যব্রতা ধ্যানপরা দানাদানপরায়ণাঃ।
দ্বিপাদোনগতে ধর্ম্মে দ্বাপরে চ মুনীশ্বরাঃ॥ ১৫
পীতত্বঞ্চ হরির্যাতি বেদশ্চাপি বিভজ্যতে। অসত্যনিরতশ্চাপি যঃ কশ্চিদপি বর্ত্ততে॥ ১৬
ব্রাহ্মণাদ্যাশ্চ বর্ণাশ্চ কিঞ্চিদ্রাগাদিদূষিতাঃ। কেচিৎস্বর্গোপভোগার্থং বিপ্রা যজ্ঞান্ প্রকুর্ব্বতে॥১৭
কেচিদ্ধনাদিকামাশ্চ কেচিৎ কল্মষচেতসঃ। ধর্ম্মাধর্ম্মৌ প্রবর্ত্তেতাং দ্বাপরে বিপ্রসত্তমাঃ॥ ১৮

অধর্ম্মস্য প্রভাবেণ ক্ষীয়ন্তেঽত্র প্রজাস্তথা। অল্পায়ুষো ভবিষ্যন্তি কেচিচ্চাপি মুনীশ্বরাঃ॥ ১৯
কেচিৎপুণ্যপরান্‌দৃষ্ট্বা অসূয়াং কুর্ব্বতে সদা। কলেঃ স্থিতিং প্রবক্ষ্যামি শৃণুধ্বং সুসমাহিতাঃ॥২০
ধর্ম্মঃ কলিযুগে প্রাপ্তে ত্রিপাদোনঃ প্রবর্ত্ততে। তামসং যুগমাসাদ্য হরিঃ কৃষ্ণত্বমাগতঃ॥ ২১
যঃ কশ্চিদপি ধর্ম্মাত্মা যজ্ঞং দানং করোতি চ। যঃ কশ্চিদপি ধর্ম্মাত্মা ক্রিয়াযোগরতো ভবেৎ
নরং ধর্ম্মরতং দৃষ্ট্বা সর্ব্বেঽসূয়াং প্রকুর্ব্বতে। ব্রতাচারাঃ প্রণশ্যন্তি ধ্যানযজ্ঞাদয়স্তথা॥ ২৩
উপদবা ভবিষ্যন্তি চাধর্ম্মস্য প্রবর্ত্তনাৎ। অসূয়ানিরতাঃ সর্ব্বে দম্ভাচারপরায়ণাঃ।
প্রজাশ্চাল্পায়ুষঃ সর্ব্বা ভবিষ্যন্তি কলৌ যুগে॥ ২৪

ঋষয় ঊচুঃ।

সর্ব্বধর্ম্মাঃ সমাখ্যাতাস্ত্বয়া সংক্ষেপতো মুনে। কলিং বিস্তরতো ব্রূহি ত্বং হি সর্ব্ববিদাং বরঃ॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চ মুনিসত্তম। কিমাহারাঃ কিমাচারা ভবিষ্যন্তি বদস্ব নঃ॥২৬

সূত উবাচ।

শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে নারদেন মহাত্মনা। সনৎকুমারমুনয়ে কথিতং যদ্বদামি তৎ॥ ২৭
সর্ব্বে ধর্ম্মা বিনশ্যন্তি কৃষ্ণে কৃষ্ণত্বমাগতে। তস্মাৎ কলির্ম্মহাঘোরঃ সর্ব্বপাপস্য সাধকঃ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রা ধর্ম্মপরাঙ্মুখাঃ॥ ২৮
ঘোরে কলিযুগে প্রাপ্তে দ্বিজা বেদপরাঙ্মুখাঃ। ব্যাজধর্ম্মরতাঃ সর্ব্বে দম্ভাচারপরায়ণাঃ॥ ২৯
লোলুপাশ্চ কৃতঘ্নাশ্চ তথা বৈ ভণ্ডকা নরাঃ। অত স্বল্পায়ুষঃ সর্ব্বে ভবিষ্যন্তি কলৌ যুগে॥৩০
অল্পায়ুষ্ট্বান্মনুষ্যাণাং ন বেদগ্রহণং দ্বিজাঃ। বিদ্যাগ্রহণশূন্যত্বাদধর্ম্মো বর্ত্ততে পুনঃ॥ ৩১
ব্যুৎক্রমেণ প্রজাঃ সর্ব্বা ম্রিয়ন্তে পাপতৎপরাঃ। ব্রাহ্মণাদ্যাস্তথা বর্ণাঃ সঙ্কীর্য্যন্তে পরস্পরম্॥৩২
কামক্রোধপরা মূঢ়া বৃথাহঙ্কারপীড়িতাঃ। বদ্ধবৈরা ভবিষ্যন্তি পরস্য ধনলিপ্সবঃ॥ ৩৩
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ সর্ব্বে ধর্ম্মপরাঙ্মুখাঃ। অন্নার্থিনশ্চ ভবিষ্যন্তি তপঃসত্যবিবর্জ্জিতাঃ॥৩৪
সর্ব্বে জনা দয়াহীনা দাক্ষিণ্যপরিবর্জ্জিতাঃ। উত্তমা নীচতাং যান্তি নীচাশ্চোত্তমতাং তথা॥
রাজানশ্চার্থনিরতাস্তথা লোভপরায়ণাঃ। ধর্ম্মকঞ্চুকসংবীতা ধর্ম্মবিধ্বংসকারিণঃ॥ ৩৬
অস্মিন্ কলিযুগে ঘোরে সর্ব্বাধর্ম্মসমন্বিতে। যো যো রথাশ্বনাগাঢ্যঃ স স রাজা ভবিষ্যতি॥৩৭
কিঙ্করাশ্চ ভবিষ্যন্তি শূদ্রাণাঞ্চ দ্বিজাতয়ঃ। ধর্ম্মস্ত্রিয়ো ন গচ্ছন্তি পতয়ো জারলক্ষণাঃ॥ ৩৮
দ্বিষন্তি পিতরং পুত্রা গুরুং শিষ্যা দ্বিষন্তি চ। পতিঞ্চ বনিতা দ্বেষ্টি কৃষ্ণে কৃষ্ণত্বমাগতে॥ ৩৯
লোভাভিভূতমনসঃ সর্ব্বে দুষ্কর্ম্মশীলিনঃ। পরান্নলোলুপা নিত্যং ভবিষ্যন্তি দ্বিজাতয়ঃ॥ ৪০
পরস্ত্রীনিরতাঃ সর্ব্বে পরদ্রব্যপরায়ণাঃ। মৎস্যামিষেণ জীবন্তি দুহন্তি চাপ্যজাবিকাঃ॥ ৪১
ঘোরে কলিযুগে প্রাপ্তে নরং ধর্ম্মপরায়ণম্। অসূয়ানিরতাঃ সর্ব্বে উপহাসং প্রকুর্ব্বতে॥ ৪২
সরিত্তীরে বদ্ধহাস্তৈর্ব্বাপয়িষ্যন্তি চৌষধীঃ। অল্পমল্পং ফলং তাসাং ভবিষ্যতি কলৌ যুগে॥ ৪৩
বেশ্যালাবণ্যশীলেষু স্পৃহাং কুর্ব্বন্তি যোষিতঃ। ধর্ম্মবিঘ্না ভবিষ্যন্তি স্ত্রিয়ঃ স্বপুরুষেষু চ॥ ৪৪
প্রায়শঃ কৃপণানাঞ্চ বধূনাঞ্চ তথা দ্বিজাঃ। সাধূনাং বিধবানাঞ্চ বিত্তান্যপহরন্তি চ॥ ৪৫
ন ব্রতানি চরিষ্যন্তি ব্রাহ্মণা বেদনিন্দকাঃ। ন যক্ষ্যন্তি ন হোষ্যন্তি হেতুবাদৈর্ব্বিনাশিতাঃ॥ ৪৬
দ্বিজাঃ কুর্ব্বন্তি দম্ভার্থং পিতৃযজ্ঞাদিকাঃ ক্রিয়াঃ। অপাত্রেষু চ দানানি কুর্ব্বন্তি চ তথা নরাঃ॥
ক্ষীরোপায়নিমিত্তেন গোষু প্রীতিঞ্চ কুর্ব্বতে। ন কুর্ব্বন্তি তথা বিপ্রাঃ স্নানশৌচাদিকাঃ ক্রিয়াঃ

অকালধর্ম্মনিরতাঃ কূটযুক্তিবিশারদাঃ। দেবনিন্দাপরাশ্চৈব বিপ্রনিন্দারতাস্তথা।
ন কস্যচিদভিমতো বিষ্ণুভক্তিপরস্তথা॥ ৪৯
দেবপূজাপরান্ দৃষ্ট্বা উপহাসং প্রকুর্ব্বতে। বয়ন্তি চ দ্বিজানেব ধনার্থং রাজকিঙ্করাঃ।
তাড়য়ন্তি চ বিপ্রেন্দ্রাঃ কৃষ্ণে কৃষ্ণত্বমাগতে॥ ৫০
দানযজ্ঞজপাদীনাং বিক্রীণন্তে ফলং দ্বিজাঃ। প্রতিগ্রহং প্রকুর্ব্বন্তি চাণ্ডালাদেরপি দ্বিজাঃ॥৫
কলেঃ প্রথমপাদেঽপি বিনিন্দন্তি হরিং নরাঃ। যুগান্তেঽপি হরের্নাম নৈব কশ্চিদ্গ্রহিষ্যতি॥
শূদ্রস্ত্রীসঙ্গনিরতা বিধবাসঙ্গলোলুপাঃ। শূদ্রান্নভোগনিরতা ভবিষ্যন্তি কলৌ দ্বিজাঃ॥ ৫৩
কুতর্কৈর্বক্করৈস্তত্র হেতুবাদবিশারদৈঃ। পাষণ্ডিনো ভবিষ্যন্তি চাতুরাশ্রমনিন্দকাঃ॥ ৫৪
ন চ দ্বিজাতিশুশ্রূষাং ন স্বধর্ম্মপ্রবর্ত্তনম্। করিষ্যন্তি তদা শূদ্রা প্রবজ্যালিঙ্গিনোঽধমাঃ॥ ৫৫
শূদ্রা ধর্ম্মান্ প্রবক্ষ্যন্তি কূটযুক্তিবিশারদাঃ॥ ৫৬
অশৌচযুক্তমতয়ঃ পরপকান্নভোজিনঃ। ভবিষ্যন্তি দুরাত্মানঃ শূদ্রাঃ প্রব্রজিতাস্তথা॥ ৫৭
উৎকোচজীবিনস্তত্র মহাপাপরতাস্তথা। ভবিষ্যন্ত্যথ পাষণ্ডাঃ কাপালা ভিক্ষবস্তথা॥ ৫৮
ধর্ম্মবিধ্বংসশীলানাং দ্বিজানাং দ্বিজসত্তমাঃ॥ ৫৯
এতে চান্যে চ বহবঃ পাষণ্ডা বিপ্রসত্তমাঃ। ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যা ভবিষ্যন্তি কলৌ যুগে॥৬০
গীতবাদ্যপরা বিপ্রা বেদদেবপরাঙ্মুখাঃ। ভবিষ্যন্তি কলৌ প্রাপ্তে শূদ্রমার্গপ্রবর্ত্তিনঃ॥ ৬১
অল্পদ্রব্যা বৃথালিঙ্গা বৃথাহঙ্কারদূষিতাঃ। হর্ত্তারো ন চ দাতারো ভবিষ্যন্তি কলৌ যুগে॥ ৬২
প্রতিগ্রহপরা নিত্যং জনসন্মার্গশীলিনঃ। আত্মস্তুতিপরাঃ সর্ব্বে পরনিন্দাপরাস্তথা॥ ৬৩
বিশ্বাসহীনাঃ পিশুনা বেদদেবদ্বিজাতিষু। অসংস্কৃতোক্তিবক্তারো বহুদ্বেষরতাস্তথা॥ ৬৪
পরমায়ুশ্চ ভবিতা তদা বর্ষাণি ষোড়শ। ততঃ প্রাণান্ প্রহাস্যন্তি কৃষ্ণে কৃষ্ণত্বমাগতে॥ ৬৫
পঞ্চমে বাথ ষষ্ঠে বা বর্ষে কন্যা প্রসূয়তে। সপ্তবর্ষাষ্টবর্ষাঃ প্রজাস্যন্তি নরাস্তথা॥ ৬৬
স্বকর্ম্মত্যাগিনঃ সর্ব্বে কৃতঘ্না ভিন্নবৃত্তয়ঃ। যাচকাঃ পিশুনাশ্চৈব ভবিষ্যন্তি কলৌ যুগে॥ ৬৭
পরাপমাননিরতা আত্মস্তুতিপরায়ণাঃ। পরস্বহরণোপায়চিন্তকাঃ সর্ব্বদা জনাঃ॥ ৬৮
অত্যাহ্লাদপরাস্তত্র ভুঞ্জতে পরবেশ্মনি। তথৈব নিন্দাপরতা বৃথাভিশস্তিনো জনাঃ॥ ৬৯
নিন্দাং কুর্ব্বন্তি সততং পিতৃমাতৃসুতেষু চ। বদন্তি বাচা ধর্ম্মাংশ্চ চেতসা পাপলোলুপাঃ॥ ৭০
ধনবিদ্যাবয়োমত্তাঃ সর্ব্বদুঃখপরায়ণাঃ। ব্যাধিতস্করদুর্ভিক্ষৈঃ পীড়িতা অতিমায়িনঃ॥ ৭১
প্রবিষন্তি তথৈবান্যমবিচার্য্য সুদুষ্কৃতম্। ছাদয়ন্তি প্রযত্নেন স্বদোষং পাপকর্ম্মণঃ॥ ৭২
স্বমার্গং দুষ্কৃতাঃ সম্যগ্ বিবুধ্যন্তি নরাধমাঃ। ধর্ম্মমার্গপ্রনেতারং তিরস্কুর্ব্বন্তি পাপিনঃ॥ ৭৩
ধর্ম্মকথারতশ্চৈব বৃথা বিপ্রস্থিনো জনাঃ। ভবিষ্যন্তি কলৌপ্রাপ্তে রাজানো ম্লেচ্ছজাতয়ঃ॥৭৪
শূদ্রা ভৈক্ষ্যরতাশ্চৈব তেষাং শুশ্রূষবো দ্বিজাঃ। দ্বিজাশ্চ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চান্যাশ্চ জাতয়ঃ
অত্যন্তকামিনঃ সর্ব্বে সঙ্কীর্য্যন্তে পরস্পরম্॥ ৭৫
ন শিষ্যো ন গুরুঃ কশ্চিন্ন পুত্রো ন পিতা তথা। ন ভার্য্যা ন পতিশ্চৈব ভবিতা তত্র সঙ্করে॥
কলৌ যুগে ভবিষ্যন্তি ধনাঢ্যা অপি যাচকাঃ। রসবিক্রয়িণশ্চৈব ভবিষ্যন্তি দ্বিজাতয়ঃ॥ ৭৭
ধর্ম্মকঞ্চুকসংবীতা মুনিবেশধরা দ্বিজাঃ। অপণ্যবিক্রয়রতা ভবিষ্যন্তি দ্বিজাতয়ঃ॥ ৭৮
বেদনিন্দাপরাশ্চৈব ধর্ম্মশাস্ত্রবিনিন্দকাঃ। শূদ্রবৃত্ত্যা চ জীবন্তি দ্বিজা নরকভাগিনঃ॥ ৭৯

অনাবৃষ্টিভয়প্রাপ্তা গগনাসক্তদৃষ্টয়ঃ। ভবিষ্যন্তি তদা সর্ব্বে জনাঃ ক্ষুদ্ভয়কাতরাঃ॥ ৮০
কন্দপর্ণফলাহারাস্তাপসা ইব মানবাঃ। আত্মানং ঘাতয়িষ্যন্তি অনাবৃষ্ট্যাতিদুঃখিতাঃ॥ ৮১
কামার্ত্তা হ্রস্বদেহাশ্চ বহ্বন্নাশনতৎপরাঃ। কলৌ সর্ব্বে ভবিষ্যন্তি অল্পভাগ্যা বহুপ্রজাঃ॥ ৮২
শূদ্রস্ত্রীপোষণপরা বেশ্যালাবণ্যশীলিনঃ। শ্রুতিবাক্যমনাদৃত্য সদা স্বগ্রহতৎপরাঃ॥ ৮৩
দুঃশীলা দুষ্টশীলেষু করিষ্যন্তি সদা স্পৃহাঃ। অসদ্বৃত্তা ভবিষ্যন্তি পুরুষেষু কুলাঙ্গনাঃ॥ ৮৪
পরুষানৃতভাষিণ্যো দেহসংস্কারবর্জ্জিতাঃ। বাচালাশ্চ ভবিষ্যন্তি কলৌ প্রাপ্তে চ যোষিতঃ॥৮৫
নগরেষু চ গ্রামেষু প্রাকারেঽধিকা জনাঃ। চৌরাদিভয়ভীতাশ্চ কাষ্ঠযন্ত্রাণি কুর্ব্বতে॥ ৮৬
দুর্ভিক্ষকরপীড়াভিরতীবোপদ্রুতা জনাঃ। গোধূমাঢ্যং যবান্নাঢ্যং দেশং যাস্যন্তি দুঃখিতাঃ॥৮
নিধায় হৃদি কর্ম্মাণি প্রবয়ন্তি বচঃ শুভম্। স্বকার্য্যসিদ্ধিপর্য্যন্তং বন্ধুত্বং কুর্ব্বতে জনাঃ॥ ৮৮
ভিক্ষবশ্চাপি মিত্রাদি স্নেহসম্বন্ধযন্ত্রিতাঃ। অন্নোপাধিনিমিত্তেন শিষ্যান্ গৃহ্ণন্তি ভিক্ষবঃ॥ ৮ঃ
উভাভ্যামপি হস্তাভ্যাং শিরঃকণ্ডূয়নং স্ত্রিয়ঃ। কুর্ব্বন্ত্যো গুরুভর্ত্তৃণামাজ্ঞাং ভর্ৎসন্ত্যনাদৃতাঃ
পাপজালেন নিরতাঃ পাষণ্ডজনসঙ্গিনঃ। যদা দ্বিজা ভবিষ্যন্তি তদা বৃদ্ধিং গতঃ কলিঃ॥ ৯১
যদা যদা ন যক্ষ্যন্তি ন হোষ্যন্তি দ্বিজাতয়ঃ। তদা তদা কলের্বৃদ্ধিরনুমেয়া বিচক্ষণৈঃ॥ ৯২
অধর্ম্মবৃদ্ধির্ভবিতা বালমৃত্যুরপি দ্বিজাঃ। সর্ব্বধর্ম্মেষু নষ্টেষু যাতি নিঃশ্রীকতাং জগৎ॥ ৯৩
এবং কলেঃ স্বরূপঞ্চ কথিতং দ্বিজসত্তমাঃ। হরিভক্তিপরাণাঞ্চ ন কলির্বাধতে ক্বচিৎ॥ ৯৪
তপঃ পরং কৃতযুগে ত্রেতায়াং ধ্যানমেব হি। দ্বাপরে জ্ঞানমেবাহুর্দানমেকং কলৌ যুগে॥ ৯৫
যৎকৃতে দশভির্বর্ষৈস্ত্রেতায়াং হায়নেঽপি তৎ। দ্বাপরে তচ্চ মাসেন চাহোরাত্রেণ তৎকলৌ৯৬
ধ্যায়নকৃতে যজন্যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্। যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সঙ্কীর্ত্ত্য কেশবম্
অহোরাত্রং হরের্নাম কীর্ত্তয়ন্তি চ যে নরাঃ। কুর্ব্বন্তি হরিপূজাঞ্চ ন কলির্বাধতে হি তান্॥ ৯৮
নমো নারায়ণায়েতি কীর্ত্তয়ন্তি চ যে নরাঃ। নিষ্কামা বা সকামা বা ন কলির্বাধতে হি তান্৯ঃ
হরিনামপরা যে তু ঘোরে কলিযুগে দ্বিজাঃ। ত এব কৃতকৃত্যাশ্চ ন কলির্বাধতে হি তান্ ১০০
শিবপূজাপরা যে তু শিবনামপরায়ণাঃ। ত এব শিবতুল্যাশ্চ ঘোরে কলিযুগে দ্বিজাঃ॥ ১০১
সমস্তজগদাধারং পরমাত্মস্বরূপিণম্। ঘোরে কলিযুগে প্রাপ্তে বিষ্ণুং ধ্যায়ন্ ন সীদতি॥ ১০২
পরমার্থমশেষস্য জগতামাদিকারণম্। শরণ্যং শরণং যাতো গোবিন্দং নাবসীদতি॥ ১০৩
হরত্যঘমশেষঞ্চ হরিঃ শ্রদ্ধাবতাং দ্বিজাঃ। তমাদিদেবমজরং নরো ধ্যায়ন্ ন সীদতি॥ ১০৪
অহোঽতীব সভাগ্যাস্তে সকৃদ্বা কেশবার্চ্চকাঃ। ঘোরে কলিযুগে প্রাপ্তে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিতে॥১০
ন্যূনাতিরিক্ততা সিদ্ধা কলৌ বেদোক্তকর্ম্মণাম্। হরিস্মরণমেবাত্র সম্পূর্ণফলদায়কম্॥ ১০৬
হরে কেশব গোবিন্দ বাসুদেব জগন্ময়। ইতীরয়ন্তি যে নিত্যং ন তে কৃতার্থা ন সংশয়ঃ॥১০৭
শিব শঙ্কর রুদ্রেশ নীলকণ্ঠ ত্রিলোচন। ইতীরয়ন্তি যে নিত্যং ন হি তান্ বাধতে কলিঃ॥১০৮
মহাদেব বিরূপাক্ষ গঙ্গাধর মৃড়াব্যয়। ইতীরয়ন্তি যে নিত্যং তে কৃতার্থা ন সংশয়ঃ॥ ১০৯
জনার্দ্দন জগন্নাথ পীতাম্বরধরাচ্যুত। ইতীরয়ন্তি যে নিত্যং তে কৃতার্থা ন সংশয়ঃ॥ ১১০
সংসারে ভ্রমতাং লভ্যা পুত্রদারধনাদয়ঃ। ঘোরে কলিযুগে প্রাপ্তে হরিভক্তিঃ সুদুর্লভা॥১১১

সনৎকুমার উবাচ।

সত্যমুক্তং মহাভাগ ত্বয়া কারুণ্যবারিধে। পুনঃ শৃণোমি বিপ্রেন্দ্র তথাপি বদতাং বর॥ ১১ঃ

ত এব মুনিশার্দ্দূল পাষণ্ডা বেদনিন্দকাঃ। সম্যক্‌শ্রদ্ধাবিহীনাশ্চ ইতি পূর্ব্বং ত্বয়োদিতম্॥১১৩
অধর্ম্মনিরতানাঞ্চ যাতনাঃ পরিকীর্ত্তিতাঃ। ঘোরে কলিযুগে প্রাপ্তে বেদমার্গবহিষ্কৃতে॥ ১১৪
পাষণ্ডত্বং প্রসিদ্ধং বৈ সর্ব্বেষাংপরিকীর্ত্তিতম্। ঘোরেকলিযুগেব্রহ্মন্ জনানাং পাপকর্ম্মণাম্।
মনঃশুদ্ধিবিহীনানাং নিষ্কৃতিশ্চ কথং ভবেৎ॥ ১১৬
মনঃশুদ্ধিবিহীনত্বাদ্বিপ্রাদীনাঞ্চ সত্তম। স্বকর্ম্মাণি ন সিধ্যন্তি তেষাং কা গতিরুত্তমা॥ ১১৬

নারদ উবাচ।

সাধু সাধু মহাপ্রাজ্ঞ লোকানুগ্রহতৎপর। উপায়ং তব বক্ষ্যামি শৃণুস্ব সুসমাহিতঃ॥ ১১৭
প্রবক্ষ্যামি সমাসেন সর্ব্বশাস্ত্রসুনিশ্চিতম্। গুহ্যাদ্‌গুহ্যতরঞ্চৈব সর্ব্বলোকোপকারকম্॥ ১১৮
দৈবাধীনমিদং সর্ব্বং জগৎ স্থাবরজঙ্গমম্। যথৈব প্রেরিতং তেন তথৈব ঘটতে জগৎ॥ ১১৯
শক্তিতঃ সর্ব্বকর্ম্মাণি বেদোক্তানি সমাচরেৎ। তান্যর্পয়েন্মহাবিষ্ণৌ নারায়ণপরায়ণঃ॥ ১২০
সমর্পিতানি কর্ম্মাণি মহাবিষ্ণোঃ পরাত্মনঃ। সম্পূর্ণতাং প্রযান্ত্যেব হরিস্মরণমাত্রতঃ॥ ১২১
ঘোরে কলিযুগে প্রাপ্তে হরিরেব পরা গতিঃ। মহারিষ্টোপশান্ত্যর্থং হরিভক্তিঃ কলৌ যুগে১২২
হরিভক্তিরতানাঞ্চ পাপবন্ধো ন জায়তে। হরিস্মরণনিষ্ঠানাং শিবনামরতাত্মনাম্॥
সত্যং সমস্তকর্ম্মাণি যান্তি সম্পূর্ণতাং দ্বিজাঃ॥ ১২৩
অহো ভাগ্যমহো ভাগ্যং হরিভক্তিরতাত্মনাম্। ত্রিদশৈরপি পূজ্যন্তে কিমন্যৈর্বহুভাষিতৈঃ১২৪
তস্মাৎসমস্তলোকানাং হিতমেব ময়োচ্যতে। হরিনামপরান্মর্ত্ত্যান্ ন কলির্বাধতে ক্বচিৎ॥১২৫
হরের্নামৈব নামৈব নামৈব মম জীবনম্। কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥ ১২৬

সূত উবাচ।

এবং সনৎকুমারস্তু নারদেন মহাত্মনা। সম্যক্‌প্রবোধিতঃ সত্যং পরাং নির্ব্বৃতিমাপ হ॥ ১২৭
তস্মাচ্ছৃণুত বিপ্রেন্দ্রা হরিনিষ্ঠিতমানসাঃ। প্রযান্তি পরমং স্থানং পুনরাবৃত্তিদুর্লভম্॥ ১২৮
ঘোরে কলিযুগে প্রাপ্তে হরিনামপরায়ণাঃ। সমস্তপাপনির্ম্মুক্তা যাস্যন্তি পরমাং গতিম্॥ ১২৯
হরিপূজাপরাণাঞ্চ শিবপূজারতাত্মনাম্। ন্যূনাতিরিক্ততা ন স্যাৎ সর্ব্বকর্ম্মসু পণ্ডিতাঃ॥ ১৩০
সকৃদুচ্চারয়ন্ত্যেব হরের্নাম কলৌ যুগে। তে কৃতার্থা মহাত্মানস্তেষাং নিত্যং নমো নমঃ॥১৩১
ইত্যেতদ্বঃ সমাখ্যাতং নারদেন প্রভাষিতম্। সনৎকুমারমুনয়ে বৃহন্নারদসংজ্ঞিতম্॥ ১৩২
সর্ব্বপাপহরং পুণ্যং সর্ব্বদুঃখনিবারণম্। সমস্তপুণ্যফলদং সর্ব্বযজ্ঞফলপ্রদম্॥ ১৩৩
যে পঠন্ত্যত্র বিবুধাঃ শ্লোকং শ্লোকার্দ্ধমেব বা। ন তেষাং পাপবন্ধস্তু কদাচিদপি জায়তে১৩৪
যে চাত্রাধ্যায়পঠনং কুর্ব্বন্তি সকৃদপ্যুত। তে যান্তি বিবুধশ্রেষ্ঠা জ্যোতিষ্টোমফলং দ্বিজাঃ১৩৫
বিষ্ণ্বর্পিতমিদং পুণ্যং পুরাণং সর্ব্বকামদম্। ভক্ত্যা বদন্তি শৃণ্বন্তি তেষাং পুণ্যফলং শৃণু॥১৩৬
শতজন্মার্জ্জিতৈঃ পাপৈঃ সদ্য এব বিমোচিতাঃ। সহস্রকুলসংযুক্তাঃ প্রযান্তি পরমং পদম্॥১৩৭
কিং তীর্থৈর্বা প্রদানৈর্বা কিং তপোভিঃ কিমধ্বরৈঃ। অহন্যহনি গোবিন্দং তন্ময়ত্বেন শৃণ্বতাম্॥
কিং পুত্রদারৈঃ কিং ভৃত্যৈঃ কিং মিত্রক্ষেত্রবান্ধবৈঃ। অহন্যহনি গোবিন্দং কীর্ত্তয়ন্তঞ্চ শৃণ্বতাম
এতৎপবিত্রমারোগ্যং ধন্যং দুঃখপ্রণাশনম্। যেষাং গৃহেষু লিখিতং বর্ত্ততে তৎফলং শৃণু॥১৪০
ন বাধন্তে গ্রহাস্তত্র ভূতবেতালকাদয়ঃ। তত্রৈব সর্ব্বশ্রেয়াংসি বর্দ্ধন্তে চ দিনে দিনে॥
ন চাগ্নির্বাধতে তত্র ন চৌরাদিভয়ং তথা॥ ১৪১

গবাং কোটিসহস্রন্তু যো দদাতি কুটুম্বিনে। তৎফলং সমবাপ্নোতি ষষ্ঠাধ্যায়স্য পাঠনাৎ ॥ ১৪২
গঙ্গাস্নানশতং কৃত্বা জ্যোতিষ্টোমশতং তথা। তৎফলং সমবাপ্নোতি দশাধ্যায়স্য পাঠনাৎ ॥১৪৩
যত্র তৎপঠতে শাস্ত্রং শৃণুয়াদ্বিষ্ণুতৎপরঃ। তস্য পুণ্যফলং বক্ষ্যে শৃণুধ্বং সুসমাহিতাঃ ॥ ১৪৪
শতজন্মার্জ্জিতৈঃ পাপৈঃ সদ্য এব বিমুচ্যতে। শতবংশসমেতস্তু দেহান্তে মোক্ষমাপ্নুয়াৎ ১৪৫
যঃ পঠেৎপ্রাতরুত্থায় যদত্র শ্লোকবিংশতিম্। জ্যোতিষ্টোমফলং সত্যং গঙ্গাস্নানং দিনেদিনে
এতৎ পবিত্রমারোগ্যমবাচ্যং দুষ্কৃতাত্মনাম্। নীচাসনগতঃ সর্ব্বঃ শৃণুয়াদিদমুত্তমম্ ॥ ১৪৭
এতৎপুরাণশ্রবণমিহামুত্র সুখপ্রদম্। বদতাং শৃণ্বতাং সদ্যঃ সর্ব্বপাপপ্রণাশনম্ ॥ ১৪৮
দম্ভাদ্বা যদি বা মোহাদ্ যে শৃণ্বন্তীদমুত্তমম্। তে সর্ব্বে পাপনির্ম্মুক্তা যাস্যন্তি পরমাং গতিম্ ॥

ইতি শ্রীবৃহন্নারদীয়োপপুরাণে হরিভক্তিমাহাত্ম্যেঽষ্ট-
ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৮ ॥

সম্পূর্ণমিদং বৃহন্নারদীয়পুরাণম্

॥ শ্রীঃ ॥

বৃহন্নারদীয়পুরাণ

প্রথম অধ্যায়।

নারায়ণ, নর, নরোত্তম, দেবী, সরস্বতী এবং বেদব্যাসকে নমস্কার করিয়া জয় * নামক গ্রন্থ পাঠ করিতে হয়। কমলার প্রীতিভাজন পরম প্রভু প্রভূত-করুণাসম্পন্ন বৃন্দাবন-বিহারী পরমানন্দস্বরূপ শ্রীকৃষ্ণকে বন্দনা করি। ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর প্রভৃতি যদীয় অংশ, ত্রিভুবনের সৃষ্টি-স্থিতি-প্রলয়কর্ত্তা, সেই পরমবিশুদ্ধ চিৎস্বরূপ আদি দেবকে ভজনা করি। সূত বলিলেন,—শৌনক প্রভৃতি ব্রহ্মবাদী মহাত্মা ঋষিগণ মুক্তি-অভিলাষী হইয়া নৈমিষারণ্যে তপস্যা করিতেন। তাঁহারা সকলেই জিতেন্দ্রিয়, জিতাহার, সাধু, সত্যপরায়ণ এবং পরমভক্তিসহকারে জগদাদি জগদ্‌গুরু বিষ্ণুর অর্চ্চনায় তৎপর ছিলেন। ঈর্ষা, মমতা, অহঙ্কার তাঁহাদের ছিল না; সর্ব্বধর্ম্মে অভিজ্ঞ এবং লোকানুগ্রহ-পরায়ণ সেই ঋষিগণের চিত্ত পরমেশ্বরেই রত ছিল। কামক্রোধাদি-মলবিবর্জ্জিত, সত্ত্বাদি-গুণযুক্ত, কৃষ্ণাজিনোত্তরীয়, জটিল, ব্রহ্মচারী সেই সর্ব্বশাস্ত্রার্থদর্শী ঋষিগণ—জগৎকারণ জগদ্‌গুরু পরমব্রহ্ম উচ্চারণ, কেহ কেহ বা যজ্ঞ দ্বারা যজ্ঞেশ্বরের অর্চ্চনা, অপর কেহ কেহ জ্ঞান দ্বারা জ্ঞানময়ের উপাসনা, কেহ কেহ বা পরম ভক্তিসহকারে নারায়ণ-পূজা করিতেন। একদা সেই উত্তম মহাত্মা ঋষিগণ, ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষের (এক) উপায় জানিতে অভিলাষী হইয়া সভা করিলেন। ষড়্‌বিংশতি-সহস্র (২৬০০০) ঊর্দ্ধরেতা মুনি আর তাঁহাদিগের শিষ্য প্রশিষ্য যে কত, তাহার সংখ্যা করা যায় না; ভাবিতাত্মা মহাতেজা মুনিগণ তথায় সমবেত হইলেন। রাগদ্বেষ তাঁহাদের নাই, লোকানুগ্রহই তাঁহাদের প্রয়োজন। পৃথিবীতে পবিত্র ক্ষেত্র কি কি? কি কি তীর্থ আছে? তাপ-কাতরচিত্ত মানবগণ মুক্তি লাভ করিতে পারে কিরূপে? মানবগণের ঐকান্তিক হরিভক্তি কিরূপে হয় এবং শুভ, অশুভ ও

* অষ্টাদশ পুরাণ, রামায়ণ, মহাভারত প্রভৃতি কতিপয় গ্রন্থের নাম 'জয়'। জয়—সংসার-বিজয়ের উপায়।

শুভাশুভ এই ত্রিবিধ কর্ম্মের ফলনিষ্পত্তি কিরূপে হইয়া থাকে? মুনিগণ এই সব বিষয় নিজসমীপে জিজ্ঞাসা করিতে উদ্যত হইয়াছেন দেখিয়া, সুধী শৌনক, কৃতাঞ্জলিপুটে সবিনয়ে বলিলেন,—বহুবিধ যজ্ঞে বিশ্বরূপ জনার্দ্দনের অর্চ্চনা-নিরত পৌরাণিকোত্তম সূত পবিত্র সিদ্ধাশ্রমে আছেন, তিনি এতৎ সমস্তই অবগত আছেন; কেননা সেই সূত মুনি ব্যাসদেবের শিষ্য ও পুরাণ-সংহিতাবক্তা। লোমহর্ষণ-নন্দন সেই সূত মুনি, বিশেষতঃ শান্ত। মধুসূদন যুগে যুগে ক্রমে ক্রমে ধর্ম্মের অল্পতা দর্শন করিয়া দ্বাপরে বেদব্যাসরূপে বেদভাগ করিয়া থাকেন। হে দ্বিজগণ! শুনিয়াছি, বেদব্যাস মুনি সাক্ষাৎ নারায়ণ। আর সূত ব্রহ্মসিদ্ধ। ধীমান্ বেদব্যাস হইতেই সূতের সম্যক্‌সিদ্ধি। তিনিই পুরাণবেত্তা, তদপেক্ষা শ্রেষ্ঠ পুরাণবিৎ আর কেহ নাই। পুরাণার্থ যাঁহার বিদিত, জগতে তিনি বুদ্ধিমান্, তিনি শান্ত, তিনি মোক্ষধর্ম্মবেত্তা, কর্ম্ম ও ভক্তি বিষয়ে সকল কথাই তিনি জানেন, (অধিক কি) তিনি সর্ব্বজ্ঞ। হে মুনিশ্রেষ্ঠগণ! বেদ-বেদাঙ্গ শাস্ত্রের যাহা সার, জগতের হিতের জন্য পুরাণশাস্ত্রে বেদব্যাস তৎসমস্তই বলিয়াছেন। সূত জ্ঞানের সমুদ্র, সর্ব্বতত্ত্বার্থে অভিজ্ঞ, অতএব সেই সূতকেই প্রষ্টব্য বিষয়ে জিজ্ঞাসা করিব। শৌনক, মুনিগণকে এই কথা বলিলেন। অনন্তর সেই মুনিগণ, বাগ্মিশ্রেষ্ঠ শৌনককে আলিঙ্গন পুরঃসর স্তব করত সাধু সাধু বলিতে লাগিলেন। তৎপরে, তাঁহারা সকলে, (অচ্ছোদ-সরোবর-তীরস্থিত) মৃগযূথ-সমাকীর্ণ, মুনিগণ-পরিশোভিত, সুচারু-তরু লতা-ফল-পুষ্প-ভূষিত এবং অতিথিগণের আতিথ্যোকর্ম্মে ব্যাপৃত, সিদ্ধাশ্রম কাননে গমন করিলেন। সিদ্ধাশ্রম এতই সুস্নিগ্ধ ও স্বচ্ছ বোধ হইল, যেন কত শত অচ্ছোদসরোবর একত্র মিলিত হইয়া কাননাকারে পরিণত হইয়াছে। মুনিগণ তথায় দেখিলেন, লোমহর্ষণ-তনয় সূত অনন্ত অপরাজিত নারায়ণ দেবকে অগ্নিষ্টোম যজ্ঞে অর্চ্চনা করিতেছেন। সূত তাঁহাদিগকে যথাযোগ্য অর্চ্চনা করিলে, সেই মহাতেজা ঋষিগণ সূতের যজ্ঞান্ত-স্নান অপেক্ষা করত সেই যজ্ঞশালায় অবস্থান করিলেন। পৌরাণিক-প্রবর সূতমুনি যজ্ঞান্ত-স্নান করিবার পর, সুখে উপবিষ্ট হইলে, নৈমিষারণ্যবাসী মুনিগণ জিজ্ঞাসা করিলেন, হে সুব্রত! আমরা আসিয়াছি অতিথি; আপনিও অতিথি-সেবা-পরায়ণ; অতএব জ্ঞানতত্ত্ব-উপচার দ্বারা যথাবিধি আমাদের পূজা করুন। দেবগণ, চন্দ্রকলামৃত পান করিয়া জীবন ধারণ করেন। হে মুনে! আপনি নিজমুখনিঃসৃত জ্ঞানামৃত আমাদিগকে পান করাইবেন।* এতৎ সমুদয় বিশ্ব যাঁহার সৃষ্ট, যাঁহাতে অবস্থিত, যাঁহার পালিত, যদাত্মক এবং যাঁহাতে লীন হইবে, হে তাত! সেই বিষ্ণু কি করিলে প্রসন্ন হন? মনুষ্যগণের তাঁহাকে কিরূপে পূজা করা কর্ত্তব্য? বর্ণাশ্রমাচার ও অতিথি-পূজা কিরূপ? কর্ম্মসাফল্য কিরূপে হয়? মনুষ্যগণের মোক্ষোপায় কি? ভক্তি করিলে মানুষে কি লাভ করে? এবং ভক্তি কি প্রকার? হে মুনিবর সূত! এই সব তত্ত্ব নিঃসংশয়ে কীর্ত্তন করুন। আপনার বচনামৃত

* মূলে, 'পিবসি' অন্তর্ভূত ণিজর্থ, অর্থাৎ পায়য়সি, (বর্ত্তমান-সামীপ্যে) ফলিতার্থ, 'পায়য়িষ্যসি,' অনুবাদ, 'পান করাইবেন'।

শ্রবণে কাহার সন্তোষ না জন্মে? সূত বলিলেন,—হে ঋষিগণ! সকলে শ্রবণ করুন, আপনাদের অভিলষিত বিষয় কীর্ত্তন করিতেছি;—মহাত্মা নারদ, সনৎকুমারের নিকট যাহা বলিয়াছেন, সর্ব্বপাপবিনাশক, দুষ্টগ্রহ-নিবারক, দুঃস্বপ্নদোষ-শান্তিকর, ভুক্তি-মুক্তিপ্রদ, সর্ব্বমঙ্গল-সাধক, হরিকথা-সমন্বিত, ধর্ম্মার্থকামমোক্ষসাধন, অবপূর্ব্ব-পুণ্যফল-জনক, সেই মহাফলপ্রদ বেদার্থ-সম্মিত ধন্য বৃহন্নারদীয় পুরাণ সুসমাহিতচিত্তে শ্রবণ করুন। মহাপাতকীই হউক, আর সর্ব্ববিধ পাতকীই হউক, এই দিব্য বৃহন্নারদীয় পুরাণ শ্রবণ করিলে মুক্তিলাভ করিবে। হে দ্বিজগণ! এই পুরাণের এক অধ্যায় পাঠ করিলে বাজপেয় যজ্ঞের ফলপ্রাপ্তি হয়, দুই অধ্যায় পাঠ করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল লাভ হইয়া থাকে। মানব, উপবাসী থাকিয়া জ্যৈষ্ঠমাস পূর্ণিমা মূলানক্ষত্রে মথুরাধামে যমুনানদীতে পবিত্র ভাবে স্নান করিয়া যথাবিধি বিষ্ণুপূজা করিলে যে ফল প্রাপ্ত হয়, হে দ্বিজগণ! আমি তাহা সম্যক্ প্রকারে বলিতেছি, শ্রবণ করুন। কোটি কুলের সহিত অযুত-জন্মার্জ্জিত-পাপ-মুক্ত হইয়া ব্রহ্মপদপ্রাপ্তি হয়, পরে তথা হইতেই তাহার মুক্তিলাভ হয়। এই পুরাণের দশ অধ্যায় ভক্তিসহকারে শ্রবণ করিলেও উক্ত ফলপ্রাপ্তি হয়। এ বিষয়ে সন্দেহ কর্ত্তব্য নহে, কেননা বিষ্ণুস্তুতিই এই পুরাণের বিষয় কিনা। এই পুরাণ, শ্রব্য সন্দর্ভসমূহের মধ্যে পরম শ্রাব্য, পবিত্র বস্তুর মধ্যে সর্ব্বোত্তম, দুঃস্বপ্ন-দোষনাশক এবং পবিত্র; অতএব যত্নপূর্ব্বক ইহা শ্রোতব্য। মানব শ্রদ্ধাসহকারে এই পুরাণের এক শ্লোক বা অর্দ্ধশ্লোক পাঠ করিলেও তৎক্ষণাৎ কোটি কোটি উপপাতক হইতে মুক্তি লাভ করে। এই পুরাণ সাধুদিগের নিকটেই প্রয়োগ করা উচিত, কেননা ইহা অতি গুহ্য; বিষ্ণুমন্দির, পুণ্যক্ষেত্র এবং সভাতে এই পুরাণ কীর্ত্তন করিবে। হে দ্বিজশ্রেষ্ঠগণ! ব্রহ্মদ্বেষী, দম্ভাচার-রত, লোকাপকারী*-দিগকে এই পুরাণ উপদেশ দিবে না। কামাদি-দোষহীন, বিষ্ণুভক্তি-রত এবং গুরুভক্তিরত যে সব ব্যক্তি, তাঁহাদিগের নিকটেই এই মোক্ষসাধন পুরাণ প্রকাশ্য। সর্ব্বদেবময় বিষ্ণু কামপীড়া বিনাশক, সেই ভক্তবৎসল দেব ভক্তি দ্বারাই প্রীত হন, অন্য প্রকারে নহে; যাঁহার নাম কীর্ত্তন বা প্রশংসন রুচি ব্যতিরেকে করিলেও পাতক-বর্জ্জিত হইয়া পরমপদ প্রাপ্ত হয়। হে সাধুপ্রবরগণ! মধু-সূদন, সংসাররূপ ঘোরতর অরণ্য-পথ-প্রদাহী দাবাগ্নি, যাহারা তাঁহাকে স্মরণ করে, তাহাদের নিখিল পাপ অবিলম্বে বিনাশ করেন। এই উত্তম পবিত্র পুরাণ, তৎপ্রাপক (বিষ্ণু-ভক্তিসম্পাদক অথবা বিষ্ণুপ্রাপ্তির হেতু); অতএব শ্রাব্য। ইহা শ্রবণ বা পাঠ করিলে সর্ব্ব পাপ বিনষ্ট হয়। এই পুরাণ-শ্রবণে যে ব্যক্তির ভক্তিসহকৃত বুদ্ধি আছে, সে-ই কৃতার্থ এবং সর্ব্বশাস্ত্রে পণ্ডিত। হে দ্বিজগণ! এই পুরাণ শ্রবণের জন্য বুদ্ধি যে স্থির থাকে, ইহাই তপঃপুণ্য-অর্জ্জন এবং ইহাই ক্রিয়া-সাফল্য। 'উত্তম ব্যক্তিগণ সৎকথাতে প্রবৃত্ত হন' এই বুদ্ধি এই পুরাণ হইতেই উৎপন্ন হয়। পাপিষ্ঠ

* 'লোকাপকৃতিরতানাং' এই পাঠ অবলম্বনে অনুবাদ করা হইয়াছে, 'লোকযাজক-রতানাং' এই পাঠ কিন্তু মূলের। তাহার অর্থ, লোকযাজী অর্থাৎ বহুযাজী।

অসজ্জনেরা নিন্দা ও কলহে প্রবৃত্ত হইয়া থাকে। যে নরাধমেরা পুরাণে অর্থবাদ (অলীক ফলশ্রুতি) আছে মনে করে, তাহাদের অর্জ্জিত পুণ্য অর্থবাদ-রূপেই পরিণত হইবে, অর্থাৎ বিফল হইবে। যে নরাধম, সমস্তকর্ম্ম-নির্ম্মূলনক্ষম, মোক্ষসাধন পুরাণ অর্থবাদগ্রস্ত ভাবিয়া শ্রবণ করে, তাহার নরকভোগ হয়। ব্রহ্মার চরাচর জগৎসৃষ্টি যাবৎ বর্ত্তমান থাকে, সেই পাপী, তাবৎ নরকানলে সতত পক্ক হয়। দুটী চারি অক্ষর কথা আছে, উচ্চারণ মাত্রেই একটী পুণ্যের আদিকারণ আর একটী পাপের আদি কারণ। হে মুনীন্দ্র! সেই নামদ্বয় হইল 'নারায়ণ' আর 'অর্থবাদ'। হে দ্বিজ-শ্রেষ্ঠগণ! সর্ব্বধর্ম্মোপদেশক পুরাণ শাস্ত্রকে যাহারা অর্থবাদপূর্ণ বলে, তাহারা নরকে যায়। হে দ্বিজোত্তমগণ! যে ব্যক্তি অনায়াসে পুণ্যরাশি উপার্জ্জন করিতে ইচ্ছা করে, সেই ব্যক্তিই ভক্তি-সহকারে পুরাণ শ্রবণ করিবে। যাহার পূর্ব্বার্জ্জিত পাপ বিনা-শোন্মুখ, তাহারই পুরাণশ্রবণে বুদ্ধি হইয়া থাকে। পুরাণ বর্ত্তমান থাকিতেও যে পাপ পাশ-বন্ধন দূর হয় না, তাহা পুরাণ অনাদর করিয়া বৃথা গল্পে মনঃ-সংযোগের ফল। সৎসঙ্গ, দেবপূজা, সৎকথা এবং অন্যকে সদুপদেশ দেওয়া, এই সব কার্য্যে রত মানব, দেহাবসানে বিষ্ণুর তুল্য তেজঃসম্পন্ন হইয়া বিষ্ণুর পরম-পদ প্রাপ্ত হয়। হে দ্বিজেন্দ্রগণ! যাহা শ্রবণে জন্ম-জরাদি দূর হয়, মানব নির্দ্দোষ হইয়া পরিশেষে বিষ্ণুত্ব প্রাপ্ত হয়, সেই এই বৃহন্নারদীয় পুরাণ শ্রবণ করুন। যাঁহার প্রভায় সর্ব্বলোক উদ্ভাসিত, যাঁহার সঙ্কল্প হইতে চরাচরের উৎপত্তি, সেই বরদ, বরেণ্য, বর, পুরাণ পুরুষ পরমাদি-দেবকে স্মরণ করিলে মানব মুক্তিপদ প্রাপ্ত হয়। যিনি ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বর নামক শরীর-ভেদে জগতের সৃষ্টি-স্থিতি-সংহার করিতেছেন, সেই পরম আদি-দেব পরমেশ্বরকে ভাবনা করিলে মুক্তি লাভ হয়। নাম, জাতি, গোত্র ইত্যাদি বিকল্প যাঁহার নাই, যিনি শ্রেষ্ঠের শ্রেষ্ঠ, কারণের কারণ, সেই বেদান্ত-বেদ্য স্বপ্রকাশ স্বরূপ ঈশ্বর সকল পুরাণ ও বেদে পূজিত হন; অতএব সেই ঈশ্বর-ভজনা করিলেই মুক্তিলাভ হয়, এই পুরাণ সেই ঈশ্বর নারায়ণের উপাসনার সম্পূর্ণ উপযোগী, পরম রহস্য এবং চতুর্ব্বর্গের নিদান। এই পুরাণ স্মরণ করিলে মানব কার্য্য-কারণপতি নারায়ণকে প্রাপ্ত হয়। হে পণ্ডিতগণ! শ্রদ্ধাসম্পন্ন ধার্ম্মিক যতি, বৈরাগ্যযুক্ত, জ্ঞানী এবং মুমুক্ষুর নিকট এই পুরাণ কীর্ত্তনীয়। পুণ্যদেশ, সভা, পুণ্যক্ষেত্র, দেবালয় এবং পুণ্যতীর্থে এই পুরাণ কীর্ত্তন করিবে। হে বিচক্ষণগণ! সন্ধ্যাকালে ইহা কীর্ত্তনীয় নহে। এই উত্তম সংবাদ উচ্ছিষ্ট দেশে যাহারা কীর্ত্তন করে, তাহারা, চন্দ্র-সূর্য্য যতদিন থাকেন, ততদিন ঘোর নরকে পচিয়া থাকে। যে মূঢ়, ভক্তিহীন হইয়া দম্ভবশে এই পুরাণ শ্রবণ করে, তাহার পুরাণ-শ্রবণও বিফল, আর আ-কল্প মহাঘোর নরকে পচিতে থাকে। যে মানব, সৎ-কথার মধ্যে অন্য কোন কথা বলে, সেই পাতকী চন্দ্রসূর্য্য-স্থিতিকাল ঘোরনরক ভোগ করে। অতএব শ্রোতা এবং বক্তা সকলেই একাগ্রচিত্ত হইবে; চিত্ত একাগ্র না হইলে ত কিছু বুঝা যায় না। মানব, অনন্য মনে হরিকথামৃত পান করিবে, চিত্তের চাঞ্চল্য থাকিলে সাগ্রহ হইবে কেন? সর্ব্বদা যাহার চিত্ত চঞ্চল, জগতে তাহার কি সুখ

হয়? অতএব একাগ্রচিত্তে বিষ্ণুচিন্তা করিবে। চঞ্চলচেতা মানবগণের বৈষয়িক সুখই যখন অনুভূত হয় না, তখন যোগসিদ্ধি হইবে কিরূপে? অতএব দুঃখসাধন কামদোষ পরিত্যাগ করিয়া একাগ্রচিত্তে বিষ্ণুচিন্তা করিবে। অবিনাশী নারায়ণকে যে কোন উপায়ে পাতকী ব্যক্তি স্মরণ করিলেও তিনি তৎপ্রতি প্রসন্ন হন, এ বিষয়ে সংশয় নাই। অব্যয় বিষ্ণু নারায়ণদেবে যাহার পরম ভক্তি, তাহার জন্মসাফল্য হয় এবং মুক্তিও করতলস্থ হয়। হে দ্বিজোত্তমগণ। ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই পুরুষার্থ-চতুষ্টয় হরিভক্তগণের সিদ্ধ হয়, সংশয় নাই।

প্রথম অধ্যায় সমাপ্ত ॥ ১ ॥

দ্বিতীয় অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—দেবর্ষি নারদমুনি, সনৎকুমারকে সকল ধর্ম্ম উপদেশ কিরূপে দিলেন এবং তাঁহারা উভয়ে মিলিত হইলেনই বা কিরূপে? হে তাত! সেই ব্রহ্মবাদী ঋষিদ্বয় কোন্ ক্ষেত্রে অবস্থিত ছিলেন? নারদ যাহা সনৎকুমারকে বলিয়াছেন, হে কৃপাসিন্ধো! তাহা আমাদের নিকট কীর্ত্তন করুন। সূত কহিলেন,—সনকাদি মহাত্মা ঋষিগণ ব্রহ্মার পুত্র; তাঁহারা সকলেই নির্ম্মম, নিরহঙ্কার এবং ঊর্দ্ধরেতা। তাঁহাদের নাম কীর্ত্তন করিতেছি, যথা;—সনক, সনন্দন, সনৎকুমার এবং সনাতন। ইহাঁরা বিষ্ণুভক্ত, মহাত্মা, ব্রহ্মধ্যাননিষ্ঠ, সহস্র-সূর্য্য-সদৃশ-দীপ্তিশালী, সত্যসন্ধ এবং মুমুক্ষু। একদা মহাতেজা সনকাদি ব্রহ্মনন্দনগণ, ব্রহ্মসভা অবলোকন করিবার জন্য সুমেরুশৃঙ্গে সমাগত হইলেন। বিখ্যাততেজা সেই ঋষিগণ, বিষ্ণুপাদসম্ভূতা মহাপবিত্রা সীতা নাম্নী গঙ্গানদীতে স্নান করিতে তথায় উদ্যত হইলেন। হে বিপ্রগণ! এমন সময়ে দেবর্ষি নারদমুনি, 'হরে নারায়ণ' ইত্যাদি নাম উচ্চারণ করত তথায় উপস্থিত হইলেন। হে নারায়ণ! অচ্যুত! অনন্ত! বাসুদেব! জনার্দ্দন! যজ্ঞেশ! যজ্ঞপুরুষ! কৃষ্ণ! বিষ্ণো! আপনাকে নমস্কার। হে কমললোচন! কমলাকান্ত! গঙ্গাজনক! কেশব! ক্ষীরোদশায়িন্ দেবেশ! নারায়ণ! আপনাকে নমস্কার। হে শ্রীকৃষ্ণ! বিষ্ণো! নৃসিংহ! মুরারে! হে প্রদ্যুম্ন! সঙ্কর্ষণ! বাসুদেব! হে অজ! অনিরুদ্ধ! অচ্যুত! বিশ্বরূপ! আপনি আমাদিগকে সর্ব্ব প্রকার ভীতি হইতে অজস্র পরিত্রাণ করুন। নারদমুনি, এইরূপ হরিনামোচ্চারণে অখিল জগৎ পবিত্র করত সেই লোকপাবনী গঙ্গার স্তব করিতে করিতে সমাগত হইলেন। সনকাদি মহর্ষিগণ, নারদকে আসিতে দেখিয়া যথাযোগ্য পূজা করিলেন; নারদও সেই মহর্ষিদিগকে বন্দনা করিলেন। মুনিগণ সকলেই কর্ম্ম সম্পাদন করিয়া মনোরম গঙ্গাতীরে উপবিষ্ট হইলে, নারদ হরি-গুণানুবাদ করিতে লাগিলেন। অনন্তর, সনৎকুমার সেই সভামধ্যে নারায়ণ-পরায়ণ মুনিপুঙ্গব নারদকে বলিলেন,—হে মুনিগণের মানবর্দ্ধক মহা প্রাজ্ঞ নারদ! আপনি সর্ব্বজ্ঞ। আপনা হইতে অধিক বিষ্ণুভক্ত আর নাই। শ্রীহ-

জঙ্গমাত্মক এই অখিল জগৎ যাঁহার সৃষ্ট এবং গঙ্গা যাঁহা হইতে উদ্ভূত; সেই হরিকে জানা যায় কিরূপে? গঙ্গা আবির্ভূতা কিরূপে হইলেন? ত্রিবিধ ধর্ম্ম সফল হয় কিরূপে? মানবগণের জ্ঞান হয় কিরূপে? তপস্যার লক্ষণ কিরূপ? যেরূপ অতিথি-পূজা করিতে হয় এবং বিষ্ণু যাহাতে প্রসন্ন হন, হরিভক্তি-সম্পাদক ইত্যাদি গুহ্যবিষয় আমার প্রতি অনুগ্রহ থাকেত যথার্থতঃ বলুন। নারদ বলিলেন,—পরাৎপরতর, পরাৎপর-নিবাস, সগুণ নির্গুণ পরম দেবতাকে নমস্কার। জ্ঞান, অজ্ঞান, ধর্ম্ম, অধর্ম্ম, বিদ্যা এবং অবিদ্যারূপী আত্মস্বরূপ আপনাকে নমস্কার। আপনি মায়াবর্জ্জিত, মায়িক, যোগজ-রূপসম্পন্ন, যোগগম্য, যোগেশ্বর, যোগস্বরূপ আত্মা, আপনাকে নমস্কার। আপনি জ্ঞানের অগম্য অথচ জ্ঞানেরই গম্য, সর্ব্বজ্ঞানৈকহেতু দিব্য জ্ঞানরূপী জ্ঞানেশ্বর, আপনাকে নমস্কার। আপনি ধ্যানমাত্রে পাপহারী, ধ্যানগম্য, ধ্যানেশ্বর, ধ্যানস্বরূপ সুখী এবং শুদ্ধাত্মা; আপনাকে নমস্কার। যাঁহার সৃষ্ট আদিত্য, ইন্দ্র, অগ্নি, ব্রহ্মা প্রভৃতি দেবগণ, সিদ্ধ, যক্ষ, অসুর এবং নাগসমূহ যাঁহাতেই লীন হন, সেই স্তুতীশ স্তবযোগ্য অনাদি পুরাণ পুরুষকে সতত নমস্কার করি। যাঁহার নামকীর্ত্তনে পবিত্রস্বভাব মুনিশ্রেষ্ঠগণও স্বপ্নেও যাঁহার দর্শন পান না, আর বিরিঞ্চিপ্রমুখ দেবতারা অদ্যাপি যাঁহাকে জানিতে পারেন নাই, সেই আদ্য ঈশ্বরকে সতত নমস্কার করি। যিনি ব্রহ্মরূপে জগৎ সৃষ্টি, বিষ্ণু-রূপে জগৎ পালন এবং কল্পান্তে রুদ্ররূপে জগৎ সংহার করিয়া শয়ান হন, সেই অজকে নমস্কার করি। যিনি শিবভক্তগণের পক্ষে শিবস্বরূপে এবং বিষ্ণুভক্তগণের পক্ষে বিষ্ণুস্বরূপ, সেই নিজ সঙ্কল্প-সাধিত-বিবিধ-মূর্ত্তিধারী বরংবরেণ্য দেবের শরণাপন্ন হই। যিনি কেশী অসুরের বিনাশ ও নরকাসুরের হন্তা, যিনি করাগ্রমাত্র দ্বারা গিরি ধারণ করিয়াছেন, ভূভার-হরণ-প্রীতি-কামী সেই বাসুদেবকে নমস্কার করি। যে দেব, মৎস্য অবতারে হয়গ্রীবাসুরকে জয় করিয়া বেদসমূহের রক্ষা করিয়াছেন, আমি তাঁহার শরণাগত হইলাম। যিনি দেবগণের হিতার্থে অমৃত-মন্থনকালে ক্ষীরোদ সাগরে নিজ পৃষ্ঠে মন্দর পর্ব্বত ধারণ করিয়াছিলেন, সেই কূর্ম্ম-অবতারকে প্রণাম করি। যে অব্যয় দেব দন্তাগ্র দ্বারা সমুদ্র হইতে পৃথিবীকে উদ্ধার করিয়া সমগ্র জগৎকে এইরূপে স্থাপন করিয়াছেন, সেই বরাহকে আমি নমস্কার করি। যিনি দৈত্যনন্দন প্রহ্লাদকে রক্ষা করিবার জন্য শিলাগ্র-কর্কশ-বক্ষঃস্থল দিতিনন্দন হিরণ্যকশিপুকে বিদারণ করিয়া নিহত করিয়াছেন, সেই নৃসিংহকে আমি নমস্কার করি। যিনি বিরোচননন্দন বলির নিকট (ত্রিপাদ স্থান) দান-প্রাপ্ত হইয়া দ্বিপাদ দ্বারা ভূর্লোক অতিক্রমপূর্ব্বক ব্রহ্মলোক পর্য্যন্ত অধিকার করিয়াছিলেন, সেই বামনদেবকে নমস্কার করি। যিনি কার্ত্তবীর্য্যের অপরাধে একবিংশতিবার ক্ষত্রিয়গণকে নিহত করিয়াছিলেন, সেই জামদগ্ন্য পরশুরামকে নমস্কার করি। যিনি রাম, লক্ষ্মণ, ভরত, শত্রুঘ্ন এই চারি অংশে আবির্ভূত হইয়া বানরগণ সমভিব্যাহারে রাক্ষস-সৈন্যগণকে নিহত করেন, সেই দশরথনন্দন রাম-অবতারকে নমস্কার করি। যিনি রাম কৃষ্ণ দুই দেহ আশ্রয় করিয়া মুষল এবং লাঙ্গলের অগ্রভাগের সাহায্যে ভূভার হরণ করেন, সেই বলরাম-অবতারকে ভজনা করি।

স্বীয় বুদ্ধিতে ভূম্যাদি ত্রিলোক এবং আত্মাকে বিলীন করিয়া অবস্থিত যে পুরুষকে যোগিগণ অবলোকন করেন, সেই বুদ্ধাবতারকে ভজনা করি। যিনি কলিযুগান্তে অশুদ্ধ পাপীদিগকে তীক্ষ্ণ খড়্গধারা দ্বারা ছেদন করিয়া, সত্যযুগের প্রথমে ধর্ম্মস্থাপন করেন, সেই কল্কি-অবতারকে নমস্কার করি। পরমাত্মার ইত্যাদি মূর্ত্তি এত যে, বহুকোটি বৎসরেও তৎসমস্তের নামোচ্চারণই করিয়া উঠা যায় না। মুনি মুনীন্দ্রগণও যাঁহার নাম-মাহাত্ম্যের পারগমনে অসমর্থ, আমি সামান্য ব্যক্তি, তাঁহাকে ভজনা করি কিরূপে? মহাপাতকীরাও যাঁহার নাম শ্রবণমাত্রে (অপরেরও) পবিত্রতা-সম্পাদক হয়, আমি অল্পবুদ্ধি হইয়া তাঁহাকে স্তব করিব কিরূপে? সুরাসেবী অজামিলও যাঁহার নাম কীর্ত্তন করিয়া পরম পদ প্রাপ্ত হইয়াছে, অল্পবুদ্ধি আমি তাঁহাকে স্তব করিব কিরূপে? যে কোন প্রকারে যাঁহার নাম কীর্ত্তন বা শ্রবণ করিলেও পাপিষ্ঠগণের পাপমুক্তি ও বিশুদ্ধ ব্যক্তিগণের মুক্তিপ্রাপ্তি হয়, নিষ্পাপ যোগিগণ আত্মাতে মনঃসমাধান করিয়া যে জ্ঞানস্বরূপকে অবলোকন করেন, আমি তাঁহার শরণাগত হইতেছি। সাংখ্য-যোগিগণ, যে পরিপূর্ণাত্মক হরিকে সর্ব্বত্র অবলোকন করেন, সেই জ্ঞানরূপ অজর আদি দেবকে আমি নমস্কার করি। মূঢ়গণ, যে জগদীশ্বরকে পাষাণ-প্রতিমাদিরূপেই অবস্থিত বলিয়া সর্ব্বদা মনে করে, * সেই সর্ব্বত্র-সংস্থিত পুরুষোত্তম দেবকে বন্দনা করি। কর্ম্ম এবং তপস্যামাত্রই যে মহাত্মার রূপ, সেই সদাকাম্য জ্ঞানময় ঈশ্বরকে সতত ভজনা করি। সর্ব্বতত্ত্বময়, সর্ব্বস্রষ্টা, সহস্রশীর্ষা, শান্ত, ভাবনাময় ঈশ্বরকে বন্দনা করি। যিনি ভূত ভবিষ্যৎ বর্ত্তমান স্থাবর-জঙ্গম-স্বরূপ, যিনি জন্ম হইতে দশ অঙ্গুল অতিক্রম করিয়া ব্রহ্মরন্ধ্রে অবস্থিত, সেই অজর ঈশ্বরকে ভজনা করি। যিনি সূক্ষ্ম হইতে সূক্ষ্মতম, মহৎ বস্তুর মধ্যে মহত্তম এবং গোপনীয় বস্তু হইতে গোপনীয়তম, সেই অনাদি-দেবকে পুনঃপুনঃ প্রণাম করি। যাঁহার ধ্যান, স্মরণ, পূজা, স্তব এবং প্রণাম করিলে, যিনি আত্মপদ প্রদান করেন, সেই পুরুষোত্তম দেবকে বন্দনা করি। সেই সনকাদি মুনিপ্রবরগণ পরমেশ্বরের স্তবপরায়ণ মহর্ষি নারদকে আনন্দ-সলিলে রুদ্ধনেত্র হইয়া কৃতাঞ্জলিপুটে স্তব করিতে লাগিলেন। "যে ব্যক্তি প্রাতঃকালে উঠিয়া এই নারদ-কৃত বিষ্ণুস্তব পাঠ করিবে, সে সর্ব্বপাপবিমুক্ত হইয়া বিষ্ণুলোকে পূজিত হইবে।" সেই মুনিশ্রেষ্ঠগণ নারদকে এই বর দিয়া হরিনাম কীর্ত্তন করত নারদ মুনির স্তবস্তুতি করিলেন।

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥ ২ ॥

* প্রতিমাতে যে ভগবানের আবির্ভাব হয়, মূঢ়গণ তাহা জানে না, তাহারা ভাবে প্রতিমাই ভগবান্; এবং প্রতিমা ব্যতীত ভগবানের অন্যপ্রকারে সত্তাও তাহারা অবগত নহে।

তৃতীয় অধ্যায়।

নারদ বলিলেন,—নারায়ণ—অব্যয়, অনন্ত, সর্ব্বব্যাপী এবং নিরঞ্জন; এই অখিল চরাচর জগতের তিনিই ব্যাপক। স্বপ্রকাশ জগন্ময় মহাবিষ্ণু, সৃষ্টি-প্রারম্ভে গুণভেদ অনুসারে তিন মূর্ত্তি গ্রহণ করিয়াছেন। হে মুনে! সনৎকুমার! প্রভু মহাবিষ্ণু সৃষ্টি করিবার জন্য প্রজাপতিকে সৃষ্টি করিলেন দক্ষিণাংশ হইতে; সংহারের জন্য ঈশান রুদ্রকে সৃষ্টি করিলেন দেহ-মধ্যভাগ হইতে; আর জগৎপালনের জন্য অব্যয় বিষ্ণুকে সৃষ্টি করিলেন বামাঙ্গ হইতে। সৃষ্টিপ্রারম্ভে মহাবিষ্ণু এইরূপ মূর্ত্তিত্রয় আশ্রয় করিয়াছেন। সেই অজর আদিদেবকে কেহ কেহ রুদ্র, কেহ কেহ বিষ্ণু, অন্যে আবার ব্রহ্মা এবং অপর সম্প্রদায় সাক্ষাৎ ব্রহ্ম বলিয়া থাকে। সেই বিষ্ণুর পরমা শক্তি জগৎকর্ত্রী, তিন ভাব এবং অভাব স্বরূপা ও বিদ্যা অবিদ্যা নামে তিনিই পরিচিত। যাঁহার জন্য, লোকে বিশ্বকে মহাবিষ্ণু হইতে পৃথক্ বলিয়া বলে, তিনিই অবিদ্যা; অবিদ্যাই সংসার-দুঃখের হেতু। হে সনৎকুমারাদি সাধু-শ্রেষ্ঠগণ! 'জ্ঞাতা, জ্ঞেয়' ইত্যাদি ভেদ-বুদ্ধি যাঁহা হইতে বিনষ্ট হয়, সেই সর্ব্বৈকাবোধনী বুদ্ধিই বিদ্যা নামে অভিহিতা। মহাবিষ্ণুর এই মায়া মহাবিষ্ণু হইতে বিভিন্ন। এই জ্ঞান যতদিন থাকে, ততদিন মায়া তাঁহাকে সংসার-বন্ধনে বদ্ধ করেন; অভেদরূপে প্রতীয়মানা হইলে, তিনি সংসারবন্ধন দূর করেন। এই সমগ্র চরাচর জগৎ বিষ্ণুশক্তি হইতেই সমুদ্ভূত। নিষ্ক্রিয় জগৎস্বরূপ বিষ্ণু হইতে এই জগৎ ভিন্ন নহে। আকাশ যেমন ঘট-পটাদি উপাধিভেদ বশতঃ 'ঘটাকাশ' 'পটাকাশ' ইত্যাদি প্রকারে বিভিন্নরূপে ব্যবহৃত হয়, তদ্রূপ উপাধি বশতই এক বিষ্ণুই নিখিল সংপ্রপঞ্চরূপে প্রতীয়মান হন। বিষ্ণু যেমন জগদ্ব্যাপক, হে সনৎকুমার! তাঁহার শক্তিও তদ্রূপ। দৃষ্টান্ত;—অঙ্গারকে ব্যাপিয়া অবস্থিত অঙ্গারের দাহ-শক্তি। মহর্ষিগণের মধ্যে কেহ কেহ সেই শক্তিকে উমা নামে অভিহিত করেন, অন্যে বলেন লক্ষ্মী, অপরে বলেন সরস্বতী; গিরিজা অম্বিকা ইত্যাদি নামেও তাঁহাকে আখ্যাত করা হয়। দুর্গা, ভদ্রকালী, চণ্ডী, মাহেশ্বরী, কৌমারী, বৈষ্ণবী, বারাহী, ঐন্দ্রী, ব্রাহ্মী, বিদ্যা, অবিদ্যা, মায়া এবং মূল-প্রকৃতি এই সকল আখ্যাই কোন না কোন ভেদে মহর্ষিমণ্ডলীর কথিত। ইনিই বিষ্ণুর সেই পরমা শক্তি; জগতের সৃষ্টি-স্থিতি-সংহার তিনিই করেন, ব্যক্ত এবং অব্যক্তরূপে জগৎকে ব্যাপিয়া তিনিই অবস্থিতা। সেই শক্তিই প্রকৃতি, পুরুষ এবং কাল এই রূপত্রয়ে বর্ত্তমান। এক সেই শক্তিই সৃষ্টি-স্থিতি-লয়ের কারণ। যিনি ব্রহ্মারূপে অখিল জগতের সৃষ্টিকর্ত্তা, তদপেক্ষা পরম-দেব 'বিভা' নামে আখ্যাত। যে পরম পুরুষ জগতের রক্ষা-কর্ত্তা, তদপেক্ষা পরম-পদার্থ সেই অব্যয় ব্রহ্ম। অক্ষর, নির্গুণ, শুদ্ধ, পরিপূর্ণ, সনাতন, পরাৎপর যোগিধ্যেয় পুরুষই কালরুদ্র নামে আখ্যাত। সর্ব্বোপাধিবর্জ্জিত, সচ্চিদানন্দমূর্ত্তি, পরমানন্দময়, সর্ব্বোত্তম পরমাত্মা একমাত্র তত্ত্বজ্ঞান দ্বারাই বিজ্ঞেয়। এই শুদ্ধ-চৈতন্যই অহঙ্কাররূপ উপাধির যোগে 'দেহী' নামে অভিহিত; তত্ত্বজ্ঞানই এই উপাধি-নাশের হেতু। মনেরও অগোচর যে নির্ম্মল-জ্যোতিতে বাগিন্দ্রিয়-প্রযুক্ত 'পরব্রহ্ম' এই নামও ঔপচারিক অর্থাৎ বাস্তবিক নহে; সেই পরম-শুদ্ধ দেব সত্ত্ব, রজঃ এবং

তমঃ এই গুণভেদ-ভিন্ন সৃষ্টি-স্থিতি-সংহার-হেতু মূর্ত্তিত্রয় গ্রহণ করিয়াছেন। ব্রহ্মাদি দেবগণ যাঁহার অযুত অযুত অংশের অংশ, সেই দেব এই চরাচর জগৎ ব্যাপিয়া অবস্থিত। জগৎকর্ত্তা ব্রহ্মা যাঁহার নাভিকমল-সম্ভূত, তিনিই আনন্দরূপ পরমাত্মা; পরমাত্মা তদ্ভিন্ন নহেন। অন্তর্যামী জগৎস্বরূপী সর্ব্বসাক্ষী নিরঞ্জন পরমেশ্বর জগৎ হইতে ভিন্ন ও অভিন্ন-রূপে অবস্থিত। জগতের আশ্রয় মহামায়া তাঁহারই শক্তি। বিশ্বোৎপত্তির হেতু বলিয়া পণ্ডিতেরা সেই মহামায়াকে প্রকৃতি নামে অভিহিত করেন। মহাবিষ্ণু সৃষ্টি-প্রারম্ভে লোক-সৃষ্টি করিতে সমুদ্যত হইয়া প্রকৃতি, পুরুষ এবং কাল এই তিন রূপ অবলম্বন করিয়াছেন।* আত্মধ্যান-পরায়ণ যোগিগণ, পরব্রহ্ম-পদবাচ্য বিষ্ণুর সেই বিশুদ্ধ জ্যোতির্ম্ময় পরম-পদ অবলোকন করিয়া থাকেন। যে নির্গুণ বস্তুর পরব্রহ্ম নামও ঔপচারিক, তিনিই তত্ত্বজ্ঞানিগম্য বিষ্ণু; তিনিই শুদ্ধ, অনন্ত, কালরূপী, মহেশ্বর। সেই প্রভুই গুণরূপী, গুণাধার এবং জগতের আদিকর্ত্তা। জগদ্গুরু পুরুষের মাহাত্ম্যে প্রকৃতি ক্ষোভ প্রাপ্ত হইলে মহত্তত্ত্ব প্রাদুর্ভূত হইল; বুদ্ধি এই মহত্তত্ত্বেরই নামান্তর। বুদ্ধি হইতে অহঙ্কার উৎপন্ন হইল। অহঙ্কার হইতে তন্মাত্র নামক সূক্ষ্ম পঞ্চভূত ও ইন্দ্রিয়গণের উৎপত্তি হইল এবং জগৎসৃষ্টির জন্য তন্মাত্র হইতে পঞ্চ স্থূল-ভূতের উৎপত্তি। হে ব্রহ্মনন্দন সনৎকুমার! আকাশ, বায়ু, অগ্নি, জল এবং পৃথিবী এই পঞ্চভূত যথাক্রমে পূর্ব্ব পূর্ব্ব অনুসারে, উত্তর উত্তরের উৎপত্তির প্রতি অন্যতম কারণ হইল। অনন্তর, জগৎস্রষ্টা ব্রহ্মা বৃক্ষাদির সৃষ্টি করিলেন, এই সৃষ্টি তমোময়ী; ইহার নামান্তর 'অবুদ্ধি-পূর্ব্বক সর্গ'। প্রভু ব্রহ্মা সেই সৃষ্টিকে মনের মত না দেখিয়া পশু-পক্ষি-মৃগাদি তির্য্যক্-যোনিদিগকে সৃষ্টি করিলেন। সে সৃষ্টিকেও মনোমত না দেখিয়া দেবগণের সৃষ্টি করিলেন। অনন্তর তিনি মানুষ সৃষ্টি করিলেন। মানুষ-সৃষ্টির প্রারম্ভেই সৃষ্টিসাধক দক্ষপ্রমুখ মানস-পুত্র সৃষ্টি করিলেন। তাঁহাদিগের দ্বারাই এই দেবাসুর-মানুষময় নিখিল ব্রহ্মাণ্ড পূর্ণ হইয়াছে। ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জনঃ, তপঃ এবং সত্য এই সপ্ত লোক ক্রমে ঊর্দ্ধে ঊর্দ্ধে অবস্থিত এবং হে বিপ্রেন্দ্র! অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল এই সপ্ত পাতাল-লোক ক্রমে অধস্তলে অধস্তলে অবস্থিত। এই চতুর্দ্দশ ভুবনেই ভিন্ন ভিন্ন অধিপতি, কুলপর্ব্বত-সমূহ, নদীগণ এবং তত্তৎ-লোক বাসিগণের উপযুক্ত জীবিকা ব্রহ্মা সৃষ্টি করিলেন। ভূতলের মধ্যস্থলে সর্ব্বদেবাশ্রয় সুমেরু, সর্ব্বশেষে লোকালোক পর্ব্বত এবং ভূতলের মধ্যেই সপ্তসাগর বর্ত্তমান। হে সনৎকুমারাদি দ্বিজ-শ্রেষ্ঠগণ! ভূমণ্ডলে সপ্তদ্বীপ, দ্বীপে দ্বীপে কুল-পর্ব্বত এবং বহুতর নদী আর অধিবাসী জনগণ দেবতুল্য। জম্বুদ্বীপ, প্লক্ষদ্বীপ, শাল্মলদ্বীপ, কুশদ্বীপ, ক্রৌঞ্চদ্বীপ, শাকদ্বীপ এবং পুষ্করদ্বীপ এই সকল দ্বীপগুলিই দেবভূমি। এই সপ্ত দ্বীপ, সমগ্রই লবণ-সমুদ্র, ইক্ষু-সমুদ্র, সুরা-সমুদ্র, সর্পিঃ-সমুদ্র (ঘৃত-সমুদ্র), দধি-সমুদ্র, দুগ্ধ-সমুদ্র এবং জল-সমুদ্র এই সপ্ত সমুদ্রে একেবারেই আবৃত। এই যে সপ্ত-দ্বীপ ও সপ্ত-সমুদ্র, ইহাদের পূর্ব্ব পূর্ব্ব অপেক্ষা উত্তর

* শক্তি ও মহাবিষ্ণু বস্তুতঃ অভিন্ন, সুতরাং এস্থলে যে কথিত হইয়াছে, শক্তির ঐ তিন রূপ, তাহা এ বচনের প্রতিকূল হইল না।

উত্তর দ্বিগুণ করিয়া বিস্তৃত। এই সপ্ত দ্বীপ ও সমুদ্রের শেষ সীমা হইল—লোকালোক পর্ব্বত। ক্ষার-সমুদ্র অর্থাৎ লবণ-সমুদ্রের উত্তর এবং হিমালয়ের দক্ষিণ যে ভূভাগ, তাহাই ভারতবর্ষ। ভারতবর্ষই কর্ম্মভূমি। হে ব্রহ্মনন্দন! এই ভারতবর্ষে লোকে শুভ, অশুভ এবং মিশ্র এই ত্রিবিধ কর্ম্ম করিয়া থাকে; তাহার ফলভোগ হয় যথানিয়মে ভোগভূমিতে ভারতবর্ষে লোকে শুভ বা অশুভ যেরূপ কর্ম্মই করুক না, সম্পূর্ণ ফলভোগ যতদিন না হয়, ততদিন অন্যত্র ভোগ করিতে হইবে। দেবগণ এখনও ভারত-ভূমিতে জন্মগ্রহণে অভিলাষী, ভারত-ভূমিতে জন্মই তাঁহারা নির্ম্মল অক্ষয় সঞ্চিত শুভ সুমহৎ পুণ্য বলিয়া মনে করেন। "কবে আমরা ভারত-ভূমিতে জন্মগ্রহণ করিব, কবে মহাপুণ্য-বলে পরম-পদ প্রাপ্ত হইব? দান, বিবিধ যজ্ঞ বা তপস্যা দ্বারা বিষ্ণু অর্চ্চনা করিয়া জ্ঞানিদৃশ্য পরমপদে কবে যাইতে পারিব? ভক্তিমার্গ, কর্ম্মমার্গ বা জ্ঞানমার্গ আশ্রয় করিয়া কবে নিত্যানন্দময় প্রভু জগদীশ্বর বিষ্ণুকে প্রাপ্ত হইব? যে ব্যক্তি ভারত-ভূমি প্রাপ্ত হইয়া বিষ্ণুপূজা-পরায়ণ হয়, সূর্য্যের তেজের সদৃশ যেমন কিছু নাই, তদ্রূপ তাহার সদৃশও কেহ থাকে না। হরিকীর্ত্তন-শীল, বৈষ্ণবপ্রিয় অথবা সাধু-শুশ্রূষু, যাহাই কেন হউন না, তিনি উত্তম এবং আমাদের বন্দনীয়। নারায়ণ, কৃষ্ণ, বাসুদেব ইত্যাদি হরিনাম-কীর্ত্তনপর, অহিংসক ও শান্তিগুণাবলম্বী ব্যক্তি উত্তম এবং আমাদের বন্দনীয়। শিব, নীলকণ্ঠ এবং শঙ্কর ইত্যাদি শিবনাম-সঙ্কীর্ত্তনপর, নিত্য সর্ব্বভূত-হিতরত উত্তম ব্যক্তি আমাদের বন্দনীয়। শিবধ্যানরত, গুরুভক্ত, বর্ণাশ্রমাচার-পরায়ণ, অসূয়াশূন্য এবং সদা শান্তিগুণাবলম্বী উত্তম ব্যক্তি আমাদিগের বন্দনীয়। সদভিপ্রায়ে সকল কার্য্যেই ব্রাহ্মণগণের হিতকারী নিত্য বেদবাদরত উত্তম ব্যক্তি আমাদের বন্দনীয় যে ব্যক্তি দেবদেব শিব-নারায়ণে ভেদজ্ঞান না করেন, তিনি অব্রাহ্মণ হইলেও আমাদের বন্দনীয়, সাধুতম (ব্রাহ্মণ) হইলে ত কথাই নাই। ইন্দ্রিয়সংযম-সম্পন্ন, ব্রহ্মচারী পরনিন্দা-বিবর্জ্জিত, প্রতিগ্রহ-পরাঙ্মুখ উত্তম ব্যক্তি আমাদিগের বন্দনীয়। চৌর্য্যাদি দোষ-বর্জ্জিত, কৃতজ্ঞ, সত্যবাদী, পরোপকার-তৎপর শুচি উত্তম ব্যক্তি আমাদের বন্দনীয়। যে ব্যক্তি নিরন্তর তড়াগ-প্রতিষ্ঠা, সরোবর-প্রতিষ্ঠা এবং উদ্যান-প্রতিষ্ঠা তৎপর, বেদার্থগ্রহণ, পুরাণশ্রবণ এবং সৎসঙ্গে যাহার মতি, সেই উত্তম পুরুষ আমাদের বন্দনীয়। যে ব্যক্তি শ্রদ্ধা সহকারে, এইরূপ বিবিধ ধর্ম্ম ভারতবর্ষে অনুষ্ঠান করেন, সেই উত্তম ব্যক্তি আমাদিগের বন্দনীয়। যে মানব, এতন্মধ্যে কোন একপ্রকার ধর্ম্মানুষ্ঠান দ্বারা আত্মশুদ্ধি সম্পাদন না করে, সেই দুষ্কৃতিশালীই মূঢ়। তদপেক্ষা নির্ব্বোধ আর কে আছে? ভারতবর্ষে জন্মগ্রহণ করিয়া সৎকর্ম্মে পরাঙ্মুখ হওয়া, আর অমৃতকুম্ভ ত্যাগ করিয়া বিষভাণ্ড অন্বেষণ করা সমান। যে মানব শ্রুত্যুক্ত ধর্ম্ম-সমুদয় দ্বারা আত্মশুদ্ধি সম্পাদন না করে, সে-ই আত্মঘাতী এবং নিখিল পাতকিগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। যে মানব, কর্ম্মভূমিতে আসিয়া ধর্ম্ম না করে, সেই ব্যক্তিই সর্ব্বতোভাবে দুঃখী; তদপেক্ষা মূঢ়ই বা আর কে আছে? আপনা কর্ম্মফল-প্রদান-শক্তিশালিনী এই ভারত-ভূমিতে থাকিয়া দুষ্কর্ম্ম করা, আর কামধেনু ত্যাগ করিয়া অর্কবৃক্ষের আটা অনুসন্ধান করা সমান।" হে সনৎকুমার! এক্ষ

দেবগণও ভারতবর্ষের এইরূপ প্রশংসা করেন; কেননা, তাঁহাদের স্বপদে, ভোগক্ষয়-ভয় আছে। অতএব হে মহাভাগ! এই ভারতবর্ষ অতি পবিত্র এবং কর্ম্মভূমি বলিয়া জ্ঞাতব্য। এ দেশ দেবগণেরও দুর্লভ। যে মানব এই পুণ্যভূমিতে সৎকার্য্য করিতে উদ্যতও হয়, তাহার সদৃশ কোন ব্যক্তিই ত্রিলোকে নাই। এই পুণ্যভূমিতে উৎপন্ন যে মনুষ্য নিজের কর্ম্মক্ষয়ের নিমিত্ত চেষ্টা করেন, তিনি মানবাকারে অবতীর্ণ সাক্ষাৎ বিষ্ণুই, এ বিষয়ে সংশয় নাই। পরলোকে ফললাভে ইচ্ছুক হইয়া নিরালস্যে কর্ম্ম করিতে হয়, তৎপরে সেই কর্ম্ম বিষ্ণুকে নিবেদন করিলে, তাহার ফল অক্ষয় হইয়া থাকে। যদি কর্ম্মফলে প্রকৃত-বৈরাগ্য হয়, তাহা হইলে আর কিছু করিতে হইবে না; তবে "বিষ্ণু প্রীত হউন" ইহা মনে করিয়া স্বকৃত কর্ম্ম ভগবানে অর্পণ করিবে। ব্রহ্মলোক হইতে যে কিছু স্থান আছে, তৎসমস্তই পুনর্জ্জন্মের হেতু; তাহাতে অভিলাষ না করিলে, নিষ্কাম পরমধাম প্রাপ্ত হওয়া যায়। কামনা ত্যাগ করিয়া স্ব স্ব আশ্রমের অনুরূপ বেদোক্ত কর্ম্ম সকল ভগবৎ-সন্তোষার্থে করিবে; তাহা হইলে তাহার পরম-পদ-প্রাপ্তি হইবে। ফল নিষ্কামভাবেই হউক অথবা সকামভাবেই হউক, কর্ম্ম যথাবিধি করিতে হইবে। আশ্রমাচারহীন, কর্ম্মহীন ব্যক্তিকে পণ্ডিতেরা পতিত বলিয়া থাকেন। সদাচার-পরায়ণ ব্রাহ্মণ ব্রহ্মতেজে বর্দ্ধিত হন এবং বিষ্ণুও তাঁহার প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন; ইহকালে ও পরকালে তাঁহার পুণ্যফল-প্রাপ্তি হয়। ধর্ম্ম, তপস্যা, জ্ঞান—সকলই বাসুদেবে পর্য্যবসিত; বাসুদেব ভিন্ন আর কিছুই নাই। ব্রহ্মা হইতে সামান্য তৃণগুচ্ছ পর্য্যন্ত স্থাবর ও জঙ্গমাত্মক নিখিল জগৎই বাসুদেব-স্বরূপ; তিনি ব্যতীত আর কিছুই নহে। তিনিই ব্রহ্মা, তিনিই শিব; দেবতা, অসুর, যক্ষ এবং সিদ্ধগণও তিনি; অধিক কি, এই নিখিল ব্রহ্মাণ্ডই তিনি,—তাঁহার অতিরিক্ত আর কিছুই নাই। যাঁহা অপেক্ষা কনিষ্ঠ এবং জ্যেষ্ঠ কিছু নাই, যাঁহা অপেক্ষা ক্ষুদ্রতর ও মহত্তর কিছু নাই, তিনিই এই জগৎকে ব্যাপ্ত করিয়া আছেন; এই জন্যই ইহা বিচিত্র। সুখে অভিলাষ থাকিলে সেই পরম-দেবতা ঈশ্বরকে প্রণাম করিবে।

তৃতীয় অধ্যায় সমাপ্ত ॥ ৩ ॥

চতুর্থ অধ্যায়।

নারদ কহিলেন,—শ্রদ্ধাপূর্ব্বক অনুষ্ঠান করিলে সকল ধর্ম্মই অভিলষিত ফল দান করেন; যেহেতু শ্রদ্ধা থাকিলে সমস্ত কার্য্য সম্পন্ন হয় এবং হরি সন্তুষ্ট হন। ভক্তি (শ্রদ্ধা) সহকারে ভক্তি করিবে, শ্রদ্ধাপূর্ব্বক কর্ম্ম করিবে; হে দ্বিজোত্তমগণ! শ্রদ্ধাবিহীন যে সমস্ত কার্য্য, তাহা কখনই সিদ্ধ হয় না। আলোক যেরূপ প্রাণিগণের চেষ্টার কারণ হয়, ভক্তি সেইরূপ সমস্ত সিদ্ধির পরম কারণ। জল যেরূপ সমস্ত লোকের জীবন, ভক্তি সেইরূপ সকল সিদ্ধির কারণ। যেরূপ সমস্ত জন্তুগণ ভূমিকে আশ্রয় করিয়া জীবন ধারণ করে, সেইরূপ ভক্তিকে আশ্রয় করিয়া সমস্ত কার্য্য সাধন করিবে।

শ্রদ্ধাবান্ ব্যক্তিই স্বর্গলাভ করেন, শ্রদ্ধাবান্ অর্থ প্রাপ্ত হন, শ্রদ্ধা দ্বারা অভিলাষ পূর্ণ হয় এবং শ্রদ্ধাবান্ মনুষ্যই মুক্তিলাভ করেন। হে মুনিশ্রেষ্ঠ! ভগবান্ হরি, শ্রদ্ধাহীন দান, শ্রদ্ধাহীন তপস্যা এবং শ্রদ্ধাহীন বহু দক্ষিণাযুক্ত যজ্ঞ দ্বারাও সন্তুষ্ট হন না। অভক্তিপূর্ব্বক কোটি কিংবা সহস্র কোটি সুমেরু-পরিমিত সুবর্ণ দান করিলেও তাহা কেবল অর্থ নাশের নিমিত্ত হয়। অভক্তিপূর্ব্বক যে তপস্যা, তাহা কেবল শরীরকে শুষ্ক করে। অশ্রদ্ধাপূর্ব্বক যে হোম, তাহা ভস্মের উপর সম্পাদিত হোমের ন্যায় হয়। যদ্যপি লোক শ্রদ্ধাপূর্ব্বক অল্পমাত্রও কর্ম্ম করে, তাহা হইলে সেই কর্ম্ম মনুষ্যদিগকে নিত্যপ্রীতি দান করেন। হে ব্রহ্মন্! অশ্রদ্ধাপূর্ব্বক বেদবিহিত সহস্র অশ্বমেধ যজ্ঞ অনুষ্ঠিত হইলেও তৎসমস্তই নিষ্ফল হয়। শ্রেষ্ঠা হরিভক্তি মনুষ্যগণের পক্ষে কামধেনুর তুল্য। অহো! অজ্ঞ ব্যক্তিরা সেই বিষ্ণুভক্তি সত্ত্বেও সংসাররূপ বিষ পান করে। হে ব্রহ্মনন্দন! এই অসার সংসার মধ্যে ভগবদ্ভক্তের সঙ্গ, হরিভক্তি এবং ত্যাগেচ্ছাই সার। হে ব্রহ্মন্! যাহারা অসূয়া বশতঃ ভক্তি ও দানাদি কর্ম্ম করে, তাহাদিগের তৎসমস্তই নিষ্ফল এবং হরি তাহাদিগের অতিশয় দূরে থাকেন। যাহারা পরশ্রীতে উত্তপ্ত হইয়া কর্ম্ম করে কিংবা যে ব্যক্তি দম্ভ বশতঃ ধর্ম্মানুষ্ঠানে রত, হরি সেই সকল মিথ্যা কর্ম্মকারী ব্যক্তিদিগের দূরে অবস্থান করেন। যে সকল ব্যক্তি প্রধান-ধর্ম্ম জিজ্ঞাসা করিলে মনুষ্যকে মিথ্যা-ধর্ম্মের উপদেশ করে এবং যাহাদিগের ধর্ম্মকার্য্যে মানসিক ভক্তি নাই, হরি তাহাদিগের দূরে অবস্থান করেন। ধর্ম্ম বেদ-প্রণিহিত, ঐ বেদ পরম নারায়ণ স্বরূপ; অতএব যে সকল মনুষ্য বেদে অশ্রদ্ধা করে, হরি তাহাদিগের দূরে অবস্থান করেন। যে ব্যক্তি ধর্ম্ম-বিহীন হইয়া দিনযাপন করে, সে কর্ম্মকারের যন্ত্রের ন্যায় বায়ু আকর্ষণ ও পরিত্যাগ করিলেও জীবিত নহে। হে ব্রহ্মনন্দন! যাহারা শ্রদ্ধাবান্, তাহাদিগেরই ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষরূপ সনাতন পুরুষার্থ সিদ্ধ হয়; শ্রদ্ধা না থাকিলে কিছুই হয় না। যে ব্যক্তি স্বীয় আচার অতিক্রম না করিয়া হরিভক্তি-পরায়ণ হন, তিনি জ্ঞানিদৃশ্য বিষ্ণু-ভবনে গমন করেন। হে মুনীন্দ্র! যে সকল ব্যক্তি হরির চিন্তাতে আসক্ত হইয়া স্বীয় আশ্রমোচিত বেদবিহিত কর্ম্ম করেন, তাঁহারা পরমপদ প্রাপ্ত হন। আচার হইতে ধর্ম্মের উৎপত্তি, এবং ধর্ম্মের প্রভু ভগবান্ অচ্যুত; অতএব আশ্রমোচিত আচারানুসারে সর্ব্বদা হরিকে পূজা করিবে। যে ব্যক্তি সাঙ্গ বেদান্তশাস্ত্রে পারদর্শী হইয়াও স্বকীয় আশ্রমোচিত-আচারভ্রষ্ট, সে কর্ম্মবহিষ্কৃত—এইজন্য পতিত। হরিভক্তি-পরায়ণ হউক অথবা হরি-ধ্যান-পরায়ণ হউক, যে ব্যক্তি স্বীয় আশ্রম হইতে ভ্রষ্ট, ঋষিরা তাহাকে পতিতরূপে নির্দ্দেশ করিয়াছেন। বেদই হউন, হরিভক্তিই হউন বা শিবভক্তিই হউন, কেহই আচারভ্রষ্ট মূঢ়কে পবিত্র করিতে পারেন না। হে ব্রহ্মন্! পুণ্যক্ষেত্রে গমন, পবিত্র-তীর্থের সেবা অথবা নানারূপ যজ্ঞানুষ্ঠান—কিছুই আচারভ্রষ্ট ব্যক্তিকে রক্ষা করিতে পারেন না। আচার হইতে স্বর্গ, আচার হইতে সুখ এবং আচার হইতে মুক্তি পর্য্যন্ত লাভ হয়; আচার হইতে লব্ধ না হয় কি?—সমস্তই লাভ করা যায়। হে সাধুশ্রেষ্ঠ! সমস্ত আচার, সমস্ত যোগ এবং হরিভক্তি—সকলেরই আদি-কারণ ভক্তি। মনুষ্য যদ্যপি ভক্তিপূর্ব্বক বিষ্ণুকে পূজা করে, তাহা হইলে তিনি বাঞ্ছিত ফল দান করেন; অতএব পণ্ডিতেরা কহিয়াছেন, "ভক্তিই সমস্ত

লোকের মাতৃস্বরূপ। প্রাণিগণ যেরূপ মাতাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করে, সমস্ত ধার্ম্মিক ব্যক্তি সেইরূপ ভক্তিকে আশ্রয় করিয়া জীবন ধারণ করেন।" হে অজনন্দন! স্বকীয় আশ্রমোচিত আচারবান ব্যক্তির যে সময়ে হরিভক্তির উদয় হয়, সেই সময়ে ত্রিজগতের মধ্যে তাহার সদৃশ আর কোন ব্যক্তি থাকে না। ভক্তি দ্বারা কর্ম্ম-সিদ্ধি হয় এবং কর্ম্ম দ্বারা হরি সন্তুষ্ট হন। হরি সন্তুষ্ট হইলে জ্ঞানের উদয় হয়, জ্ঞানোদয় হইলে মুক্তিলাভ হয়। ভগবদ্ভক্তের সহিত সঙ্গ হইলে ভক্তি জন্মে, কিন্তু মনুষ্য পূর্ব্বজন্মার্জ্জিত পুণ্য দ্বারা ভগবদ্ভক্তের সঙ্গ লাভ করে। যে সমস্ত ব্যক্তি বর্ণ এবং আশ্রমোচিত আচারের অনুষ্ঠান করে, যাহাদিগের মন ভগবদ্ভক্তের সহিত সঙ্গ করিতে ইচ্ছা করে এবং যাহারা কাম-ক্রোধাদিবর্জ্জিত, তাহারাই পণ্ডিত ও লোকদিগের শিক্ষক। হে ব্রহ্মন্! যে ব্যক্তি অকৃতাত্মা, সে কখনই উত্তম সাধুসঙ্গ লাভ করিতে পারে না; যদি লাভ করে, তাহা হইলে জানিবে, সেই ব্যক্তির পূর্ব্বজন্মার্জ্জিত পুণ্য আছে। যে ব্যক্তির পূর্ব্বজন্মার্জ্জিত সমস্ত পাপ বিনষ্ট হয়, তাহারই সাধুসঙ্গ লাভ হয়; তাহা না হইলে নিশ্চয়ই তাহা ঘটে না। সূর্য্য, কিরণসমূহ দ্বারা দিবসে বাহিরের অন্ধকার নষ্ট করেন, কিন্তু পণ্ডিতেরা সূক্তি-মরীচি-সমূহ দ্বারা সর্ব্বদাই অন্তরের অন্ধকার নষ্ট করেন। ভগবানে ভক্তি পরায়ণ পুরুষ জগতে দুর্লভ যে ব্যক্তির তাঁহার সহিত সঙ্গ হয়, সে নিত্য শান্তিলাভ করে। সনৎকুমার কহিলেন,—ভগবদ্ভক্তের লক্ষণ কি, তাঁহারা কি কর্ম্ম করেন এবং তাঁহারা কোন্‌ লোক লাভ করেন, এই সমস্ত যথার্থরূপে আমার নিকট বলুন। আপনি মহেশ্বর দেবদেব চক্রীর ভক্ত, অতএব আপনি ইহা বলিতে সক্ষম। আপনা হইতে অধিক শ্রেষ্ঠ আর কেহ নাই। নারদ কহিলেন,—হে ব্রহ্মন্! জগন্নাথ যোগনিদ্রা ভঙ্গ হইলে, জ্ঞানী মার্কণ্ডেয় মুনির নিকট যে সমস্ত গোপনীয় কথা বলিয়াছেন, তাহা কহিতেছি, শ্রবণ কর। এই যে বিষ্ণু, ইনি পরম জ্যোতিঃস্বরূপ, দেবদেব, নিত্য; সমস্ত জগৎ ইহাঁর রূপ, ইনি জগতের কর্ত্তা। বিশ্ব-ব্রহ্মাণ্ডই ইহাঁর শরীর। ইনি প্রলয়কালে উগ্রমূর্ত্তি ধারণ করত ব্রহ্মাণ্ডকে গ্রাস করেন, জগৎ জলে পরিপূর্ণ এবং স্থাবর-জঙ্গম সমস্ত বিনষ্ট হইলে, এই শেষাত্মা ভগবান্ হরিই বটপত্রে শয়ন করিয়া থাকেন। যাঁহার সমস্ত রোম অসংখ্য ব্রহ্মাদি দ্বারা সম্যক্‌রূপে ভূষিত, যিনি পাদাঙ্গুষ্ঠের অগ্র হইতে বিনিঃসৃত গঙ্গা দ্বারা সমস্ত জলকে পবিত্র করিয়া থাকেন, যিনি সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর হইয়া ব্রহ্মাণ্ডকে গ্রাস করেন, সেই সর্ব্বশক্তিমান্ বিষ্ণু বটপত্রে শয়ান হইলে মহাভাগ্যবান্ নারায়ণ-পরায়ণ মার্কণ্ডেয় সেই স্থানে অবস্থান করত সেই মহেশের সমস্ত লীলা দর্শন করিতে লাগিলেন। ঋষিগণ কহিলেন,—হে মুনে! সেই মহাঘোর সময়ে স্থাবর-জঙ্গম বিনষ্ট হইলে, ভগবান্ কেবল একাকী অবস্থান করিয়াছিলেন, আমরা পূর্ব্বে এইরূপ শুনিয়াছি। জগৎ একার্ণব এবং স্থাবর-জঙ্গম বিনষ্ট,—হরি সকলকেই গ্রাস করিয়া-ছিলেন; তবে কি নিমিত্ত সেই মার্কণ্ডেয়কে গ্রাস করেন নাই? হে সূত! ইহা জানিতে আমাদিগের অতিশয় কৌতূহল হইয়াছে;—হরিকীর্ত্তন স্বরূপ অমৃতপানে কোন্ ব্যক্তির আলস্য হয়? সূত কহিলেন,—হে ব্রহ্মন্! মৃকণ্ডু নামে বিখ্যাত অতি ভাগ্যবান্ এক মুনি ছিলেন। সেই মুনি, শালগ্রাম নামক মহাতীর্থে সনাতন বেদপাঠপূর্ব্বক অযুত যুগকাল মহা তপস্যা করিয়াছিলেন। সমস্ত প্রাণীতেই আত্মনির্ব্বিশেষ-দৃষ্টিসম্পন্ন, বিষয়ে নিঃস্পৃহ,

সকলের হিতাকাঙ্ক্ষী, দান্ত, উপবাস-পরায়ণ, ক্ষমাশীল, সত্যপরায়ণ, জিতেন্দ্রিয় সেই মৃকণ্ডু মুনি যখন ঘোরতর তপস্যা করেন, তৎকালে ইন্দ্র প্রভৃতি সমস্ত দেবতা মৃকণ্ডুর তপস্যায় শঙ্কিত হইয়া, অনাময় পরমেশ্বর নারায়ণের শরণাগত হইলেন এবং ক্ষীরোদ-সমুদ্রের উত্তরতীরে গমন করিয়া, দেবশ্রেষ্ঠ জগদ্গুরু পদ্মনাভকে এইরূপ স্তব করিতে লাগিলেন,—"হে নারায়ণ! তুমি অক্ষর. তোমার ধ্বংস নাই ও অন্ত নাই। হে শরণাগতপালক! আমরা মৃকণ্ডুর তপস্যায় ভীত হইয়া, তোমার শরণাগত হইয়াছি, তুমি আমাদিগকে রক্ষা কর। হে দেবাধিদেবেশ! তোমার জয় হউক; হে শঙ্খ-গদাধর! তোমার জয় হউক; হে লোকস্বরূপ! হে ব্রহ্মাণ্ডকারণ! তোমার জয় হউক। তুমি পরম দেবতার ঈশ্বর তোমাকে নমস্কার। হে লোকপাবন! তোমাকে নমস্কার। তুমি ত্রিলোকের নাথ, তোমাকে নমস্কার। তুমি লোকদিগের সাক্ষিস্বরূপ, তোমাকে নমস্কার। তুমি ধ্যান দ্বারা লভ্য ও ধ্যানের কারণ, তোমাকে নমস্কার। তুমি ধ্যানস্বরূপ এবং ধ্যানের সাক্ষী, তোমাকে নমস্কার। তুমি কেশী অসুরকে বিনাশ করিয়াছ, মধু-দৈত্যকে নিধন করিয়াছ, তুমি পরমাত্মা স্বরূপ, তোমাকে নমস্কার। পৃথিবী প্রভৃতি সমস্ত তোমার রূপ, তুমি চৈতন্য স্বরূপ, তোমাকে নমস্কার। তুমি সকল হইতে শ্রেষ্ঠ, পরম পবিত্র, নির্গুণ ও গুণ স্বরূপ, তোমাকে নমস্কার। তুমি রূপবিহীন, সরূপ ও বহুরূপী, তোমাকে নমস্কার। হে ব্রহ্মণ্যদেব! তুমি গো-ব্রাহ্মণের হিতাকাঙ্ক্ষী এবং জগতের হিতাকাঙ্ক্ষী, অতএব হে কৃষ্ণ! হে গোবিন্দ! তোমাকে নমস্কার। তুমি ব্রহ্মা, ব্রহ্মাদি দেবতা তোমারই স্বরূপ; তুমি সূর্য্যরূপী, তুমিই হব্য এবং কব্যের ভোক্তা, তোমাকে নমস্কার। তুমি নিত্য, তুমি সকলের পূজ্য, তুমি সদানন্দ-স্বরূপ, তোমাকে নমস্কার। তুমি স্মরণকারী ব্যক্তিদিগের পীড়া নাশ করিয়া থাক, অতএব তোমাকে পুনঃপুনঃ নমস্কার।" শঙ্খ-চক্র-গদাধারী ভগবান্ কমলাপতি দেবতাদিগের এইরূপ স্তব শ্রবণ করিয়া তাঁহাদিগের সম্মুখে উপস্থিত হইলেন। যাঁহার চক্ষুর্দ্বয় প্রস্ফুটিত পদ্মপত্রের সদৃশ শরীরের প্রভা কোটীসূর্য্য-তুল্য; যিনি সকল অলঙ্কার-ভূষিত; যাঁহার বক্ষঃস্থল শ্রীবৎসচিহ্নযুক্ত; যিনি সুবর্ণময় যজ্ঞোপবীত ধারণ করিতেছেন, যাঁহার চরণদ্বয় সুবর্ণপদ্ম সদৃশ, প্রধান মুনিগণ যাঁহাকে স্তব করিয়া থাকেন,—দেবগণ সেই পীতাম্বরধারী সৌম্যমূর্ত্তি হরিকে সম্মুখে দর্শন করিয়া তাঁহার চরণ বন্দনা করিতে লাগিলেন। তৎকালে দয়াময় হরি, মেঘের ন্যায়, গম্ভীর ধ্বনি করিয়া, সমুদ্রের শব্দকে পরাভূত করত দেবতাদিগকে গম্ভীরভাবে কহিতে লাগিলেন,—"মৃকণ্ডুর তপস্যাতে তোমাদিগের মানসিক দুঃখ হইয়াছে, আমি তাহা জানিয়াছি। মৃকণ্ডু সজ্জন, অতএব তিনি নিশ্চয় তোমাদিগকে পীড়া দিবেন না। যে সমস্ত সাধু স্বীয় তপস্যা দ্বারা পাপক্ষয় করিয়াছেন, তাঁহারা ধনবান্ হউন অথবা পণ্ডিত হউন, কদাচ অন্য ব্যক্তির পীড়া দেন না। যে ব্যক্তি বিষয়রূপ শত্রুগণ কর্ত্তৃক নিরন্তর বাধা প্রাপ্ত হয়, সেই মূঢ়শী আপনাকে রক্ষা না করিয়া অন্যকে দ্বেষ করে। যে মানব আধ্যাত্মিক, আধি-ভৌতিক এবং আধিদৈবিক তাপত্রয়রূপ শত্রুর বাধা জানিতে পারিয়াছে, সেই পরম সাধু কি নিমিত্ত অন্যকে পীড়া দান করিবে? যে ব্যক্তি কর্ম্ম, মন এবং বাক্য দ্বারা সর্ব্বদা পরকে পীড়িত করে, সে, আপনি যাহাকে জয় করিয়াছে, তাহা দ্বারাও আপনার বিনাশের

আশঙ্কা করে। যাহাদিগের মন লোভে অভিভূত, যাহারা অতি অল্প-ধন-সম্পত্তিশালী, সেই মায়ামোহিতদিগেরই সর্ব্বদা ভয় হইয়া থাকে। যাহার চিত্ত সর্ব্বদা আশঙ্কাযুক্ত, সে-ই দুঃখী; যাহার কোনরূপ আশঙ্কা নাই, সে-ই সুখী; যে পরের হিতকার্য্য করে এবং দান্ত, সেই ব্যক্তি সর্ব্বদা শঙ্কারহিত। হে পরম সাধুগণ! যে মনুষ্য লোকের হিত-কার্য্য করে এবং অসূয়া ও মাৎসর্য্য-রহিত, পণ্ডিতগণ সেই ব্যক্তিকেই ইহকাল ও পরকালে শঙ্কা-রহিত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। হে অমরগণ! তোমরা গমন কর, মুনি তোমাদিগকে পীড়া দিবেন না। আমি সর্ব্বদা রক্ষা করিব; তোমরা যথাসুখে বিশ্রাম কর।" অতসী পুষ্পের ন্যায় প্রভাসম্পন্ন হরি দেবতাদিগকে এইরূপ বর-প্রদান করিয়া, দেবতারা দর্শন করিতেছেন—সেই সময়েই, তাঁহাদিগের সমক্ষে অন্তর্হিত হইলেন। দেবগণ সন্তোষলাভ করত, যে স্থান হইতে আগমন করিয়াছিলেন, সেই স্বর্গে গমন করিলেন; হরিও মৃকণ্ডুর প্রতি সন্তুষ্ট হইয়া তাঁহার সম্মুখে আগমন করিলেন। মৃকণ্ডু পূর্ব্বে পরম সমাধি দ্বারা যাঁহাকে স্বপ্রকাশরূপ নিরঞ্জন পরম-ব্রহ্ম স্বরূপে দর্শন করিয়াছিলেন, তৎকালে তাঁহাকে অতসী-কুসুমের ন্যায় শোভা-সম্পন্ন, পীতাম্বরপরিধায়ী এবং দিব্যবস্ত্রধারী দর্শন করিয়া অতিশয় বিস্মিত হইলেন। পরে মৃকণ্ডু নয়নদ্বয় উন্মীলন করিয়া প্রসন্নবদন, সকলের বিধাতা, শান্ত এবং অচ্যুত সেই হরিকে সমাগত দর্শন করিলেন। তৎকালে বিপ্র রোমাঞ্চিত-শরীরে ও আনন্দাশ্রু-নয়নে, দণ্ডের ন্যায়, ভূমিতে পতিত হইয়া, দেবদেব চক্রীকে প্রণাম করিলেন এবং আনন্দবারি দ্বারা তাঁহার চরণদ্বয় প্রক্ষালন করত মস্তকে অঞ্জলি অর্পণ করিয়া তাঁহাকে স্তব করিতে আরম্ভ করিলেন;—"তুমি পরমেশ্বর, পরস্বরূপ, পর হইতে পর এবং পরম হইতে পরম, তুমি অপারের পার, পরমাত্মার সৃষ্টিকর্ত্তা ও অন্য হইতে পরম পবিত্রকারী; তোমাকে নমস্কার। যিনি নাম-জাত্যাদি বিকল্পশূন্য যাঁহার রূপ শব্দাদি-দোষ হইতে ভিন্ন এবং বহুস্বরূপ হইয়াও অব্যক্ত, সেই আদি পরমেশ্বরকে ভজনা করি। যিনি বেদান্তশাস্ত্র দ্বারা জ্ঞেয়, যিনি পুরাতন পুরুষ, যিনি ব্রহ্মা প্রভৃতিরূপে সমস্ত জগৎস্বরূপ এবং যিনি স্বকীয়-রূপ-মিশ্রিত পত্নীর সহিত একত্রিত আমি সেই সকলের প্রভু আদি-ঈশ্বরকে ভজনা করি। যাঁহাদিগের সমস্ত দোষ নষ্ট হইয়াছে, যাঁহারা স্পৃহারহিত এবং কামাদিবিবর্জ্জিত, সেই সকল ব্যক্তিগণ ধ্যানপরায়ণ হইয়া যাঁহাকে দর্শন করেন,—সংসারনাশের কারণ সেই পরম পবিত্রকে নমস্কার করি। যিনি স্মরণকারীর পীড়া নাশ করেন, শরণাগতকে পালন করেন,—সকলের সেব্য এবং জগতের আশ্রয়, সেই করুণাময় পরমেশ্বরকে নমস্কার করি। যাঁহার সহস্র শরীর, সহস্র চরণ, সহস্র চক্ষু, সহস্র মস্তক, সহস্র বাহু এবং সহস্র নাম, যিনি সহস্রকোটি যুগকে ধারণ করিতেছেন, সেই অনন্ত নিত্য পুরুষকে নমস্কার করি।" শঙ্খ-চক্র-গদাধারী মহাবিষ্ণু সেই মহাত্মার এই প্রকার স্তব শ্রবণ করিয়া পরম প্রীতি প্রাপ্ত হইলেন। তাহার পর দেব চারিটী দীর্ঘ হস্ত দ্বারা মুনিকে আলিঙ্গন করত পরম প্রীতিপূর্ব্বক "তুমি আনন্দের সহিত বর প্রার্থনা কর" এই কথা বলিয়া পুনর্ব্বার বলিলেন,—"হে বিপ্র! তুমি পাপরহিত, তোমার তপস্যা এবং এই স্তব দ্বারা আমি প্রীতিলাভ করিয়াছি, অতএব হে সুব্রত! তোমার মনে যেরূপ ইচ্ছা হয়, সেই বর যাচ্ঞা কর।" মৃকণ্ডু কহিলেন,—"হে দেবদেব! হে জগন্নাথ! আমি

কৃতার্থ হইয়াছি, তাহাতে সংশয় নাই; যেহেতু পুণ্য-রহিত ব্যক্তিগণের পক্ষে তোমার দর্শন অতিশয় অপূর্ব্ব। ব্রহ্মাদি দেবগণ যাঁহার দর্শন পান না, যিনি বেদের অগোচর, আমি সেই পরম-ব্রহ্মকে দর্শন করিলাম; অতএব আমার অপেক্ষা আর অধিক শ্রেষ্ঠ কে আছে? সমদর্শী সাধু ভক্তগণও যাঁহাকে দেখিতে পান না, আমি সেই পরম বস্তুকে দর্শন করিলাম, ইহার পর আর কি বলিব। বীতরাগ, নির্ম্মৎসর জিতেন্দ্রিয়গণও যে চিদ্রূপ পরম বস্তুকে দর্শন করিতে পান না, আমি তাহাই দর্শন করিলাম. ইহার পর আর কি আছে? দেবতারা এবং যোগিগণ যাঁহাকে দর্শন করিতে পান না, আমি সেই পরম ধামকে দর্শন করিলাম, ইহা হইতে আর কি অধিক উত্তম হইবে? পরোপকার-পরায়ণ এবং দয়ালু ব্যক্তিগণ যাঁহার দর্শন প্রাপ্ত হইতে পারেন না, আমি সেই পরম ধামকে দর্শন করিলাম, ইহা হইতে আর কি অধিক উত্তম হইবে? হে জনার্দ্দন! হে জগদ্‌গুরো! আমি ইহা দ্বারাই কৃতার্থ হইয়াছি; কারণ, পুণ্য-রহিত ব্যক্তিরা স্বপ্নেও তোমার দর্শন লাভে সক্ষম হয় না। হে অচ্যুত! যাহারা মহাপাতকী, তাহারাও তোমার নাম স্মরণমাত্রেই যখন পরমপদ প্রাপ্ত হয়, তখন যাহারা তোমাকে দর্শন করিয়াছে, তাহাদিগের তদপেক্ষা অধিক কি হইবে?" শ্রীভগবান্ কহিলেন,—"হে ব্রহ্মন্! তুমি সত্য বলিয়াছ, হে পণ্ডিত! আমি প্রীত হইয়াছি, কিন্তু অদ্যাপি আমার দর্শন কোন সময়ে নিষ্ফল হয় নাই। দেবতাগণ সর্ব্বদা এই কথা বলেন যে, "বিষ্ণুভক্ত ব্যক্তির অনেক পরিবার হয়", আমি সেই কথা পালন করিয়া থাকি, যেহেতু সাধু-ব্যক্তি মিথ্যা বলেন না। অতএব হে বিপ্রেন্দ্র! তুমি বর প্রার্থনা কর, আমি তোমার সমস্ত গুণযুক্ত দীর্ঘজীবী এবং রূপবান্ পুত্র হইব। যাহার বংশে আমার জন্ম হয়, তাহার সমস্ত বংশ মুক্তিলাভ করে। হে মুনিশ্রেষ্ঠ! আমি তুষ্ট হইলে তোমার কি অসাধ্য হইবে? যে ব্যক্তি মৎপরায়ণ হইয়া, আমাতে শ্রদ্ধাপূর্ব্বক আমার পূজা করে ও ধ্যান করে, সে স্বকীয় সমস্ত বংশকে ভগবানের সারূপ্য লাভ করায়। যে ব্যক্তি আমাতে মন অর্পণ করত আমাকে প্রণাম করে এবং আমার নিমিত্ত কর্ম্ম করে, সে আপনার সমস্ত বংশকে অচ্যুতের সারূপ্য লাভ করায়। অতএব হে বিপ্র! আমি তোমার স্তব এবং তপস্যায় প্রীত হইয়াছি; পুত্রভাবে তোমার নিকট ঋণ হইতে মুক্ত হইব, তাহাতে সংশয় নাই।" হরি এই কথা বলিয়া মৃকণ্ডুর মস্তকের উপর আপনার হস্ত অর্পণ করত সমস্ত অঙ্গ স্পর্শ পূর্ব্বক সেই স্থানেই অন্তর্হিত হইলেন। তৎকালে মৃকণ্ডু পরমপ্রীতি লাভ করত আপনাকে পুণ্যবান্ জ্ঞান করিয়া, হরিকে প্রণামপূর্ব্বক পুনর্ব্বার স্বীয় আশ্রমে গমন করিলেন।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায়।

সূত কহিলেন,—হরিসেবা-নিরত মৃকণ্ডু-মুনি বিষ্ণুর নিকট হইতে বরলাভ করিয়া, মার্কণ্ডেয় নামে দ্বিতীয় হরির সদৃশ পুত্র লাভ করিলেন। অতি ভাগ্যবান্, দয়ালু, ধার্ম্মিক,

ব্রহ্মজ্ঞ, সত্য-পরায়ণ, সূর্য্যের সদৃশ প্রভা-সম্পন্ন, জিতেন্দ্রিয়, শান্ত, মহাজ্ঞানী, সকলের যাথার্থ্য-জ্ঞানে পণ্ডিত, মার্কণ্ডেয় বিষ্ণুর প্রীতির নিমিত্ত তপস্যা করিতে লাগিলেন। বুদ্ধিমান্ মার্কণ্ডেয় আরাধনা করিলে জগৎপতি অচ্যুত তাঁহাকে পুরাণ এবং সংহিতা রচনা করিবার নিমিত্ত বরদান করিলেন; অতএব মার্কণ্ডেয় মুনি নারায়ণ স্বরূপ, চিরজীবী এবং দেবদেব চক্রীর অতিশয় ভক্ত।—হে বিপ্রগণ! জগৎ একার্ণব হইলে, জনার্দ্দন হরি তাঁহার স্বকীয় প্রভাব দর্শন করাইবার নিমিত্ত মার্কণ্ডেয়কে সংহার করিলেন না। বিষ্ণুভক্তি-পরায়ণ বুদ্ধিমান্ মার্কণ্ডেয় সেই ঘোরতর জল মধ্যে শীর্ণপত্রের ন্যায় অবস্থান করিয়াছিলেন। স্বয়ং হরি যে কাল পর্য্যন্ত শয়ন করিয়াছিলেন, মার্কণ্ডেয় সেই কাল পর্য্যন্ত উক্তরূপে জলমধ্যে অবস্থান করিয়াছিলেন; আমি সেই কালের পরিমাণ বলিতেছি, শ্রবণ কর। হে ব্রহ্মনন্দন! পঞ্চদশ নিমিষে কাষ্ঠা, ত্রিংশৎ কাষ্ঠায় কলা, ত্রিংশৎ কলায় ক্ষণ, ছয় ক্ষণে দণ্ড, দুই দণ্ডে মুহূর্ত্ত, ত্রিংশৎ মুহূর্ত্তে একদিন হয়। ত্রিংশৎ দিনে দুই পক্ষ—এক মাস। দুই মাসে এক ঋতু, তিন ঋতুতে এক অয়ন এবং দুই অয়নে বৎসর হয়। সেই বৎসর দেবতাদিগের এক দিন; তাহার মধ্যে উত্তরায়ণ—দিবা ও দক্ষিণায়ন—রাত্রি। মানুষের এক মাসে পিতৃগণের এক দিন হয়; চন্দ্র ও সূর্য্যের সংযোগে (অমাবস্যায়) তাঁহাদিগের প্রশংসিত কলা (প্রত্যূষ—রাত্রিশেষ) জানিবে। দেবতাদিগের দ্বাদশ সহস্র বর্ষে এক যুগ। দেবতাদিগের দুই সহস্র যুগে ব্রহ্মার এক দিন, সেই দিন মনুষ্যাদিগের দুই কল্প। দেবতাদিগের একসপ্ততি যুগে এক মন্বন্তর। হে মুনে! চতুর্দ্দশ মন্বন্তরে ব্রহ্মার দিবস; যে পরিমাণে তাঁহার দিবস, সেই পরিমাণে রাত্রি। হে বিপ্রেন্দ্র! সেই রাত্রিকালে সমস্ত জগৎ বিনাশ প্রাপ্ত হয়। হে মুনে! ব্রহ্মার দিন, মনুষ্য পরিমাণে সহস্র-চতুর্যুগে হইয়া থাকে; ব্রহ্মার মাস এবং বৎসরও এই রীতিক্রমে জানিবে। হে দ্বিজগণ! তদনুসারেই শত বৎসরে দুই পরার্দ্ধ বৎসর ব্রহ্মার আয়ুকাল। ব্রহ্মার শত বৎসরে বিষ্ণুর এক দিন; রাত্রি-পরিমাণও তাবৎ। মার্কণ্ডেয় ততকাল জীর্ণ-পত্রের ন্যায় অবস্থিত ছিলেন; ঘোর জলময় সময়ে তিনি বিষ্ণু-শক্তির বলেই বলীয়ান্ হইয়া পরমাত্ম-ধ্যান পূর্ব্বক বিষ্ণুর সমীপেই ছিলেন। অনন্তর সময় উপস্থিত হইলে যোগনিদ্রা-বিমুক্ত বিষ্ণু, ব্রহ্মারূপে এই স্থাবর-জঙ্গমাত্মক জগৎ সৃষ্টি করিলেন; মার্কণ্ডেয় জলের অপগম এবং বিশ্ব-সৃষ্টি দেখিয়া বিস্ময় এবং পরমপ্রীতি সহকারে বিষ্ণুর চরণদ্বয় বন্দনা করিলেন। মহামুনি মার্কণ্ডেয় মস্তকে অঞ্জলি বন্ধনপূর্ব্বক সদানন্দমূর্ত্তি ভগবান্‌কে প্রিয়বচনে স্তব করিতে লাগিলেন,—"সহস্রশীর্ষা, অনাময়, আশ্রয়শূন্য, দেবদেব, নারায়ণ বাসুদেব জনার্দ্দনকে প্রণাম করি। যিনি অজ্ঞেয়, অজর, নিত্য, সদানন্দই যাঁহার স্বরূপ, সেই অনন্তমের অনির্দ্দেশ্য জনার্দ্দনকে প্রণাম করি। যিনি অবিকারী, পরম, নিত্য, বিশ্বদর্শী এবং বিশ্বের উৎপাদক, সেই সর্ব্বতত্ত্বময় শান্ত জনার্দ্দনকে প্রণাম করি। পুরাণ-পুরুষ, সিদ্ধ, সর্ব্বজ্ঞ, পরাৎপরতর জনার্দ্দনকে প্রণাম করি। যিনি পরম জ্যোতিঃস্বরূপ, পরম পবিত্র আশ্রয়স্বরূপ এবং পরম বস্তু, সেই সর্ব্বরূপী পরম জনার্দ্দনকে প্রণাম করি। সদানন্দ, চিন্মাত্র, কারণসমূহের পরম-কারণ, সর্ব্বাত্মক, সর্ব্বশ্রেষ্ঠ সেই সনাতন জনার্দ্দনকে প্রণাম করি। যিনি সগুণ ও নির্গুণ, মায়াতীত ও মায়াবী, রূপহীন ও

বহুরূপধারী, সেই শান্ত জনার্দনকে প্রণাম করি। যে ভগবান্ এই জগতের সৃষ্টি-স্থিতি-সংহার করিতেছেন, সেই আদিদেব ঈশান জনার্দ্দনকে প্রণাম করি। হে পরমেশ্বর! হে পরমানন্দময়! হে মনোতীত! হে শরণাগত-বৎসল! হে কৃপাসিন্ধো! আপনাকে প্রণাম করি; আপনি আমাকে পরিত্রাণ করুন।" এই-প্রকার-স্তুতি-পরায়ণ বিপ্রশ্রেষ্ঠ মার্কণ্ডেয়কে শঙ্খ-চক্র-গদাধারী বিষ্ণু পরম প্রীতিসহকারে বলিলেন,—"জগতে যাঁহারা ভগদ্ভক্ত এবং ভগবদ্ভক্তগণের প্রতি অনুরক্ত, আমি তাঁহাদিগের প্রতি সন্তুষ্ট এবং তাঁহাদিগকে সর্ব্বদা রক্ষা করি, এবিষয়ে সংশয় নাই। হে দ্বিজশ্রেষ্ঠ! আমিই ভগবদ্ভক্ত-রূপে দেহ গোপনপূর্ব্বক সর্ব্বদাই সকল লোক রক্ষা করি।" মার্কণ্ডেয় কহিলেন,—"ভগবদ্ভক্তের লক্ষণ কি এবং কি কর্ম্ম করিলেই বা ভগবদ্ভক্ত হওয়া যায়, ইহা শ্রবণ করিতে অভিলাষী হইয়াছি; যেহেতু এ বিষয়ে আমার পরম কৌতূহল।" শ্রীভগবান্ বলিলেন,—"হে মুনিসত্তম! ভগবদ্ভক্তগণের লক্ষণ কীর্ত্তন করিতেছি; তাঁহাদের প্রভাব কোটি বৎসরেও বলিবার সামর্থ্য হয় না। যাঁহারা সর্ব্ব-প্রাণীর হিতকারী, অসূয়া-দ্বেষ-বর্জ্জিত, জিতেন্দ্রিয়, নিঃস্পৃহ এবং শান্তিগুণাবলম্বী, তাঁহারাই ভগবদ্ভক্তগণের বা বৈষ্ণবগণের প্রধান। যাঁহারা কর্ম্ম, মন এবং বাক্য দ্বারা পরকে পীড়া দেন না এবং প্রতিগ্রহে পরাঙ্মুখ, তাঁহারাই বৈষ্ণব-প্রধান। আমার গুণানুবাদ-শ্রবণে যাঁহার সাত্ত্বিক বুদ্ধি আছে এবং ভক্তবৎসল বিষ্ণুর (আমার) ভক্ত, তাঁহারাই বৈষ্ণব-প্রধান। যে মানব-প্রধানেরা, গঙ্গা ও বিশ্বেশ্বর এই বুদ্ধিতে মাতাপিতার শুশ্রূষা করেন তাঁহারাই বৈষ্ণবপ্রধান। যাঁহারা দেবপূজায় এবং ইষ্টদেবতার সাধনায় তৎপর ও ইষ্টপূজা দেখিয়া তাহার অনুমোদন করেন, তাঁহারা বৈষ্ণব-প্রধান। যাঁহারা ব্রহ্মচারী এবং যতিগণের পরিচর্য্যা-পরায়ণ ও পরনিন্দা-বহির্মুখ, তাঁহারাই বৈষ্ণব-প্রধান। যে নর-প্রধানেরা সকলেরই হিতজনক বাক্য কীর্ত্তন করেন ও লোকে গুণগ্রাহী, তাঁহারাই বৈষ্ণব-প্রধান। যে নর-প্রধানগণ, সর্ব্বভূতে আত্মবৎ সন্দর্শন করেন এবং শত্রু-মিত্রে সমদর্শী, তাঁহারাই বৈষ্ণব-প্রধান। যাঁহারা সত্যবাদী, সাধুসেবী, ধর্ম্মশাস্ত্র-বক্তা, তাঁহারা বৈষ্ণব-প্রধান। যাঁহারা পুরাণের ব্যাখ্যাতা ও শ্রোতা এবং পুরাণবক্তাদিগের প্রতি ভক্তিমান্, তাঁহারা বৈষ্ণবপ্রধান। যাঁহারা গো-ব্রাহ্মণের সেবায় সর্ব্বদা রত, তীর্থযাত্রাপরায়ণ, অন্যের শ্রীবৃদ্ধি-দর্শনে প্রফুল্ল ও হরিনাম-কীর্ত্তনে মগ্ন, তাঁহারা বৈষ্ণব-প্রধান। যাঁহারা আরাম রোপণ, তড়াগরক্ষা, দেবগৃহনির্ম্মাণ ও কূপ-তড়াগ-সরোবর-খনন করিয়া দেন এবং যাঁহারা গায়ত্রীজপ করিয়া থাকেন, তাঁহারা বৈষ্ণব-প্রধান। হরিনাম-শ্রবণ করিলে আনন্দে যাঁহাদিগের শরীর রোমাঞ্চিত হয়, তুলসীকানন দর্শন করিলে যাঁহারা প্রণাম করিয়া থাকেন, যাঁহাদিগের কণ্ঠ তুলসীকাষ্ঠে অঙ্কিত, তুলসীর গন্ধ ও মূল-মৃত্তিকা আঘ্রাণে যাঁহাদিগের প্রীতি এবং যাঁহারা অতিথিসেবা, আশ্রম-চতুষ্টয়ের আচারপালন ও বেদব্যাখ্যা করিয়া থাকেন, তাঁহারা বৈষ্ণব-প্রধান। শিবে প্রীতি, শিবে ভক্তি, শিবের অর্চ্চনা, রুদ্রাক্ষ ও ত্রিপুণ্ড্রধারণ, হরিনাম ও শিবনাম কীর্ত্তন, বহু দক্ষিণাদানে দৃঢ়ভক্তির সহিত তাঁহাদিগের উদ্দেশে যজ্ঞানুষ্ঠান ও বিদিত-শাস্ত্রের উপদেশ-প্রদান যাঁহারা করেন এবং যাঁহারা সকল বিষয়ে গুণধর, তাঁহারা বৈষ্ণব-প্রধান। যাঁহারা দেবাদিদেব শিব ও পরমাত্মা বিষ্ণুকে অভিন্ন ভাবেন এবং শিবধ্যান, শিবকার্য্য,

অগ্নিকার্য্য, পঞ্চাক্ষর-মন্ত্রজপ, অন্ন-জল-কন্যা-গো-দান, একাদশীব্রত ও আমার কার্য্য করেন, তাঁহারা বৈষ্ণব প্রধান। হে বিপ্র! এ স্থলে কতিপয়মাত্র বৈষ্ণবের উল্লেখ করিলাম, নতুবা আমিও শত শত কোটি বৎসরে সমস্ত উল্লেখ করিতে সমর্থ নহি; অতএব হে দ্বিজবর! তুমিও সুশীল, সর্ব্বপ্রাণীর উপজীব্য, মিত্র, জিতেন্দ্রিয় ও ধর্ম্মপরায়ণ হও। এইরূপে যুগান্ত পর্য্যন্ত মদীয় মূর্ত্তিধ্যান করিয়া নিখিল-ধর্ম্মাচরণ করিলে পরম নির্ব্বাণপদ প্রাপ্ত হইবে।" করুণাসিন্ধু ভগবান্ হরি স্বীয় ভক্ত মার্কণ্ডেয় মুনিকে এইরূপ বর দিয়া তথায় অন্তর্হিত হইলেন। হরিভক্তি পরায়ণ মহাত্মা মার্কণ্ডেয় মুনি যথাবিধি পরম ধর্ম্মাচরণ ও বহুযজ্ঞ অনুষ্ঠানপূর্ব্বক শালগ্রাম মহাক্ষেত্রে কঠোর তপস্যা করিয়া তদীয় চরণারবিন্দ ধ্যানে আয়ুঃক্ষয় করত পরম নির্ব্বাণ প্রাপ্ত হইলেন। অতএব যে ব্যক্তি সর্ব্বভূতের হিতকারী ও হরিভক্তি পরায়ণ, সে নিঃসন্দেহ মনোভীষ্ট লাভ করে। নারদ কহিলেন,—হে সনৎকুমার! এই বিষ্ণুভক্তি-মাহাত্ম্য তোমার প্রশ্নানুরূপ বলিলাম; এক্ষণে আর কি শ্রবণ করিতে ইচ্ছা হয়, বল।

পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

ষষ্ঠ অধ্যায়।

সূত বলিলেন,—তখন মুনীশ্বর সনৎকুমার ভগবদ্ভক্তির মাহাত্ম্য শ্রবণে প্রীত হইয়া দেবর্ষি নারদকে জিজ্ঞাসা করিলেন,—হে মুনিবর! এক্ষণে কৃপা করিয়া সত্য বলুন,—কোন ক্ষেত্র সর্ব্বোৎকৃষ্ট ও সকল তীর্থের প্রধানতম। নারদ কহিলেন,—হে দ্বিজ! পরম গুহ্যকথা শ্রবণ কর;—মহর্ষিগণ গঙ্গা-যমুনার সঙ্গমস্থলকে সর্ব্বোৎকৃষ্ট ক্ষেত্র ও নিখিল তীর্থের শ্রেষ্ঠ বলিয়া থাকেন। ইহা নিখিল রোগ, পাপ, দুঃস্বপ্ন ও দুষ্টগ্রহ-ভয় নিবারণ করে, আয়ুর্ব্বৃদ্ধি ও সর্ব্বসম্পত্তি প্রদান করিয়া থাকে। ইহা শুভ ও পুণ্যদায়ক। ইহার বিষয় নিত্য মুনিগণের শ্রবণ করা কর্ত্তব্য। এই তীর্থের জল শ্বেত ও কৃষ্ণ; মুনি, মনুষ্য ও ব্রহ্মাদি দেবগণ পর্য্যন্ত পুণ্যের আশায় ইহার সেবা করিয়া থাকেন। হে বিপ্র! পুণ্যনদী গঙ্গা বিষ্ণুপাদোদ্ভবা এবং যমুনাও সাক্ষাৎ সূর্য্যনন্দিনী; অতএব তাঁহাদের সঙ্গমস্থল অপেক্ষা উৎকৃষ্ট তীর্থ নাই। এই নদীপ্রবরা গঙ্গা স্মৃতিমাত্রেই অখিল পাপ, উপদ্রব ও যাতনা নষ্ট করেন। হে মহর্ষে! সসাগরা পৃথিবীতে যে সমস্ত পুণ্যক্ষেত্র আছে, তৎসমুদায়ের মধ্যে প্রয়াগই শ্রেষ্ঠ। এই প্রয়াগে ব্রহ্মা যজ্ঞ দ্বারা নিজ পিতামহ অচ্যুতের অর্চ্চনা করিয়াছিলেন এবং সমস্ত মুনি বিবিধ যজ্ঞ করিয়াছিলেন। সর্ব্বতীর্থে স্নানজন্য যে পুণ্যরাশি সঞ্চিত হয়, তাহা গঙ্গার বিন্দুমাত্র জলে অভিষেকজন্য পুণ্যের ষোড়শাংশের একাংশও নহে। গঙ্গাবাসীর কথা দূরে থাকুক, যে ব্যক্তি অযুত যোজন দূরে থাকিয়া

মুখে গঙ্গানাম উচ্চারণ করে, সেও পাপমুক্ত হইয়া থাকে। যাঁহার বিষ্ণুপাদ হইতে উৎপত্তি ও বিশ্বেশ্বর সন্নিধানে স্থিতি, যাঁহাকে দিব্য মুনিগণ সেবা করিয়া থাকেন, যাঁহার সৈকত-মৃত্তিকা ললাটে ধারণ করিলে শিবত্বলাভ হয়, যাঁহার মঙ্গলময় পবিত্র জল অকৃতপুণ্য দিগের দুর্লভ, অধিক আর কি বলিব, বিষ্ণুর সারূপ্যদায়ক, যাঁহাতে স্নান করিলে পাপিগণও সর্ব্বপাপমুক্ত হইয়া বিমানারোহণে বিষ্ণুলোকে গমন করে, মহাত্মগণ যাঁহাতে স্নান করিলে সমস্ত পিতৃ-মাতৃকুল উদ্ধার করিয়া বিষ্ণুলোকে পূজ্য হইয়া থাকেন, যাঁহাকে সর্ব্বদা স্মরণ করিলে সকল তীর্থে স্নান ও নিখিল পুণ্যক্ষেত্রে অবস্থান করা হয় সন্দেহ নাই, যদীয় জলে কৃতস্নান ব্যক্তিকে দেখিলে পাপিষ্ঠেরও স্বর্গগতি হয়, যাঁহার অঙ্গ-স্পর্শমাত্রেই ইন্দ্রত্ব দুর্লভ নহে, যদীয় মৃত্তিকা মস্তকে ধারণ করিলে শিবত্ব ও দেহে লেপন করিলে তৎসান্নিধ্য-প্রাপ্তি হইয়া থাকে এবং যাঁহার মৃত্তিকায় লিপ্তশীর্ষ মানবকে দর্শন করিয়া পাপীরাও যোগিজনদৃশ্য বিষ্ণুর সেই পরমপদ লাভ করে,—তাঁহার অপেক্ষা অন্য নদী কেমনে উৎকৃষ্ট হইবে? গঙ্গা, তুলসী-বৃক্ষমূল ও হরিভক্ত-পদের মৃত্তিকা-রেখা বিষ্ণুর সারূপ্য প্রদান করে। গঙ্গা, তুলসী, বিষ্ণু ও ধর্ম্মপ্রবক্তা—ইহাঁদিগের প্রতি ভক্তি মনুষ্যের অত্যন্ত দুর্লভ। কিন্তু যদি ঘটে, তাহা হইলে অবিলম্বে হরিপদ লাভ হইয়া থাকে। "কবে গঙ্গায় যাইব ও তাঁহাকে দর্শন করিব" এই কথা নিত্য যে ভাবে ও অনুতাপ করে, সে বিষ্ণুপদ প্রাপ্ত হয়। হে ব্রহ্মন্! স্বয়ং বিষ্ণুও বহুশত বৎসরে এই গঙ্গার মাহাত্ম্য-বর্ণনে সমর্থ নহেন, অধিক আর কি বলিব! কি আশ্চর্য্য মায়া! সকল জগৎই উহাতে মুগ্ধ হইয়া আছে! যেহেতু, এই গঙ্গানাম সত্ত্বেও লোকে নরকগামী হইতেছে। কারণ, এই গঙ্গা-নাম এবং তুলসী ও হরিভক্তি-বক্তার প্রতি ভক্তি সংসার-পাশ ছেদন করে। যে জন মুখে একবারমাত্র গঙ্গানাম উচ্চারণ করে, সে সকল পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে গমন করে। যে ব্যক্তি গঙ্গা-উদ্দেশে যাত্রা করিয়া তিন যোজন পথ যায়, সেও নিষ্পাপ হইয়া ত্রৈলোক্যাধিপতি হইয়া থাকে। এইরূপ মহামহিম-শালিনী অশেষপুণ্যদায়িনী কল্যাণমূর্ত্তি নদীশ্রেষ্ঠা গঙ্গা, বৈশাখাদি মাসে নিখিল জগৎ পবিত্র করিয়া থাকেন। গোদাবরী, সরস্বতী, কালিন্দী, কাবেরী, কৃষ্ণা, রেবা, বাহুদা, তুঙ্গভদ্রা, ভীমরথী, বেত্রবতী, তাম্রপর্ণী ও শতদ্রু ইত্যাদি সমস্ত নদীতে গঙ্গা সর্ব্বদাই অবস্থান করেন। শাস্ত্রোক্ত পুণ্যতিথি মাত্রেই তিনি সেই সকল নদীর জলে অধিষ্ঠান করিয়া নিখিল জগৎ পবিত্র করিয়া থাকেন। বিষ্ণু ও তদীয় পদ যেমন সর্ব্বব্যাপী, তদ্রূপ সর্ব্বপাপনাশিনী গঙ্গা সর্ব্বত্র ব্যাপিয়া আছেন। অহো কি আশ্চর্য্য! বিশ্বধাত্রী গঙ্গা স্নান-পানাদি আচরণে ভুবন পবিত্র করেন ও করান, তখন মানবে তাঁহার সেবা কেন না করিবে? বারাণসী নামে বিখ্যাত দেবগণসেব্য অপর একটী উত্তম তীর্থ ও ক্ষেত্র আছে; ইহার দর্শনমাত্রেই নরগণ পরমগতি লাভ করে এবং ইহা গঙ্গা-যমুনা সঙ্গম অপেক্ষা নিকৃষ্ট নহে। মাঘমাসে গঙ্গা, জলমাত্রেই অবস্থান করেন; তৎকালে স্নান-পানাদি আচরণে জগৎ পবিত্র করেন ও ইন্দ্রত্বপদ দিয়া থাকেন। লোক-মঙ্গলকারী সাক্ষাৎ যে শঙ্কর লিঙ্গরূপে নিত্য গঙ্গার ভজনা করেন, তাঁহার মহিমা কেমনে কীর্ত্তন করিব? হর—হরিরূপ-ধারী, হরি—হর-রূপধারী; এতদুভয়ের কিঞ্চিন্মাত্র প্রভেদ নাই। যে ব্যক্তি ভেদজ্ঞান করে

সে পাপগ্রস্ত হয়। অনাদি-নিধন হরি-হর দেবতা-বিষয়ে ভেদবুদ্ধি অজ্ঞান-সাগরে মগ্ন পাপি-লোককেই করিয়া থাকে। যে দেব ত্রিজগতের পতি, অবিনাশী ও কারণ-সমুদায়ের কারণ, প্রলয়কালে তিনিই রুদ্রমূর্ত্তি ধরিয়া অখিল জগৎ সংহার করেন। রুদ্র বিষ্ণুরূপে পালন করেন। বিষ্ণু ব্রহ্মারূপে সৃজন করেন, আবার স্বয়ং তাহা সংহার করেন। যে ব্যক্তি এই হরি-হর-বিরিঞ্চি বিষয়ে ভেদজ্ঞান করে, সে, যাবৎ চন্দ্র তারা বিদ্যমান, তাবৎ নরকভোগ করে। হরি, হর ও বিধাতাকে যে ব্যক্তি অভিন্নভাবে দেখে, সে পরমানন্দ লাভ করে, ইহাই শাস্ত্রসিদ্ধান্ত। যে জনার্দ্দন অনাদি, সর্ব্বজ্ঞ, সর্ব্বগত ও জগতের সৃষ্টিকর্ত্তা, তিনিই লিঙ্গরূপে সন্নিহিত আছেন। কাশীর বিশ্বেশ্বর-লিঙ্গকে জ্যোতির্লিঙ্গ কহে; মনুষ্য তদ্দর্শনে পরমজ্যোতি প্রাপ্ত হইয়া থাকে। ভগবান্ শিব ও বিষ্ণুর মৃণ্ময়ী, দারুময়ী, শিলাময়ী বা চিত্রময়ী মূর্ত্তি উত্তম; কারণ, উহাতে ভগবান্ হরি সন্নিহিত আছেন। যেখানে তুলসী-কানন ও পদ্মবন থাকে এবং পুরাণ-পাঠ হয়, তথায়ও হরি সন্নিহিত থাকেন। যিনি স্বার্থে বা পরার্থে ভক্তিপূর্ব্বক সর্ব্বদা পুরাণ পাঠ করেন, তিনি সাক্ষাৎ হরি—এ বিষয়ে সংশয় নাই। যে ব্যক্তি কায়মনোবাক্যে সর্ব্বদা বিষ্ণুর ভজনা করে অথবা নিত্য শিবপূজা করে, তাহাতে হরির সান্নিধ্য থাকে। যে ব্যক্তি, পুরাণ ও সংহিতার পাঠক সে সাক্ষাৎ হরি;—তাঁহার প্রতি যাহারা ভক্তি করে, তাহাদিগের নিত্য গঙ্গাস্নান জন্য ফল লাভ হয়। পুরাণশ্রবণে ভক্তি গঙ্গাস্নান তুল্য ও পুরাণ বক্তার প্রতি ভক্তি প্রয়াগস্নান-তুল্য ফলদায়ক। যে ব্যক্তি পুরাণ কথন উপদেশ দ্বারা সংসার-সমুদ্রে নিমগ্ন ব্যক্তিকে উদ্ধার করে, সে ব্যক্তি সাক্ষাৎ হরি—তদ্বিষয়ে সংশয় নাই। গঙ্গাসদৃশ তীর্থ, মাতৃতুল্য গুরু, বিষ্ণুসমান দেবতা ও গুরু অপেক্ষা পরম-তত্ত্ব নাই। বেদ যেমন পরম ধন, সঙ্গীত আত্মা যেমন পরম দেবতা ও বিদ্যা যেমন পরম ধন,—গঙ্গা তেমনি পরম তীর্থ। চতুর্ব্বর্ণের মধ্যে ব্রাহ্মণ, নক্ষত্রবৃন্দের মধ্যে চন্দ্র ও সকল জলাশয়ের মধ্যে সমুদ্র যেমন শ্রেষ্ঠ,—গঙ্গা তেমনি শ্রেষ্ঠ জানিবে। শান্তি অপেক্ষা যেমন বন্ধু নাই, সত্য অপেক্ষা যেমন পরম তপস্যা নাই ও মোক্ষ অপেক্ষা যেমন পরম লাভ নাই,—গঙ্গা অপেক্ষা তেমনি প্রধান নদী নাই। গঙ্গার প্রধান নাম—পাপ-কাননের দাবাগ্নি; গঙ্গা ভবরোগ-হারিণী; অতএব সযত্নভাবে ইহাঁর সেবা করা উচিত। গঙ্গা ও গায়ত্রী উভয়ই সর্ব্ব-পাপহারিণী; ইহাঁদিগের প্রতি যে ব্যক্তি ভক্তিহীন, তাহাকে পতিত বলিয়া জানিবে। গায়ত্রী যেমন বেদমাতা, গঙ্গা তেমনি এই লোকের জননী; ইহাঁরা উভয়েই নিখিল পাপনাশের কারণ। গায়ত্রী যাহার প্রতি প্রসন্ন, গঙ্গাও তাহার প্রতি প্রসন্ন হইয়া থাকেন; এতদুভয় বিষ্ণু-ভক্তির সহিত মিলিত হইলে সর্ব্বকাম ও অর্থসিদ্ধি প্রদান করেন। এই অবাক্ পরমোৎকৃষ্ট গায়ত্রী ও জাহ্নবী, নিখিল-লোকের প্রতি অনুগ্রহের নিমিত্ত ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের ফলরূপে ভূতলে অবতীর্ণ হইয়াছেন। গায়ত্রী, জাহ্নবী, তুলসী ও হরির প্রতি সাত্ত্বিকী ভক্তি মনুষ্যের অতি দুর্লভ। গঙ্গার কি আশ্চর্য্য মহিমা,—যাঁহার স্মরণে পাপনাশ, দর্শনে বিষ্ণুলোকে গতি ও পানে তদীয় সারূপ্য লাভ হয়, যাঁহাতে স্নান করিলে মনুষ্য বিষ্ণুর পরম পদ লাভ করে, যিনি স্নান ও পানমাত্রে মোক্ষদান করিয়া থাকেন। এই গঙ্গার নাম যাহারা জপ করে, তাহাদিগকে স্বয়ং সনাতন জগৎপাতা

বাসুদেব নারায়ণ মনোভীষ্ট ফল প্রদান করেন। গঙ্গার জলকণা-সেকেও মানব সর্ব্বপাপ-মুক্ত হইয়া পরম-পদ প্রাপ্ত হয়। এই গঙ্গার জলবিন্দু সেবনে সগর-সন্তানগণ রাক্ষসভাব পরিত্যাগপূর্ব্বক সদ্গতি লাভ করিয়াছে।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত॥ ৬॥

সপ্তম অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—সগরবংশে রাক্ষস ভাব হইতে কে মুক্তি পাইয়াছিল? সগর রাজা কে? কাহার গর্ভে উৎপন্ন? আমরা শুনিয়াছি, তদ্বংশে উৎপন্ন ভগীরথ, গঙ্গা আনয়ন করিয়াছিলেন। হে মুনীন্দ্র সূত! সমস্ত বিবরণ বিস্তৃতরূপে আমাদিগকে অনুগ্রহ-পূর্ব্বক বলুন। সূত বলিলেন,—হে ঋষিগণ! সনৎকুমারকে নারদ গঙ্গার যে উৎকৃষ্ট মাহাত্ম্য বলিয়াছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ করুন। হে মহাভাগ মুনিবৃন্দ! আপনারা আজ নিঃসংশয়ে ধন্য, যেহেতু, পুণ্যাত্মাদিগের দুর্লভ গঙ্গা-মাহাত্ম্য শ্রবণে ভক্তি-সহকারে আপনারা উদ্যত হইয়াছেন। হে ঋষিগণ! গঙ্গাজল সেকে সগরকুলের বিষ্ণুপদ প্রাপ্তির বিচিত্র কথা বলিতেছি, শ্রবণ করুন। পূর্ব্বকালে সূর্য্যবংশে বৃক রাজার পুত্র বাহু নামে এক প্রাজ্ঞ রাজা ছিলেন। সেই ধর্ম্মপরায়ণ রাজা ধর্ম্মানুসারে এই সসাগরা পৃথিবী পালন করিতেন। তদীয় পালনগুণে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও অপরাপর জাতি স্ব স্ব বৃত্তিতে প্রতিষ্ঠিত ছিল। তিনি সপ্তদ্বীপে সপ্তত্রিংশৎসংখ্যক অশ্বমেধ যাগ করিয়াছিলেন; গন্ধ-মাল্যাদি-দানে নিখিল দেবতার প্রীতি-সাধনেও বিমুখ ছিলেন না। তিনি নীতিশাস্ত্র বিশারদ, শত্রুজয়ী ও অত্যন্ত পরোপকারী ছিলেন। তদীয় সুশাসন-বলে প্রজালোক সুখে অঙ্গে চন্দন লেপন ও অলঙ্কার ধারণ করিত, পৃথিবী ফল-পুষ্পবতী ও সর্ব্ব-শস্যশালিনী হইয়া বিরাজ করিতেছিল। দেবরাজ ইন্দ্র যথাসময়ে বৃষ্টি করিতেন। প্রজালোকের পাপ-বুদ্ধি ছিল না; তপস্বিগণও নির্ব্বিঘ্নে তপস্যা করিতেন। এইরূপে শুভ-লক্ষণ সম্পন্ন কৃতজ্ঞ সর্ব্বশাস্ত্রার্থ-তত্ত্বজ্ঞ সেই রাজা নবতি সহস্র বৎসর পৃথিবী পালন করিতে লাগিলেন। একদা লোভ বশতঃ সেই রাজার মনে ঈর্ষ্যার সহিত সর্ব্ব অনর্থের মূল এই প্রবল অহঙ্কার উদিত হইয়াছিল যে, "আমিই সমস্ত লোকের শাসনকর্ত্তা, রাজা ও বলবান্; আমি অসংখ্য যজ্ঞ করিয়াছি; আমা অপেক্ষা পূজ্য কে আছে? আমিই জ্ঞানবান্, শ্রীমান্, সর্ব্বশত্রুজেতা, সমস্ত দ্বীপের অধিপতি, বিশ্বজয়ী, শিক্ষক, গুণবান্, বেদ-বেদাঙ্গবেত্তা, নীতিশাস্ত্রজ্ঞ, অজেয় ও অব্যাহতৈশ্বর্য্য;—আমা অপেক্ষা ক্ষমতাশালী আর কে আছে?" সেই রাজার সর্ব্বানর্থ-নিদান অজ্ঞান-নিবন্ধন এইরূপ অহঙ্কার হইয়াছিল। অহঙ্কার উপস্থিত হইলে, সেই সঙ্গে কামাদি রিপুগণও উপস্থিত হয়; তাহা হইলে মনুষ্য নিশ্চিতই বিনষ্ট হইয়া থাকে। যৌবনকাল, অর্থসম্পদ্, প্রভুতা ও অবিমৃষ্যকারিতা ইহাদিগের এক একটিই অনর্থের মূল; যে পুরুষে এই চারিটী বিদ্যমান, তথায় বিষম অনর্থ ঘটিবারই কথা। সর্ব্বলোক-বিরুদ্ধা, স্বদেহ-ক্ষয়কারিণী, সর্ব্বসম্পদ্-নাশিনী, পাপ-অসূয়াও তদীয় হৃদয়ে

প্রবল হইয়াছিল। অবিবেচক পুরুষের সম্পত্তি, শরৎকালের নদীর মত, অতিশয় চঞ্চল জানিবে। অসূয়াবিষ্ট-চিত্ত লোকের সম্পদ্‌ও তুষানলে বায়ু-সংযোগের ন্যায় বিনশ্বর। অসূয়াবান্, দম্ভাচারী ও কর্কশ-ভাষীদিগের ইহকালেও সুখ নাই এবং পরকালেও সুখ নাই। বিশেষতঃ অসূয়াক্রান্তচিত্ত ও নিষ্ঠুরভাষীদিগের প্রিয়জন, পুত্র বা বান্ধব—সকলেই শত্রু হইয়া থাকে। যে ব্যক্তি পরশ্রী-দর্শনে নিত্য অসূয়া করে, সে নিজেরই সর্ব্বস্বচ্ছেদনে কুঠার প্রয়োগ করিয়া থাকে। যে জন নিজের শ্রেয়োবিনাশে যত্ন করে, সে দম্ভপ্রযুক্ত আত্মকল্যাণ-রাশির প্রতি সদা দ্বেষ দেখাইয়া থাকে। হে দ্বিজগণ! অসূয়া করিলে পুত্র, মিত্র, গৃহ, ক্ষেত্র, ধন, ধান্য ও যশের হানি হইয়া থাকে। ইহা নিশ্চয় জানিও যে, অসূয়া করিলে বিপদ্ অবশ্যম্ভাবিনী; সুতরাং হৈহয় ও তালজঙ্ঘগণ তাঁহার প্রবল শত্রু হইল। ফলতঃ লক্ষ্মীপতি যাহার প্রতি অনুকূল, তাহার সৌভাগ্য-বৃদ্ধি হয়,—তিনি বিমুখ হইলে পদে পদে অনর্থ ঘটিয়া থাকে। তাঁহার কৃপা-কটাক্ষপাত যতদিন থাকে, ততদিন পুত্র, পৌত্র, ধন, ধান্য ও গৃহাদি বিরাজমান থাকে। অধিক কি, তাঁহার কৃপাদৃষ্টি থাকিলে মূর্খ, অন্ধ, বধির, জড়, দুর্ব্বল ও অবিবেচক—সকলেই শ্লাঘাস্পদ হয়। যাহার প্রতি তাঁহার দৃষ্টি না থাকে, তাহার সৌভাগ্য-হানি হয় এবং তৎসঙ্গে অসূয়াদি-দোষ ও বিশেষতঃ প্রাণীদিগের প্রতি দ্বেষ আসিয়া পড়ে। হে মুনীন্দ্রগণ! যে কোন ব্যক্তির প্রতি দ্বেষ করিলে অশেষ-শুভ-হানি হইয়া থাকে। যে পুরুষে অসূয়া বিদ্যমান, তাহার প্রতি বিষ্ণু বিমুখ হইয়া থাকেন; তাহা হইলে নিশ্চয়ই তাহার নিখিল কল্যাণ বিনষ্ট হইয়া থাকে। অহঙ্কার বিবেক নষ্ট করে, অবিবেক অনুজার হানি করে, ইহা হইতেই বিপত্তির উদ্ভব; অতএব অহঙ্কার ত্যাগ করিবে। অসূয়াদিদোষ অহঙ্কারের অনুগামী; সুতরাং অহঙ্কার হইলে অচিরে বিনাশ হইবারই কথা। এইরূপ অসূয়াক্রান্ত সেই রাজার শত্রুবর্গের সহিত এক মাস ব্যাপিয়া ঘোর যুদ্ধ হইয়াছিল। সেই যুদ্ধে হৈহয় ও তালজঙ্ঘ রিপুগণ তাঁহাকে পরাস্ত করিল। তখন তিনি ভ্রষ্টরাজ্য হইয়া, পত্নীর সহিত সহসা অরণ্য আশ্রয় করিলেন। এইরূপ অবস্থায় সেই রিপুগণ ভবিষ্যদ্ভয়ে তদীয় গর্ভবতী পত্নীর গর্ভবিনাশের জন্য ঘোরতর বিষ প্রয়োগ করিল। তাহাতে সেই বাহু রাজা দুঃখিত অন্তঃকরণে পত্নীর সহিত বনে বনে ভ্রমণ করত ঔর্ব্ব-মুনির আশ্রমাভিমুখে গমনোদ্যত হইলেন। রাজা বাহু তদীয় গর্ভিণী পত্নীর সহিত স্বকর্ম্মের উদ্দেশে বিলাপ করত নিদাঘতাপে পদব্রজে যাইতে যাইতে ক্ষুধা ও তৃষ্ণায় কাতর হইয়া পড়িলেন। অকস্মাৎ সম্মুখে বৃহৎ সরোবর দেখিয়া অতীব সন্তুষ্ট হইলেন। অসূয়াবিষ্ট-চিত্ত সেই রাজার ভাবদর্শনে সেই সরোবরবাসী পক্ষিগণ লীন হইয়া পরস্পরে এই বিচিত্র কথা বলিতে লাগিল যে, "হে পক্ষিগণ! হায় কি কষ্ট! এই পাপিষ্ঠ এই স্থানেই আসিতেছে; তোমরা নিজ নিজ নীড়ে প্রবেশ কর।" রাজাকে দর্শন করিয়া বিহঙ্গমগণ এইরূপে নিন্দা করিতে লাগিল। হায়! ধিক্! অসূয়া জগতের কি কষ্টকরী!! এদিকে সেই রাজা মহিষীর সহিত সরোবরে স্নান ও তদীয় জল পান করিয়া বৃক্ষমূলে বিশ্রাম করিতে লাগিলেন। যখন এই রাজাবাহু বনে গমন করেন, তখন তৎ-প্রতিপালিত প্রজাবর্গ তাঁহার দোষরাশি উল্লেখ করিয়া ধিক্কার দিয়াছিল। হে দ্বিজগণ! এই পৃথিবীতে যে

কোন ব্যক্তিই হউক না কেন, নিখিলগুণে অলঙ্কৃত, সকলের শ্লাঘনীয়, অশেষ সম্পত্তিশালী হইয়াও দোষান্বিত হইলে, তাহাকে সকলেই নিন্দা করিয়া থাকে। ত্রিজগতে অকীর্ত্তির তুল্য মনুষ্যের মৃত্যু নাই, আবার কীর্ত্তির তুল্য মাতাও নাই। বাহু-রাজার বনগমন দেখিয়া রাজ্যবাসী সমস্ত লোকই নিজ শত্রু-নিধনের সদৃশ সন্তোষলাভ করিয়াছিল। বাহু-রাজাও অতিশয় নিন্দাস্পদ হইয়া, কাননে মৃতবৎ অবস্থান করিতেছিলেন। 'অকীর্ত্তি কাহাকে না নষ্ট করিয়া থাকে? হায়! অকীর্ত্তি-সমান মৃত্যু, ক্রোধ তুল্য শত্রু, নিন্দাসম পাপ ও মোহের সদৃশ ভয় নাই। অসূয়ার সমান অকীর্ত্তি, কামের তুল্য অনল, বিষয়-বাসনার সদৃশ বন্ধন ও সঙ্গদোষের ন্যায় বিষও নাই"—এইরূপে বিবিধ বিলাপে অতি দুঃখিত রাজা মনস্তাপে জীর্ণ-শীর্ণ-কলেবর হওয়ায় জরাগ্রস্ত হইয়া পড়িলেন। পরে বহুকালের পর পীড়িত হইয়া ঔর্ব্ব-মুনির আশ্রম-সমীপে কালগ্রাসে পতিত হইলেন। তখন তদীয় গর্ভিণী ভার্য্যা পতি-শোকে অধীর হইয়া বহু বিলাপ করত সহগমনে মানস করিলেন। স্বয়ং কাষ্ঠরাশি আনয়নপূর্ব্বক চিতা সজ্জিত করিয়া তদুপরি পতিকে আরোহণ করাইয়া চিতারোহণে উদ্যত হইলেন। ইত্যবসরে তেজোনিধি ঔর্ব্ব-মুনি ধ্যান-বলে সেই সমস্ত বৃত্তান্ত জানিতে পারিলেন। ইহা বিস্ময়াবহ নহে,—অসূয়াশূন্য মহাত্মা ঋষিগণ জ্ঞান-চক্ষু বলে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান—সমস্তই প্রত্যক্ষ করিয়া থাকেন। মুনি তখন জানিতে পারিয়া পতিব্রতা বাহু-মহিষীর সমীপে ঝটিতি সমাগত হইলেন। তাঁহাকে তদবস্থায় দেখিয়া সেই মুনি এই ধর্ম্মগর্ভ বাক্যগুলি বলিলেন,—"অয়ি পতিব্রতে! রাজবর-মহিষি! ঈদৃশ অতি সাহসের কার্য্য করিও না, তোমার গর্ভে শত্রু-হন্তা চক্রবর্ত্তী সন্তান অবস্থিতি করিতেছে। অয়ি কল্যাণি! যাহাদিগের পুত্র বালক, যাহারা গর্ভবতী, যাহাদিগের রজোদর্শন হয় নাই ও যাহারা রজস্বলা,—তাহাদিগের সহগমন নিষিদ্ধ আছে। অয়ি সুব্রতে! ব্রহ্মহত্যাদি পাপের বরং নিষ্কৃতি কথিত আছে, কিন্তু দাম্ভিক, নিন্দক, ভ্রূণহা, নাস্তিক, কৃতঘ্ন, ধর্ম্মদ্বেষী ও বিশ্বাসঘাতকের নিষ্কৃতি নাই। অতএব এই মহাপাপ হইতে নিবৃত্ত হও, তোমার সকল দুঃখ মোচন হইবে।" ঔর্ব্ব-মুনির এইরূপ অনুগ্রহ-বাক্য শ্রবণে পতিব্রতা রাজ-মহিষী তাঁহার চরণদ্বয় ধরিয়া অতি দুঃখে বিলাপ করিতে লাগিলেন। সর্ব্বশাস্ত্রার্থবেত্তা মুনি তখন পুনরায় তাঁহাকে বলিলেন—"অয়ি রাজপুত্রি! রোদন করিও না, তোমার অতঃপর শ্রী লাভ হইবে। অয়ি বুদ্ধিমতি! অশ্রুমোচন করিও না, মুক্ত অশ্রু মৃত ব্যক্তিকে সত্যই দগ্ধ করিয়া থাকে; অতএব শোক পরিত্যাগপূর্ব্বক এই সময়ের কর্ত্তব্য কার্য্য কর। দেখ,—কি পণ্ডিত, কি মূর্খ, কি ধনী, কি দরিদ্র, কি দুর্ব্বৃত্ত, কি সদ্বৃত্ত—সকলেই মৃত্যুর কাছে সমান। নগরে বা বনে, সমুদ্রে বা পর্ব্বতে কর্ম্মানুসারে অবশ্যই জীবের ফল ভোগ হইবে। দুঃখ যেমন প্রার্থনা না করিলেও উপস্থিত হয়, সুখও সেইরূপ আসে,—এ বিষয়ে দৈবই প্রবল। ইহজীবনে প্রাক্তন কর্ম্মেরই ভোগ হইয়া থাকে;—তদ্বিষয়ে দৈবই কারণ, জীব কখনই কারণ নহে। অয়ি কমলাননে! গর্ভ বা বাল্যকালে, যৌবন বা বৃদ্ধাবস্থায়, জীবকে মৃত্যুবশ হইতে হইবেই হইবে।" ভগবান্ গোবিন্দ কর্ম্মাধীন জীবগণকে বিনাশ ও রক্ষা করেন, জীব হেতুমাত্র; অজ্ঞ-লোকেরাই তাহার উপর দোষা-

রোপ করিয়া থাকে। অতএব এই মহাদুঃখ ত্যাগ করিয়া তুমি সুখী হও, পতির কর্ম্ম কর এবং বিবেক বিষয়ে স্থির হও। এই শরীর অযুত অযুত দুঃখ ও ব্যাধিতে পূর্ণ এবং দুঃখভোগ, মহাক্লেশ ও কর্ম্মপাশে বদ্ধ।" মহামতি ঔর্ব্ব-মুনি এইরূপে তাঁহাকে আশ্বস্ত করিয়া ঊর্দ্ধদৈহিক ক্রিয়া-কলাপ করাইলেন। রাজ-মহিষীও শোকত্যাগ করিলেন। তখন তিনি অভিবাদনপূর্ব্বক মুনিবরকে বলিলেন,—"মহাত্মারা যে পরার্থ ফল আকাঙ্ক্ষা করেন, তাহা বিচিত্র নহে;—বৃক্ষ কখন স্বকীয় ভোগের জন্য এই পৃথিবীতে ফল ধারণ করে না। যে ব্যক্তি অন্যের দুঃখ জ্ঞাত হইয়া সদ্বাক্যে সান্ত্বনা করেন, তাঁহাতে বৈষ্ণব সদ্গুণ বিরাজমান আছে;—যেহেতু, সে সর্ব্বভূত-হিতাকাঙ্ক্ষী। যে অন্যের দুঃখে দুঃখিত ও সুখে সুখিত, সে ব্যক্তি নররূপধারী সাক্ষাৎ জগদীশ হরি। সুখ ও দুঃখ হইতে মুক্তির জন্য সজ্জনেরা শাস্ত্র শ্রবণ করেন; যদি তাঁহারা সেই শাস্ত্র ব্যাখ্যা করেন, তবে সকলেরই দুঃখ দূর হইয়া থাকে। যথায় সাধুলোকেরা শাস্ত্র-ব্যাখ্যানে প্রবৃত্ত, তথায় দুঃখ দুঃখপ্রদ হয় না—; সূর্য্য বর্ত্তমানে অন্ধকার কি দেখা দিয়া থাকে?" এইরূপ বলিয়া তিনি মুনি-প্রদিষ্ট প্রণালীক্রমে নদীতীরে নিজ পতির অন্ত্যেষ্টি-ক্রিয়া সম্পাদন করিলেন। মুনি সেই শব দর্শন করিবামাত্র রাজা দেবরাজের ন্যায় জাজ্বল্যমান কোটি বিমানের অধিপতি হইয়া পরম-পদ প্রাপ্ত হইলেন। হে মুনিসত্তমগণ! দেহ ভস্ম বা ধূমমাত্রাবশিষ্ট হইলেও পুণ্যাত্মার দৃষ্টিতে মনুষ্যের সদ্গতি হইয়া থাকে। মহাপাতক অথবা সর্ব্বপাতকযুক্ত ব্যক্তিও মহতের দর্শনে দিব্য পদ পাইয়া থাকে। তৎপরে পতির কার্য্য সম্পন্ন হইলে সেই রাজপত্নী ঔর্ব্ব-ঋষির আশ্রমে গমনপূর্ব্বক সযত্নে প্রতিদিন তাঁহার সেবা করিতে লাগিলেন।

সপ্তম অধ্যায় সমাপ্ত ॥ ৭ ॥

অষ্টম অধ্যায়।

সূত বলিলেন,—সেই পতিব্রতা বিশুদ্ধভাবে ভক্তিসহকারে ভূ-লেপনাদি দ্বারা প্রতিদিন তাঁহার সেবা করায় পাপমুক্ত হইয়া কিছু দিনের পর শুভলগ্নে শত্রুপ্রদত্ত বিষের সহিত পুত্রপ্রসব করিলেন। হে মুনীন্দ্রবর্গ! সাধুসঙ্গের কি অলৌকিক শক্তি! ইহাতে সকল বিষ নিবারণ হয় ও অশেষ কল্যাণ প্রসব করে। মহাত্মাদিগের শুশ্রূষা শত ও জ্ঞানাজ্ঞান-কৃত সমস্ত পাপ অচিরে নষ্ট করে। সৎসঙ্গে জড়ও পৃথিবীতলে পূজ্য হয়, তাই ভগবান্ শম্ভু কলামাত্র চন্দ্রকে মস্তকে ধারণ করিয়াছেন। হে বিপ্রেন্দ্রগণ! সৎসঙ্গ মনুষ্যের ইহকালে ও পরকালে পরম সমৃদ্ধি প্রদান করে; সজ্জন অতীব পূজ্য। হে মুনীশ্বরগণ! মহাত্মাদিগের গুণব্যাখ্যানে কে সমর্থ? দেখুন, তদীয় গর্ভস্থিত বিষ সত্ত্বাশ্রিত হইলেও মুনির প্রসাদে বিনষ্ট হইয়া গেল। পরে তেজস্বী ঔর্ব্ব-মুনি গরের (বিষের) সহিত পুত্রদর্শনে, জাতকর্ম্মাখ্য সংস্কার সমাধা করিয়া, "সগর" নাম রাখিলেন। তপোবল-লব্ধ মধু ও ক্ষীরাদি দ্বারা তাহাকে পোষণ করিলেন ও চূড়াকরণ

প্রভৃতি সংস্কারে সংস্কৃত করিয়া রাজশাস্ত্র অধ্যয়ন করাইলেন। পরে তাহাকে যুবা ও উপযুক্ত পাত্রদর্শনে স-মন্ত্র সমস্ত শস্ত্র প্রদান করিলেন। তখন সগর ঔর্ব্ব-মুনির নিকট যথাবিধি শিক্ষিত হইয়া বলবান্, গুণবান্, ধার্ম্মিক, শুচি, কৃতজ্ঞ ও ধনুর্দ্ধারীর অগ্রগণ্য হইলেন। তিনি প্রতিদিন প্রাতে মুনির জন্য সমিৎকুশাদি আহরণ করিতে লাগিলেন। একদা স্বকীয় মাতাকে প্রণামপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া সবিনয়ে তিনি বলিলেন,—"মাতঃ! আমার পিতা কোথায় গিয়াছেন? তাঁহার নাম কি? তিনি কে? এই সমস্ত অনুগ্রহ করিয়া বলুন। জগতে পিতৃহীন লোক জীবন্মৃতের তুল্য। যাহার দরিদ্র পিতাও বর্ত্তমান, সে ধনপতির সমান। যাহার পিতামাতা নাই, ধর্ম্মহীন মূর্খের ন্যায় তাহার ইহকালেও সুখ নাই এবং পরকালেও সুখ নাই। জননি! অজ্ঞ, অবিবেচক, নিঃসন্তান, ঋণগ্রস্ত ও পিতৃহীন—এই সকলের জন্মই বৃথা। চন্দ্রহীন রাত্রি, পদ্মহীন সরোবর, পতিহীনা নারী, ধর্ম্মহীন মানব, ধনহীন গৃহী, শিশুহীন গৃহ ও পিতৃহীন ব্যক্তি—সমস্তই সমান। হরিভক্তিহীন ধর্ম্ম যেমন নিষ্ফল, পিতৃহীন মনুষ্যের জীবন সেইরূপ বৃথা। স্বাধ্যায়হীন বিপ্র, অতিথিসৎকার-পরাঙ্মুখ গৃহস্থ, দানশূন্য দ্রব্য, সত্যহীন বাক্য, মন্ত্রিহীন সভা, দয়াহীন তপস্যা, গুণহীন নারী, জলশূন্য নদী ও শান্তিরহিত বিদ্যা যেমন,—পিতৃহীন ব্যক্তির জীবনও তদ্রূপ। হে মাতঃ! জগতে যাচক-ব্যক্তি যেমন লঘু, দুঃখশতাক্রান্ত পিতৃহীন ব্যক্তিও সেইরূপ লঘু।" সূত বলিলেন,—পুত্রের এতাদৃশ বাক্য শুনিয়া তদীয় মাতা দুঃখে দীর্ঘনিশ্বাস পরিত্যাগপূর্ব্বক আমূলাৎ সমস্ত বৃত্তান্ত তাঁহাকে বলিলেন। তাহা শুনিয়া সগর কোপে আরক্তলোচন হইয়া তৎক্ষণাৎ শত্রু-বধের প্রতিজ্ঞা করিলেন। তখন সত্যবাদী সগর জননীকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া, মুনির নিকট বিদায় লইয়া তদীয় আশ্রম হইতে নির্গত হইয়া, শীঘ্র কুলপুরোহিত বশিষ্ঠদেবের নিকট উপস্থিত হইলেন। তথায় উপস্থিত হইয়া কুলগুরুকে প্রণাম করিলেন এবং গুরু জ্ঞান-চক্ষু দ্বারা সমস্ত জানিতে পারিলেও তিনি তাঁহাকে স্বকার্য্য নিবেদন করিলেন। বশিষ্ঠ-মুনি তাঁহাকে ঐন্দ্র, বারুণ, ব্রাহ্ম ও আগ্নেয় অস্ত্র এবং খড়্গ ও অনুপম ধনু প্রদান করিয়া আশীর্ব্বাদপূর্ব্বক বিদায় দিলেন। তিনিও তৎক্ষণাৎ সন্তুষ্টচিত্তে প্রস্থান করিলেন। একমাত্র ধনু দ্বারা সগর শত্রুদিগকে পুত্র, পৌত্র ও অনুচরবর্গের সহিত স্বর্গে প্রেরণ করিলেন। কতিপয় শত্রু তদীয় ধনুর্ম্মুক্ত শরানলের সন্তাপে নষ্ট হইয়া গেল, কেহ পলায়ন করিল, কেহ বিকীর্ণ-কেশে বল্মীকের উপরে অবস্থান করিল, কেহ তৃণ ভক্ষণ করিতে লাগিল, কেহ বা দিগম্বর হইয়া জলে প্রবেশ করিল। শক, যবন ও অপরাপর রাজবর্গ জীবনের আশায় তদীয় গুরু বশিষ্ঠ-মুনির শরণাগত হইল। এইরূপে বাহুপুত্র সগর সমস্ত পৃথিবী জয় করিয়া, 'শত্রুগণ গুরু-সমীপে অবস্থান করিতেছে' চরমুখে এই সংবাদ পাইয়া তৎক্ষণাৎ গুরু-সন্নিধানে আগমন করিলেন। বশিষ্ঠ-মুনি তাঁহাকে আগত দেখিয়া, শরণাগত ব্যক্তিদিগের রক্ষা ও শিষ্যের অভিমত কার্য্য কিরূপে সম্পন্ন হয়, ক্ষণমাত্র তদ্বিষয়ে বিচার করিলেন। পরক্ষণেই শকগণকে মুণ্ড, যবনদিগকে লম্বকেশ ও অপরাপর রাজাদিগকে শ্মশ্রুল, মুণ্ড ও বেদ-বহিষ্কৃত করিয়া দিলেন। বশিষ্ঠ-মুনি কর্তৃক তাহাদিগকে হতপ্রায় দেখিয়া সগর হাস্যপূর্ব্বক তাঁহাকে বলিলেন,—"হে গুরুদেব! মদীয়-রাজ্য-হরণোদ্যত এই দুর্ব্বৃত্তদিগকে

কেন বৃথা রক্ষা করিতেছেন? আমি সর্ব্বথা ইহাদিগকে বধ করিব। দেখুন, ধর্ম্ম-দ্বেষিগণকে দেখিয়া যে ব্যক্তি উপেক্ষা করে, সে-ই সর্ব্বনাশের মূল, সন্দেহ নাই। শত্রুরা প্রথমে মদমত্ত হইয়া সকল জগৎকে পীড়া দেয়, পরে দুর্ব্বল হইয়া পড়িলে অত্যন্ত সাধুভাব ধারণ করে। মায়ার কি আশ্চর্য্য কার্য্য! পাপচিত্ত খলেরা যতদিন প্রবল হইয়া থাকে, ততদিন নিষ্ঠুরতাচরণ করে! কল্যাণার্থী ব্যক্তি শত্রুগণের দাসত্ব, বারবনিতার সৌহার্দ্দ ও সর্পের সাধুত্বের প্রতি কদাচ বিশ্বাস করিবে না। খলেরা প্রথমে যে দন্ত প্রকাশ করিয়া হাস্য করে, নিজ সামর্থ্য-ক্ষয়ে তাহা শীঘ্র আর প্রকাশ করে না এবং যে জিহ্বায় পরুষবাক্য উচ্চারণ করিয়াছিল, তাহাতেই অতি সকরুণ বাক্য বলিয়া থাকে। নীতিশাস্ত্রজ্ঞ নিজ শুভার্থী লোক খলের সাধুত্ব বা দাসত্বে কখনই বিশ্বাস করিবে না। হে গুরো! আপনি প্রণত দুর্জ্জনের প্রতি মনের প্রীতি দেখাইবেন না; কারণ, খলজন যাহাকে আশ্রয় করে, তাহারই জীবন-হরণ করিয়া থাকে। যে ব্যক্তি প্রণত দুর্জ্জন কপটমিত্র ও দুষ্টা ভার্য্যাকে বিশ্বাস করে, তাহার মৃত্যু অবশ্যম্ভাবী। অতএব হে গুরুদেব! ব্যাঘ্রাচারী গোরূপধারী এই শত্রুদিগকে রক্ষা করিবেন না, আপনার প্রসাদে ইহাদিগকে বধ করিয়া আমায় পৃথিবী ভোগ করিতে দিউন।” বশিষ্ঠদেব তাঁহার বাক্য শুনিয়া মনে মনে প্রীতিলাভ করিলেন ও কর দ্বারা সগরের অঙ্গস্পর্শ করিয়া এই বাক্য বলিলেন,—“হে মহাত্মন্! সাধু, সাধু!! সত্য বলিতেছ সন্দেহ নাই, তথাপি আমার কথা শুনিয়া পরম শান্তিলাভ কর। আমি তোমার প্রতিজ্ঞার বিরুদ্ধাচারী ইহাদিগকে পূর্ব্বেই হতপ্রায় করিয়াছি; নিহত ব্যক্তির বধে তোমার কি প্রীতি হইবে? হে ভূপতে! সর্ব্ব-জন্তুই কর্ম্মপাশে নিয়ন্ত্রিত, তথাপি পাপকর্ম্মে নিহত সেই জন্তুগণকে কেন তুমি বধ করিবে? এই দেহ পাপজনিত ও পাপেই হত, কিন্তু আত্মা পূর্ণতা বশতঃ অভেদ্য;—ইহা সকল শাস্ত্রের সিদ্ধান্ত। জন্তুগণ নিজ নিজ কর্ম্মফল-ভোগের হেতুমাত্র, দৈবই কর্ম্মের মূল; এই জগৎ সেই দৈবের অধীন। অতএব দৈবই শিষ্টের পালন ও দুষ্টের দমন-কর্ত্তা; পরতন্ত্র মনুষ্যের কার্য্য করিবার শক্তি কি আছে বল? শরীর যখন পাপোৎপন্ন ও পাপেই বর্দ্ধিত এবং পাপই উহার মূল; তখন জানিয়া শুনিয়া কেন তদ্বধে উদ্যত হই-তেছ? হে রাজন্! আত্মা বিশুদ্ধ হইলেও পাপময় দেহে থাকা প্রযুক্ত পণ্ডিতবর্গ উহাকে দোষী বলিয়া থাকেন। হে বাহুনন্দন! সেই পাপময় দেহ-বধে তোমার কিছুই কীর্ত্তি প্রকাশ পাইবে না; অতএব ইহাদিগকে বধ করিও না।” সূত কহিলেন,—গুরুদেবের এইরূপ বাক্য শুনিয়া তিনি নিবৃত্ত হইলেন। তখন মুনি হস্ত দ্বারা সগরের অঙ্গ স্পর্শপূর্ব্বক আনন্দ প্রকাশ করিলেন। অনন্তর অথর্ব্ব-বেদ-বিশারদ বশিষ্ঠ-মুনি সদাচারী মুনিবর্গের সহিত মহাত্মা সগরের রাজ্যাভিষেক কার্য্য সম্পন্ন করিলেন। কুশিক-বংশোদ্ভব বিদর্ভ-রাজের কন্যা কেশিনী ও সুমতি নামে তাঁহার দুই ভার্য্যা ছিল। একদা তপোনিধি ঔর্ব্ব মুনি তাঁহাকে রাজ্যে প্রতিষ্ঠিত শুনিয়া, বন হইতে রাজাকে সম্ভাষণ করিতে আসিলেন। তাঁহার সেই ভার্য্যাদ্বয় তখন মুনির নিকট পুত্র-বর প্রার্থনা করিল। ঔর্ব্ব মুনি কেশিনী ও সুমতিকে আনন্দিত করিয়া বলিলেন যে, আমি “একজনের বংশধর একমাত্র পুত্র হইবে ও অপরের ষষ্টিসহস্র সন্তান হইবে' এই বর দিতে প্রস্তুত আছি;

এক্ষণে যাহার যাহা অভিরুচি, গ্রহণ কর।" বুদ্ধিমতী কেশিনী বংশধর এক পুত্র ও সুমতি ষষ্টিসহস্র পুত্র প্রার্থনা করিল। এইরূপ বর দিয়া মুনি নিজ আশ্রমে প্রস্থান করিলেন। কালক্রমে কেশিনী অসমঞ্জস নামে এক পুত্র প্রসব করিল; সুমতির গর্ভে ষষ্টিসহস্র পুত্র উৎপন্ন হইল। বাল্যাবস্থা হইতেই অসমঞ্জস (মন্দ কর্ম্ম করায় তাহার নাম অসমঞ্জস হইল। তাহার দৃষ্টান্তে সগরের অপরাপর সন্তানগণ দুর্বৃত্ত হইতে লাগিল। বাহুনন্দন সগর তাহাদিগের দুর্বৃত্ততা বালকতার কার্য্য ভাবিলেন। জগতে দুর্জ্জন-সঙ্গ কি কষ্টকর! লৌহ-সংযোগমাত্র কর্ম্মকারের নিকট অগ্নিকেও তাড়না পাইতে হয়। সৎপক্ষাবলম্বী, গুণবান্, বলিষ্ঠ ও পিতামহের হিতপরায়ণ অংশুমান্ নামে অসমঞ্জসের এক পুত্র জন্মগ্রহণ করিল। দুর্বৃত্ত সগর-সন্তানেরা লোকের উপদ্রব করিতে লাগিল,—অনুষ্ঠান-সম্পন্ন ঋত্বিক্‌দিগের অনুষ্ঠানের ব্যাঘাত করিল। যজ্ঞে দ্বিজগণ যথাবিধি যে ঘৃতাদি দেবগণোদ্দেশে নিক্ষেপ করিতে লাগিলেন, তাহা দেবগণকে প্রত্যাখ্যান করিয়া সগর-সন্তানগণ আপনারা ভোজন করিতে লাগিল। স্বর্গ হইতে বলপূর্ব্বক কেশ গ্রহণ করিয়া রম্ভা প্রভৃতি অপ্সরোবর্গকে আনয়ন করত সতত অপমান করিতে লাগিল। সদা মদ্যপানে রত থাকিয়া, সগর-সন্তানেরা পারিজাতাদি বৃক্ষের পুষ্প লইয়া নিজ শরীরে শোভা সংবর্দ্ধন করিতে লাগিল। সাধুগণের বিত্তহরণ করিল ও সমস্ত ধর্ম্ম নষ্ট করিতে লাগিল। অধিক কি, তাহারা উৎকট পাপ ও বলমদে মত্ত হইয়া পিতার সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইল। এতদ্দর্শনে ইন্দ্রাদি দেবগণ অতি দুঃখিত হইয়া তাহাদিগের বিনাশ-সাধনের নিমিত্ত পরামর্শ করিতে লাগিলেন। পরিশেষে সিদ্ধান্ত করিয়া, প্রচ্ছন্ন-রূপী বিষ্ণু-তুল্য কপিল-মুনির নিকট পাতালে গমন করিলেন। তাঁহাকে পরানন্দ-রূপী বিশুদ্ধ বিষ্ণুর ধ্যানে নিমগ্ন দেখিয়া ভূতলে দণ্ডবৎ প্রণিপাত করিয়া তখন তাঁহারা স্তব করিতে লাগিলেন;—"হে রাগ-দ্বেষাদিশূন্য, নররূপে প্রচ্ছন্ন বিষ্ণু, জিষ্ণু, তপোনিধে! তোমায় নমস্কার। হে লোকানুগ্রহের নিমিত্ত পরেশভক্ত! তোমায় নমস্কার। হে সংসারারণ্যের দাবানল স্বরূপ জ্ঞান সম্পন্ন! তুমি নিষ্কাম ও মহান্; তোমায় পুনঃপুনঃ নমস্কার। আমরা সগর-সন্তানের উৎপীড়নে তোমার শরণাপন্ন,—আমাদিগকে পরিত্রাণ কর।" দেবগণ এইরূপে স্তব করিলে, সর্ব্বশাস্ত্র-বিশারদ কপিল-মুনি যথাবিধি তাঁহাদিগকে পূজা করিয়া আনন্দিত করত বলিলেন,—"হে দেবগণ! ইহা আশ্চর্য্য নহে, যাহারা সম্পৎ, আয়ু, যশ ও বলের সহিত অচিরে নষ্ট হইবে, তাহারাই লোকপীড়ন করিয়া থাকে। যে ব্যক্তি নিরপরাধে জন-পীড়নে প্রবৃত্ত, তাহাকে পাপভোগ-রত বলিয়া জানিতে হইবে। যে ব্যক্তি কায়মনোবাক্যে সর্ব্বদা অপরকে পীড়া দেয়, দৈবই তাহাকে অচিরে বিনষ্ট করেন ইহাতে সন্দেহ নাই। আয়ু, সন্তান ও তেজের সহিত যাহার শীঘ্র বিনাশ সম্ভাবনা, সেই ব্যক্তিই সকল জনের পীড়া দেয়, ইহা সজ্জনেরা বলিয়া থাকেন। হে সুরোত্তমগণ! অল্প দিবসের মধ্যেই ইহাদিগের বিনাশ ঘটিবে; অতএব দুঃখ পরিত্যাগ করিয়া স্বর্গে প্রস্থান কর।" মহাত্মা কপিল-মুনি এই কথা বলিলে পর, সেই দেবগণ তাঁহাকে যথাবিধি প্রণাম করিয়া স্ব স্ব স্থানে গমন করিলেন। ইত্যবসরে রাজা সগর বশিষ্ঠপ্রভৃতি মহর্ষি দ্বারা অশ্বমেধযজ্ঞ আরম্ভ

করাইলেন। সেই যজ্ঞের অশ্বটী অপহরণ করিয়া ইন্দ্র পাতালে কপিলাশ্রমে রাখিয়া আসিলেন। এদিকে সগর-সন্তানগণ প্রচ্ছন্নরূপী ইন্দ্র কর্ত্তৃক অপহৃত অশ্ব জানিতে না পারিয়া বিস্মিত হইয়া ভূরাদি সপ্তলোক ভ্রমণ করিল। তথাপি অশ্ব না দেখিতে পাইয়া পাতালে অন্বেষণ-উদ্দেশে এক এক যোজন করিয়া সকলে মহীতল খনন করিতে লাগিল। অনন্তর সগর-সন্তানগণ প্রত্যেকে এক এক যোজন বিস্তৃত মৃত্তিকা খনন করিয়া সমুদ্রতীরে নিক্ষেপ পূর্ব্বক সেই রন্ধ্র দ্বারা সকলেই পাতাল মধ্যে প্রবেশ করিল এবং তথায় অশ্বকে বহুতর অন্বেষণ করত তথায় রসাতল মধ্যে প্রবিষ্ট হইয়া কোটি সূর্য্যসমপ্রভ ধ্যাননিমগ্ন মহাত্মা কপিলমুনি ও তাঁহার নিকটে সেই যজ্ঞীয় অশ্বকে দেখিতে পাইল। তৎপরে সেই সকল পাপনিরত মদোন্মত্ত অবিবেকশালী সগরপুত্রগণ, সহসা মুনিবর কপিলের সম্মুখে উপস্থিত হইয়া তাঁহাকে বন্ধন করিতে উদ্যত হইল এবং সকলেই পরস্পর বলিতে লাগিল,—"ইহাকে ত্বরায় বিনাশ কর, বিনাশ কর; বন্ধন কর, বন্ধন কর; গ্রহণ কর, গ্রহণ কর। এই ব্যক্তি অশ্ব হরণ করিয়া এক্ষণে কেমন বকবৎ ধ্যাননিমগ্ন হইয়া সাধুর ন্যায় অবস্থিতি করিতেছে! কি আশ্চর্য্য!—যাহারা প্রতারক, এই জগতে তাহারাই ধর্ম্মের অধিক আড়ম্বর দেখাইয়া থাকে!" সগরপুত্রগণ পরস্পর এইরূপ বলিয়া সেই ইন্দ্রিয়জ্ঞান শূন্য আত্মারাম মুনিবর কপিলদেবকে উপহাস করিতে আরম্ভ করিলেও তিনি তাহা জানিতে পারিলেন না। পরে সেই দুর্ম্মতি অসৎসঙ্কল্প সগরপুত্রগণের মধ্যে কেহ কেহ তাঁহাকে পাদ দ্বারা প্রহার ও কেহ কেহ তাঁহার বাহু আকর্ষণ করিতে লাগিল। তখন মুনিপুঙ্গব কপিল, সমাধি ভঙ্গ হওয়ায়, অন্তর্যামী হওয়ায় উৎপীড়ক সগর-সন্তানগণকে, নিরীক্ষণপূর্ব্বক বিস্মিত হইয়া গম্ভীর স্বরে বলিলেন,—"যাহারা ঐশ্বর্য্য-মদে মত্ত কিংবা যাহারা ক্ষুধাতুর অথবা যাহারা কামী বা অহঙ্কার-পরায়ণ, তাহাদিগের বিবেকশক্তি এককালে তিরোহিত হইয়া যায়। ভাস্করে রত্ন থাকায় বসুমতীই যখন সর্ব্বদা প্রজ্বলিত হন, তখন সামান্য মানব যে সেই রত্ন ধারণ করিয়া প্রজ্বলিত হইবে, তাহা আর আশ্চর্য্য কি? এবং দুর্জ্জন লোকেরা যে সাধু ব্যক্তিদিগকে নিয়ত উৎপীড়িত করিয়া থাকে, তাহাও বিচিত্র নহে; কারণ, নদীর কুটিলবেগেই তীরোৎপন্ন সরল মহীরুহদিগকে পতিত হইতে দেখা যায়। যে জন ঐশ্বর্য্য ও যৌবনমদে-মত্ত এবং পরদার-নিরত, তাহার সকল বিষয়ে অন্ধতা ও মূর্খতা প্রকাশ পাইয়া থাকে। ওঃ! কনকের কি অদ্ভুত মহিমা! উহা বর্ণন করিতে কেহই সমর্থ নহেন। ধুস্তুর-বৃক্ষের অপর একটা নাম কনক বলিয়া উহাতেও মাদকতা আছে। জগৎপ্রাণ পবনদেব যেমন অগ্নির সখা হইলে এবং প্রাণপ্রদ দুগ্ধ যেমন সর্পমুখ-স্পৃষ্ট হইলে জগতের অহিতকর হইয়া উঠে, সেইরূপ সম্পদ্‌ও খল-পুরুষ-সেবিতা হইলে জগজ্জীবের অনিষ্ট সাধন করিয়া থাকে। কি আশ্চর্য্য! যে ব্যক্তি ধনমদে অন্ধ, সে কোন বস্তু দেখিয়াও দেখিতে পায় না; কেবল যদি কোন স্বার্থ তাহার দৃষ্টিপথে পতিত হয়, তবেই সে নিঃসন্দেহ দেখিতে পায়।" মুনিবর কপিল এইরূপ বলিয়া ক্রোধভরে নেত্রাগ্নি দ্বারা সমুদয় সগরবংশধরগণকে ভস্মসাৎ করিলেন। তৎকালে পাতাল-তলবাসী জীবগণ, তাঁহার নেত্রসম্ভূত ভীষণ অগ্নি সন্দর্শন করিয়া, অকালে প্রলয় উপস্থিত বোধ করত সকলেই আর্ত্তনাদ করিতে লাগিল। নিখিল ভুজঙ্গ ও রাক্ষসগণ

সেই অগ্নিতাপে সন্তপ্ত হইয়া সাগরগর্ভে প্রবিষ্ট হইল। বস্তুতঃ সাধুগণের কোপ এইরূপই দুঃসহ হইয়া থাকে। এদিকে নারদ, সেই সময় মহীপতি সগররাজের যজ্ঞাগারে উপস্থিত হইয়া সেই সমুদয় বৃত্তান্ত নিবেদন করিলেন, কিন্তু সর্ব্ববিৎ সগররাজ নারদ-মুখে সেই দুর্ঘটনা শ্রবণ করিয়াও পরম আনন্দিত চিত্তে কহিলেন,—"দৈবই দুষ্টগণকে দমন করিয়াছেন। কি মাতা, কি পিতা, কি ভ্রাতৃবর্গ, কি পুত্র—যেই অধর্ম্মাচারী, পণ্ডিতগণ তাহাকেই শত্রু বলিয়া উল্লেখ করিয়াছেন। সমুদয় শাস্ত্রেই স্থিরীকৃত হইয়াছে যে, যে ব্যক্তি স্বধর্ম্মাচরণে বিমুখ ও সর্ব্বলোকের অপ্রিয়কারী, সে শত্রুমধ্যে পরিগণিত।" নৃপবর সগর, পুত্রগণের বিনাশ শ্রবণেও কখন শোক প্রকাশ করেন নাই; কারণ, দুর্ব্বৃত্তের নিধন হইলে সাধুদিগের উৎসাহ পরিবর্দ্ধিত হইয়া থাকে। অনন্তর সর্ব্ববিৎ সগর-মহীপতি, অপুত্রকদিগের যজ্ঞে অধিকার নাই বিবেচনা করত অসমঞ্জের পুত্র জ্ঞানিপ্রবর মহাবীর্য্যশালী স্বীয় পৌত্র অংশুমানকে পুত্ররূপে গ্রহণ করিয়া, অশ্ব আনয়নার্থ নিয়োগ করিলেন। পরে অংশুমান্, পিতৃব্যগণ-কৃত রন্ধ্রপথে পাতালতলে গমনপূর্ব্বক তেজঃপুঞ্জ-কলেবর মুনিপুঙ্গব কপিলকে অর্ঘ্যাদি দ্বারা পূজা করিয়া প্রণাম করিলেন এবং বিনীতভাবে তাঁহার পার্শ্বে দণ্ডায়মান হইয়া কৃতাঞ্জলিপুটে সেই শান্তপ্রকৃতি মুনিবরকে কহিলেন,—"হে ব্রহ্মন্! আমার পিতৃব্যগণ যে অপরাধ করিয়াছেন, তাহা ক্ষমা করুন; সাধুগণ সর্ব্বদা পরোপদেশে নিরত এবং ক্ষমাশীল। সুধাকর যেমন চণ্ডাল-গৃহেও সুধাময় কিরণ-জাল বিতরণে কুণ্ঠিত হন না, সেইরূপ সাধুগণ দুর্জ্জনের প্রতিও দয়া প্রকাশ করিতে ক্ষান্ত নহেন এবং চন্দ্রমা যেমন অমরগণ কর্ত্তৃক ভুজ্যমান হইলেও পরম আনন্দ বিতরণ করেন, সেইরূপ সাধু-ব্যক্তির অপকার করিলেও তিনি সকলের উপকার করিয়া থাকেন। আর চন্দনকাষ্ঠকে ছেদন বা বিদারণ করিলেও সে যেমন সৌরভ বিতরণে বিরত নহে, সাধুজনও সেইরূপ। সদ্গুণজ্ঞ মুনীশ্বরগণ, নিজ তপোনুষ্ঠান, শান্তি ও সদাচার-প্রভাবে দুষ্টলোকদিগকে দমন করিবার জন্যই ভূতলে অবতীর্ণ হইয়া থাকেন, এই নিমিত্তই সকলে তাঁহাদিগকে পুরুষোত্তম বলিয়া জ্ঞান করেন। হে ব্রহ্মন্! আপনি সাক্ষাৎ ব্রহ্মমূর্ত্তি ও ব্রহ্মধ্যান-পরায়ণ, আপনাকে বারংবার নমস্কার।" তৎকালে অংশুমান্ এইরূপ স্তব করিলে মুনিবর প্রসন্ন হইয়া সাদরে কহিলেন,—"বৎস! আমি তোমার প্রতি পরম প্রীত হইয়াছি, অতএব বর প্রার্থনা কর।" সেই মুনিবর এইরূপ কহিলে, অংশুমান্ তাঁহাকে প্রণামপূর্ব্বক কহিলেন,—"হে ব্রহ্মন্! মদীয় পিতৃব্যগণ যাহাতে ব্রহ্মলোক প্রাপ্ত হইতে পারেন, তাহার উপায় করুন, ইহাই আমার প্রার্থনা।" অংশুমানের ঈদৃশ বাক্য শ্রবণে মুনিবর কপিল পরম পরিতুষ্ট হইয়া সাদরে কহিলেন,—"তোমার পৌত্র গঙ্গাদেবীকে আনয়ন করিয়া নিঃসন্দেহ তাহাদিগকে ব্রহ্মলোকে গমন করাইবে। সত্যযুগে ত্বদীয় পৌত্র পবিত্র-জলময়ী নদীরূপিণী গঙ্গাদেবীকে আনয়ন করিলে, তিনিই তাহাদিগকে সমুদয় পাপ হইতে বিমুক্ত করিয়া পরম-পদ লাভ করাইবেন। হে পুত্র! তুমি এক্ষণে তোমার পিতামহের এই যজ্ঞীয় অশ্বকে লইয়া যাও। সতত তোমার যেন ধর্ম্মে মতি থাকে, তোমার মঙ্গল হইবে।" অংশুমান্ তৎকর্ত্তৃক এইরূপ অভিহিত হইয়া তাঁহাকে প্রণতিপূর্ব্বক অশ্ব গ্রহণ করিয়া ত্বরায় সগর-সন্নিধানে উপস্থিত হইলেন এবং সমুদয় বৃত্তান্ত নিবেদন করিলেন। কিছুকাল অতীত

হইলে, অংশুমানের দিলীপ নামে জগদ্বিখ্যাত এক পুত্র হয় এবং দিলীপ হইতে ভগীরথ জন্মগ্রহণ করেন, তিনিই গঙ্গাকে আনয়ন করিয়াছেন। পরে উক্ত ভগীরথের বংশে সুদাস নামে এক মহাবল পরাক্রান্ত ভূপতির জন্ম হয় এবং তাঁহার মিত্রসহ নামে ত্রিলোক-বিদিত যে পুত্র জন্মগ্রহণ করেন, সেই সৌদাসই বসিষ্ঠ-শাপে রাক্ষস-দেহ ধারণ করিয়া পুনরায় গঙ্গার বিন্দুমাত্র জলস্পর্শে নিজদেহ লাভ করিয়াছিলেন।

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮ ॥

নবম অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে মুনিসত্তম! মহর্ষি বসিষ্ঠ, সৌদাসকে কিজন্য অভিসম্পাত করিয়াছিলেন এবং কিরূপেই বা তিনি বিন্দুমাত্র গঙ্গাজল-স্পর্শে শাপ হইতে পুনরায় মুক্তিলাভ করেন?—আপনি এই সমুদয় বিষয় বিশেষ করিয়া আমাদের নিকট কীর্ত্তন করুন; কারণ, আমরা শুনিয়াছি, যাঁহারা গঙ্গা-মাহাত্ম্য শ্রবণ বা কীর্ত্তন করেন, তাঁহাদিগের নিখিল পাতক বিনষ্ট হইয়া থাকে। সূত কহিলেন,—নৃপবর সৌদাস পরম ধর্ম্মপরায়ণ, সর্ব্বধর্ম্মজ্ঞ, সর্ব্ববিষয়ে অভিজ্ঞ, গুণবান্, পবিত্রাত্মা, পুত্র-পৌত্রান্বিত এবং সর্ব্বপ্রকার ঐশ্বর্য্যে বিভূষিত ছিলেন। তিনিও সগররাজের ন্যায় ধর্ম্মানুসারে ত্রিংশৎসহস্র বর্ষ সপ্তসাগরান্বিতা বসুমতীকে রক্ষণাবেক্ষণ করত উপভোগ করিয়াছিলেন। একদা নৃপবর সৌদাস, মৃগয়াভিলাষে সৈন্যগণে পরিবৃত হইয়া মন্ত্রিগণে পরিকৃত হইয়া অরণ্যমধ্যে প্রবেশপূর্ব্বক বন্য পশুদিগকে বাণবিদ্ধ করত বিচরণ করিতে করিতে পিপাসার্ত্তহৃদয়ে মধ্যাহ্ন সময়ে রেবা-নদীর তীরে আসিয়া উপস্থিত হইলেন। অনন্তর আহ্নিকাদি কার্য্য সমাধানান্তে মন্ত্রিগণের সহিত আহারাদি করিয়া তথায় এক রাত্রি অতিবাহিত করিলেন। পরদিন প্রভাতে গাত্রোত্থানপূর্ব্বক প্রাতঃকৃত্য সমাপন করিয়া মৃগয়াভিলাষে মন্ত্রিগণের সহিত বনমধ্যে ভ্রমণ করিতে লাগিলেন। এইরূপে একদা মহীপতি সৌদাস, এক কৃষ্ণসার মৃগকে লক্ষ্য করিয়া আকর্ণ শর আকর্ষণপূর্ব্বক তাহার অনুসরণ করত সৈন্যভ্রষ্ট হইয়া পড়িলেন। পরে একাকী নানা বন ভ্রমণ করিতে করিতে কোন এক গুহা মধ্যে সুরত ক্রীড়াসক্ত ব্যাঘ্রদ্বয়কে অবলোকন করিলেন। অনন্তর মৃগের অনুসরণে বিরত হইয়া সেই ব্যাঘ্রদ্বয়ের সম্মুখে গমনপূর্ব্বক উভয়ের একটীকে শর দ্বারা বিদ্ধ করিলেন। তখন সেই শরবিদ্ধ ব্যাঘ্র, ত্রিংশৎ-যোজন-বিস্তৃত ভয়ঙ্কর রাক্ষস-শরীর ধারণ করিয়া, যুগান্ত-কালীন মেঘের ন্যায়, ভীষণ গর্জ্জন করিতে করিতে ভূতলে পতিত হইল। তদ্দর্শনে অপর ব্যাঘ্র, "থাক, ইহার প্রতিশোধ লইব" বলিয়া মহাবেগে সেই স্থান হইতে অন্তর্দ্ধান করিল। এদিকে নৃপতিও সেই বন মধ্যে ভয়োৎকণ্ঠিত চিত্তে বিচরণ করিতে করিতে সৈন্যদিগকে দেখিয়া মন্ত্রিগণ-সন্নিধানে সমুদয় বৃত্তান্ত বর্ণন করত নিজ রাজধানীতে প্রত্যাগত হইলেন। নৃপবর সৌদাস, স্বপুরে উপস্থিত হইয়া সর্ব্বদা সশঙ্ক-হৃদয়ে সর্ব্বরত্ন-সুশোভিতা বসুমতীকে ধর্ম্মানুসারে পালন করিতে লাগিলেন। এইরূপে কিছুকাল অতীত হইলে, নৃপবর, বসিষ্ঠাদি মহর্ষিগণ দ্বারা পরমানন্দে অশ্বমেধ যজ্ঞ আরম্ভ করাইলেন। অনন্তর, মহর্ষি

বশিষ্ঠ, ব্রহ্মাদি দেবগণ উদ্দেশে যথাবিধি যজ্ঞীয় হবিঃ প্রদানপূর্ব্বক যজ্ঞ-সমাপনান্তে স্নানার্থ নির্গত হইলে, পূর্ব্বে নৃপবর, সুরতাসক্ত যাহার পত্নীকে নিহত করিয়া চিত্তক্ষোভ উৎপাদন করিয়াছিলেন, সেই রাক্ষস, ক্রোধভরে তাহার প্রতিশোধ লইবার জন্য বশিষ্ঠের বেশ ধারণপূর্ব্বক তথায় উপস্থিত হইয়া কহিল,—"রাজন্! আমার ভোজনের নিমিত্ত মাংস প্রস্তুত কর, আমি স্নান করিয়া আসিতেছি।" এই বলিয়া প্রস্থানপূর্ব্বক পুনরায় পাচকের বেশ ধারণ করিয়া রাজার হস্তে নরমাংস আনিয়া দিলে, তিনিও তাহা স্বর্ণপাত্রে ধারণ করত গুরুদেবের আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন। অনন্তর বশিষ্ঠ সমাগত হইলে, বিনয়ের সহিত পরম সমাদরে তাঁহাকে সেই স্বর্ণপাত্রস্থিত নরমাংস প্রদান করিলেন। তখন মহর্ষি বশিষ্ঠ, তদ্দর্শনে পরম বিস্ময়ান্বিত হইয়া কিয়ৎকাল চিন্তার পর ধ্যানযোগে নরমাংস বলিয়া জানিতে পারিয়া মনে মনে বিবেচনা করিলেন,—"অহো! এই নৃপতির কি দুঃশীলতা, যাহা অভোজ্য, তাহাই আমাকে দান করিতেছে!" তিনি, এইরূপ বিবেচনা করিয়া অতীব বিস্ময়াবিষ্ট ও ক্রুদ্ধ হইয়া কহিলেন,—"ক্ষিতীশ্বর! তুমি যখন আমাকে অভোজ্য বস্তু প্রদান করিলে তখন তোমার এইরূপই খাদ্য হউক। তুমি যেমন রাক্ষসদিগের আহারযোগ্য নরমাংস দান করিলে তজ্জন্য তুমি নরভোজী রাক্ষসত্ব প্রাপ্ত হইবে।" মহর্ষি বশিষ্ঠ ঈদৃশ অভিসম্পাত করিলে নৃপবর সৌদাস, ভয়বিহ্বল-চিত্তে কহিলেন,—"আপনিই যে এইমাত্র এইরূপ আজ্ঞা করিয়া গিয়াছেন।" তচ্ছ্রবণে বশিষ্ঠ পুনরায় চিন্তা করিয়া জ্ঞানবলে জানিলেন,—সৌদাস রাক্ষসকর্ত্তৃক বঞ্চিত হইয়াছে। তৎকালে নৃপতি সৌদাসও, "গুরুদেব অবিবেচনাপূর্ব্বক বৃথা আমায় অভিসম্পাত করিয়াছেন।" এইরূপ বোধ করিয়া বশিষ্ঠকে শাপ-প্রদানার্থ উদ্যত হইয়া জল গ্রহণ করিলেন। তখন তাঁহার পত্নী মদয়ন্তী, তাঁহাকে ক্রোধ-মূর্চ্ছিত এবং গুরুকে শাপপ্রদানে সমুদ্যত দেখিয়া বলিলেন,—"হে রাজন্! ক্রোধ সংবরণ করুন; আপনার যাহা ভবিতব্য ছিল, তাহাই ঘটিয়াছে। হে মহাত্মন্! যে মানব, দুর্ব্বুদ্ধি বশতঃ হুঙ্কার-পূর্ব্বক গুরুর প্রতি বাক্য প্রয়োগ করে, সেই মূঢ়মতি নির্জ্জন অরণ্য মধ্যে ব্রহ্মরাক্ষসরূপে অবস্থিতি করিয়া থাকে। ধর্ম্মশাস্ত্রে লিখিত আছে, যাহারা জিতেন্দ্রিয় তপঃ-পরায়ণ এবং গুরু-শুশ্রূষায় নিরত, তাহাদিগের ব্রহ্মলোকে বাস হয়।" পত্নীর এবংবিধ বাক্য শ্রবণে নৃপবর সৌদাস ক্রোধ পরিত্যাগপূর্ব্বক তাঁহাকে যথেষ্ট সাধুবাদ প্রদান করিলেন এবং "এক্ষণে কোথায় এই জল নিক্ষেপ করি" এই চিন্তা করিতে লাগিলেন। অনন্তর বিবেচনাপূর্ব্বক তাহা নিজ চরণদ্বয়েই নিক্ষেপ করিলেন। তখন সেই শাপবারি স্পর্শ-মাত্রে তাঁহার পাদদ্বয় কল্মষপ্রাপ্ত অর্থাৎ কৃষ্ণবর্ণ হইল। তদবধি তিনি ত্রিলোক মধ্যে 'কল্মাষপাদ' নামে প্রসিদ্ধ হইলেন। তৎকালে নীতিকোবিদ মতিমান কল্মাষপাদ প্রিয়ার বাক্যে শান্ত ও মনে মনে ভীত হইয়া গুরুদেবের চরণযুগল বন্দনা করত কৃতাঞ্জলিপুটে বিনয়ের সহিত বলিলেন,—"হে ভগবন্! আমি কোনরূপ অপরাধ করি নাই, আমাকে ক্ষমা করুন।" তখন মুনিবর বশিষ্ঠ, দুঃখিত হৃদয়ে দীর্ঘ-নিশ্বাস পরিত্যাগপূর্ব্বক মনে মনে আপনাকে অবিবেচক বোধ করিয়া আপনারই নিন্দা করিতে লাগিলেন। ভাবিলেন—"হায়! অবিমৃশ্যকারিতাই নিখিল অনর্থের মূল। জগতে যাহার বিবেচনা-শক্তি নাই, সে যে পশুমধ্যে পরিগণিত, তাহার

থার কিছুমাত্র সন্দেহ নাই। রাজা যখন অজ্ঞানতা নিবন্ধন এই কার্য্য করিয়াছেন, তখন তাঁহার পক্ষে ইহা অসুচিত হয় নাই; কিন্তু আমি বিবেকযুক্ত হইয়াও ঘোর পাপকার্য্য করিয়াছি। যে কোন ব্যক্তি, যথার্থ বিবেকশালী হইলে চিরসুখ এবং বিবেকশূন্য হইলে চিরদুঃখ লাভ করিয়া থাকে।" তিনি মনে মনে এইরূপ কহিয়া পুনরায় ভূপতিকে কহিলেন,—"হে রাজন্! তোমার এই রাক্ষসদেহ অধিক দিনের জন্য নহে,—উহা দ্বাদশ বর্ষ মাত্র থাকিবে। পরে ভাগীরথীর বিন্দুমাত্র জল স্পর্শে তুমি রাক্ষসদেহ পরিত্যাগপূর্ব্বক স্বদেহ লাভ করিয়া পুনরায় এই পৃথিবী উপভোগ করিবে। তোমার সেই বিন্দুমাত্র গঙ্গাজল স্পর্শে দিব্য জ্ঞান হওয়ায় সমুদয় পাপ বিনষ্ট হইবে; তখন তুমি হরিসেবায় নিরত হইয়া পরিণামে পরম শান্তি লাভ করিবে।" ধর্ম্মাত্মা বশিষ্ঠ, এইরূপ কহিয়া স্বীয় আশ্রমে গমন করিলে, নৃপবর কল্মাষপাদও বিষণ্ণহৃদয়ে রাক্ষসদেহ ধারণপূর্ব্বক সতত ক্রোধপরবশ ও ক্ষুৎপিপাসায় ক্লান্ত হইয়া ভীষণ মূর্ত্তিতে বিজন অরণ্য মধ্যে ভ্রমণ করত অবাধভাবে বিবিধ মৃগ, মনুষ্য, সরীসৃপ, বিহঙ্গ ও প্লবঙ্গমগণকে ভক্ষণ করিতে লাগিলেন। হে বিপ্রগণ! তৎকালে প্রভূত অস্থি, শোণিত-শূন্য কলেবর, রক্তাক্ত শিরানিচয় এবং শবগণের কেশজালে ধরাতল ভয়ঙ্কর দৃশ্য হইয়া উঠিল। তিনি এইরূপে ঋতুত্রয় মধ্যে শত যোজনায়ত ভূভাগ দূষিত করিয়া পুনরায় বনান্তরে গমনপূর্ব্বক সেই স্থানেও সর্ব্বদা এইরূপ নরমাংস ভোজন করত সিদ্ধ ও মুনিগণ-সেবিত নর্ম্মদাতীরে উপস্থিত হইলেন। একদা তথায় সেই সর্ব্বলোক-ভয়ঙ্কর রাক্ষসরূপী কল্মাষপাদ ক্ষুধা ও তপন-তাপে সন্তপ্ত হইয়া বিচরণ করিতে করিতে, পত্নীর সহিত বিহারাসক্ত কোন এক মুনিকে দেখিতে পাইলেন। দেখিবামাত্র তিনি দ্রুতবেগে তৎসন্নিধানে উপস্থিত হইয়া, ব্যাঘ্র যেরূপ মৃগ-শিশুকে আক্রমণ করে, সেইরূপ তৎক্ষণাৎ তাঁহাকে আক্রমণ করিলেন। তখন তদীয় ব্রাহ্মণী, নিজ পতিকে নিশাচরের করতলগত দেখিয়া, ভয়-চকিত-চিত্তে মস্তকে অঞ্জলি-বন্ধনপূর্ব্বক কহিলেন,—"হে ক্ষত্রিয়-বংশধর! আমার মনোরথ এখনও অসম্পূর্ণ রহিয়াছে, অতএব মদীয় প্রাণনাথের প্রাণদান করিয়া, এই ভয়-বিহ্বলা রমণীকে পরিত্রাণ করুন। আপনি সূর্য্যবংশসম্ভূত, আপনার নাম মিত্রসহ, আপনি রাক্ষস নহেন; অতএব এই জন-শূন্য অরণ্য মধ্যে আমাকে রক্ষা করুন। হে অরিমর্দ্দন! পতি-বিরহিতা রমণীরই যখন জীবন ধারণ ও মৃত্যু উভয়ই সমান, তখন বাল্যবৈধব্যের বিষয় আর কি বলিব? আমি পিতা-মাতা, বন্ধু-বান্ধব, কাহাকেই জানি না; কেবলমাত্র এই জানি, পতিই আমার পরম বন্ধু এবং পতিই আমার জীবনের জীবন। হে জননাথ! আপনিও যোষিদ্গণের নিখিল ধর্ম্ম ও কর্ত্তব্য বিদিত আছেন, অতএব এই বন্ধুহীনা অবলাকে পরিত্রাণ করুন; বিশেষতঃ আমার পুত্র অতিশয় শিশু। আমি পতিবিহীনা হইয়া কিপ্রকারে এই নির্জ্জন অরণ্যে জীবনধারণ করিব? অতএব আমাকে পতিদান করিয়া রক্ষা করুন;—আমাকে আপনি কন্যা বলিয়া জানিবেন। পরম জ্ঞানিগণ বলিয়া থাকেন, 'প্রাণদান অপেক্ষা শ্রেষ্ঠ দান কখন হয় নাই ও হইবেও না,' অতএব আমায় প্রাণদান করুন।" বিপ্র-পত্নী এইরূপ কহিয়া, সেই রাক্ষসের চরণ-যুগলে পতিত হইলেন এবং পুনর্ব্বার কহিলেন,—"আমি আপনার কন্যা, আমাকে পতিপ্রদানে রক্ষা করুন।" তিনি ঈদৃশ প্রার্থনা করিলেও, শার্দ্দূল যেমন বলপূর্ব্বক কুরঙ্গ-শিশুকে

ভক্ষণ করে, রাক্ষস-রূপী সৌদাসও সেই ব্রাহ্মণকে সেইরূপ ভক্ষণ করিল। অনন্তর সেই পতিব্রতা বিপ্রপত্নী নানাবিধ বিলাপ করিয়া ক্রোধভরে, সেই দুষ্টমতি একবশিষ্ঠশাপে তাদৃশ দুরবস্থাপন্ন হইলেও, পুনরায় তাহাকে অভিসম্পাত করিলেন। কহিলেন, "যেহেতু তুমি সুরতাসক্ত মদীয় পতিকে বলপূর্ব্বক বধ করিয়াছ, তজ্জন্য তুমি রতিক্রীড়ায় উদ্যত হইলে বিনাশপ্রাপ্ত হইবে।" ক্রোধান্বিতা বিপ্র-পত্নী এইরূপ অভিসম্পাত করিয়া পুনরায় কহিলেন,—"তুমি যখন আমার স্বামীকে বিনাশ করিয়াছ, তখন তোমার বহুদিন রাক্ষসত্ব থাকিবে।" সেই নিশাচররূপী সৌদাস ব্রাহ্মণীর শাপদ্বয় শ্রবণে ক্রুদ্ধ হইয়া, মুখমণ্ডল হইতে অঙ্গাররাশি বিসর্জ্জন করত কহিল,—"রে দুষ্টে! তুই কিজন্য আমাকে অকারণ শাপদ্বয় প্রদান করিলি? এক অপরাধে এক অভিসম্পাতই উচিত, অতএব তুই যখন অগ্রে আমাকে শাপান্তর প্রদান করিয়াছিস্, তখন অদ্যই পুত্রের সহিত পিশাচত্ব লাভ কর।" ব্রাহ্মণী তৎকর্ত্তৃক এইরূপ অভিশপ্ত হইয়া তৎক্ষণাৎ পুত্রের সহিত পিশাচত্ব প্রাপ্ত হইল এবং ভীতা ও ক্ষুধার্ত্তা হইয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিল। অনন্তর সেই বিজন অরণ্য মধ্যে রাক্ষস ও পিশাচী উভয়েই চীৎকার করিতে করিতে নর্ম্মদাতীরস্থ রাক্ষস-সেবিত কোন এক বটবৃক্ষ-সমীপে উপস্থিত হইল। তথায়, সকলের অহিতকর কোন এক ব্যক্তি, গুরুর অবমাননা করিয়া, রাক্ষসদেহ ধারণপূর্ব্বক পূর্ব্ব হইতে অবস্থিতি করিতেছিল। বটবৃক্ষস্থ সেই ব্রহ্ম-রাক্ষস স্বীয় আবাসভূমি বটবৃক্ষতলে উক্ত রাক্ষস ও পিশাচীকে সমাগত সন্দর্শন করিয়া মহাক্রুদ্ধ হইয়া কহিল,—"তোমরা কিজন্য এ স্থানে আসিয়াছ? আমার নিকট সত্য পরিচয় দাও, তোমরা কি পাপে আমার ন্যায় ঈদৃশ ভীষণ দেহ প্রাপ্ত হইয়াছ?" তাহার বাক্য শ্রবণে সৌদাস, স্বয়ং ও পিশাচী যাদৃশ কার্য্য করিয়াছে, তাহার নিকট তৎসমুদয় প্রকাশপূর্ব্বক কহিল,—"হে মহাভাগ! তুমি কে এবং তুমিই বা কি কার্য্য করিয়াছিলে? আমি তোমার সখা; বন্ধুত্ব হেতু আমার নিকট তৎসমুদয় বর্ণন কর। যে নরাধম, মিত্রকে বঞ্চনা করে, সে কোটি কোটি যুগ পাপফল ভোগ করিয়া থাকে। মিত্রদর্শনে মনুষ্যগণের নিখিল দুঃখ অন্তর্হিত হইয়া থাকে; এজন্য মতিমান্ ব্যক্তি কখনই মিত্রকে বঞ্চনা করেন না। ব্যাধিগ্রস্তই হউক, দরিদ্রই হউক, বঞ্চিতই হউক, অথবা দুঃখিতই হউক, মিত্রের দর্শন পাইলে তাহার সমুদয় ক্লেশ বিদূরিত হইয়া যায়।" কল্মাষপাদ এইরূপ কহিলে, বটবৃক্ষবাসী সেই ব্রহ্মরাক্ষস পরম প্রীত হইয়া ধর্ম্মসঙ্গত বাক্য বলিতে আরম্ভ করিল। সে বলিল,—"পূর্ব্বে আমি মগধদেশে সোমদত্ত নামে ধর্ম্মপরায়ণ, বেদপারগ ব্রাহ্মণ ছিলাম। হে মহাভাগ! একদা বিদ্যা বয়স ও ধনমদে মত্ত হইয়া গুরুদেবের অবমাননা করায় ঈদৃশ দুর্গতি লাভ করিয়াছি। এক্ষণে আমার কিছুমাত্র সুখ নাই; আমি শত সহস্র বিপ্রদেহ ভোজন করিয়াছি, তথাপি আমার অনাহার-জন্য দুঃখ দূর হয় নাই। সমুদয় জগৎ আমার ভয়ে ভীত, আমি নিরন্তর মাংস ভোজন করিয়াও ক্ষুৎ-পিপাসায় কাতর হইয়া সর্ব্বদা মনস্তাপে কালক্ষেপ করিতেছি। গুরুকে অবজ্ঞা করিলে যে রাক্ষসত্ব লাভ হয়, আমিই তাহা প্রত্যক্ষ করিয়াছি। অতএব কোনও বুদ্ধিমান্ ব্যক্তি যেন গুরুর অবমাননা না করেন।" সৌদাস কহিল,—"হে সখে! তুমি যে গুরুর প্রশংসা করিলে, সেই গুরু কিপ্রকার

আমার শ্রবণ করিতে নিতান্ত কৌতূহল হইতেছে, অতএব আমার নিকট তদ্বিষয় প্রকাশ কর।" সোমদত্ত কহিল,—"সখে! গুরু অনেক আছেন, তাঁহারা সকলেই সাদরে পূজনীয় ও মাননীয়; আমি তাঁহাদের বিষয় কীর্ত্তন করিতেছি, তুমি অনন্যমনাঃ হইয়া শ্রবণ কর। যাঁহারা বেদ অধ্যয়ন করেন, যাঁহারা বেদের মর্ম্ম অবগত আছেন, যাঁহারা শাস্ত্রার্থ ব্যক্ত করেন, যাঁহারা সর্ব্বদা ধর্ম্মবক্তা, যাঁহারা নীতি-শাস্ত্রার্থ প্রকাশ করেন, যাঁহারা মন্ত্র বা বেদ-বাক্যের সন্দেহ ভঞ্জন করিয়া থাকেন, যাঁহারা ব্রত উপদেশ করেন, যাঁহারা ভয় হইতে রক্ষাকর্ত্তা, যিনি অন্নদাতা, যিনি গায়ত্রী উপদেশ করিয়া থাকেন, যিনি কুকর্ম্ম হইতে নিবৃত্ত করেন এবং শ্বশুর, মাতুল, জ্যেষ্ঠভ্রাতা, পিতা ও যিনি গর্ভাধানাদি সংস্কার কর্ম্ম করাইয়াছেন,—তাঁহারা সকলেই গুরু। হে মহীপতে! এতদ্ভিন্ন আরও গুরু আছেন, আমি কতকগুলির মাত্র নামোল্লেখ করিলাম। ইঁহারা যে, সতত বন্দনীয় ও পূজনীয়, তাহার আর কিছুমাত্র সংশয় নাই।" সুদাম কহিল,—"তুমিও অনেকবিধ গুরুর কথা কহিলে, কিন্তু ইঁহাদের মধ্যে কে শ্রেষ্ঠ, কিংবা সকলেই সমান, তাহা যথার্থরূপে ব্যক্ত কর।" সোমদত্ত কহিল,—"হে মহাপ্রাজ্ঞ! ভাল জিজ্ঞাসা করিয়াছ, অতএব আমি তোমার নিকট সমুদয় কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর; ইহাতে ত্বরায় আমাদিগেরও পরম মঙ্গল হইবে। আমরা ক্ষুৎ-পিপাসাতুর রাক্ষসভাবাপন্ন হইয়াও যখন গুরুমাহাত্ম্য বিষয়ে কথোপকথন করিতে প্রবৃত্ত হইয়াছি, তখন নিঃসন্দেহ মঙ্গল লাভ করিব।—পূর্ব্বোক্ত সমস্ত গুরুগণই যে সর্ব্বদা সম্মান ও পূজার যোগ্য, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই; তথাপি এক্ষণে শাস্ত্রের সারমর্ম্ম বলিতেছি, শ্রবণ কর। বেদাধ্যাপক, মন্ত্রব্যাখ্যাকারী, পিতা এবং ধর্ম্মবক্তা বিশেষ গুরু বলিয়া উল্লিখিত আছে। হে ভূপাল! আবার ইঁহাদের মধ্যে যিনি পরম গুরু, তাহাও বলিতেছি, শ্রবণ কর। নিখিল শাস্ত্রার্থ-তত্ত্বজ্ঞ ব্যক্তিগণ বলিয়া থাকেন,—যিনি পণ্ডিত এবং সংসারীদিগের অশেষ-পাপ-নাশক ধর্ম্মসঙ্গত পুরাণ সকল শ্রবণ করান, তিনি উত্তম গুরু। যিনি দেবপূজার উপযুক্ত কর্ম্ম, দেবপূজার ফল এবং ধর্ম্মোপায় কীর্ত্তন করেন, তিনি পরম গুরু বলিয়া কথিত আছেন। মুনিগণ বলেন, সর্ব্বশাস্ত্রার্থসার পুরাণ সকল দেবতাস্বরূপ; যিনি সেই পুরাণ-শাস্ত্র ব্যক্ত করেন, তিনিও পরম গুরু। সমুদয় শাস্ত্রে কথিত আছে যে, যে ব্যক্তি সংসাররূপ সাগর উত্তীর্ণ হইতে অভিলাষ করেন, তাঁহার পুরাণ শ্রবণ করা সর্ব্বতোভাবে বিধেয়। হে মহীপতে! দ্বিজোত্তমগণ এক পুরাণ শাস্ত্রকেই সর্ব্বধর্ম্মস্বরূপ বলিয়া কীর্ত্তন করিয়াছেন, এজন্য পুরাণবক্তাকে পণ্ডিতগণ পরম গুরু বলিয়া নির্দ্দেশ করেন। বেদবিভাগকর্ত্তা ধর্ম্মাত্মা বেদব্যাস পুরাণ মধ্যে সমুদয় ধর্ম্ম প্রকাশ করিয়াছেন। হে মহাবুদ্ধে! তর্কশাস্ত্র কেবল বাগ্‌বিতণ্ডার এবং নীতিশাস্ত্র ঐহিক সুখেরই কারণ; কিন্তু এক পুরাণ-শাস্ত্র ইহকাল ও পরকালের সুখজনক। হে ভূপ! যে মানব ভক্তিসহকারে সর্ব্বদা পুরাণ শ্রবণ করে, তাহার বুদ্ধি নির্ম্মল ও ধর্ম্মানুরাগিণী হয় এবং সর্ব্বগুণদায়িনী হরিভক্তি উদিত হইয়া থাকে। পুরাণ শ্রবণে মানবগণের বুদ্ধি প্রথমে ধর্ম্মে প্রবৃত্ত হয়, পরে ধর্ম্মবলে সমুদয় পাপরাশি বিনষ্ট ও বিশুদ্ধ জ্ঞান উৎপন্ন হইয়া থাকে। যে সকল মহাত্মা ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের অভিলাষী, তাঁহাদিগের সমুদয় পুরাণ শ্রবণ করা কর্ত্তব্য।

পূর্ব্বে ব্রহ্মবাদী মুনিবর গৌতম রমণীয় গঙ্গাতীরে পুরাণ-শাস্ত্র পাঠ করিয়া আমাকে সমুদয় ধর্ম্ম শ্রবণ করাইয়াছেন এবং আমিও তাঁহার উপদেশানুসারে নিখিল ধর্ম্ম-কার্য্যের অনুষ্ঠান করিয়াছি। হে সখে! একদা আমি পরমেশ্বরের পূজা করিতেছি, এমন সময়ে তিনি তথায় উপস্থিত হন; কিন্তু আমি তাঁহাকে তৎকালে প্রণাম না করিলেও তদুপদিষ্ট কার্য্য করিতেছিলাম বলিয়া তিনি পরম পরিতুষ্ট হইলেন। অনন্তর সর্ব্ব-জগদ্গুরু ভগবান্ মহেশ্বর, আমা কর্ত্তৃক পূজিত হইয়া, গুরুর অবজ্ঞা-জন্য পাপ হেতু আমার রাক্ষসত্ব বিধান করিলেন। জ্ঞানপূর্ব্বকই হউক আর অজ্ঞানপূর্ব্বকই হউক, যাহারা মহতের অবমাননা করে, তাহাদিগের সন্তান, সম্পত্তি এবং সমুদয় কার্য্যই বিনষ্ট হইয়া থাকে; কোন বিষয়েই মঙ্গল হয় না। পণ্ডিতগণ বলেন, যে মানব মহতের সেবা করে, সে পরম ঐশ্বর্য্য লাভ করিতে পারে। হে নৃপসত্তম! আমি সেই পাপে সর্ব্বদা দুঃখানলে অন্তরে দগ্ধ হইতেছি; কত দিনে যে মুক্তি পাইব, জানি না।” সূত কহিলেন, হে বিপ্রেন্দ্রগণ! বটবৃক্ষবাসী ব্রহ্ম-রাক্ষস এইরূপ বলিতে লাগিলে, ধর্ম্মশাস্ত্র-প্রসঙ্গ হেতু তাহাদিগের পাপের অবসান হইল। সেই সময়ে কলিঙ্গ-দেশজাত গর্গ নামক কোন এক পরম ধার্ম্মিক ব্রাহ্মণ, গঙ্গাজল স্কন্ধে করিয়া সানন্দে ভগবান্ মহেশ্বরের স্তুতি-পাঠ ও হরিনাম গান করিতে করিতে তথায় উপস্থিত হইলেন। তখন সেই পিশাচী ও রাক্ষসদ্বয় তাঁহাকে সমাগত দেখিয়া, “আমাদিগের আহার উপস্থিত হইয়াছে” এইরূপ বিবেচনা করত সকলেই বাহুযুগল উত্তোলনপূর্ব্বক তাঁহার প্রতি ধাবমান হইল; কিন্তু তিনি যে পরমেশ্বরের নামকীর্ত্তন করিতেছিলেন, তৎশ্রবণে তাহারা তাঁহার সন্নিধানে গমন করিতে অসমর্থ হইয়া দূরদেশে অবস্থান পূর্ব্বক কহিল,—“কি আশ্চর্য্য! হে মহাভাগ! আপনি পরম মহাত্মা, আপনাকে প্রণাম করি। আমরা রাক্ষস হইয়াও নাম-সঙ্কীর্ত্তন-মাহাত্ম্য হেতু আপনার নিকটে যাইতে অক্ষম। হে বিপ্র! আমরা পূর্ব্বে সহস্র সহস্র, কোটি কোটি বিপ্রদেহ ভক্ষণ করিয়াছি, কিন্তু আজ আপনার এই নামসঙ্কীর্ত্তনরূপ গাত্রাবরণই আপনাকে মহাভয় হইতে পরিত্রাণ করিল। অহো! হরিনাম-সঙ্কীর্ত্তনের কি অদ্ভুত মহিমা! রাক্ষসগণও সম্মুখাগত হইয়া নামশ্রবণমাত্রে পরম শান্তি লাভ করিল। হে মহাভাগ! আপনি সম্পূর্ণরূপে রাগ-দ্বেষাদিশূন্য হইয়াছেন, অতএব আমাদিগকে গঙ্গাজল-সেকে ভীষণ পাতক হইতে পরিত্রাণ করুন। পণ্ডিতগণ বলেন, যে ব্যক্তি হরিসেবায় নিযুক্ত হইয়া আপনাকে সংসার-সাগর হইতে নিস্তার করে, সে সমুদয় জগৎকেই নিস্তার করিয়া থাকে। ঘোর সংসার-রূপ রোগের হরিনামই ঔষধ-স্বরূপ এবং সর্ব্বপাপনাশক, এজন্য পণ্ডিত ব্যক্তি, হরিনামরূপ উপায় অবলম্বন করিয়া মুক্তি লাভ করিয়া থাকেন। লৌহময় উড়ুপ দ্বারা জল উত্তীর্ণ হইতে গেলে যেমন জল মধ্যেই নিমগ্ন হইতে হয়, সেইরূপ যাহারা অকৃতপুণ্য, তাহারা হরিনাম পরিত্যাগপূর্ব্বক অন্য উপায় অবলম্বন করিয়া স্বয়ংই উত্তীর্ণ হইতে অসক্ত, সুতরাং অন্যকে কিপ্রকারে নিস্তার করিবে? মহতের কি অদ্ভুত চরিত্র! সুধাকর যেমন সুধাবর্ষণে সমুদয় জগৎকে আনন্দিত করেন, সেইরূপ মহতের চরিত্র হইতেও সকলের সুখোচ্ছ্বাস পরিবর্দ্ধিত হইয়া থাকে। হে দ্বিজোত্তম! এই পৃথিবীতে যত কিছু পবিত্র তীর্থ আছে, তন্মধ্যে কেহই গঙ্গা

জলকণার তুল্য নহে। তুলসীপত্র-মিশ্রিত সর্ষপমাত্র-পরিমিত গঙ্গাজলও একশত কুলকে পবিত্র করিয়া থাকে। অতএব হে ব্রহ্মন্! হে মহাভাগ! হে সর্ব্বশাস্ত্র-মর্ম্মজ্ঞ! আমরা অতিশয় পাপিষ্ঠ, আপনি গঙ্গাজল প্রদান করিয়া আমাদিগকে পরিত্রাণ করুন।" দ্বিজবর গর্গ, রাক্ষস-মুখে পবিত্র গঙ্গা-মাহাত্ম্য শ্রবণ করিয়া পরম বিস্ময়াবিষ্ট হইলেন এবং ভাবিলেন,—"সর্ব্বলোকজননী ভাগীরথীর প্রতি ইহাদিগেরও যখন ঈদৃশী ভক্তি, তখন না জানি, যাঁহারা তাঁহার মহিমা অবগত আছেন, সেই পুণ্যশীল মহানুভবগণের কি প্রকার হইয়া থাকে!" অনন্তর সেই বিপ্রবর, "যাঁহারা সর্ব্বপ্রাণীর হিতসাধনে তৎপর, তাঁহাদিগের পরম-পদ-প্রাপ্তি হয়" এইরূপ ধর্ম্ম স্থির করিয়া সদয়-হৃদয়ে তাহাদিগের উপর তুলসী-পত্র-মিশ্রিত অনুত্তম গঙ্গাজল নিক্ষেপ করিলেন। তখন রাক্ষসগণ, সর্ষপ-পরিমিত গঙ্গাজল স্পর্শে রাক্ষসভাব পরিত্যাগপূর্ব্বক দেবসাদৃশ্য লাভ করিল। হে জ্ঞানিপ্রবরগণ! সেই সপুত্রা রাক্ষসী ও সোমদত্ত তৎকালে কোটি-সূর্য্যসম প্রভা-সম্পন্ন বলিয়া প্রতীয়মান হইতে লাগিল। তাহারা হরিসারূপ্য লাভ করিয়া শঙ্খ চক্র গদা ধারণ করত সেই ব্রাহ্মণকে স্তব করিতে করিতে বৈকুণ্ঠধামে গমন করিল এবং কল্মাষপাদ নিজরূপ প্রাপ্ত হইয়া মনে মনে অতিশয় চিন্তা করিতে লাগিলেন। হে দ্বিজসত্তমগণ! অনন্তর নৃপবর কল্মাষপাদকে দুঃখার্ত্ত দেখিয়া ভগবতী সরস্বতী অদৃশ্যভাবে থাকিয়া ধর্ম্মমূলক মহাবাক্যে কহিলেন,—"হে রাজন্! দুঃখিত হইও না; হে মহাভাগ! তুমিও কিয়ৎকাল রাজ্যভোগান্তে পরম মঙ্গল লাভ করিবে। সৎকর্ম্মানুষ্ঠানে যাঁহাদিগের পাতক নির্দ্ধূত হইয়াছে, যাঁহারা হরিভক্তি-পরায়ণ, সমুদয় ভূতগণের প্রতি দয়াপরবশ, বেদমার্গের অনুসারী এবং গুরুপূজানিরত, তাঁহারা যে বিষ্ণুর পরমপদ লাভ করিয়া থাকেন, এ বিষয়ে কিছুমাত্র সংশয় নাই।" নৃপবর সৌদাস, এইরূপ বাক্য শ্রবণ করিয়া হৃদয়মধ্যে সন্তোষ লাভ করত গুরুবাক্য স্মরণ করিলেন এবং সানন্দে সেই বিপ্রবর গর্গ, গঙ্গা ও পরমেশ্বরকে স্তুতি করিয়া গর্গ-সন্নিধানে সমুদয় পূর্ব্ববৃত্তান্ত নিবেদন করিলেন। অনন্তর তাঁহাকে বিবিধ প্রণামপূর্ব্বক হরিনাম গান করিতে করিতে তৎক্ষণাৎ বারাণসী অভিমুখে যাত্রা করিলেন। অনন্তর, ছয় মাস মধ্যে তথায় উপস্থিত হইয়া ভগবতী গঙ্গা ও বিভু বিশ্বনাথকে সন্দর্শন পূর্ব্বক পরম আনন্দিত-চিত্তে নিজ রাজ্যে উপস্থিত হইলেন। তৎপরে বশিষ্ঠ কর্ত্তৃক অভিষিক্ত হইয়া অভিলষিত বিষয় উপভোগ-পূর্ব্বক কিয়ৎকাল সসাগরা ধরা প্রতিপালনান্তে চির-শান্তি-সুখ লাভ করিলেন। হে বিপ্রেন্দ্রগণ! সেইজন্য সকলেই সর্ব্বদা ভগবতী ভাগীরথীর পরম মাহাত্ম্য শ্রবণ করুন। কি ব্রহ্মা, কি বিষ্ণু, কি মহেশ্বর—কেহই তাঁহার মহিমার সীমা অবগত নহেন। মানব, গঙ্গানাম শ্রবণমাত্রে কোটি কোটি মহাপাপ হইতে নিষ্কৃতি লাভ করিয়া নিঃসন্দেহ ব্রহ্মলোকে গমন করিয়া থাকে। একবার মাত্র "গঙ্গা গঙ্গা" এই নাম করিলে মনুষ্যগণ তৎক্ষণাৎ নিষ্পাপ হইয়া ব্রহ্মলোকে গমন করিতে পারে। যে সকল মানব, ভক্তি-সহকারে এই অধ্যায় পাঠ বা শ্রবণ করে, তাহারা যে গঙ্গাস্নানজন্য পুণ্য লাভে সমর্থ হয়, এ বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই।

নবম অধ্যায় সমাপ্ত ॥ ৯ ॥

দশম অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে মহাভাগ সূত! মুনিগণ যে বিষ্ণু-পাদার্ঘ-সম্ভূতা গঙ্গা বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন, আপনি আমাদের নিকট তদ্বিষয় বর্ণন করুন। সূত কহিলেন,—হে বিষ্ণুপরায়ণ ঋষিগণ! আপনাদিগের জিজ্ঞাসিত বিষয় কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। পূর্ব্বে মহাত্মা নারদ, সনৎকুমারকে এই বিষয় বলিয়াছিলেন। ঐ উপাখ্যান পাঠ বা শ্রবণ করিলে মহাপুণ্য সঞ্চয়, নিখিল পাপের শান্তি এবং পরিণামে মোক্ষপদ লাভ হইয়া থাকে। কশ্যপ নামে কোন এক ব্রাহ্মণ ছিলেন, তিনি ইন্দ্রাদি দেবগণের জনক। দক্ষকন্যা দিতি ও অদিতি নামে তাঁহার দুই পত্নী। অদিতির গর্ভে সুরগণ ও দিতির গর্ভে অসুরগণের জন্ম হয়। ঐ সুর ও অসুরগণ সর্ব্বদা পরস্পর পরস্পরের প্রতি জয়াকাঙ্ক্ষী। ক্রমে অসুরবংশে প্রহ্লাদের পৌত্র ও বিরোচনের পুত্র বলিরাজ জন্মগ্রহণ করিয়া এই পৃথিবী উপভোগ করে। একদা সেই মহাবল-পরাক্রান্ত অসুররাজ বলি, সমুদয় পৃথিবী জয় করিয়া স্বর্গরাজ্য জয় করিতে ইচ্ছুক হয়। হে মুনীন্দ্রগণ! তাহার ঐশ্বর্য্যের কথা আর কি বর্ণন করিব? অযুতকোটি লক্ষ মাতঙ্গ, তৎপরিমিত তুরঙ্গ ও রথ এবং প্রত্যেক মাতঙ্গের প্রতি পঞ্চশত করিয়া পদাতিক সৈন্য ছিল। কোটি কোটি অমাত্যের মধ্যে কুম্ভাণ্ড ও কূপকর্ণ নামে দুই প্রধান অমাত্য ছিল শাস্ত্রে ও পরাক্রমে পিতৃসম, শতপুত্রের অগ্রজ বাণ নামে তাহার এক পুত্র হয়। দৈত্যরাজ সুরগণকে জয় করিতে অভিলাষী হইয়া, বিপুল সৈন্যগণের সহিত যুদ্ধযাত্রা করিলে, তদীয় ধ্বজা ও আতপত্র দেখিয়া বোধ হইতে লাগিল, যেন গগনরূপ অম্বুরাশি মধ্যে তরঙ্গ ও তড়িন্মালা শোভা পাইতেছে। অনন্তর অসুররাজ বলি, সিংহবৎ বিক্রমশালী দৈত্যগণের সহিত স্বর্গধামে উপস্থিত হইয়া, ইন্দ্র-নগরী অবরোধ করিলে, ইন্দ্রাদি দেবগণও যুদ্ধার্থ নির্গত হইলেন। পরে দেবাসুরে তুমুল সংগ্রাম উপস্থিত হইলে, প্রলয়কালীন মেঘ-নির্ঘোষের ন্যায় ডিণ্ডিম শব্দে উহা অতি ভয়ঙ্কর হইয়া উঠিল। তখন দেবগণ অসুর-সৈন্যের প্রতি এবং অসুরগণ দেব-সৈন্যের প্রতি নানাবিধ শরজাল বর্ষণ করিতে লাগিল। হে বিপ্রেন্দ্রগণ! সেই দারুণ সংগ্রাম-ক্ষেত্রে "অসুরগণকে বধ কর, বধ কর; ভেদ কর, ভেদ কর; বিদীর্ণ কর, বিদীর্ণ কর; বন্ধন কর, বন্ধন কর" ইত্যাকার তুমুল-শব্দ উত্থিত হইল। অনন্তর সুরগণের দুন্দুভি-নিনাদে, অসুর-গণের সিংহনাদে, রথসমূহের ঘর্ঘরশব্দে, কার্ম্মুক-নিকরের টঙ্কার-ধ্বনিতে এবং অশ্বগণের হ্রেষিত, করিগণের বৃংহিত ও শরজালের আকর্ষণ-শব্দে সমুদয় জগৎ যেন শব্দময় হইয়া উঠিল। তৎকালে, সুরাসুরগণ কর্তৃক নিক্ষিপ্ত শরজালের পরস্পর ঘর্ষণ জন্য এরূপ অগ্নি উত্থিত হইতে লাগিল যে, তদ্দর্শনে সমুদয় জগদ্বাসিগণ মনে করিল,—অকালে প্রলয় উপস্থিত হইয়াছে। তখন সমুজ্জ্বল-অস্ত্র-শস্ত্রধারী অসুর-সৈন্যগণ, চঞ্চল তড়িন্মালা-পরিবৃত জলদজালে আচ্ছাদিত রজনীর ন্যায়, শোভাধারণ করিল। সেই ভীষণ-রণক্ষেত্রে অসুরগণ যে সকল শৈলনিচয় নিক্ষেপ করিতে লাগিল, দেবরাজ ইন্দ্র, মেঘের ন্যায় গর্জ্জন করত, নারাচাস্ত্রে তৎসমুদয় চূর্ণ করিতে লাগিলেন। কেহ কেহ মাতঙ্গ দ্বারা মতঙ্গ, কেহ কেহ তুরঙ্গ দ্বারা তুরঙ্গ, কেহ কেহ রথ দ্বারা রথ এবং কেহ কেহ না দণ্ড

দ্বারা দণ্ড সকল ভগ্ন করিতে আরম্ভ করিলেন। অনন্তর কোন কোন দানব পরিঘাঘাতে তাড়িত হইয়া, শোণিতময় কর্দ্দম মধ্যে এবং কেহ কেহ বা গতপ্রাণ হইয়া রথোপরি পতিত হইতে লাগিল। তৎকালে যে সকল দৈত্য, দেবগণ কর্ত্তৃক নিহত হইতে লাগিল, তাহারা তৎক্ষণাৎ দেবত্ব লাভ করিয়া অসুরগণকে আক্রমণ করিতে লাগিল। অনন্তর দানবগণ, দেবগণ কর্ত্তৃক অতিশয় তাড়িত হওয়ায়, সকলেই সমবেত হইয়া চাপ, ভিন্দিপাল, খড়্গ, পরশু, তোমর, পরিঘ, ছুরিকা, দণ্ড, চক্র, শঙ্খ, মুষল, অঙ্কুশ, লাঙ্গল, পট্টিশ, শক্তি, উপল, শতঘ্নী, প্রাস, আয়োদণ্ড, মুষ্টি, শূল, কুঠার, পাশ, ক্ষুপ্রাস্ত্র, যষ্টি, বৃহৎশর, অয়োমুখ, তুণ্ড, চক্র, দণ্ড, ক্ষুদ্রপট্টিশ, নারাচ এবং ভয়ঙ্কর ক্ষেপণীয়াস্ত্র-নিচয়ে সুরগণকে আহত করিতে লাগিলে, সুরগণও দৈত্যগণের প্রতি নানাবিধ অস্ত্র-শস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন। তৎকালে মাতঙ্গ, তুরঙ্গ, রথী ও পদাতিগণে ক্রমে ভীষণ সঙ্কুল-যুদ্ধ পরিবর্দ্ধিত হইতে লাগিল। এইরূপে সহস্র বর্ষ সেই সুদারুণ সংগ্রাম হইল। অনন্তর দৈত্যসেনা পরিবর্দ্ধিত হইলে দেবগণ পরাভূত হইয়া সশঙ্কহৃদয়ে সুরলোক পরিত্যাগপূর্ব্বক মনুষ্যরূপে আত্ম-গোপন করত অবনী মধ্যে বিচরণ করিতে লাগিলেন। নারায়ণ-পরায়ণ মহাবল পরাক্রান্ত বিরোচনাত্মজ বলিরাজ এইরূপে প্রভূত ঐশ্বর্য্যশালী হইয়া, অক্ষুণ্ণভাবে ত্রিভুবন উপভোগ করত বিষ্ণু-প্রীতিকামনায় প্রভূত যজ্ঞানুষ্ঠান করিল। বলিরাজ স্বয়ংই ইন্দ্র ও দিকপালগণের কার্য্য করিতে লাগিল। তৎকালে দ্বিজগণ, দেবগণের প্রীত্যর্থে যজ্ঞ আরব্ধ করিলে, সেই যজ্ঞে সে নিজেই যজ্ঞীয় হবিঃ ভোজন করিত। এদিকে দেবমাতা অদিতি নিজ পুত্রগণকে তাদৃশ অবস্থাপন্ন দেখিয়া, “হায়! আমি বৃথা পুত্র প্রসব করিয়াছি” এইরূপ বিবেচনা করত অতীব দুঃখিতান্তঃকরণে হিমালয়ে গমনপূর্ব্বক ইন্দ্রের ঐশ্বর্য্য এবং দৈত্যগণের পরাজয় কামনায় ভগবান্ হরির চিন্তায় নিমগ্ন হইয়া দুষ্কর তপস্যা আরম্ভ করিলেন। তিনি ক্রমে কিছুকাল উপবিষ্টা, কিছু-কাল দণ্ডায়মানা, কিছুকাল একপাদে অবস্থিতা, কিছুকাল চরণাগ্রের উপর নির্ভর করত দণ্ডায়মানা হইয়া এবং কিয়দ্দিবস, কেবল ফল, কিয়দ্দিবস গলিত পত্র, অনন্তর কিয়দ্দিবস জলমাত্র, পরে কিয়ৎকাল বায়ুমাত্র ভক্ষণ করত ও তৎপরে কিছুকাল অনাহারে থাকিয়া, হৃদয়-মধ্যে সচ্চিদানন্দ ভগবান্‌কে ধ্যান করিতে লাগিলেন। এইরূপে তিনি দিব্য সহস্র বর্ষ কঠোর তপোনুষ্ঠান করিলেন। এদিকে মায়াবী দৈত্যগণ তদ্বৃত্তান্ত শ্রবণে বলিরাজ কর্ত্তৃক প্রেরিত হইয়া, দেবতারূপ অবলম্বনপূর্ব্বক অদিতিকে কহিল,—‘মাতঃ! আপনি কিজন্য তপস্যায় শরীর ক্ষয় করিতেছেন? যদি দৈত্যগণ জানিতে পারে, তাহা হইলে অতিশয় বিপদ্ ঘটিতে পারে। অতএব, আপনি এই শরীরশোষক ভীষণ ক্লেশকর উদ্যম পরিত্যাগ করুন। কারণ, জ্ঞানিগণ প্রয়াস-সাধ্য মঙ্গল প্রার্থনা করেন না। দেখুন, ধর্ম্মপরায়ণ ব্যক্তিগণের যত্নপূর্ব্বক শরীর রক্ষা করা সর্ব্বতোভাবে বিধেয়; কারণ, যাহারা শরীরের প্রতি উপেক্ষা করে, তাহারা আত্মঘাতীর মধ্যে পরিগণিত হইয়া থাকে; অতএব হে কল্যাণি! তপস্যায় বিরত হউন, পুত্রগণের জন্য খেদ করিবেন না। কারণ, হে মাতঃ! প্রাণিগণ মাতৃহীন হইলে, নিঃসন্দেহ মৃতপ্রায় হইয়া থাকে। যাহার গৃহে মাতা নাই এবং ভার্য্যা অপ্রিয়বাদিনী, তাহার বনে গমন করাই কর্ত্তব্য

কারণ, তাঁহার পক্ষে গৃহ ও অরণ্য উভয়ই সমান। কি পশু, কি পক্ষী, কি পন্নগ, কি মহীরুহ, মাতৃহীন হইলে, কেহই সুখী হয় না; সকলেই মৃতকল্প হইয়া থাকে। দরিদ্রই হউক, রোগীই হউক, কিংবা দেশান্তরস্থই হউক, মাতৃদর্শন পাইলে সকলেই পরম আনন্দ উপভোগ করিয়া থাকে। অন্ন, জল, পত্নী কিংবা ধনাদির উপরেও কখন না কখন লোকের অনাদর হইতে পারে, কিন্তু মাতার প্রতি কখনই সেরূপ হয় না। যাহার ভবনে মাতা, ধর্ম্মপরায়ণ পুত্র এবং পতিপ্রাণা সাধ্বী স্ত্রী নাই, তাহার বনে গমন করাই কর্ত্তব্য। কথিত আছে, নারায়ণের প্রতি ভক্তিহীন ধর্ম্ম, সন্তোষ-রহিত ধন এবং ভার্য্যা-তনয়শূন্য গৃহ যেমন বৃথা, সেইরূপ মাতৃহীন মনুষ্যও বৃথা জীবন ধারণ করিয়া থাকে। অতএব হে দেবি! নিজ দুঃখার্ত্ত আত্মজগণকে পরিত্রাণ করুন।" দৈত্যগণ এইরূপ কহিলেও যখন অদিতির সমাধিভঙ্গ হইল না, তখন তাহারা সেই পরমাত্মধ্যান-নিমগ্না অদিতিকে বিনষ্ট করিবার বাসনায় রোষ-কষায়িত লোচনে, প্রলয়কালীন জলদজালের ন্যায়, ভীষণ গর্জ্জন করত ক্ষণকাল মধ্যে সেই অরণ্য দগ্ধ করিতে উদ্যত হইয়া, দংষ্ট্রাগ্র হইতে অগ্নি উদ্গিরণ করিতে লাগিল। তখন সেই অগ্নিতে শত যোজন বিস্তৃত সেই কানন, এবং সেই সকল দৈত্যগণ দগ্ধ হইল, কিন্তু অদিতি তাহা জানিতে পারিলেন না। তৎকালে সেই অরণ্য মধ্যে নারায়ণ-ধ্যান-নিমগ্না, কেবলমাত্র দেবজননী অদিতিই বিষ্ণু সুদর্শন কর্ত্তৃক পরিরক্ষিত হইয়া ভীষণ পাবকের হস্তে পরিত্রাণ পাইলেন।

দশম অধ্যায় সমাপ্ত॥ ১০॥

একাদশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে সূত! আপনি আমাদিগের নিকট অতি অদ্ভুত বিবরণ কীর্ত্তন করিলেন। সেই অগ্নি, ক্ষণকাল মধ্যে, অদিতি ভিন্ন সমুদয় দৈত্যগণকে কি প্রকারে ভস্মসাৎ করিল? অতএব এক্ষণে আমাদিগের নিকট অদিতির মহত্ত্ব বর্ণন করুন;—দেখুন, সাধু-স্বভাব মুনীন্দ্রগণ সতত পরোপদেশে নিরত। সূত কহিলেন,—হে বিপ্রগণ! হরিভক্তগণের মহিমা শ্রবণ করুন;—যাহারা হরিধ্যানে নিমগ্ন থাকে, তাহাদিগের অনিষ্ট সাধন করিতে কেহই সমর্থ হয় না। কারণ, যে স্থানে একজন মাত্র হরিভক্ত অবস্থিতি করে, তথায় সতত ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর প্রভৃতি সমুদয় দেবগণ ও সিদ্ধগণ অবস্থান করিয়া থাকেন। হে মহাভাগগণ! যাহারা হরি-চিন্তায় নিমগ্ন, তাহাদিগের কথা আর কি বলিব? যাহারা শান্ত-চিত্ত এবং হরিনাম উচ্চারণ করিয়া থাকে, ভগবান্ হরি, তাহাদিগের হৃদয়ক্ষেত্রেই নিরন্তর বিরাজ করিতেছেন। যে স্থানে শিবপূজা-পরায়ণ বা হরিপূজা-পরায়ণ ব্যক্তি অবস্থিত, তথায় সমুদয় দেবগণ ও কমলাদেবী অবস্থান করিয়া থাকেন। বিষ্ণু-পূজাপরায়ণ যে স্থানে বাস করেন, তথায় কোন প্রকার বিঘ্ন উপস্থিত হইতে পারে না এবং রাজা, তস্কর বা ব্যাধি হইতে কোনরূপ ভয় থাকে না। প্রেত, পিশাচ, কুষ্মাণ্ড, গ্রহ, বালগ্রহ, ডাকিনী এবং রাক্ষসগণ, বিষ্ণু-পূজকের কোন অনিষ্ট করিতে সমর্থ হয় না। হরি-লিঙ্গার্চ্চনে

নিরত সাধু ভক্ত যে স্থানে অবস্থিতি করেন, ভূত বেতাল প্রভৃতি পরপীড়া-জনক সমুদয় প্রাণী, সে স্থান হইতে পলায়ন করিয়া থাকে। সর্ব্বজন-হিতৈষী নম্রপ্রকৃতি জিতেন্দ্রিয় হরি-সেবক যে স্থানে বাস করেন, তথায় নিখিল দেবগণ নিজ নিজ ভার্য্যার সহিত বিরাজ করিয়া থাকেন। যোগিগণ যে স্থলে নিমেষমাত্র বা নিমেষার্দ্ধমাত্র অবস্থিতি করিয়া থাকেন, সেই স্থানে সমুদয় তীর্থের আবির্ভাব হয় এবং সেই স্থান পরম তীর্থ ও তপোবন স্বরূপ হইয়া থাকে। যে ভগবানের নামমাত্র উচ্চারণে সমুদয় উপদ্রব তিরোভূত হইয়া যায়, তাঁহাকে স্তব, পূজা বা ধ্যান করিলে যে তাহা হইবে, তাহা আর বিচিত্র কি? এজন্য হে সাধুগণ। সেই অগ্নি এবং দৈত্যগণ ধ্যান-নিমগ্ন অদিতির কিছুমাত্র অনিষ্ট করিতে পারে নাই; বস্তুতঃ হরিকে স্মরণ করিবামাত্র নিখিল দুঃখ বিদূরিত হইয়া থাকে। অনন্তর পদ্মপলাশ-লোচন শঙ্খ-চক্রাদিধারী হরি প্রসন্ন-বদনে অদিতির সম্মুখে প্রাদুর্ভূত হইয়া ঈষৎ হাস্যসহকারে দশনপ্রভায় দশদিক্ উদ্ভাসিত করত কৃপাপ্রিয়া অদিতির গাত্রে পবিত্র করকমল অর্পণ করিয়া কহিলেন,—"হে দেবমাতঃ! আমি তোমার তপস্যায় পরম প্রীত হইয়াছি, তুমি বহুকাল ক্লেশ পাইতেছ, এক্ষণে নিঃসন্দেহ তোমার কল্যাণ হইবে। হে ভদ্রে! আর ভয় নাই, এক্ষণে তোমার অভিলষিত বর প্রদান করিতেছি, প্রার্থনা কর; হে মহাভাগে! অবশ্যই তোমার মঙ্গল হইবে।" দেবদেব চক্রধারী এইরূপ কহিলে, দেবমাতা অদিতি সেই সর্ব্বলোক-সুখপ্রদ ভগবান্‌কে নমস্কারপূর্ব্বক কহিলেন,— "হে দেবদেবেশ। হে জনার্দ্দন। হে সর্ব্বব্যাপিন্! আপনি সত্ত্বাদি-গুণভেদে জগদ্বাসী জীবগণকে পরিচালিত করিতেছেন, অতএব আপনাকে নমস্কার। হে মহাত্মন্! আপনি সর্ব্বকালে একরূপে বিরাজ করিয়া থাকেন। আপনি রূপবিহীন হইয়াও বহুরূপধারী এবং গুণাতীত হইয়াও গুণত্রয়ের আশ্রয়, অতএব আপনাকে নমস্কার। হে মঙ্গলময়! আপনি ত্রিলোকের ঈশ্বর এবং পরম জ্ঞান স্বরূপ; ভক্তগণকে ভালবাসা আপনার স্বভাবসিদ্ধ গুণ; আমি আপনাকে প্রণাম করি। মুনীশ্বরগণ যাঁহার অবতার-রূপের অর্চ্চনা করিয়া থাকেন, আমি সেই আদিদেব পরম পুরুষকে অভীষ্টসিদ্ধির জন্য প্রণিপাত করিতেছি। মুনিগণ বা জ্ঞানিগণ যাঁহার তত্ত্ববোধে অসমর্থ, আমি সেই মায়াতীত অথচ পরমমায়ী বিশ্ববীজ পরমেশ্বরকে প্রণাম করি। যাঁহার অদ্ভুত মূর্ত্তি সন্দর্শন করিলে জীব মমতাপাশে আবদ্ধ হয় না এবং যাঁহার চরণারবিন্দ-রেণুতে মস্তক রঞ্জিত করিয়া অগণ্য জীব পরম সিদ্ধি লাভ করিয়াছে, আমি সেই বিশ্ববন্দিত বিশ্বহেতু বিশ্ববীজ কমলা-পতিকে বারংবার নমস্কার করিতেছি। দেব-বাক্যও যে হরির মহিমা বর্ণনে অসমর্থ, যিনি সতত ভক্তগণের সমীপে বিরাজমান, যিনি স্বয়ং সঙ্গ-বর্জ্জিত হইয়াও সঙ্গরহিত শান্তচেতাঃ ভক্তগণের সঙ্গপ্রিয় এবং যিনি যজ্ঞকর্ম্মে অধিষ্ঠিত ও যজ্ঞকর্ম্মের জ্ঞানদাতা, আমি সেই করুণার্ণব যজ্ঞভোক্তা যজ্ঞেশ্বরকে পুনঃপুনঃ প্রণাম করি। পাপাত্মা অজামিল, যাঁহার নামকীর্ত্তন করিয়া পরম ধাম প্রাপ্ত হইয়াছে, আমি সেই লোকসাক্ষী হরিকে বন্দনা করি। হে নাথ! আমি লোকমুখে শুনিয়াছি, ভগবান্ মহেশ্বর হরিরূপী এবং জনার্দ্দন ও হররূপী, আমি সেই জগদ্গুরু হরিহররূপী আপনাকে নমস্কার করি। ব্রহ্মাদি দেবগণও যাঁহার মায়াপাশে আবদ্ধ হইয়া যাঁহার পরম তত্ত্ব বিদিত নহেন, যিনি অন্তর্হৃদয়ে

বিরাজমান থাকিলেও অজ্ঞান বশতঃ দূরস্থের ন্যায় প্রতীত হইয়া থাকেন, যাঁহার তত্ত্ব প্রমাণপথকে অতিক্রম করিয়াছে, আমি সেই সর্ব্বনায়ক জ্ঞানসাক্ষী ভগবান্‌কে বারংবার বন্দনা করি। হে দেব! আপনার মুখকমল হইতে ব্রাহ্মণ, বাহু হইতে ক্ষত্রিয়, উরুদেশ হইতে বৈশ্য, চরণদ্বয় হইতে শূদ্র, মন হইতে চন্দ্র, চক্ষুঃ হইতে সূর্য্য, মুখ হইতে অগ্নি ও ইন্দ্র এবং কর্ণ হইতে বায়ুর উৎপত্তি হইয়াছে। আপনি সপ্তস্বর এবং ঋক্ যজুঃ সাম ও ষড়ঙ্গ স্বরূপ, অতএব আপনাকে পুনঃপুনঃ নমস্কার। হে অনাথনাথ! আপনিই ইন্দ্র, আপনিই চন্দ্র সূর্য্য, আপনিই শঙ্কর ও আপনিই অন্তক এবং আপনিই অগ্নি, বরুণ প্রভৃতি দেবগণ, আপনিই নির্ঋতি, আপনিই পিশাচ ও সমুদয় রাক্ষস, আপনিই সিদ্ধ ও গন্ধর্ব্ব এবং আপনিই বসুধা শৈল সাগর প্রভৃতি সমুদয় স্থাবর; অধিক কি, হে দেব! নিখিল বস্তুই আপনার স্বরূপ, অতএব সতত নমস্কার করি। হে সর্ব্বজ্ঞ! আপনি ভূতগণের আদি ও বেদ-স্বরূপ; অতএব হে জনার্দ্দন! রাক্ষস-পীড়িত আমার পুত্রগণকে পরিত্রাণ করুন।” দেবজননী অদিতি, এইরূপ স্তব ও বারংবার প্রণাম পূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া আনন্দাশ্রুতে স্তনযুগল অভিষিক্ত করত কহিলেন,—“হে দেবেশ! যদি আমার প্রতি অনুগ্রহ থাকে, তবে হে সর্ব্বাদিকারণ! মৎপুত্র সুরগণকে নিষ্কণ্টক ঐশ্বর্য্য প্রদান করুন। হে বিশ্বরূপ পরমেশ্বর! আপনি সর্ব্বজ্ঞ ও অন্তর্য্যামী, অতএব হে দেব! কোন্ বিষয় আপনার অপরিজ্ঞাত আছে? হে প্রভো! কিজন্য আমাকে ছলনা করিতেছেন? হে দেবেশ! তথাপি আমি আপনার নিকট মনোভিপ্রায় ব্যক্ত করিতেছি। দেব! আমি বৃথা পুত্রগণকে গর্ভে ধারণ করিয়াছি; কারণ তাহারা এক্ষণে দৈত্যহস্তে নিপীড়িত হইতেছে। যখন ঐ দৈত্যগণ আমার সপত্নী-পুত্র, তখন তাহাদিগের অনিষ্ট-বাসনা করি না, তবে এই মাত্র প্রার্থনা করি যে, দৈত্যগণকে বিনাশ না করিয়া মদীয় সন্তানগণকে ঐশ্বর্য্য প্রদান করুন।” অদিতি এইরূপ কহিলে, দেবাধিদেব হরি, পুনরায় পরম প্রীত হইয়া সাধ্বী অদিতিকে সাদরে আলিঙ্গন পূর্ব্বক আনন্দিত করত কহিলেন,—“হে দেবি! আমি তোমার প্রতি অতিশয় প্রীত হইয়াছি, অতএব তোমার মঙ্গল হউক, সপত্নী-পুত্রের প্রতিও তোমার যখন ঈদৃশ স্নেহ, তখন আমিও তোমার পুত্র হইব। ভূমণ্ডলে যে সকল মানব, ত্বৎকৃত এই স্তোত্র পাঠ করিবে, তাহাদিগের সন্তান ও ধন সম্পত্তি কখন বিনষ্ট হইবে না। যে ব্যক্তি, আপনার ও অন্যের পুত্রকে সমভাবে দর্শন করে, তাহার কখন পুত্রশোক হয় না।” অদিতি কহিলেন,—“হে দেব! আমি, কিপ্রকারে আপনাকে উদরে ধারণ করিব? কারণ, হে অব্যয়! আপনি, সকলের আদি ও পুরুষোত্তম, আপনার রোমকূপ-নিকরে কোটি কোটি ব্রহ্মাণ্ড বিরাজ করিতেছে। হে প্রভো! সমুদয় বেদ ও দেবগণ যাঁহার মহিমা অবগত নন, আমি সেই দেবদেবকে কিরূপে গর্ভে ধারণ করিব। হে দেব! যিনি অতি সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতম এবং মহৎ হইতেও মহত্তম; যাঁহার নামস্মরণ মাত্রে মহাপাতকীও মুক্তিলাভ করিয়া থাকে, হে দেবেশ! আমি সেই ভগবান্ পুরুষোত্তমকে কিপ্রকারে বহন করিতে সক্ষম হইব!” সূত কহিলেন,—দেবদেব জনার্দ্দন, দেবমাতা অদিতির বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে অভয় প্রদান পূর্ব্বক কহিলেন,—“হে মহাভাগে! তুমি যে সত্যবাক্য বলিয়াছ, তদ্বিষয়ে কিছুমাত্র সংশয় নাই;

কিন্তু হে শুভে! তথাপি আমি তোমায় পরম গুহ্য বিষয় বলিতেছি, শ্রবণ কর। যে সকল মদীয় ভক্তগণ, রাগদ্বেষশূন্য, নম্রাতপ্রাণ, অসূয়া ও দম্ভ-বিহীন, তাহারা সর্ব্বদাই আমাকে বহন করিয়া থাকে। যাহারা পরের অপকারে বিমুখ, শিবার্চ্চন-পরায়ণ এবং সতত আমার চরিত্র-কথা শ্রবণ করিতে উৎসুক; তাহারা নিরন্তরই আমাকে অন্তরে ধারণ করিয়া থাকে। হে বালে! যে সকল রমণী পতিব্রতা, পতিপ্রাণা, পতিভক্তি-পরায়ণা এবং মৎসরশূন্যা; তাহারাও আমাকে সতত বহন করিয়া থাকে। যে ব্যক্তি পিতামাতার শুশ্রূষাকারী, গুরুভক্ত, অতিথিপ্রিয়, ব্রাহ্মণগণের হিতকারী, সৎকথা-শ্রবণে আসক্তচিত্ত, যাতগণের শুশ্রূষাভিলাষী, স্বীয় আশ্রমোচিত-ধর্ম্মাচরণে তৎপর, সে-ও আমাকে সর্ব্বদা বহন করে, আর যাহারা নিরন্তর পুণ্যতীর্থরত, সাধুসহবাসে আসক্ত, সকলের প্রতি দয়াশীল, পরের উপকার-সাধনে নিরত, পরদ্রব্য-হরণে পরাঙ্মুখ, পরস্ত্রীতে ক্লীববৎ, তুলসীর উপাসনা মদীয় নাম কীর্ত্তন ও গোরক্ষণে তৎপর, প্রতিগ্রহ-বিমুখ এবং ক্ষুধিতকে অন্ন ও পিপাসার্ত্তকে জল দান করে, তাহারাও সতত আমাকে বহন করিয়া থাকে। হে দেবি! তুমি পতিপ্রাণা সাধ্বী এবং প্রাণিগণের হিতকারিণী, অতএব আমি তোমার পুত্ররূপে জন্মগ্রহণ করিয়া, সমুদয় রিপুগণকে বিনাশ করিব।" দেবাধিদেব ভগবান্ হরি, দেবমাতা অদিতিকে এইরূপ কহিয়া নিজ কণ্ঠহার ও অভয় প্রদানপূর্ব্বক অন্তর্হিত হইলেন। এদিকে সেই দক্ষনন্দিনী দেবজননী অদিতিও সানন্দ-হৃদয়ে কমলাকান্তকে প্রণাম পুরঃসর স্বস্থানে প্রস্থান করিলেন। অনন্তর কিয়দ্দিবস গত হইলে, লোক-বন্দিতা দক্ষসুতা অদিতি, ত্রিলোকের সৌন্দর্য্যহারী, এক পুত্র প্রসব করিলেন,—তিনি জগতে বামন নামে প্রসিদ্ধ। অনন্তর বিধি, চন্দ্রমণ্ডল-মধ্যবর্ত্তী শঙ্খচক্রধারী এবং শান্ত-মূর্ত্তি; যাঁহার অপর করদ্বয়ে সুধাকলস ও দধিমিশ্রিত অন্ন বিরাজমান, নয়ন-যুগল প্রস্ফুটিত পদ্মের ন্যায় মনোহর, দেহপ্রভা সহস্র সহস্র দিবাকরের ন্যায় সমুজ্জ্বল, অঙ্গ সকল দিব্যাভরণে ভূষিত এবং পরিধেয় পীতবসন; সেই মুনিগণারাধ্য সর্ব্বলোকৈক-নায়ক ভগবান্ হরিকে আবির্ভূত জানিয়া, কশ্যপ হৃষ্টান্তঃকরণে প্রণামপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া স্তব করিতে লাগিলেন। কশ্যপ কহিলেন,—"আপনি, সকলের আদিকারণ, সকলের পালক, সকলের নায়ক এবং দৈত্যগণের সংহারকারী, অতএব আপনাকে বারংবার প্রণাম করি। আপনি ভক্তপ্রিয়, সজ্জনরঞ্জক, দুর্জ্জননাশক ও জগতের ঈশ্বর, অতএব পুনঃপুনঃ আপনাকে নমস্কার। আপনি সকলের কারণ হইয়াও বামনরূপে জন্ম গ্রহণ করিয়াছেন, আপনার বিক্রম অসীম এবং ভুজ-চতুষ্টয়ে শরাসন চক্র অসি ও গদা বিরাজমান, অতএব আমি সেই পুরুষোত্তম নারায়ণ আপনাকে প্রণাম করি। আপনি জলরাশি মধ্যে অবস্থিতি করিয়া থাকেন, ভক্তগণের হৃদয়-কমল আপনার বসিবার আসন, ভবদীয় শরীরপ্রভা সূর্য্যের ন্যায় সমুজ্জ্বল; যে স্থানে পুণ্যকথা, তথায় আপনার সমাগম; চন্দ্র সূর্য্য আপনার নেত্র-স্বরূপ; আপনি যজ্ঞ-ফলপ্রদ, যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতা, সজ্জনসঙ্গ, কারণের কারণ, শব্দাদি-বিবর্জ্জিত, দিব্যসুখপ্রদ এবং ভক্তগণের হৃদয়বাসী, অতএব আপনাকে নমস্কার। হে ভ্রমনাশন! আপনার অপর একটী নাম যজ্ঞবরাহ। আপনি মন্দর পর্ব্বতকে ধারণ করিয়াছেন এবং মহাসুর হিরণ্যাক্ষ আপনা হইতেই নিধন প্রাপ্ত হইয়াছে। হে বামন-

রূপিন্! আপনি পরশুরামরূপে ক্ষত্রিয়কুল ও রামরূপে রাবণকে বিনাশ করিয়াছেন এবং বলদেব রূপে নন্দগৃহে অবতীর্ণ হইয়াছেন। হে কমলাকান্ত! আপনি সকলের সুখপ্রদ, আপনাকে স্মরণ করিলে নিখিল দুঃখ বিদূরিত হইয়া থাকে, অতএব আমি আপনাকে বারংবার নমস্কার করি।" সূত কহিলেন,—যে মানব ত্রিসন্ধ্যা এই বামনস্তব পাঠ করে, তাহার প্রতিদিন বল, আরোগ্য, অর্থ ও সন্তানগণ পরিবর্দ্ধিত হইয়া থাকে। কশ্যপ, সেই লোক-পাবন দেবদেব ভগবান্ বামনকে এবংবিধ স্তুতি করিলে তিনি কশ্যপের প্রীতি বর্দ্ধন করত হাস্যসহকারে কহিলেন,—"হে তাত! আমি তোমার প্রতি পরম পরিতুষ্ট হইয়াছি, তোমার অবশ্যই মঙ্গল হইবে। হে সুরগণপূজ্য! আমি অচিরকালের মধ্যে তোমার সমুদয় মনোবাঞ্ছা পূর্ণ করিব। আমি পূর্ব্ব দুই জন্মেও এইরূপ তোমাদিগের পুত্র হইয়াছি এবং ভাবী জন্মেও তোমাদেরই পুত্ররূপে অবতীর্ণ হইয়া সমুদয় সুখাশা পূর্ণ করিব।" ঐ সময়ে দৈত্যবর বলি, নিজ-গুরু শুক্রাচার্য্য এবং বহুল প্রধান প্রধান মুনিগণের সহিত মিলিত হইয়া দীর্ঘকালসাধ্য এক মহাযজ্ঞ আরম্ভ করে। পরে সেই যজ্ঞে ব্রহ্মবাদী মুনিগণ, যজ্ঞীয়হবিঃ গ্রহণার্থ কমলার সহিত ভগবান্ বিষ্ণুকে আহ্বান করিলে, বামন-নামধারী ভক্তবৎসল মহাবিষ্ণু ঈষৎ হাস্য সহকারে জনগণকে মুগ্ধ করত তথায় উপস্থিত হইয়া বলিরাজের সমক্ষে ঘৃতভোজনার্থ অগ্রসর হইতে লাগিলেন। বস্তুতঃ দুর্ব্বৃত্তই হউক আর সুবৃত্তই হউক; মূর্খই হউক আর পণ্ডিতই হউক; ভক্তিমান্ হইলেই ভগবান্ হরি তাহার নিকটবর্ত্তী হইয়া থাকেন। এদিকে সেই বামনদেবকে নিকটে আগমন করিতে দেখিয়া ব্রহ্মবাদী ঋষিগণ জ্ঞাননেত্রে তাঁহাকে নারায়ণ বলিয়া জানিতে পারিলেন এবং সকলেই অভ্যর্থনার্থ গাত্রোত্থান করিলেন। তখন শুক্রাচার্য্যও তদ্বিবরণ অবগত হইয়া গোপন-ভাবে বলিরাজকে কহিতে লাগিলেন। ফলতঃ যাহারা খল-স্বভাব, তাহারা নিজের ইষ্ট না বুঝিয়াই কার্য্য করিয়া থাকে। ভার্গব কহিলেন,—"হে দৈত্যপতে! হে সৌম্য! ভগবান্ বিষ্ণু তোমার ঐশ্বর্য্য হরণ করিবার জন্য বামনরূপে অদিতির গর্ভে জন্ম গ্রহণ করিয়া ত্বদীয় যজ্ঞস্থলে উপস্থিত হইতেছেন; এজন্য হে অসুরেশ্বর! তুমি তাঁহাকে কিঞ্চিন্মাত্রও দান করিও না। তুমি পণ্ডিত, অতএব আমার মত শ্রবণ কর। আত্ম-বুদ্ধি শুভকরী, গুরুবুদ্ধি তদপেক্ষা অধিকতর শুভদায়িনী এবং পরবুদ্ধি অনিষ্টের-হেতু আর স্ত্রীবুদ্ধি সর্ব্বপ্রকার অনর্থের মূল। যে ব্যক্তি শত্রুর হিতকারী, তাহাকে বিনাশ করাই কর্ত্তব্য; কারণ শত্রুর সহায়কে নিধন করিতে পারিলে সে আর কোন কার্য্যই সমাধা করিতে পারে না।" বলিরাজ কহিল—"হে গুরো! আপনার ঈদৃশ ধর্ম্মবহির্ভূত বাক্য বলা উচিত নহে; দেখুন যদি স্বয়ং ভগবান্ বিষ্ণুই আমার ঐশ্বর্য্য গ্রহণ করেন, তাহা হইলে ইহা অপেক্ষা আর অধিক সৌভাগ্যের বিষয় কি আছে? বিদ্বজ্জন বিষ্ণুর প্রীত্যর্থই নানাবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকেন, কিন্তু সেই বিষ্ণুই যদি সাক্ষাৎ উপস্থিত হইয়া যজ্ঞভাগ গ্রহণ করেন, তবে তদপেক্ষা জগতে অধিক আর কি হইবে? হে গুরো! দরিদ্রও যৎকিঞ্চিৎ বিষ্ণুকে অর্পণ করিয়া থাকে এবং তাহাই পরম অক্ষয় দান বলিয়া কথিত হয়। যে ব্যক্তি অকৃত্রিম ভক্তি সহকারে পুরুষোত্তম বিষ্ণুকে কেবলমাত্র স্মরণ করে, তিনি তাহাকে পবিত্র করিয়া থাকেন আর যে তাঁহার [illegible] না করিতে পারে,

সে পরম গতি প্রাপ্ত হয়। অগ্নিকে অনিচ্ছা পূর্ব্বক স্পর্শ করিলেও যেমন দগ্ধ হইতে হয়, সেইরূপ পাপ-পরায়ণ ব্যক্তিগণও তাঁহাকে স্মরণ করিলে নিখিল পাপ হইতে নিষ্কৃতি লাভ করিয়া থাকে। যে ব্যক্তি রসনাগ্রে "হরি" এই অক্ষরদ্বয় উচ্চারণ করে, সে বিষ্ণুলোক প্রাপ্ত হইয়া থাকে; পুনরায় তাহাকে জন্ম গ্রহণ করিতে হয় না। মনীষিগণ বলিয়াছেন, 'যে মানব রোগাদিশূন্য হইয়া সতত 'গোবিন্দ' এই নাম জপ করে, সে বিষ্ণুভবনে গমন করিয়া থাকে।' হে গুরো। হে মহাভাগ। যে ব্যক্তি হরিজ্ঞানে অগ্নি বা অনলে আহুতি অর্পণ করিতে পারে, ভগবান্ বিষ্ণু তাহার প্রতি পরম প্রীত হন। আমিও সেই ভগবান্ হরিরই প্রীতিকামনায় এই মহাযজ্ঞের অনুষ্ঠান করিয়াছি; অতএব যদি তিনি স্বয়ংই আগমন করেন, তাহা হইলে নিঃসন্দেহ আমি কৃতার্থ হইব।" দৈত্যবর বলি এইরূপ কহিতেছে, এমত সময় বামনরূপী বিষ্ণু প্রদীপ্তানল-শোভিত যজ্ঞগৃহ মধ্যে প্রবেশ করিলেন। তখন বলিরাজ, সেই জগদাধার বিষ্ণুকে যথাবিধি অর্ঘ্যপ্রদান পূর্ব্বক রোমাঞ্চিত-গাত্রে আনন্দাশ্রু বিসর্জ্জন করত কহিল,—"হে প্রভো! আজ আমার জন্ম সফল, আজ আমার যজ্ঞ সফল ও আজ আমার জীবন সফল হইল। আমি আজ যথার্থই কৃতার্থ হইলাম। আমার বোধ হইতেছে, আজ অতি দুর্লভ অমোঘ অমৃতবৃষ্টি উপস্থিত হইয়াছে। হে দেব। আপনার আগমনমাত্রে আমার এই মহোৎসবের সমুদয় আয়াস দূর হইল। হে প্রভো। আজ এই সমস্ত ঋষিবৃন্দ যে কৃতার্থ হইলেন এবং যিনি যাহা তপস্যা করিয়াছিলেন তাহাও যে সফল হইল, তাহার আর কিছুমাত্র সংশয় নাই। নাথ! অদ্য আমি কৃতার্থ হইলাম, কৃতার্থ হইলাম; অতএব আপনাকে নমস্কার। হে বিভো। এক্ষণে আমি আপনার আজ্ঞায় আপনার আদেশ প্রতিপালন করিব, ইহাই আমার অভিপ্রায়; অতএব আমাকে আদেশ করুন।" যজ্ঞদীক্ষিত দৈত্যনাথ বলি এইরূপ কহিলে বামনদেব সহাস্যে কহিলেন,—"তপস্যার জন্য ত্রিপাদ পরিমিত-ভূমি আমাকে দান কর।" তদ্বাক্য শ্রবণে বলিরাজ কহিল,—"আপনি সমুদয় রাজ্য নগর গ্রাম বা ধন প্রার্থনা না করিয়া কি প্রার্থনা করিলেন?" কপট-বেশধারী ভগবান্ বিষ্ণু বলিরাজের তাদৃশ বাক্য শ্রবণে বলি যেন অবিলম্বে রাজ্যভ্রষ্ট হইবে বলিয়াই তাহার বৈরাগ্য উৎপাদন করত কহিলেন,—"হে দৈত্যেন্দ্র। আমি তোমাকে পরম গুহ্যবিষয় বলিতেছি, শ্রবণ কর। যাহারা সর্ব্বসঙ্গ-বিহীন, তাহাদিগের আর অর্থের প্রয়োজন কি? তুমি নিশ্চয় জানিও, আমি সর্ব্বভূতের অন্তর্যামী, সমুদয় জগৎ আমাতেই অবস্থিত, অতএব হে দৈত্যবর। অন্য ধনে আমার আর কি কার্য্য সাধিত হইবে? যাহারা রাগ-দ্বেষ বিহীন, শান্ত-চিত্ত, মায়াতীত এবং নিত্যানন্দস্বরূপ, তাহাদিগের অপর ধনে প্রয়োজন কি? যে সকল সমগুণান্বিত ব্যক্তি সমুদয় প্রাণীকেই আত্মবৎ সন্দর্শন করে, সুতরাং নিখিলবস্তুই যাহাদিগের আত্মতুল্য, তাহাদিগের দাতাই বা কে? আর দেয় বস্তুই বা কি? শাস্ত্রে উক্ত আছে, এই পৃথিবী ক্ষত্রিয়ের অধীনে থাকিবে এবং তাহা হইলে সমুদয় লোক সেই ক্ষত্রিয়ের আজ্ঞাধীন থাকিয়া, পরম সুখ উপভোগ করিতে পারিবে। হে বলে! মুনিগণও রাজাকে রাজস্ব-স্বরূপ তপস্যার ষষ্ঠাংশ অর্পণ করিবেন এবং ক্ষত্রিয় প্রভৃতি সকলেরই ব্রাহ্মণদিগকে সাদরে কিঞ্চিৎ ভূমি দান করা কর্ত্তব্য। আমি ভূমি-দানের মাহাত্ম্য বর্ণন করিতেছি, শ্রবণ কর। হে দৈত্যসত্তম। এই জগতে কেহই

ভূমিদানের প্রকৃত মাহাত্ম্য বর্ণন করিতে সমর্থ নহে। ভূমিদানের তুল্য, ফলজনক দান কখন হয়ও নাই ও হইবেও না। ভূমিদান করিলে নিঃসন্দেহ নির্ব্বাণ লাভ হইয়া থাকে। নাস্তিক শ্রোত্রিয় ব্রাহ্মণকে স্বল্পমাত্র ভূমি দান করিলেও ব্রহ্মলোকলাভে সমর্থ হয় এবং তাহার পুনরায় আর পতন হইবার সম্ভাবনা নাই। যে ব্যক্তি ভূমি দান করে, তাহার নিখিল-বস্তু-দানের ফল হয়, অধিক কি, পরিণামে মোক্ষ পর্য্যন্ত লাভ হইয়া থাকে। বস্তুতঃ নিশ্চয় জানিবে, ভূমিদানে সর্ব্বপ্রকার পাপপুঞ্জ বিনষ্ট হইয়া যায়। মহাপাতক কিংবা সর্ব্বপ্রকার পাপে লিপ্ত হইলেও যদি দশ-হস্ত-পরিমিত ভূমি দান করিতে পারে, তাহা হইলে, তাহার নিখিল পাপরাশি তিরোভূত হইয়া থাকে। সৎপাত্রে ভূমি দান করিলে, সর্ব্ববস্তু-দানের ফল হয়। ফলতঃ, ভূমি-দাতার সমান সৌভাগ্যশালী, ত্রিভুবনে আর কেহই নাই। হে বলে! যে ব্যক্তি, বৃত্তিহীন ব্রাহ্মণকে ভূমি দান করে, আমি শত শত বর্ষেও তাহার পুণ্যফল বর্ণন করিতে অসমর্থ। হে ভূমিপ! দেবপূজাসক্ত বৃত্তিহীন ব্রাহ্মণকে ভূমিদান করিলে নিঃসন্দেহ স্বয়ংই বিষ্ণু-স্বরূপ হইয়া থাকে। যে মানব, বহুপরিবারান্বিত বৃত্তিহীন দরিদ্র দ্বিজকে স্বল্পমাত্রও ভূমি দান করিতে পারে, সে বিষ্ণুর সাযুজ্যলাভে সমর্থ হয়। যে ভূমিতে আঢ়ক-পরিমিত ধান্য জন্মে, দেবপূজা-নিরত বিপ্রকে এরূপ ভূমি দান করিলে দিনত্রয়কৃত-গঙ্গাস্নানের ফল হয়। সদাচার-নিরত বৃত্তিহীন বিপ্রকে—দ্রোণপরিমিত ধান্যোৎপাদনে সমর্থ,—ভূমি দান করিলে, যেরূপ ফল হয়, বলিতেছি, শ্রবণ কর। মানব গঙ্গাতীরে যথাবিধি শতশত অশ্বমেধযজ্ঞ করিলে যে ফললাভ হয়, সেই ব্যক্তি, সেই ফল লাভ করিয়া থাকে। আর যে ভূমিতে খারী-পরিমিত ধান্য হয়, দরিদ্র ব্রাহ্মণকে তাদৃশ ভূমি দান করিলে, গঙ্গা-তীরে শত শত অশ্বমেধ ও শত শত বাজপেয়যজ্ঞ জন্য পুণ্যফলের তুল্য ফলপ্রাপ্তি হইয়া থাকে। অধিক আর কি কহিব, ভূমিদানই মহাদান ও অতিদান বলিয়া কথিত আছে। ভূমিদানে সর্ব্বপাপ বিনষ্ট এবং অপবর্গ লাভ হইয়া থাকে। হে দৈত্য-কুলেশ্বর! এই বিষয়ে আমি এক ইতিহাস কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর,—শ্রদ্ধা-সহকারে উহা শ্রবণ করিলে, ভূমিদানের ফল হয়। হে বলে! পূর্ব্বকালে ভদ্রমতি নামে কোন এক বৃত্তিহীন দরিদ্র ব্রহ্মকল্প মহামুনি ব্রাহ্মণ ছিলেন। তিনি বেদজ্ঞ এবং সমুদয় পুরাণ ও ধর্ম্ম-শাস্ত্রে পারদর্শী। শ্রুতা, সিন্ধু, যশোবতী, কামিনী, মানিনী ও শোভা নামে তাঁহার ছয় পত্নী ছিল। হে অসুরশ্রেষ্ঠ! সেই পত্নীগণের গর্ভে ত্রিশত চত্বরিংশৎ পুত্র জন্মগ্রহণ করে। তাহারা প্রতিদিনই ক্ষুধায় আকুল হইত। একদা সেই দরিদ্র ভদ্রমতি স্বয়ং ক্ষুধার্ত্ত হইয়া এবং প্রিয় পুত্রগণকে ক্ষুধার্ত্ত দেখিয়া, ব্যাকুল-চিত্তে বিলাপ করত ভাবিলেন, 'হায়, যাহার সৌভাগ্য নাই ও ধন নাই, তাহার জন্মে ধিক্। যে ব্যক্তি, উদরান্নের নিমিত্ত সর্ব্বদা সচেষ্ট, যে ব্যক্তি অতিথি-সৎকারে অশক্ত, যাহার কোনরূপ সদাচার নাই, যে সতত অন্যের নিকট প্রার্থনা করিয়া জীবিকা-নির্ব্বাহ করে এবং যাহার বন্ধু বা সুখ্যাতি নাই, তাহাদিগের জীবনে ধিক্। যে মানব, বহু-সন্তানান্বিত অথচ ঐশ্বর্য্যহীন, তাহার জীবন-ধারণে শত শত ধিক্। মানব, দরিদ্ররূপ সাগরে নিমগ্ন হইলে, তাহার কি সদ্গুণনিচয়, কি মধুরতা, কি পাণ্ডিত্য এবং কি সৎকুলে

জন্ম, কিছুরই শোভা থাকে না। যে ব্যক্তি ঐশ্বর্য্য-বিহীন হয়, তাহাকে কি প্রিয়-পুত্রগণ, কি পৌত্র, কি বান্ধব, কি ভ্রাতা এবং কি শিষ্য, সকলেই পরিত্যাগ করিয়া থাকে। ভাগ্যবান্ ব্যক্তি চাণ্ডালই হউক আর ব্রাহ্মণই হউক, সকলের নিকটই সমাদৃত হয়, আর দরিদ্র হইলে, শববৎ সকলের ঘৃণার্হ হইয়া থাকে। কি আশ্চর্য্য। যাহার সম্পত্তি আছে, সে নিষ্ঠুরই হউক বা অনিষ্ঠুরই হউক, গুণবানই হউক আর গুণহীনই হউক, মূর্খই হউক আর পণ্ডিতই হউক, কিংবা ধার্ম্মিকই হউক আর অধার্ম্মিকই হউক; সে নিঃসন্দেহ সকলের নিকট পূজনীয় হয়। হায়, এক দরিদ্রতাই ভীষণ দুঃখকর, আবার তাহাতে আশা, মানবগণের নিরতিশয় ক্লেশ-দায়িনী। আশাভিভূত পুরুষগণ নিরন্তর স্বয়ং দুঃখানুভব করিয়া থাকে। যাহারা আশার অধীন, তাহারা সকলেরই দাসবৎ থাকে। অতুল-সম্পত্তিই মহত্তের সম্মানের কারণ, কিন্তু আশারূপ শত্রু সেই সম্মানকেও বিনষ্ট করে, অতএব মহতী আশার মূলীভূত দারিদ্র্যই সর্ব্বানর্থের হেতু। দরিদ্র ব্যক্তি সর্ব্বশাস্ত্রার্থ-বেত্তা হইলেও মূর্খের ন্যায় প্রতীয়মান হইয়া থাকে। দারিদ্র্যরূপ মহারোগগ্রস্ত মানবগণের কেহই পরিত্রাণকর্ত্তা নাই, অতএব এই জগতে দারিদ্র্য অপেক্ষা মহৎ দুঃখকর আর কিছুই নাই, তন্মধ্যে দরিদ্র যদি বহুপুত্রান্বিত হয়, তাহার দুঃখের কথা আর কি কহিব?' সর্ব্বশাস্ত্র-পারদর্শী ভদ্রমতি, মনে মনে এইরূপ কহিয়া ধর্ম্মজনক কোন কার্য্য সামান্য সম্পত্তিতেও হইতে পারে, বিবেচনাপূর্ব্বক স্থির করিলেন,—'ভূমিদানই সর্ব্বপ্রকার দানের মধ্যে শ্রেষ্ঠ; পণ্ডিতগণ ভূমিদাতাকেই সর্ব্বপ্রধান বলিয়াছেন। মানব, ভূমি দান করিলে, সর্ব্বপ্রকার অভীষ্টই লাভ করিতে পারে।' হে বৎসে! মতিমান্ ধীর ভদ্রমতি, এইরূপ নিশ্চয় করিয়া, পত্নীগণের সহিত কৌশাম্বী নগরীতে গমনপূর্ব্বক তথায় সর্ব্বৈশ্বর্য্য-সমন্বিত, সুঘোষ নামক বিপ্রের নিকট পঞ্চহস্ত-পরিমিত ভূমি প্রার্থনা করিলেন। ধর্ম্ম-পরায়ণ সুঘোষ, তাঁহাকে সপরিবার দেখিয়া, সন্তুষ্ট-হৃদয়ে যথাবিধি সৎকারপূর্ব্বক কহিলেন,—'হে ভদ্রমতে! আপনি যখন আমায় অনুগ্রহ করিয়াছেন, তখন আমি আজ চরিতার্থ হইলাম এবং আমার জন্ম সফল ও কুল পবিত্র হইল।' হে দৈত্যেন্দ্র! পরম-ধার্ম্মিক মহামতি সুঘোষ এইরূপ কহিয়া, সেই দ্বিজবর ভদ্রমতিকে বিষ্ণু-বুদ্ধিতে যথোচিত অর্চ্চনাপূর্ব্বক "এই পবিত্রা পৃথিবী বিষ্ণুময়ী এবং বিষ্ণু-পালিতা, অতএব ইহার দান জন্য ভগবান্ জনার্দ্দন আমার প্রতি প্রসন্ন হউন" এই মন্ত্র পাঠ করত পঞ্চহস্ত ভূমি দান করিলেন। পরে ধীমান্ দ্বিজবর ভদ্রমতিও সেই প্রার্থনালব্ধ ভূমিখণ্ড বহুপোষ্য-সমন্বিত কোন এক হরিভক্ত শ্রোত্রিয়কে সমর্পণ করিলেন। অনন্তর সুঘোষ সেই ভূমিদানফলে কোটিবংশের সহিত, যে স্থানে গমন করিলে আর ক্লেশভোগ করিতে হয় না, ঈদৃশ বিষ্ণুভবন প্রাপ্ত হইলেন। হে বৎসে! এদিকে ভদ্রমতিও ঐশ্বর্য্য প্রার্থনা করায় পরিবারবর্গের সহিত যুগযুগান্তর বিষ্ণুলোকে অবস্থিতি করেন, পরে শত অযুত যুগ ব্রহ্মলোকে অবস্থানপূর্ব্বক পঞ্চকল্পকাল ইন্দ্রত্ব ভোগ করিয়াছিলেন; অনন্তর সর্ব্বৈশ্বর্য্য-সমন্বিত ও জাতিস্মর হইয়া পৃথিবীতে জন্মগ্রহণপূর্ব্বক অত্যুৎকৃষ্ট ভোগ্য বস্তু সকল উপভোগ করেন এবং পরে সেই বিষ্ণু-পরায়ণ মহাভাগ ভদ্রমতি নিষ্কাম-হৃদয়ে বৃত্তিহীন বিপ্রদিগকে ভূমি দান করায় ভগবান্ বিষ্ণু

তাঁহার প্রতি প্রসন্ন হইয়া বিপুল ঐশ্বর্য্য প্রদানপূর্ব্বক পরিণামে কোটিবংশের সহিত মোক্ষপদ প্রদান করিয়াছিলেন। অতএব হে দৈত্যপতে। তুমি সর্ব্বধর্ম্মজ্ঞ, আমি মোক্ষের জন্য তপস্যা করিব; তুমি আমায় ত্রিপাদ ভূমি প্রদান কর।" বামনবাক্য-শ্রবণে বিরোচনাত্মজ বলি হৃষ্ট হইয়া পৃথিবী দান করিবার বাসনায় জলপূর্ণ কলস গ্রহণ করিল, কিন্তু শুক্রাচার্য্য তাহাতে বিঘ্ন উৎপাদন করিলেন। তখন সর্ব্বব্যাপী ভগবান্ বিষ্ণু শুক্রচার্য্যকে জলপাত্রের রন্ধ্রাবরক জানিয়া তাহার দ্বারদেশে হস্তস্থিত কুশাগ্র প্রবেশ করাইবা মাত্র তাহা কোটিসূর্য্য-সমপ্রভ অমোঘ ব্রহ্মাস্ত্ররূপ ধারণ করিয়া শুক্রাচার্য্যের এক চক্ষু নাশ করিলে, তিনি শূর অসুরগণকে অভিসম্পাত করিলেন যে, 'তোমরাও আমার ন্যায় এক চক্ষে দর্শন করিবে' এই বলিয়া শস্ত্র-সন্নিভ কুশাগ্র চক্ষু হইতে উন্মোচন করিলেন। এ দিকে বলিরাজ, অমিতপ্রভাব বিশ্বাত্মা মহাবিষ্ণু বামনদেবকে ত্রিপাদভূমি দান করিবামাত্র তিনিও আব্রহ্ম-ভবন কলেবর বৃদ্ধি করিয়া দুই পদে অসীম পৃথিবী ও অপর পদে ব্রহ্মকটাহ পর্য্যন্ত গ্রাস করিলেন। অনন্তর তাঁহার চরণাঙ্গুষ্ঠ-তাড়নে ব্রহ্মাণ্ড দ্বিধা বিভক্ত হওয়ায়, তদ্দ্বার হইতে ব্রহ্মাণ্ড-বাহস্থিত সলিলরাশি বহুধারে আসিয়া উপস্থিত হইতে লাগিল। তখন সেই লোকপাবন নির্ম্মল ব্রহ্মাণ্ড-বাহ্যসলিল ধারারূপে বিষ্ণুপদ ধৌত করত ব্রহ্মাদি দেবগণকে পবিত্র করিয়া এবং সপ্তর্ষি কর্ত্তৃক সেবিত হইয়া সুমেরুশিখরে পতিত হইতে লাগিল। তৎকালে, ব্রহ্মাদি সুরগণ, ঋষিগণ ও মনুগণ এই অদ্ভুত ব্যাপার সন্দর্শন করিয়া আনন্দিতান্তঃকরণে ভগবান্‌কে স্তব করিতে লাগিলেন। কহিলেন,—"হে সনাতন! হে জগন্নাথ! আপনি পরমেশ্বর, পরাত্মরূপী ও পরাৎপর। আপনার রূপ শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ এবং আপনার কর্ম্ম সর্ব্বত্র অব্যাহত। আপনি স্বয়ং ব্রহ্ম-স্বরূপ, অথচ আপনার মন ও প্রাণ ব্রহ্মেই আসক্ত। আপনি প্রমাণাতীত ও পরমানন্দস্বরূপ, অতএব আপনাকে নমস্কার। সর্ব্বত্র আপনার চক্ষুঃ বাহু ও মস্তক বিরাজমান এবং এরূপ স্থান নাই, যে স্থানে আপনি গমন না করিয়া থাকেন; এজন্য আমরা আপনাকে পুনঃপুন প্রণাম করিতেছি।" ভগবান্ কমলাকান্ত মহাবিষ্ণু ব্রহ্মাদি দেবগণের ঈদৃশ স্তুতিবাক্য শ্রবণে হাস্য করত তাঁহাদিগকে স্ব স্ব পদ ও অভয়প্রদান পূর্ব্বক বিরোচনাত্মজ বলিরাজকে বন্ধন করিয়া নিবাসার্থ তাহাকে ভোগবহুল রসাতল প্রদান করিলেন। ঋষিগণ কহিলেন,—হে সূত! ভগবান্ মহাবিষ্ণু, সর্পভয়াকুল রসাতল মধ্যে বলিরাজের কিপ্রকার ভোজ্য স্থির করিলেন? সূত কহিলেন,—যে ব্যক্তি, অনলমধ্যে মন্ত্রব্যতীত ঘৃতাহুতি, কিংবা অপাত্রে যে কোন বস্তু দান করে—তৎসমুদয়, আর অশুচি ব্যক্তির অগ্নিতে দত্ত ঘৃত ও অশুচিকৃত যে কোন সৎকার্য্যের অনুষ্ঠান, অধঃপাতজনক তৎসমস্তই তাহার ভোগ্য হইয়া থাকে। ভগবান্ বিষ্ণু, এইরূপে বলিরাজকে ও রাক্ষসগণকে রসাতলে প্রেরণ পূর্ব্বক সুরগণকে অত্যুত্তম স্বর্গরাজ্য প্রদান করিলেন। তৎকালে তাঁহাকে অমরগণ অর্চ্চনা ও মহর্ষিগণ স্তুতিবাদ করিতে লাগিলেন এবং গন্ধর্ব্বগণ তাঁহার গুণগানে প্রবৃত্ত হইলে, তিনি পুনরায় পূর্ব্ববৎ বামনমূর্ত্তি ধারণ করিলেন। ব্রহ্মবাদী মুনিগণ তাঁহার তাদৃশ বিচিত্র কার্য্য নিরীক্ষণ করিয়া পরস্পর পরস্পরের মুখাবলোকন পূর্ব্বক হাস্য করত সেই পুরুষোত্তম বামনদেবকে প্রণাম করিতে লাগিলেন। সর্ব্বভূতাত্মক ভগবান্ বিষ্ণু, এইরূপে অখিল

জন্মগণকে মুগ্ধ করত তপস্যার্থ বামনরূপে অরণ্যমধ্যে প্রস্থান করিলেন। বিষ্ণু-পাদোদ্ভবা ভগবতী ভাগীরথী এবংবিধ-প্রভাব-সম্পন্না; তাঁহার নামস্মরণমাত্রে জীবগণ সমুদয় পাপরাশি হইতে মুক্তি লাভ করিয়া থাকে। যে ব্যক্তি, শত শত যোজন দূরে থাকিয়াও "গঙ্গা গঙ্গা" এইরূপ উচ্চারণ করে, সে নিখিল পাপপুঞ্জ হইতে নিষ্কৃতি লাভ করিয়া বিষ্ণুলোকে পরমসুখে কালাতিপাত করিতে সমর্থ হয়। দেবালয়ে বা গৃহে সমাহিতচিত্ত হইয়া এই অধ্যায় পাঠ বা শ্রবণ করিলে, সহস্র অশ্বমেধযজ্ঞের ফল লাভ হইয়া থাকে এবং যাহারা একাগ্রমনে ইহা ব্যাখ্যা করে, গঙ্গা ও বিষ্ণুর প্রসাদে তাহাদিগকে আর জন্মগ্রহণ করিতে হয় না।

একাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১১ ॥

দ্বাদশ অধ্যায়।

ঋষি কহিলেন,—হে সূত। কিরূপ ব্যক্তিকে দান করা কর্ত্তব্য, কিপ্রকার কালে দান করা উচিত এবং কোন্ ব্যক্তি প্রতিগ্রহের উপযুক্ত পাত্র? আপনি এই সকল বিষয় আমাদিগের নিকট কীর্ত্তন করুন। সূত কহিলেন,—ব্রাহ্মণই সর্ব্ববর্ণের পরম গুরু, অতএব ব্রাহ্মণকেই দান করা বিধেয়, তন্মধ্যে সেই ব্রাহ্মণ পণ্ডিত হইলে সংসার হইতে নিস্তার করিয়া থাকেন। ব্রাহ্মণ, গোপভিন্ন সকলের নিকট প্রতিগ্রহ করিতে পারেন। ক্ষত্রিয় বা বৈশ্যের প্রতিগ্রহের কথা কুত্রাপি নাই। যে ব্যক্তি দাম্ভিক, পুত্রহীন এবং বেদদ্বেষী, তাহাকে দান করিলে নিষ্ফল হয়। আর ব্রাহ্মণদ্বেষী, স্বকর্ম্মত্যাগী, পরদাররত, পরদ্রব্যাপহারী, দৈবজ্ঞব্রাহ্মণ, অসূয়াযুক্ত, কৃতঘ্ন, কপটাচারী, অযাজ্যযাজক, সতত প্রার্থনাসক্ত, হিংসক, শঠ, মাংসবিক্রয়ী, বেদবিক্রয়ী, স্মৃতিবিক্রয়ী, ধর্ম্মবিক্রয়ী, কিংবা যে ব্যক্তি পর-পীড়াকারী, তাহাদিগকে দান করিলেও কোন ফল নাই। যাহারা পাপকার্য্যে নিরত এবং সুজনের নিকট সর্ব্বদা নিন্দনীয়, তাহাদিগের নিকট কিছুমাত্র প্রতিগ্রহ বা তাহাদিগকে কিছুমাত্র দান করিবে না। সৎকর্ম্মপরায়ণ, সাত্ত্বিক, বৃত্তিহীন, বহুপরিবারান্বিত এবং দরিদ্র শ্রোত্রিয় ব্রাহ্মণকে দান করা সর্ব্বতোভাবে বিধেয়। হে বিপ্রগণ! আর যে ব্যক্তি, দেবপূজা ও সৎকথায় আসক্ত, যত্নপূর্ব্বক তাহাকে দান করিবে; আবার সে যদি দরিদ্র হয়, তাহা হইলে, তাহাকে দান করা সর্ব্বতোভাবে বিধেয়।

দ্বাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১২ ॥

ত্রয়োদশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে সূত! পূর্ব্বে মহাভাগ ভগীরথ, কি প্রকারে গঙ্গার শুভ-মাহাত্ম্য বিদিত হইয়াছিলেন এবং কি প্রকারেই বা তাঁহাকে আনয়ন করিয়াছিলেন? সূত কহিলেন,—হে দ্বিজসত্তমগণ! আপনারা উত্তম বিষয়ই শ্রবণ করিতে বাসনা করিয়াছেন, কারণ, গঙ্গার মাহাত্ম্যকথা শ্রবণ করিতে সতত উৎসুক থাকিলে মানবগণ পরম গতি লাভ করিয়া থাকে। হে ঋষিগণ! এক্ষণে বলিতেছি, শ্রবণ করুন। পূর্ব্বে মহাত্মা নারদ, ঐ পবিত্র বিষয় মুনিবর সনৎকুমারকে কহিয়াছিলেন। ঐ পবিত্র আখ্যান শ্রবণ করিলে নিখিল পাপরাশি তিরোভূত হয়। অধিক কি, ভগবান্ নারদ মুনি বলিয়াছেন, "উহা শ্রবণে ব্রহ্মহত্যাকারীও পবিত্র হইয়া থাকে।" সগরবংশধর ভগীরথ, কাহার উপদেশে কি প্রকারে গঙ্গাকে আনায়ন করিয়াছিলেন, এক্ষণে সেই সকল বিষয় বলিতেছি, শ্রবণ করুন। সগরবংশজাত মহারাজ ভগীরথ, সপ্তদ্বীপ-সমন্বিতা সসাগরা ধরা শাসন করিতেন। তিনি সর্ব্বধর্ম্মজ্ঞ, সর্ব্বধর্ম্মযুত, সত্যনিষ্ঠ, যজ্ঞানুষ্ঠানে তৎপর, দয়াদি-গুণসম্পন্ন, সতত সাধুগণের পক্ষপাতী, কন্দর্প তুল্য সৌন্দর্য্যশালী, চন্দ্রের ন্যায় প্রিয়দর্শন, হিমাদ্রির ন্যায় ধৈর্য্যান্বিত, সাক্ষাৎ ধর্ম্মতুল্য সর্ব্বসুলক্ষণযুক্ত, সর্ব্ব শাস্ত্রে পারদর্শী, সর্ব্বপ্রকার ঐশ্বর্য্যে বিভূষিত, সকলের আনন্দকর, অতিথিসেবায় আসক্ত, সতত বাসুদেবার্চ্চনে নিরত, মহাপরাক্রমশালী, সর্ব্বগুণাকর এবং প্রাণিগণের হিতসাধনে সর্ব্বদা উদ্যুক্ত ছিলেন। একদা মহাপ্রাজ্ঞ ধর্ম্মরাজ, ঈদৃশ বহুগুণ-সম্পন্ন সেই নৃপবর ভগীরথকে নিরীক্ষণ করিবার বাসনায় সমাগত হইলে, তিনি তাঁহাকে যথাবিধি পূজা করিয়া ক্ষিতি-তলে দণ্ডবৎ প্রণাম করিলেন। অনন্তর ধর্ম্মরাজ, অতিথি-সৎকার গ্রহণ পূর্ব্বক আসনে উপবিষ্ট হইলে, মহাভাগ ভগীরথ কৃতাঞ্জলি হইয়া সবিনয়ে কহিলেন,— "হে মহাভাগ! হে সর্ব্বতত্ত্বজ্ঞ! আজ আমি কৃতার্থ হইলাম। আমি মনুষ্য, আপনি দেবতা, সুতরাং কি প্রকারে আমি আপনার উপকার করিব?" সগরকুলতিলক বীরবর ভগীরথ এইরূপ কহিলে, সূর্য্যতনয় ধর্ম্মরাজ, তাঁহার প্রতি পরম কৃপাপরবশ হইয়া হাস্য করত কহিলেন,—"হে রাজন্! তুমি ত্রিলোক মধ্যে ধার্ম্মিকগণের অগ্রগণ্য বলিয়া প্রসিদ্ধ, আমি তজ্জন্য তোমার সহিত সাক্ষাৎকার করিতে আগমন করিয়াছি জানিও। যে মানব সৎপথপ্রবৃত্ত এবং নিখিল প্রাণীর হিতসাধনে তৎপর, সদ্‌গুণ-লোলুপ দেবগণ তাহাকে দর্শন করিতে অভিলাষ করিয়া থাকেন। হে ভূপতে! যাহার কীর্ত্তি, নীতি ও সম্পত্তি বিরাজমান, সাধুগণ ও সমুদয় দেবগণ তাহার নিকট বাস করেন। হে রাজন্! হে মহাভাগ! তোমার কি অদ্ভুত চরিত্র! তোমার তুল্য সর্ব্বভূত-হিতৈষিতা আমাদিগেরও দুর্লভ।" ধর্ম্মরাজ এইরূপ কহিতে লাগিলে, বদান্যবর ভগীরথ, তাঁহাকে যথাবিধি প্রণাম পূর্ব্বক সত্য অথচ মধুর বাক্যে কহিলেন,—"হে ভগবন্! হে সুরেশ্বর! আপনি সমদর্শী এবং সর্ব্বধর্ম্মজ্ঞ, অতএব আমি আপনাকে যে বিষয় জিজ্ঞাসা করিতেছি, আপনি কৃপা করিয়া তদ্বিষয় কীর্ত্তন করুন। ধর্ম্ম কি প্রকার? কাহারাই বা ধর্ম্মশীল? কতবিধ যাতনা, এবং কোন্ কোন্ ব্যক্তিকে সেই যাতনা ভোগ করিতে হয়? আর, কাহারা আপনার নিকট

সম্মাননীয় বা কাহারা দণ্ডনীয় হইয়া থাকে? হে মহাভাগ! আপনি আমার নিকট সবিস্তারে এই সকল বিষয় বর্ণন করুন।" ধর্মরাজ কহিলেন,—"সাধু সাধু, হে মহাভাগ! তোমার বুদ্ধি অতি নির্মল ও সমুজ্জ্বল। হে ভূপতে! আমি এক্ষণে তোমার অভিপ্রায়ানুরূপ প্রকৃত ধর্মাধর্ম্ম বিষয় কীর্ত্তন করিতেছি শ্রবণ কর। যাহাতে পবিত্র লোকে বাস করা যায়, এরূপ বহুবিধ ধর্ম্ম এবং অসংখ্য প্রকার যাতনাও উল্লিখিত আছে। কিন্তু সে সমুদয় আমি শত বর্ষেও বিস্তাররূপে বর্ণন করিতে সমর্থ নহি, এজন্য সংক্ষেপে বলিতেছি, শ্রবণ কর। হে রাজন্! দ্বিজগণকে বৃত্তিদান মহাপুণ্যজনক বলিয়া কথিত আছে, তন্মধ্যে তাহা যদি অধ্যাত্মবিৎ ব্রাহ্মণকে দান করা হয়, তাহা হইলে অক্ষয় পুণ্যজনক হইয়া থাকে। যে ব্যক্তি কলত্রান্বিত গুণযুক্ত শাস্ত্রজ্ঞ শ্রোত্রিয় ব্রাহ্মণকে বৃত্তিদান পূর্ব্বক স্থাপন করে, তাহার পুণ্যফল শ্রবণ কর। সে, পিতৃকুল ও মাতৃকুলের দ্বিকোটি পুরুষের সহিত কল্পকাল পর্য্যন্ত বিষ্ণুর সহিত বাস করিয়া পরিণামে তাঁহাতেই লীন হইয়া থাকে। বরং ভূমি-রেণু বা বৃষ্টিবিন্দুও গণনা করা যাইতে পারে, কিন্তু ব্রহ্মস্থাপন-ফল স্বয়ং বিধাতাও গণনা করিতে পারেন না। ব্রাহ্মণই নিখিল দেবতা-স্বরূপ, সুতরাং তাঁহাকে জীবিকা দান করিলে যে কি ফল হয়, তাহা কে বর্ণনা করিতে পারিবে। যে নিরন্তর বিপ্রগণের হিতকারী, তাহার অখিল যজ্ঞের, সমুদয় তীর্থস্নানের এবং সর্ব্বপ্রকার তপোনুষ্ঠানের ফল লাভ হইয়া থাকে। অধিক কি কহিব যে মানব, 'ব্রাহ্মণগণকে বৃত্তিদান কর' এরূপ বাক্যও প্রয়োগ করে, সেও তাহার তুল্য ফলভোগী হয়। যে ব্যক্তি, স্বয়ং বা অন্য দ্বারা তড়াগ খনন করাইতে পারে, শত শত বর্ষেও তাহার পুণ্যফল ব্যক্ত করিতে পারি না। হে রাজন্! তড়াগকারী, পঞ্চকোটিকুলে পরিবৃত হইয়া কল্পকাল পর্য্যন্ত বিষ্ণুর সহিত অবস্থান করিয়া পরে নির্ব্বাণ প্রাপ্ত হয়। যে কোন পথিক, তড়াগের জল পান করিলে তড়াগকারীর নিখিল পাপ বিনষ্ট হইয়া থাকে। হে রাজন্! এ বিষয়ে কিছুমাত্র সংশয় নাই। যে ব্যক্তি, এক দিবসও ভূতলে জল রক্ষা করিতে পারে, সেও সমুদয় পাপ হইতে বিমুক্ত হইয়া শতবর্ষ স্বর্গে অবস্থিতি করে। যে মানব আপনার সাধ্যানুসারে তড়াগ-খননে উদ্যত হয়, কিংবা যে তাহার উপায় উদ্ভাবন করে, তাহারাও তড়াগকারীর তুল্য পুণ্যফল প্রাপ্ত হইয়া থাকে। অধিক কি, যে ব্যক্তি, তড়াগ মধ্য হইতে তিলার্দ্ধ-পরিমিত মৃত্তিকা উত্তোলন করে, সেও কোটি কোটি পাপরাশি হইতে মুক্ত হইয়া পঞ্চাশৎ বর্ষ স্বর্গবাসী হয়। যে মানব, ভগবান্ শঙ্কর বা নারায়ণের মন্দির প্রতিষ্ঠা করে, তাহার পুণ্যফল শ্রবণ কর। সে মাতৃকুল ও পিতৃকুলের লক্ষকোটি পুরুষের সহিত কল্পত্রয় বিষ্ণুলোকে অবস্থান পূর্ব্বক পরিণামে নির্ব্বাণ মুক্তি লাভ করিয়া থাকে। কাষ্ঠ-মন্দির নির্ম্মাণ করাইলে দ্বিগুণ, ইষ্টক-মন্দিরে ত্রিগুণ, প্রস্তরময় মন্দিরে চতুর্গুণ, স্ফটিকাদিতে দশগুণ, তাম্র-মন্দিরে শতগুণ এবং স্বর্ণ মন্দির নির্ম্মাণ করাইলে কোটিগুণ অধিক ফল হয়। যে ব্যক্তি দেবালয় তড়াগ বা গ্রাম পালন করে, হে মহীপতে! সেও কর্ত্তা অপেক্ষা শতগুণ ফল প্রাপ্ত হইয়া থাকে। যাহারা এই সকল ধর্ম্মকথা শুনিতে ইচ্ছা করে, তাহারা চিরদিনের জন্য বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হয়। যাহারা সম্পত্তিহীন হইয়াও স্বীকৃত ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করে কিংবা বলপূর্ব্বক অন্য দ্বারা সম্পাদন করায়, তাহারা

শতকোটি কুলে পরিবৃত হইয়া বিষ্ণুর সহিত বৈকুণ্ঠধামে পরম সুখে কালযাপন করিয়া থাকে। হে রাজন্! সরোবর-নির্ম্মাণে তড়াগের অর্দ্ধেক, কূপ-স্থাপনে তাহার অর্দ্ধেক এবং কুল্যা-স্থাপনে তড়াগ অপেক্ষায় শতগুণ অধিক পুণ্য হয়। ধনাঢ্য ব্যক্তি যদি গ্রাম স্থাপন করে এবং দরিদ্র যদি একটী মাত্র গো কিংবা এক হস্ত পরিমিত ভূমি দান করিতে পারে, তাহা হইলে উভয়েরই তুল্য ফল হয়, ইহা কথিত আছে। ধনী ব্যক্তি প্রস্তরময় এবং দরিদ্র মৃন্ময় দেবগৃহ নির্ম্মাণে সমান ফল লাভ করে। ধনাঢ্যের তড়াগ এবং দরিদ্রের কূপ প্রতিষ্ঠায় সমান ফল অভিহিত আছে। ধনবান্ বহুল প্রাণীর হিতসাধনার্থ উদ্যান স্থাপন করিলে চিরকালের জন্য ব্রহ্মলোকে বাস করিয়া থাকে, আর দরিদ্র একটীমাত্র বৃক্ষ স্থাপন করিতে পারিলে কুলত্রয়ের সহিত ব্রহ্মলোকে অবস্থিতি করিতে পারে। গো, ব্রাহ্মণ, কিংবা যে কোন প্রাণী ক্ষণকালের জন্য সেই বৃক্ষচ্ছায়া সেবন করিলে, রোপণকারীর স্বর্গ লাভ হইয়া থাকে। যাহারা উদ্যান, দেবালয়, তড়াগ অথবা গ্রাম স্থাপন করিতে পারে, ভগবান্ হরি, সেই সকল মহাভাগ্যবান্‌গণকে সমাদর করিয়া থাকেন। হে জনেশ্বর! যাহারা সাধারণের উপভোগার্থ কিংবা দেবপূজার্থ পুষ্পোদ্যান স্থাপন করে, তাহাদিগের পুণ্যফল শ্রবণ কর। সেই উদ্যানে যাবৎপরিমিত পত্র ও পুষ্প উৎপন্ন হয়, উদ্যানকর্ত্তা শতকোটিকুলের সহিত তাবৎকাল স্বর্গধামে বাস করিয়া থাকে। হে রাজন্! যাহারা সেই পুষ্পোদ্যানের প্রাচীর বা কণ্টকময় বৃতি দান করে, তাহাদিগের তিনযুগ ব্রহ্মলোকে বাস হয় এবং যাহারা, উদ্যানের প্রাচীর বা কণ্টকবৃতি প্রদান করিতে পারে, তাহারা শত-যুগ যথাযোগ্য স্বর্গে বাস করিয়া থাকে। হে মনুজেশ্বর! যাহারা তুলসীবৃক্ষ রোপণ করে, তাহাদিগের পুণ্যফল বলিতেছি, শ্রবণ কর। তাহারা পিতৃ-মাতৃকুলের সপ্তকোটী পুরুষের সহিত সার্দ্ধ শতকল্প পর্য্যন্ত নারায়ণ-সমীপে অবস্থান করে। যে ব্যক্তি, তুলসী-তলের মৃত্তিকায় ঊর্দ্ধপুণ্ড্রক রচনা করে, পরিণামে তাহার ললাটদেশে একটী চক্ষু ও মস্তকে চন্দ্রকলা বিরাজ করিয়া থাকে অর্থাৎ সে শিবত্ব প্রাপ্ত হয়। তুলসীমূল হইতে যতগুলি তৃণ উন্মূলন করা যায়, নিঃসন্দেহ তাবৎ-পরিমিত ব্রহ্মহত্যাপাপ বিলীন হইয়া থাকে। তুলসীবৃক্ষে অল্পমাত্র জল সেচন করিলে যতকাল চন্দ্র ও তারকারাজি বিরাজ করিবে, তাবৎকাল ক্ষীরোদশায়ী ভগবান্ বিষ্ণুর সহিত বাস হইয়া থাকে। মানব ব্রাহ্মণকে তুলসীর কোমল পত্র দান করিলে কুলত্রয়ের সহিত বিষ্ণুলোকে গমন করিতে সমর্থ হয়। যে ব্যক্তি সতত কর্ণে তুলসীপত্র এবং কণ্ঠদেশে তুলসীকাষ্ঠের মালা ধারণ করে, তাহার কোনরূপ উপপাতক থাকে না। হে রাজেন্দ্র! প্রাচীর বা কণ্টক দ্বারা তুলসীকে বেষ্টিত রাখিলে যেরূপ মহৎ পুণ্যফল হয়, তাহা শ্রবণ কর। হে রাজন্! যত দিন ঐ কণ্টকাবরণ থাকিবে, তাবৎকাল সেই কণ্টকদাতাও কুলত্রয়ের সহিত ব্রহ্মলোকে বাস করে এবং প্রাচীরদাতা কুলত্রয়ের সহিত বিষ্ণুর সারূপ্য প্রাপ্ত হইয়া থাকে। যে ব্যক্তি কোমল তুলসীপত্র দ্বারা ভগবান্ হরির চরণকমল অর্চ্চনা করিতে পারে, কখন তাহার ব্রহ্মলোক হইতে পতন হয় না। মানব দ্বাদশী কিংবা পৌর্ণমাসী তিথিতে বিষ্ণুকে দুগ্ধ দ্বারা স্নান করাইলে অযুতকুলের সহিত বিষ্ণুর সাযুজ্য লাভ করিয়া থাকে। যে ব্যক্তি ভগবান কেশবকে প্রস্থ-পরিমিত দুগ্ধ দ্বারা স্নান করাইতে পারে, তাহারও অযুতকুলের

সহিত বিষ্ণুর সারূপ্য লাভ হয়। যে মানব প্রস্থপরিমিত ঘৃত দ্বারা দ্বাদশী তিথিতে নারায়ণকে স্নান করায়, হে রাজন্! সে কোটিকুলের সহিত হরিসাযুজ্য লাভ করিয়া থাকে এবং একাদশীতিথিতেও পঞ্চামৃত দ্বারা স্নান করাইলে কোটিকুলের সহিত বিষ্ণুর সাযুজ্য প্রাপ্ত হয়। হে নৃপোত্তম! একাদশী দ্বাদশী বা পৌর্ণমাসী-তিথিতে নারিকেলোদক দ্বারা নারায়ণকে স্নান করাইলে যাদৃশ ফল হয়, শ্রবণ কর। হে নৃপ! সে ব্যক্তি শতজন্মার্জ্জিত পাপ হইতে মুক্ত হইয়া ত্রিশত কুলের সহিত বিষ্ণু-সহ বাসে পরমসুখে কালাতিপাত করিয়া থাকে। যে ব্যক্তি ইক্ষুরসে দেবদেব কেশবকে স্নান করাইতে পারে, সেও অযুতকুলের সহিত বিষ্ণুসহবাসে সুখী হয়। পুষ্পোদক বা গন্ধোদক দ্বারা ভক্তিপূর্ব্বক ভগবান্‌কে স্নান করাইলে, মানব এক যুগ স্বর্গের অধীশ্বর হইয়া থাকে। যে ব্যক্তি মন্ত্রপূত জল দ্বারা কেশবকে স্নান করায়, সে সমুদয় পাপ হইতে নিষ্কৃতি লাভ করিয়া শতবর্ষ স্বর্গে পরমসুখে কালযাপন করে। সূর্য্যগ্রহণ সময়ে ভগবান্ বিষ্ণুকে ক্ষীর দ্বারা স্নান করাইলে, চতুর্দ্দশ পুরুষের সহিত বিষ্ণুলোকে বাস হইয়া থাকে। (শুক্লপক্ষের চতুর্দ্দশী, অষ্টমী, একাদশী, দ্বাদশী, পঞ্চমী ও পূর্ণিমা, রবিবার, চন্দ্রসূর্য্যগ্রহণ, মন্বন্তরা, যুগাদ্যা, ব্যতীপাত, বৈধৃতি, গজচ্ছায়া ও অর্দ্ধোদয় যোগ, সূর্য্যের সহিত পুষ্যা হস্তা বা রোহিণীনক্ষত্রের যোগ, শনির সহিত রোহিণী বা অশ্বিনী, চন্দ্র বা বুধের সহিত অশ্বিনী, ভৃগুপাত, অর্কবৈধৃতি, বুধের সহিত অনুরাধা এবং চন্দ্র বা সূর্য্যের সহিত শ্রবণাযোগ হইলে, কিংবা বৃহস্পতি হস্তানক্ষত্রে অবস্থান করিলে, অথবা বুধাষ্টমী বা ভৃগুরেবতী-সংযুক্ত বুধাষাঢ়ে পবিত্র ও বাগ্‌যত হইয়া ঘৃত বা দুগ্ধ দ্বারা বিষ্ণু কিংবা শিবকে স্নান করাইলে, যে ফল হয়, শ্রবণ কর। সে, সর্ব্বপ্রকার যজ্ঞের ফললাভ করত নিখিল পাপ হইতে মুক্ত হইয়া, একবিংশতি পুরুষের সহিত কল্পকাল পর্য্যন্ত বিষ্ণুলোকে অবস্থানপূর্ব্বক যোগিগণেরও দুর্ল্লভ জ্ঞান লাভ করিয়া, পুনরাবৃত্তিশূন্য নির্ব্বাণ-মুক্তি প্রাপ্ত হইয়া থাকে।) হে ভূপতে! যে ব্যক্তি সোমবার-যুক্ত কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে দুগ্ধ দ্বারা শঙ্করকে স্নান করায়, সে শিবসাযুজ্য লাভ করে এবং সোমবারযুক্ত অষ্টমী-তিথিতেও ভক্তি-সহকারে নারিকেলজলে কিংবা কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশী ও অষ্টমীতে ঘৃত বা মধু দ্বারা মহেশ্বরকে স্নান করাইলে শিব-সাযুজ্য প্রাপ্ত হইয়া থাকে। হে মহাভাগ! যে ব্যক্তি সোমবারে মন্ত্রপূর্ব্বক পুষ্পোদক বা ফলোদক দ্বারা মহাদেবকে স্নান করায়, তাহার শতকল্প স্বর্গবাস হয়। তিলতৈল দ্বারা ভগবান্ কেশব বা মহেশ্বরকে স্নান করাইলে, কুলত্রয়ের সহিত তত্তৎসারূপ্য লাভ হইয়া থাকে। যে মানব ভক্তিভাবে ইক্ষুরসে মহেশ্বরকে স্নান করায়, সে, শতকোটি কুলের সহিত এক কল্প শিবলোকে বাস করে। হে মহাভাগ! যে পুণ্যাত্মা ঘৃত বা দুগ্ধ দ্বারা শিবলিঙ্গকে স্নান করাইতে পারে, তাহার পুণ্যফল বলিতেছি, শ্রবণ কর। সেই ভাগ্যবান্ নর, অযুত জন্মার্জ্জিত পাপ হইতে মুক্ত হইয়া কোটিকুলের সহিত শিব-সাযুজ্য লাভ করিয়া থাকে। উত্থান দ্বাদশীতে পরম ভক্তিসহকারে দুগ্ধ দ্বারা নারায়ণকে স্নান করাইলে, যেরূপ ফল হয়, তাহাও বলিতেছি, শ্রবণ কর। সেই ব্যক্তি কোটিকুলের সহিত অযুত জন্মার্জ্জিত পাপ-রাশি হইতে নিষ্কৃতি লাভ করত নিঃসন্দেহ পরম পদ প্রাপ্ত হয়। কার্ত্তিকী পূর্ণিমাতে প্রস্থপরিমিত মধু দ্বারা নারায়ণকে স্নান করাইতে পারিলে, শতকোটি কুলের সহিত

হরিকে লাভ করিয়া থাকে। মনোহর গন্ধ এবং পুষ্প দ্বারা নারায়ণ বা মহেশ্বরকে অর্চ্চনা করিলে তত্তৎসারূপ্য লাভ হয়। যে মানব পদ্মপুষ্প দ্বারা হরি বা হরকে পূজা করে, সে কুলত্রয়ের সহিত বৈকুণ্ঠে বাস করে। কেতকীকুসুম দ্বারা কেশবকে এবং ধুস্তুর পুষ্প দ্বারা শঙ্করকে অর্চ্চনা করিলে, নিখিল পাপপুঞ্জ হইতে বিমুক্ত হইয়া এক যুগ বিষ্ণুলোকে অবস্থিতি করিয়া থাকে। হে মহাভাগ! চম্পকপুষ্পে হরিকে এবং অর্কপুষ্পে শঙ্করকে পূজা করিলে, তত্তৎসারূপ্য লাভ হয়। জাতিপুষ্প দ্বারা শঙ্করের এবং বন্ধুকপুষ্প দ্বারা হরির পূজা করিলে সমুদয় পাপ বিনষ্ট হয় এবং স্বর্গধামে বাস হইয়া থাকে। মানবগণ কাকোলকুসুমে বিষ্ণুকে এবং রুদ্রপুষ্পে দেবদেব মহেশ্বরকে অর্চ্চনা করিলে, তত্তৎসারূপ্য লাভ করিয়া থাকে। হে রাজেন্দ্র! মনোহর প্রস্থপুষ্প কিংবা শমীপুষ্প দ্বারা নারায়ণ বা মহেশ্বরকে পূজা করিলে সর্ব্বাভীষ্ট লাভ হয়। যে ব্যক্তি চতুর্দ্দশী তিথিতে অপামার্গপত্র দ্বারা বিশেষরূপে মহেশ্বরকে অর্চ্চনা করে, সে শিবসাযুজ্য লাভ করিয়া থাকে। শঙ্কর বা বিষ্ণুকে ভক্তিপূর্ব্বক ঘৃতসংযুক্ত গুগ্‌গুল ও ধূপ দান করিলে সমস্ত পাপ তিরোভূত হয়। ভগবান্ শঙ্কর বা বিষ্ণুকে তিলতৈলের দীপ দান করিতে পারিলে সর্ব্বপ্রকার অভীষ্ট লাভ করিতে পারা যায়। হরি বা হরের উদ্দেশে ঘৃতপ্রদীপ দান করিলে সর্ব্ব পাপ হইতে মুক্ত হইয়া গঙ্গাস্নানের ফলভাগী হইয়া থাকে। যে ব্যক্তি শঙ্কর বা হরিকে গ্রাম্য তৈলের এবং রাজভোগ্য ঘৃতের প্রদীপ দান করে, তাহার ফল শ্রবণ কর। সে সর্ব্বপ্রকার পাপ হইতে মুক্ত এবং সর্ব্বৈশ্বর্য্য-সমন্বিত হইয়া একবিংশতি পুরুষের সহিত তত্তৎসালোক্য লাভ করিয়া থাকে। জগতে যাহা কিছু নিজের প্রিয় বস্তু, মহেশ্বর বা বিষ্ণুকে তাহা দান করিলে চত্বারিংশৎ পুরুষের সহিত পরম পদ প্রাপ্ত হওয়া যায়। যে ব্যক্তি আপনার প্রিয় বস্তু ব্রাহ্মণগণকে দান করে, সে ব্রহ্মলোকে গমন করিয়া থাকে, আর তাহার পতন হয় না। হে ভূপতে! ভ্রূণহত্যাকারীও অন্নদান করিলে পবিত্র হইয়া থাকে। অন্ন ও জলদানের তুল্য দান কখন হয় নাই ও হইবেও না। যে অন্নদান করে, সকলে তাহাকে প্রাণদাতা এবং যে প্রাণদান করে, তাহাকে সর্ব্বদাতা বলিয়া থাকে। অতএব হে নৃপোত্তম! যে ব্যক্তি অন্নদান করে, তাহার নিখিল বস্তুদানের ফল হয়। সমুদয় ধর্ম্মশাস্ত্রে স্থিরীকৃত আছে যে, অন্নদান করিলে ব্রহ্মলোকে গমন করিয়া থাকে, তাহার আর পতন হয় না; এই জন্যই অন্নদানের তুল্য আর দান নাই। আবার, অন্নদান অপেক্ষা তৎক্ষণাৎ তুষ্টি-কারক জলদান অধিক আদরণীয়। হে ভূপাল! উহার অদ্ভুত শক্তি শ্রবণ কর, মহাপাতকী কিংবা সর্ব্বপ্রকার পাতকযুক্ত হইলেও যদি অন্ন জল দান করে, তবে সেও পবিত্র হয়। পণ্ডিতগণ বলিয়াছেন, ‘অন্ন হইতেই শরীর এবং অন্নই প্রাণ’ এ কারণ, হে পৃথিবীপতে! যে অন্নদান করে, তাহাকে প্রাণদাতা জানিবে। অন্নদান, তৎক্ষণাৎ সন্তোষজনক এবং সর্ব্বাভীষ্ট ফলপ্রদ; এ জন্য অন্নদানের সমান ফলজনক আর কিছুই নাই ও হইবেও না। অধিক কি, হে নৃপ! যে অন্নদান করে, তাহার বংশজাত সহস্র পুরুষ কখন নরকের মুখ নিরীক্ষণ করে না, এজন্য সর্ব্বপ্রকার দাতা অপেক্ষা অন্নদাতাই শ্রেষ্ঠ। হে রাজন্! যে মানব ভক্তিসহকারে অতিথিকে যথাবিধি সৎকার পূর্ব্বক অন্নদান করে, সে মুক্তিলাভ করিয়া থাকে; অতএব সকলকে অন্নদান কর। যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক অতিথির চরণদ্বয়ে

তৈল মর্দ্দন করে, তাহার গঙ্গাদি নিখিল তীর্থে স্নানের পুণ্য হয়। হে মহারাজ! দ্বিজগণকে তৈলাভ্যঙ্গ করাইলে, নিঃসন্দেহ সম্পূর্ণ শতবর্ষকৃত গঙ্গাস্নানের ফল হইয়া থাকে। হে ক্ষিতিপাল! যে ব্যক্তি, রোগগ্রস্ত ব্রাহ্মণদিগকে রক্ষা করে, সে কোটিকুলের সহিত এক যুগ ব্রহ্মলোকে বাস করিয়া থাকে। হে পৃথিবীপাল! একটী মাত্র রোগগ্রস্ত মনুষ্যকে রক্ষা করিলে ভগবান্ বিষ্ণু তাহার প্রতি প্রসন্ন হইয়া তাহাকে সর্ব্বপ্রকারে অভীষ্ট প্রদান করেন। যে ব্যক্তি কায়মনোবাক্যে পীড়িতকে রক্ষা করে, সে নিষ্পাপ হইয়া সর্ব্বাভীষ্ট লাভ করিয়া থাকে। হে মহীপাল! ব্রাহ্মণকে বাসস্থান দান করিলে বিষ্ণুপ্রভৃতি অখিল দেবতা প্রসন্ন হন। যে ব্যক্তি, বেদজ্ঞ ব্রাহ্মণকে দুগ্ধবতী ধেনু দান করে, সে বিষ্ণুলোকে গমন করিয়া থাকে, আর তাহাকে জন্মগ্রহণ করিতে হয় না। হে মহীপতে! অন্যের নিকট প্রতিগ্রহ পূর্ব্বক গোদান করিলেও যে প্রকার ফল হয়, পণ্ডিত ব্যক্তিও তাহা প্রকাশ করিতে অসমর্থ। যে ব্যক্তি, বেদজ্ঞ ব্রাহ্মণকে পয়স্বিনী কপিলা ধেনু দান করিতে পারে, সে নিখিল পাপ হইতে মুক্ত হইয়া শিবত্ব প্রাপ্ত হইয়া থাকে। অধ্যাত্মবিৎ বিপ্রকে উভয়মুখী গো দান করিলে যে পুণ্য হয়, তাহা শতবর্ষেও ব্যক্ত করিতে অক্ষম। হে ভূপ! যে ব্যক্তি বিহ্বলচিত্ত মানবগণকে অভয় প্রদান করে, কোন্ পণ্ডিত তাহার পুণ্যফল বর্ণন করিতে পারেন? একদিকে প্রভূতদক্ষিণাপূর্ণ নিখিল যজ্ঞ ও একদিকে ভীত ব্যক্তির প্রাণরক্ষা, এ উভয়ই সমান। হে মহীপাল! যে মানব, বিপ্রকে রক্ষা করিতে পারে, সে যে সম্পূর্ণ শতবর্ষকৃত গঙ্গাস্নানের ফলভোগী হয়, তাহাতে আর কিছু মাত্র সংশয় নাই। হে রাজন্! যে ব্যক্তি, ভীতকে অভয় দান করে, সে নিঃসন্দেহ বিষ্ণুত্ব প্রাপ্ত হয়, এইজন্যই অভয়-প্রদান, সর্ব্বধর্ম্মের শ্রেষ্ঠ বলিয়া কথিত আছে। অন্নদাতা রুদ্রলোকে, কন্যাদাতা ব্রহ্মলোকে এবং স্বর্ণদাতা সবংশে বিষ্ণুলোকে গমন করিয়া থাকে। যে ব্যক্তি, কন্যাকে নানা অলঙ্কারে অলঙ্কৃত করিয়া অধ্যাত্মবিৎ-ব্রাহ্মণ-করে সমর্পণ করিতে পারে, সে শতবংশ-সমাযুক্ত হইয়া ব্রহ্মলোকে অবস্থিতি করে। হে ভূপতে! যে, কার্ত্তিকী পূর্ণিমা বা আষাঢ়ী পূর্ণিমা তিথিতে মহাদেবের প্রীত্যর্থ বৃষ উৎসর্গ করে, তাহার পুণ্যফল শ্রবণ কর। সে, সপ্তজন্মার্জ্জিত পাপরাশি হইতে বিমুক্ত হইয়া শিবরূপ ধারণ পূর্ব্বক সপ্তকুলের সহিত শিবসহবাসে পরমানন্দে কালাতিপাত করিয়া থাকে। হে রাজন্! ত্রিশূলাঙ্কিত মহিষ উৎসর্গ করিলে নরক দর্শন করিতে হয় না। হে নৃপসত্তম! যে ব্যক্তি, ভক্তিসহকারে ব্রাহ্মণকে তাম্বুল দান করে, ভগবান্ বিষ্ণু তাহার প্রতি প্রসন্ন হইয়া তাহাকে ঐশ্বর্য্য দান করিয়া থাকেন। দধি, দুগ্ধ, ঘৃত বা মধু দান করিলে দেব পরিমাণে এক যুগ সুখে স্বর্গবাস করা যায়। হে নৃপোত্তম! মানব ইক্ষু দান করিলে চন্দ্রলোক, গন্ধ পুষ্প বা ফল দান করিলে ব্রহ্মলোক, ইক্ষুরস বা গুড় দান করিলে ক্ষীরসাগর, মঠ বা জল দান করিলে অনুত্তম সূর্য্যলোক এবং বিদ্যাদান করিলে সাযুজ্য লাভ হইয়া থাকে, কারণ বিদ্যাদান অতিদানের মধ্যে পরিগণিত। বিদ্যাদান মহাদান এবং গোদান উত্তম হইতেও উত্তম। পণ্ডিতগণ গো, ভূমি ও বিদ্যাদানকে অতিদান বলিয়া নির্দ্দেশ করেন। যদিচ এই ত্রিবিধ দানেই নরক নিবারণ হয় বটে, কিন্তু তথাপি বিদ্যাদান

শ্রেষ্ঠ। হে পরন্তপ! জ্ঞানদানে সাযুজ্য লাভ করা যায় এবং সত্যদান, অক্রোধ ও সরলতা এই তিনই মুক্তিসাধক বলিয়া অভিহিত আছে। ধান্য দান করিলে মানব সমুদয় উপপাতক হইতে বিমুক্ত হইয়া ব্রহ্মলোকে ঐশ্বর্য্য ভোগ করিয়া থাকে। মানব, কোটি-ব্রহ্মাণ্ড দানে যে ফল লাভ করিতে পারে, এক শিবলিঙ্গ প্রদানে সেই ফল প্রাপ্ত হওয়া যায় এবং শালগ্রামশিলা দান করিলে তদপেক্ষা দ্বিগুণ ফল হয়, কারণ, ভগবান্ বিষ্ণুই নিঃসন্দেহ শালগ্রামশিলারূপে বিরাজ করিতেছেন। যে ব্যক্তি, ঘৃতযুক্ত প্রদীপ দান করে, সে সম্পূর্ণ গঙ্গাস্নানের ফলভাগী হইয়া থাকে। হে নৃপোত্তম! রত্নযুক্ত সুবর্ণ দান করিলে পরম মুক্তি লাভ হয়, কারণ, উহা মহাদানের মধ্যে পরিগণিত এবং মাণিক্য দান করিলেও পরম মোক্ষপদপ্রাপ্তি হইয়া থাকে। হে ভূপতে! হীরক দানে ধ্রুবলোকে, বিক্রমদানে সুরলোকে, মৌক্তিকদানে চন্দ্রলোকে এবং বৈদূর্য্য বা পদ্মরাগ মণিদানে রুদ্রলোকে বাস হয়। যে মানব, অলঙ্কার দান করে, সে সর্ব্বত্র সুখ লাভ করিয়া থাকে এবং যে যান দান করে, সে, সর্ব্বদা বিমানে আরোহণ করিয়া ভ্রমণ করিতে পারে। গোগণকে তৃণ দান করিলে অত্যুত্তম রুদ্রলোক এবং মহিষ বা লবণ দান করিলে বরুণ-লোকে বাস হয়। যাহারা, আশ্রমোচিত আচারে নিরত, স্বীয় কর্ত্তব্যপালনে তৎপর এবং দম্ভ ও অসূয়াশূন্য, তাহারা ব্রহ্মলোক প্রাপ্ত হইয়া থাকে। আর যে সকল ব্যক্তি অজ্ঞকে সদুপদেশ দানে আসক্তচিত্ত, রাগদ্বেষাদিশূন্য এবং হরি-চরণার্চ্চনে নিরত, তাহা-দিগেরও ব্রহ্মলোকপ্রাপ্তি হয়। যাহারা সর্ব্বভূতহিতে রত ও পরনিন্দা-বিমুখ এবং সাধু-সহ-বাসে যাহাদিগের অপার আনন্দ, তাহাদিগকে যমালয় দর্শন করিতে হয় না। আর, যাহাদের চিত্ত পরস্ত্রীসঙ্গে কুণ্ঠিত এবং গো-ব্রাহ্মণের হিতসাধনে উৎসুক, তাহারাও কখন যমপুরী নিরীক্ষণ করে না। যাহারা জিতেন্দ্রিয়, জিতাহার, গোগণের প্রতি সদ্ব্যবহার-সম্পন্ন এবং বিপ্রগণের হিতকারী, তাহারা পরম পদ প্রাপ্ত হইয়া থাকে। যে সকল ব্যক্তি, অগ্নি, গুরু ও যতিগণের শুশ্রূষাকারী, তাহাদিগকে যম-যাতনা ভোগ করিতে হয় না। যাহারা সর্ব্বদা দেবতার্চ্চনে নিরত, হরিনাম-জপে আসক্ত এবং প্রতিগ্রহ-পরাঙ্মুখ, তাহারাও পরম পদ লাভ করে। যাহারা অনাথ বিপ্রকুলোৎপন্ন মৃত ব্যক্তির দাহ করে, সেই সকল নরোত্তমগণ সহস্র সহস্র অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হইয়া থাকে। হে মনুজেশ্বর! যে ব্যক্তি পত্র, পুষ্প, ফল বা জল দ্বারা পূজাবিহীন শিবলিঙ্গের অর্চ্চনা করিতে পারে, তাহার পুণ্যফল শ্রবণ কর। হে জনাধিপ! যৎসামান্য জল দ্বারা অর্চ্চনাশূন্য শিবলিঙ্গকে স্নান করাইলে লক্ষ লক্ষ অশ্বমেধ যজ্ঞের অত্যুত্তম ফল লাভ করা যায় এবং পত্র বা পুষ্প দ্বারা পূজা করিলে মানব সহস্রগুণিত অশ্বমেধ যজ্ঞের পুণ্যফল প্রাপ্ত হইয়া থাকে। আর যে ব্যক্তি, ভোজ্য ভক্ষ্য কিংবা ফল দ্বারা পূজা করে, তাহার শিবসাযুজ্য লাভ হয়, পুনরায় তাহাকে জন্মগ্রহণ করিতে হয় না। হে সূর্য্যকুলকুমার! পূজা-বিহীন বিষ্ণু-মূর্ত্তির পূজা করিলে যেরূপ ফল হয়, বলিতেছি, শ্রবণ কর। যে ব্যক্তি, কেবলমাত্র জল দ্বারা পূজা করে, সে সপ্ততি-কুলের সহিত বিষ্ণুর সালোক্য; যে পত্র, পুষ্প বা ফল দ্বারা অর্চ্চনা করে, সে বিশত-কুলের সহিত বিষ্ণুর সারূপ্য এবং যে ভক্ষ্য-ভোজ্যাদি দ্বারা ঐরূপ বিষ্ণু-মূর্ত্তির পূজা করে, সে অযুত

কুলের সহিত মোক্ষপদ প্রাপ্ত হইয়া থাকে। যে ব্যক্তি, ভগ্ন শিবলিঙ্গ বা বিষ্ণু-মূর্ত্তি কিংবা শিব-মন্দির অথবা বিষ্ণুমন্দিরের পুনরায় সংস্কার করে, সেই ভাগ্যবান্ পুরুষ, ত্রিকুলের সহিত শতজন্মার্জ্জিত পাপ হইতে উত্তীর্ণ হইয়া কল্পকাল পর্য্যন্ত বৈকুণ্ঠে অবস্থান-পূর্ব্বক নির্ব্বাণ লাভ করিয়া থাকে। হে রাজন্! দেবালয় সম্মার্জ্জন করিলে, যে ফল হয়, বলিতেছি, শ্রবণ কর। হে নৃপ! যতগুলি ধূলিকণা সম্মার্জ্জিত হয়, তাবৎ-পরিমিত সহস্র সহস্র কল্প বিষ্ণুলোকে পরম সুখে অবস্থিতি করা যায়। হে রাজন্! গোচর্ম্ম-সেচনোপযোগী জল দ্বারা বিষ্ণুমন্দির ধৌত করিলে, যতগুলি বালুকাকণা দ্রবীভূত হয়, হে জনেশ্বর! তাবৎ-জন্মার্জ্জিত পাপ হইতে তৎক্ষণাৎ মুক্তিলাভ হইয়া থাকে। যে ব্যক্তি, গন্ধোদক দ্বারা ভক্তি-সহকারে দেবালয় সিক্ত করে, তাহার পুণ্যফল শ্রবণ কর। হে মনুজেশ্বর! যতগুলি ধূলি জলসিক্ত হয়, সে, তাবৎ-পরিমিত সহস্র সহস্র কল্প বিষ্ণুর সারূপ্য লাভ করিয়া থাকে। মানব, ধাতু-বিকার বা মৃত্তিকা দ্বারা দেবতায়তন নির্ম্মাণ করিলে কুলদ্বয়ের সহিত সুখে বৈকুণ্ঠে বাস করে। হে নৃপ! যে ব্যক্তি শিলাচূর্ণ দ্বারা দেবতায়তনে স্বস্তিকাদি রচনা করে, তাহার পুণ্যফল শ্রবণ কর। হে সূর্য্যকুলতিলক! স্বস্তিকাদি নির্ম্মাণকালে যতগুলি ধূলিকণা ভূতলে পতিত হয়, সে, তাবৎ যুগ-সহস্র হরি-সারূপ্য লাভ করিয়া থাকে। শালিপিষ্টাদি দ্বারা দীপ রচনাপূর্ব্বক দেবালয়ে দান করিলে, যে ফল হয়, শতবর্ষেও তাহা প্রকাশ করিতে অসমর্থ। যে ব্যক্তি, ভগবান্ শঙ্কর বা বাসুদেব উদ্দেশে অখণ্ড দীপ দান করে, তাহার প্রতিদিন অশ্বমেধ যজ্ঞের ফল হইয়া থাকে। হে নৃপ! অর্চ্চিত শঙ্কর বা বিষ্ণুকে নিরীক্ষণপূর্ব্বক প্রণাম করিলে, শতবর্ষ বিষ্ণুলোকে বাস হয়। হে মনুজেশ্বর! যে ব্যক্তি, বিষ্ণুকে বারত্রয় প্রদক্ষিণ করে, সে নিখিল পাপ হইতে মুক্ত হইয়া দেবেন্দ্রত্ব লাভ করিয়া থাকে। পরমাত্মা বিষ্ণুকে অগ্রে প্রদক্ষিণ করিলে, একবারেই সম্পূর্ণ অশ্বমেধের ফল হয়। বামাবর্ত্ত ও দক্ষিণাবর্ত্তে শঙ্করকে প্রদক্ষিণ করিলে, যে ফল হয়, তাহা বলিতেছি, শ্রবণ কর। হে রাজন্! এক-বার প্রদক্ষিণে ব্রহ্মহত্যাপাপ বিনষ্ট হয়, দুই বারে রাজত্ব এবং তিন বারে চন্দ্রসম্পদ্ লাভ হইয়া থাকে। মানব, মহাদেবকে প্রদক্ষিণ করিবার সময়ে সোমসূত্র লঙ্ঘন করিবে না। উহা লঙ্ঘন করা নিতান্ত অকর্ত্তব্য বলিয়া একবার লঙ্ঘনে, তিন অযুতবার লঙ্ঘন করা হয়। মঙ্গলময় জগন্নাথ নারায়ণকে স্তুতিবাদ করিলে, নিখিল মনোবাঞ্ছিত বিষয় সিদ্ধ হইয়া থাকে। হে ভূপতে! যে ব্যক্তি, ভক্তি-সহকারে দেবতায়তনে নৃত্য বা গীত করে, তাহার ফল শ্রবণ কর। সেই গীতকারী, কল্পকাল পর্য্যন্ত গন্ধর্ব্বাধিপত্য এবং নৃত্যকারী ইন্দ্রের গণাধিপত্য লাভ করিয়া পরিণামে অষ্টকুলের সহিত মোক্ষ প্রাপ্ত হইয়া থাকে। যাহারা দেবতায়তনে মুখবাদ্য করে, তাহারা শতবিমানের অধীশ্বর হইয়া, কল্পকাল পর্য্যন্ত স্বর্গবাসী হয় এবং যাহারা করবাদ্য করে, তাহারা সমুদয় পাপ হইতে মুক্ত হইয়া যুগত্রয় বিমানের অধীশ্বর হইয়া থাকে। দেবতায়তনে ঘণ্টাধ্বনি করিলে, যে ফল হয়, এই জগতে কোন পণ্ডিত তাহা বর্ণন করিতে পারেন না। মৃত্তিকা, ধাতু-বিকার বা গোময়াদি দ্বারা দেবালয় লেপন করিলে, বিমানাধিপতি হয়। ভেরী, মৃদঙ্গ, পটহ, ডিণ্ডিম ও বিষাণাদি বাদ্য দ্বারা দেবাধিদেবকে সন্তুষ্ট করিতে পারিলে, যেরূপ ফল

হয়, তাহা শ্রবণ কর। শত শত দেবাঙ্গনার সহিত মিলিত হইয়া, সর্ব্বলোকে সর্ব্ব কর্ম্ম সম্পাদনপূর্ব্বক পঞ্চকল্প পরম সুখে কালাতিপাত হইয়া থাকে। হে রাজন্! যে মানব, দেবতায়তনে শঙ্খধ্বনি করে, সে, অখিল পাপরাশি অতিক্রম করিয়া, ব্রহ্মলোকে ব্রহ্মার সহিত সুখে কালক্ষেপ করিয়া থাকে। দেবতায়তনে কাহলাদি বাদ্য করিলে, সমস্ত পাতক হইতে মুক্ত হইয়া মানব, স্বর্গাধিপত্য লাভ করে। যে ব্যক্তি, বিষ্ণুগৃহে কর-তালাদি কাংস্যবাদ্য করিতে পারে, তাহার যেরূপ ফল হয়, বলিতেছি, শ্রবণ কর। সে, সর্ব্বপ্রকার পাপ হইতে বিমুক্ত, শত শত বিমানের অধিপতি এবং গন্ধর্ব্বগণ কর্ত্তৃক স্তূয়-মান হইয়া ভগবান্ বিষ্ণুর সহিত পরম সুখে কালযাপন করিয়া থাকে। হে রাজেন্দ্র! ইত্যাদি শত শত সহস্র সহস্র কত মহা-ধর্ম্মই যে কথিত আছে, তাহা কেহই সম্যক্রূপে বর্ণন করিতে সমর্থ হয় না। হে রাজন্! যিনি, সর্ব্বভুক্, কামরূপী ও নিরঞ্জন এবং যিনি, নিখিল ধর্ম্মের ফলদাতা; যে দেবাধিদেব চক্রীকে স্মরণ করিবামাত্র সমুদয় কার্য্য সফল হয়; সদাচারসম্পন্ন মানবগণ, প্রতিনিয়ত যাঁহাকে হৃদয় মধ্যে চিন্তা করিয়া থাকে; যাঁহাকে স্মরণ করিবামাত্র সমুদয় ক্লেশ বিদূরিত হইয়া যায় এবং যিনি অখিল সৎ-কর্ম্মের ফল প্রদান করিয়া থাকেন, হে ভূপতে! সেই অবিনাশী অনন্ত পরমাত্মা বিষ্ণুই, সমুদয় ধর্ম্ম ও সমুদয় কর্ম্ম এবং তিনিই কর্ম্মফল-ভোক্তা। বস্তুতঃ যাবতীয় কার্য্য ও কারণ, সকলই বিষ্ণু, এ জগতে বিষ্ণু ভিন্ন আর কিছুই নাই।"

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৩ ॥

চতুর্দ্দশ অধ্যায়।

কাল কহিলেন,—"এক্ষণে পাপবিশেষ এবং স্থূল স্থূল তীব্র নরক-যন্ত্রণার বিষয় ও যে সকল দুরাত্মা নরকাগ্নিতে নিরন্তর অসীম ক্লেশ ভোগ করিয়া থাকে, তাহাদিগের বিষয় কীর্ত্তন করিতেছি, ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক শ্রবণ কর; কারণ নরক অতি ভয়ঙ্কর স্থান। তপন, বালুকাকুম্ভ, রৌরব, মহারৌরব, কুম্ভীপাক, নিরুচ্ছ্বাস, কালসূত্র, প্রমর্দ্দন, ভীষণ অসিপত্রবন, লালাভক্ষ্য, হিমোৎকট, মূষাবস্থা, বসাকূপ, বৈতরণী নদী, শ্বভক্ষ্য, মূত্রপান, পুরীষহ্রদ, তপ্তশূল, তপ্তশিলা, শাল্মলীদ্রুম, শোণিতকূপ এবং যে স্থানে কেবল-মাত্র শোণিত ভোজন করিতে হয়, তাদৃশ শোণিতভোজন প্রভৃতি ভীষণ যন্ত্রণাপ্রদ নানাবিধ নরক আছে এবং কোন নরকে স্বমাংস ভোজন, কোন স্থানে বহ্নিজ্বালা মধ্যে প্রবেশ, কোন নরকে নিরন্তর শিলাবৃষ্টি, কোন নরকে শস্ত্রবৃষ্টি ও কোথাও বা সতত বহ্নিবৃষ্টি ভোগ করিতে হয়। কোন নরক, অসহ্য ক্লেশপ্রদ ক্ষার-বারি ও কোন নরক উষ্ণবারিতে পরিপূর্ণ। কোন নরকে গলিত-লৌহ ভক্ষণ, কোন নরকে অধোলম্বিত-মস্তকে শরীর শোষণ ও কোন নরকে অত্যুচ্চ শৈলশিখর হইতে পতন হইয়া থাকে। এতদ্ভিন্ন বহুবিধ পাষাণযন্ত্র আছে, যাহাতে পাপী সকল অশেষ ক্লেশ প্রাপ্ত হইয়া থাকে এবং কোন নরকে কৃমিভোজন, কোন স্থানে ক্ষারাম্বুপান ও তন্মধ্যে ভ্রমণ করিতে হয়। কোথায়ও ক্রকচাঘাতে পাতকীর

দেহ খণ্ড খণ্ড হইতেছে। কোথায়ও পুরীষভোজন, কোথায়ও পুরীষলেপন, কোথায়ও অসহনীয় রেতঃপান ও কোথায় বা অঙ্গার মধ্যে শয়ন করিতে হয়। কোন নরকে যম-কিঙ্করগণ পাপীর সমুদয় দেহসন্ধি দগ্ধ ও কোথায়ও বা মুষলাঘাতে সমুদয় দেহ চূর্ণ করিতেছে। তদ্ভিন্ন নিদারুণ যন্ত্রণাদায়ক বহুবিধ কাষ্ঠযন্ত্র আছে এবং কোন স্থানে যমদূতগণ পাপীর দেহ ছেদন ও কোন স্থানে কর্ষণ করিতেছে, কোথায়ও পাতকী সকল একবার পড়িতেছে একবার উঠিতেছে, কোথায়ও গদাদণ্ডাদি দ্বারা তাড়িত, কোথায়ও হস্তিদন্ত-প্রহারে জর্জ্জরিত ও কোথায়ও বা নানাবিধ সর্পদংশনে ক্ষতবিক্ষতাঙ্গ হইতেছে। ক্ষারাম্বু-সেচন নামক নরকে পাপিগণের মুখ ও নাসিকারন্ধ্রে সতত ক্ষারবারি সিক্ত হয়। কোন নরকে ক্ষারাম্বুপান, কোন নরকে লবণ ভক্ষণ, কোন নরকে স্নায়ু ছেদন, কোন নরকে স্নায়ু বন্ধন ও কোন নরকে অস্থি ছেদন হইয়া থাকে। কোথায়ও কর্ণরন্ধ্র মধ্যে নিরন্তর ক্ষারজল প্রবেশ করায় পাপীর ক্লেশের পরিসীমা নাই। কোথায়ও পাপিগণ মাংসভোজন, কোথায়ও পিত্তপান, কোথায়ও শ্লেষ্মভোজন, কোথায়ও পাষাণধারণ ও কোথায়ও বা কণ্টকোপরি শয়ন করিতেছে। কোন নরকে বৃক্ষাগ্র হইতে পতিত, কোন নরকে নিমগ্ন, কোন নরকে পিপীলিকাগণ কর্ত্তৃক দষ্ট ও কোন নরকে পাপিগণকে বৃশ্চিকগণ কর্ত্তৃক পীড়িত হইতে হয়। ব্যাঘ্রপীড়া নামক নরকে পাপী সকল ব্যাঘ্রভক্ষিত, শিবাপীড়া নামক নরকে শৃগালভক্ষিত এবং মহিষপীড়ন নরকে মহিষ দ্বারা পীড়িত হইয়া থাকে। কোন নরকে দুর্গন্ধময় কর্দ্দম মধ্যে শয়ন, কোন নরকে অস্ত্র-শস্ত্রের উপর অধিষ্ঠান, কোন নরকে মহাতীক্ষ্ণ-বস্ত্র-নিচয়ের সংঘর্ষণ, কোন নরকে অত্যুষ্ণ তৈল পান, কোথায়ও ভীষণ কটুদ্রব্য ভক্ষণ, কোন স্থানে কষায়োদক পান, কোন স্থানে উত্তপ্ত পাষাণ ভক্ষণ, কোথায়ও অত্যুষ্ণ বালুকা মধ্যে অবগাহন, কোথায়ও দন্ত উৎপাটন, কোন নরকে তপ্তলৌহ মধ্যে শয়ন, কোন নরকে উত্তপ্ত ও কখন অতি শীতল জলসেক, কোন নরকে নেত্র ও অন্যান্য মুখসন্ধিস্থানে সূচী-প্রক্ষেপ এবং কোনও নরকে পাতকীদিগের শিশ্ন ও অণ্ডমধ্যে লৌহভার বন্ধন করা হয়। হে মহাভাগ! ইত্যাদি কোটি কোটি যাতনা আছে, আমি সহস্র বৎসরেও তাহা প্রকাশ করিতে সক্ষম নহি। হে ক্ষিতিপাল! যে পাতকীকে, যে পাপে, যে যন্ত্রণা, ভোগ করিতে হয়, এক্ষণে তদ্বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ কর। যাহারা ব্রহ্মহত্যা, মদ্যপান, সুবর্ণাপহরণ কিংবা গুরুপত্নী-গমন করে, তাহারা এবং তাহাদিগের সংসর্গকারীরা মহাপাতকী। যে ব্যক্তি পঙ্ক্তি-ভেদ, বৃথাপাক, ব্রাহ্মণনিন্দা, গুরুজনকে অবজ্ঞা বা বেদ বিক্রয় করে, তাহারাও ব্রহ্মহত্যা-পাপে লিপ্ত হয়। যে মানব, ধনাদি দান করিব বলিয়া কোন ব্রাহ্মণকে আহ্বান পূর্ব্বক "নাই" বলিয়া প্রত্যাখ্যান করে; যে দুর্ম্মতি, যাহার নিকট ধর্ম্ম বিষয় পরি-জ্ঞাত হয়, পরে তাহাকেই আবার দ্বেষ কিংবা অবমাননা করিয়া থাকে; যে পাপাত্মা, পিপাসার্ত্ত হইয়া জলপানার্থ ধাবমান গোগণের জলপান বিষয়ে বিঘ্ন উৎপাদন করে; যে ব্যক্তি স্নান বা ভোজনার্থ ধাবমান ব্রাহ্মণের বিঘ্নকর্ত্তা হয়; যে নরাধম, শাস্ত্র অধ্যয়ন না করিয়া শাস্ত্রার্থ ব্যাখ্যা করে; যে সর্ব্বদা অহঙ্কার-পরায়ণ; যে ব্যক্তি শাস্ত্র না জানিয়া প্রায়শ্চিত্তের ব্যবস্থা দান, চিকিৎসা, জ্যোতিষগণনা বা ধর্ম্মনির্ণয় করে; যে মানব, বিদ্যাভি-মান বা ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া ব্রাহ্মণগণকে তিরস্কার করে; যে ব্যক্তি, সতত পরনিন্দা,

আত্মশ্লাঘা, মিথ্যাকথন, অন্যের উদ্বেগকর কার্য্য, অন্যের প্রতি কপটতা, দাম্ভিকতা, সর্ব্বদা প্রতিগ্রহ, প্রাণিবধ কিংবা অধর্ম্ম বিষয়ে অনুমোদন করিয়া থাকে; পণ্ডিতগণ, তাহাদিগকেও ব্রহ্মঘাতী বলিয়াছেন। হে নৃপ! এইরূপ বহুবিধ পাপ, ব্রহ্মহত্যার সমান বলিয়া কথিত আছে। এক্ষণে সংক্ষেপে মদ্যপানের তুল্য যে সকল পাপ, তাহার উল্লেখ করিতেছি। বহুজনস্পৃষ্ট অন্ন এবং বেশ্যা বা পতিত ব্যক্তির অন্ন ভক্ষণ করিলে মদ্যপানের সমান পাতক হইয়া থাকে। সন্ধ্যোপাসনাদি পরিত্যাগ, দেবল ব্রাহ্মণের অন্ন ভোজন কিংবা মদ্যপানকারিণী রমণীর সংসর্গ করিলেও মানবকে মদ্যপানের পাতকে লিপ্ত হইতে হয়। যে ব্রাহ্মণ, শূদ্রকর্ত্তৃক নিমন্ত্রিত কিংবা আদিষ্ট হইয়া ভোজন করে, সে মদ্যপায়ীর মধ্যে পরিগণিত, তাহার কোনরূপ ধর্ম্মানুষ্ঠানে অধিকার থাকে না। হে রাজন্! এই প্রকার বিবিধ পাপ সুরাপান-পাপের তুল্য; সুবর্ণস্তেয়-পাপের সদৃশ পাপ সংক্ষেপে কীর্ত্তন করিতেছি;—কন্দ (মূলবিশেষ), ফল, মূল, মৃগনাভি, পট্টবস্ত্র এবং রত্ন-অপহরণ পাপ, সুবর্ণস্তেয়-পাপের তুল্য *। গুবাক, দুগ্ধ, চন্দন এবং কর্পূর অপহরণ-পাপ সুবর্ণস্তেয়-পাপের তুল্য। তাম্র, লৌহ, রাঙ, কাংস্য, ঘৃত, মধু এবং সুগন্ধি দ্রব্য অপহরণ-পাপ সুবর্ণস্তেয়-পাপের তুল্য। রস দ্রব্য, ধান্য এবং রুদ্রাক্ষ হরণ-পাপও সুবর্ণস্তেয়-পাপের তুল্য। বিমাতৃ-গমন-পাপের তুল্য পাপ সংক্ষেপে কীর্ত্তন করিতেছি;—ভগিনী-গমন, পুত্রপত্নী-গমন (ক) এবং রজস্বলাগমন, বিমাতৃ-গমনের তুল্য। ভ্রাতৃজায়া-গমন, বন্ধুপত্নী-গমন এবং বিশ্বস্তাগমন, বিমাতৃ-গমনের তুল্য। যথাকালে সন্ধ্যাবন্দনাদি কর্ম্ম না করা, কন্যাগমন (খ), অগ্রজাগমন, সুরাপায়িনী স্ত্রীতে উপগমন (গ) এবং পরদার-গমন (ঘ) বিমাতৃগমনের তুল্য। বেদের প্রতি শ্রদ্ধাবিহীনতাও বিমাতৃগমনের তুল্য। শ্রাদ্ধ তর্পণ যে না করে, ধর্ম্ম কর্ম্ম যাহার বিলুপ্ত এবং যতিনিন্দক ব্যক্তিও বিমাতৃগামীদের অন্তর্গত জানিবে। হে রাজন্! ইত্যাদি পাপ মহাপাতক নামে † অভিহিত; এতন্মধ্যে যে কোন পাপে পাপিষ্ঠ ব্যক্তির সংসর্গী ‡ যে, সে ব্যক্তিও মূলপাপীর তুল্য হইবে। শ্রেষ্ঠ মহর্ষিগণ, প্রায়শ্চিত্তাদি অনুষ্ঠান দ্বারা যে কোন পাপেরই নিষ্কৃতি শাস্ত্রে দেখাইয়াছেন, অথবা বেদে দেখিয়াছেন। হে ভূপতে! যে সকল পাপের প্রায়শ্চিত্ত নাই এবং উক্ত সমগ্র পাপের ন্যায় মহানরক-প্রদ, তৎসমস্তও কীর্ত্তন করিতেছি। যে ব্যক্তি শূদ্র-পূজিত শিবলিঙ্গ বা নারায়ণকে ‖ প্রণাম করে, বহু অযুত প্রায়শ্চিত্তেও তাহার নিষ্কৃতি নাই। যে ব্যক্তি শূদ্র-স্পৃষ্ট শিবলিঙ্গ বা নারায়ণকে প্রণাম করে, চন্দ্র ও তারকারাজির যতকাল স্থিতি, ততকাল সে সর্ব্ববিধ নরক-যাতনা প্রাপ্ত হয়। হে রাজন্! কি বেদবেত্তা এবং কি সর্ব্বশাস্ত্রার্থবেত্তা সকলেই পাষণ্ডপূজিত শিবলিঙ্গকে প্রণাম করিলে পাষণ্ডতা প্রাপ্ত

---

* সর্ব্বত্রই বিবেচনা অনুসারে পরিমাণ-কল্পনা করিতে হইবে।

(ক), (খ) (গ) এবং (ঘ) স্থল-বিশেষে বিমাতৃগমনের তুল্য।

† মহাপাতকের সদৃশ বলিয়া অনুপাতকও মহাপাতকের মধ্যেই পরিগণিত হইল।

‡ সংসর্গ-বিচার প্রায়শ্চিত্তবিশেষে দ্রষ্টব্য।

‖ শালগ্রাম শিলা।

হয়। যে ব্যক্তি স্ত্রীলোকের পূজিত শিবলিঙ্গ বা নারায়ণকে প্রণাম করে, সে কল্পান্ত পর্য্যন্ত কোটি পুরুষের সহিত রৌরব নরকে বাস করে। মন্ত্রবেত্তৃগণ, যথাবিধানে লিঙ্গ প্রতিষ্ঠা করা অবধি, ঐ প্রতিষ্ঠিত লিঙ্গ স্ত্রী শূদ্রে স্পর্শ করিবে না। হে জনমাথ! স্ত্রী, শূদ্র এবং অনুপনীত বালকে, শিবলিঙ্গ ও নারায়ণ স্পর্শে অধিকারী নহে। হে রাজশ্রেষ্ঠ! আশ্রমাচার-বর্জ্জিত ব্যক্তিগণের পূজিত শিবলিঙ্গ ও নারায়ণের পূজা স্বপ্নেও কর্ত্তব্য নহে। যে ব্যক্তি শূদ্রসংস্কৃত শিবলিঙ্গ বা নারায়ণকে প্রণাম করে, সে ইহলোকেও অত্যন্ত দুঃখ ভোগ করে, পরলোকে ত করেই। আভীর জাতির পূজিত শিবলিঙ্গ বা নারায়ণকে প্রণাম করিলে একেবারেই বিনাশ হয়, অন্য বহু বাক্য-প্রয়োগে প্রয়োজন কি? স্ত্রী, শূদ্র, অনুপনীত এবং পতিত ব্যক্তি শিবলিঙ্গ বা নারায়ণ স্পর্শ করিলে, নরক ভোগ করে। ব্রহ্মহত্যাদি পাপ হইতে কথন নিষ্কৃতি আছে, কিন্তু যে ব্রাহ্মণ-দ্বেষক, তাহার নিষ্কৃতি কথন নাই। হে জগনাথ! বিশ্বাসঘাতক, কৃতঘ্ন এবং শূদ্র-রমণী-সংসর্গকারীর কোথাও নিষ্কৃতি নাই। যাহাদের শরীর শূদ্রান্নে পুষ্ট, বেদনিন্দা করাই যাহাদের স্বভাব এবং গুরুনিন্দায় যাহারা তৎপর, তাহাদের নিষ্কৃতি নাই-ই। যাহারা শিব-নিন্দাপরায়ণ, বিষ্ণুনিন্দা করা যাহাদের স্বভাব এবং যাহারা সাধু কথার নিন্দক, তাহাদের ইহ-পরকালে নিস্তার নাই। যে দ্বিজ, অতি বিপদেও বৌদ্ধগৃহে প্রবেশ করে, বহুশত প্রায়শ্চিত্তেও তাহার নিষ্কৃতি নাই। বৌদ্ধগণ পাষণ্ড;—যেহেতু তাহারা বেদনিন্দক। বেদে যদি ভক্তি থাকে ত দ্বিজ, তাহাদের প্রতি দৃষ্টিপাতও করিবেন না। দ্বিজ, জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ বৌদ্ধগৃহে প্রবেশ করিলেই পাপী হয়। তবে জ্ঞানতঃ প্রবেশকারীর আর পাপ হইতে নিষ্কৃতি নাই, ইহাই শাস্ত্র-সিদ্ধান্ত। পাপ-বাহুল্য প্রযুক্ত এই সব পাপী বহু কোটি কল্প নরক ভোগ করে এবং ইহারাই পাষণ্ড নামে অভিহিত, সুতরাং ইহাদের নিষ্কৃতি নাই। হে প্রভাবশালিন্! প্রায়শ্চিত্ত-শূন্য যে সব পাপের বিষয় কীর্ত্তন করিলাম, তত্তৎপাপে যে নরকভোগ হয়, তাহা বলিতেছি, শ্রবণ কর। এই সকল পাপে পাপীরা বহু সহস্রকোটি কল্প এবং বহু শতকোটি কল্প, অযুত কুলের সহিত সকল নরকভোগ করে। অনন্তর কর্ম্মশেষে, তিন কল্পকাল স্থাবর যোনিতে (বৃক্ষাদিরূপে) অবস্থান করে, তৎপরে কৃমিযোনি প্রাপ্ত হয়। ইহারা ষষ্টিসহস্র বৎসর এবং ষষ্টিশত বৎসর, বিষ্ঠাভোজী বিষ্ঠাকৃমি হইয়া থাকে। তৎপরে এককল্প সর্প, অনন্তর সহস্র যুগ পশু এবং শেষে বিবিধ ম্লেচ্ছ-যোনিতে জন্মগ্রহণ করে। ক্রমে কর্ম্মক্ষয়ে তাহারা গোলক, বিধবা-গর্ভসম্ভূত জারজ সন্তান হয়, পরে এক জন্ম, কুণ্ড (সধবা-গর্ভসম্ভূত জারজ সন্তান) হইয়া থাকে। তৎপরে দরিদ্র ব্রাহ্মণ হয়। সে নিত্য-দারিদ্র্য-পীড়িত এবং নিত্য-প্রতিগ্রাহী হইয়া থাকে; প্রতিগ্রহ প্রযুক্ত পাপযুক্ত হয়, পাপফলে নরকভোগ করে। হে মহাভাগ! হে রাজন্! তোমার নিকট যে সব নরকের কথা বলা হইয়াছে, মহাপাতকিগণ, তাহার প্রত্যেক নরকেই এক যুগ করিয়া বাস করে। তৎপরে পৃথিবীতে আসিয়া সপ্তজন্ম গর্দ্দভ, দশ জন্ম কুক্কুর এবং গ্রাম্যশূকর হয়। হে রাজন্! শত বৎসর কাল বিষ্ঠার কৃমি, তার পর শত বৎসর মূষিক এবং দ্বাদশ জন্ম সর্প হয়। হে রাজন্! পরে সহস্র জন্ম মৃগাদি পশু, তারপর স্থাবর-যোনি প্রাপ্ত এবং তৎপরে গোজন্ম প্রাপ্ত হয়। অনন্তর সপ্তজন্ম চণ্ডাল, পরে ষোড়শ জন্ম শূদ্র প্রভৃতি হীনজাতি হইয়া থাকে। তারপর দুই জন্ম ক্ষত্রিয়

এবং বৈশ্য হয়। সে জীবনেও প্রবলের পীড়নে উৎপীড়িত হইয়া থাকে। তারপর ব্যাধি-পীড়িত দরিদ্র ব্রাহ্মণ হয়। সে জন্মে প্রতিগ্রহ-পরায়ণতানিবন্ধন নরকভোগ করে। যাহাদের মন অসূয়া-কলুষিত, তাহাদের তিন কল্প নরকভোগ, তারপর কোটি জন্ম চাণ্ডাল-যোনি-প্রাপ্তি হয়। দেবতা, অগ্নি বা ব্রাহ্মণ উদ্দেশে দান করাতে যে ব্যক্তি প্রতিষেধক হয়, সে, শতবার কুক্কুর জন্ম ভোগের পর চাণ্ডাল-যোনিতে নিপতিত হয়। তারপর এক কল্প বিষ্ঠা-ক্রিমি, তিন জন্ম ব্যাঘ্র এবং একবিংশতিযুগ নরকবাসী হয়। যাহারা পরনিন্দারত, যাহারা নিষ্ঠুরভাষী এবং যাহারা দানের বিঘ্নকর্তা, তাহাদের পাপফল সকল শ্রবণ কর। তাহাদের মুখ তপ্তলৌহপিণ্ডপূর্ণ, চক্ষু সূচী-পূরিত, মস্তক অধোলম্বিত এবং পদদ্বয় ঊর্দ্ধোত্থাপিত করিয়া, যমকিঙ্করেরা তাহাদিগকে তাড়না করে। শতবৎসর পর্য্যন্ত এইরূপ ভোগের পর শতবৎসর কাল শোণিতহ্রদে নিমগ্ন থাকে ও তখন তাহার গলদেশে পাষাণ স্থাপিত হয়। অনন্তর সকল নরকে একশত বৎসর বাস করিয়া আমিষভোজী প্রাণী হইয়া থাকে। হে বিদ্বন্! পরদ্রব্যাপহারীদিগের নরকের কথা শ্রবণ কর। চৌরগণ, মুষল এবং উদূখলে অতিশয় যাতনা ভোগ করে। অনন্তর তিন বৎসর তপ্ত-পাষাণ-গ্রহণ-যাতনা ভোগ করে, তৎপরে চৌরগণ, স্বকৃত কর্ম্মের অনুশোচনা করত সপ্তবৎসর কালসূত্র নরকে বিদীর্ণ হয়। তৎপরে ক্রমে সর্ব্বনরকানলেই সতত পক্ব হইতে থাকে। হে ভূপতে! যাহারা পরস্বসূচক, তাহাদের নরক-ভোগের নিয়ম শ্রবণ কর; সহস্র সহস্র যুগ তপ্তলৌহপিণ্ড ভক্ষণে যন্ত্রণা পায়, অতি দারুণ সন্দংশ-নিকর দ্বারা তাহারা দশনোৎপাটিত হয় এবং এক কল্প অতি ঘোর নিরুচ্ছ্বাস নরক ভোগ করে। হে ভূপতে! পরদারগামীদিগের নরকভোগের বিষয় শ্রবণ কর; তাহারা তপ্তভাম্রময় নারীর সহিত অতিশয় সঙ্গ করিতে বাধ্য হয়। পরদারগামী ভয়ে পলায়নপর হইলে, সেই সব তপ্তভাম্রময় নারী বলপূর্ব্বক তাহাকে গ্রহণ করিয়া, সংসর্গ করে, আর ইহার কৃত কর্ম্ম নির্দ্দেশ করে। তৎপরে ক্রমে বহু নরক ভোগ করে। হে রাজন্! যে রমণীরা পতিকে ত্যাগ করিয়া, অন্য পুরুষকে ভজনা করে, তাহাদের নরকের কথা বলিতেছি, শ্রবণ কর। অতি বলবান্ তপ্তলৌহময় পুরুষেরা তপ্তলৌহময় শয্যাতে সেই রমণীদিগকে বলপূর্ব্বক গ্রহণ করিয়া, এক কল্প বিহার করে। সেই পুরুষেরা ছাড়িয়া দিলে, রমণীগণ, অগ্নিসম উত্তপ্ত লৌহস্তম্ভ আলিঙ্গন করিয়া, সহস্র বৎসর অবস্থান করে। অনন্তর ক্ষারজলে স্নান ও ক্ষারজল পান-রূপ নরক ভোগ করিয়া ক্রমে সর্ব্ববিধ নরকভোগ করে। হে রাজসত্তম! যে ব্যক্তি, ব্রাহ্মণী, গো এবং ক্ষত্রিয়া বধ করে, সে, পঞ্চকল্প এই সব নরক ভোগ করিয়া থাকে। যে ব্যক্তি, সাধু ব্যক্তিগণের নিন্দা সাদরে শ্রবণ করে, তাহাদিগের কর্ণে তপ্ত-লৌহশঙ্কু অর্পিত হয়। তারপর সেই কর্ণচ্ছিদ্র অতি-তপ্ত তৈল দ্বারা পূর্ণ করা হয়। অনন্তর সেই ব্যক্তি, কুম্ভীপাক নরকে গমন করে। হে ভূপতে! নাস্তিকগণের নরকের কথা বলিতেছি, শ্রবণ কর;— তাহারা কোটি বৎসর নরক ভোগ করে, অনন্তর এক কল্প বিষ্ঠা ভোজন করে, তৎপরে এক যুগ রৌরব-নরক-ভোগের পর তপ্তসৈকত-ভোজনে যন্ত্রণা প্রাপ্ত হয়। যে নরাধমেরা ব্রাহ্মণদিগের প্রতি সক্রোধ দৃষ্টিপাত করে, তাহাদের নেত্র বহুসহস্র তপ্ত সূচী দ্বারা পূর্ণ হয়। হে রাজসত্তম! তৎপরে সেই পাপিষ্ঠেরা ক্ষারজলে স্নান এবং ঘোর ক্রকচাস্ত্র

দ্বারা বিদীর্ণ হইয়া থাকে। বিশ্বাসঘাতী, সীমাপহারী এবং পরান্ন-লোভীদিগের দারুণ নরকের কথা শ্রবণ কর ;—তাহারা কুক্কুরমাংসভোজী এবং কুক্কুরভক্ষণে পীড্যমান হইয়া প্রত্যেক নরকেই এক যুগ করিয়া বাস করে। হে রাজন্। যাহারা প্রতিগ্রহরত, যাহারা নক্ষত্রপাঠী (দৈবজ্ঞবিশেষ) এবং যাহারা দেবলান্নভোজী, তাহাদের বৃত্তান্ত শ্রবণ কর ;—সেই পাপিষ্ঠগণ এক কল্প, বিষ্ঠা-ভোগ-নিরত হইয়া অতি কষ্টভোগ করত সর্ব্বদা নরকে পচিতে থাকে। তৎপরে ভূতলে আসিয়া শত জন্ম চাণ্ডাল হইয়া থাকে, এই সকল জন্মেই দুঃখ দারিদ্র্য এবং রোগ প্রচুর পরিমাণেই হইয়া থাকে। মিথ্যাবদী এবং নিষ্ঠুরভাষী-দিগের জিহ্বা অতিদারুণ সন্দংশনিকর দ্বারা উৎপাটিত হয়, তৎপরে তপ্ততৈলে স্নান ও কালসূত্র নরকভোগ হয়, অনন্তর ক্ষারজলে স্নান ও মূত্র-বিষ্ঠা-সেবনে যন্ত্রণাভোগ হয়। পরে ভূতলে ম্লেচ্ছজন্ম হয়। যাহারা অপরের উদ্বেগকর, তাহারা বৈতরণী নদীতেই মগ্ন হয়, যাহারা পঞ্চমহাযজ্ঞ-পরিত্যাগী, তাহারা লালাভক্ষ নরকে গমন করে। উপাসন-অগ্নি পরিত্যাগী, রৌরব নরকে গমন করে, অনুষ্ঠানহীন ব্যক্তিরা কৃমিভক্ষনরকে গমন করে। হে রাজন্! এই চতুর্বিধ পাপীর নরকদুঃখ পঞ্চ যুগ পর্য্যন্ত। তৎপরে ভূতলে আসিয়া ইহারা পরসেবক হইয়া থাকে। হে রাজন্! যাহারা ব্রাহ্মণ গ্রামের কর গ্রহণ করে, তাহাদিগের বিষয় বলিতেছি, শ্রবণ কর;—চন্দ্র-তারকা যতকাল থাকে, ততকাল উহারা নরক ভোগ করে, আর যে ব্যক্তি উক্ত গ্রামে অধিক কর স্থাপন করে, তাহার সহস্র পুরুষ ও সে নিজেও কোটিকল্প নরক ভোগ করে। অধিক কি, উক্ত করগ্রহণে যে অনুমতি দেয়, সে ব্যক্তি পর্য্যন্ত অযুত অযুত ব্রহ্মহত্যা-পাপে পতিত হয়। আতিথ্যবর্জ্জিত মনুষ্যেরা নিত্য খবিষ্ঠা ভোজন ও চারিযুগ ঘোরতর কাল-সূত্র নরকে বাস করে। অযোনি, পশুযোনি ও বিরুদ্ধ-যোনিতে যে রেতঃসেক করে, সেই মহাপাতকী রেতোভোজন করে এবং পরে বসাকূপে দেব পরিমাণে সপ্ততিবর্ষ থাকিয়া, রেতো-ভোজী সর্ব্বলোক-নিন্দিত মনুষ্য হইয়া জন্মগ্রহণ করে। উপবাস-দিবসে যে দন্তধাবন করে, তাহার চারিযুগ ব্যাঘ্রভক্ষ্য ঘোর নরকে গতি হয়। স্বদত্ত বা পরদত্ত ভূমি হরণকারীর পাপফল বলিতেছি, শ্রবণ কর। উক্তরূপ ভূমি যে হরণ করে, তাহার কোটি পুরুষ পর্য্যন্ত প্রত্যেকে কোটি কল্প পূতিমৃত্তিকা ভোজন করত, যাতনা নরক ভোগ করে ও ষাট হাজার বৎসর বিষ্ঠাভোজী হইয়া, জন্মগ্রহণ করে। যে ব্যক্তি ভূমির মিথ্যা পরিমাণ করে, তাহার নরক শ্রবণ কর,—তাহার কোটিকুল পর্য্যন্ত তপ্ত কর্দ্দমে নিমগ্ন হয়। পরে সে বিষ্ঠাহ্রদে সহস্র যুগ মগ্ন হইয়া থাকে। তদন্তে যাবৎ চতুর্দ্দশ ইন্দ্র, তাবৎকাল যাতনা ভোগ করে, অবশেষে ভূতলে জন্মগ্রহণ করিয়া, শতযুগ বিশ্ব-নিন্দিত, কুষ্ঠ ও ব্রণে অভিভূত হইয়া থাকে। যে ব্যক্তি, স্বকীয় কর্ম্ম ত্যাগ করে, তাহাকে পণ্ডিতবর্গ পাষণ্ডী বলিয়া থাকেন। তাহার সঙ্গকারীও তত্তুল্য; তাহারা উভয়েই অতি পাপী; তাহারা সহস্র ও শতকোটি কল্প সহস্র পুরুষের সহিত নরকে বাস করে। যাহার অঙ্গ তপ্ত শঙ্খাদি চিহ্নে চিহ্নিত, সে সমস্ত যাতনা ভোগ করে ও কোটিকল্প চণ্ডাল হইয়া জন্মায়। উক্তরূপ ব্রাহ্মণের সহিত সম্ভাষণ করিলে চতুর্দ্দশ ইন্দ্র যাবৎ রৌরবগামী হইতে হয়। চক্রাঙ্কিত-শরীরধারী যথায় থাকে,

তথায় কেহই বাস করিবে না; যদি কেহ বাস করে, সে ব্রহ্মহত্যা-পাপে পতিত হয়। গঙ্গাস্নান ও অশ্বমেধ যজ্ঞে রত হইলেও চক্রাঙ্কিত-তনুকে দেখিয়া পুরুষ-সূক্ত জপ করত সূর্য্য দর্শন করিবে, নচেৎ নরকগমন হইবে। লিঙ্গাঙ্কিত দেহধারীর দর্শনে রুদ্রসূক্ত জপ করত সূর্য্যকে দেখিবে, অন্যথা রৌরবগামী হইতে হইবে। হে রাজন্! ব্রাহ্মণের দেহে সকল দেবতা অবস্থিতি করেন জানিবে; তাহা সন্তাপিত হইলে পাপের কথা আর কি বলিব? তন্মধ্যে চক্র ও লিঙ্গ-চিহ্নধারী ব্যক্তি বেদ ও স্মৃতি-বিহিত কোন কর্ম্মেই অধিকারী নহে জানিবে। যাহারা ছাত্রের নিকট বেতন লইয়া অধ্যাপনে রত ও যাহারা বেতন দিয়া অধ্যয়ন করে, তাহারা কল্পকাল পর্য্যন্ত নরক ভোগ করে ও তৎপরে ম্লেচ্ছযোনিতে জন্মগ্রহণ করে। স্ত্রীলোক ও শূদ্রের সমীপে যে ব্যক্তি বেদ অধ্যয়ন করে, সে সহস্র কোটি কল্প একে একে সমুদায় নরক ভোগ করে। যাহারা দেবদ্রব্য ও গুরুদ্রব্য অপহরণ করে, তাহারা অযুত ব্রহ্মহত্যার তুল্য পাপ ভোগ করিয়া থাকে। যাহারা অনাথের প্রতি দ্বেষ করে ও তদীয় ধন হরণ করে, তাহাদিগের পাপের কথা বলিতেছি, একাগ্রমনে শ্রবণ কর। অধোমস্তক ও ঊর্দ্ধপাদে দুইটী স্তম্ভে কীলবদ্ধ হইয়া ধূম পান মাত্র করিয়া ব্রহ্মার এক দিবস পর্য্যন্ত তাহাদিগকে থাকিতে হয়। দেবপূজার নিমিত্ত কল্পিত উদ্যান হইতে যাহারা বৃথা পুষ্প গ্রহণ করে, তাহাদিগের বহ্নিজ্বালাময় ঘোর নরকে গতি হয়। দেবালয় অথবা জলে যে ব্যক্তি দেহমল পরিত্যাগ করে, সে ভ্রূণহত্যা তুল্য পাপভাগী হয়। আর উক্তরূপ স্থানে যে ব্যক্তি অস্থি, দন্ত, নখ ও উচ্ছিষ্ট ক্ষেপণ করে, তাহার পাপের কথা শুন;—সে প্রাস ও প্রতোদন অস্ত্রে জর্জ্জরিতদেহ হইয়া আর্ত্তরব করত তৈলপাক ও কুম্ভীপাক নরক ভোগ করে। যে ব্যক্তি ব্রহ্মস্ব—তুষ বা কাষ্ঠ হরণ করে, চন্দ্রতারকা যতকাল অবস্থিতি করেন, ততকাল তাহাকে ঘোরনরকগামী হইতে হয়। হে রাজন্! ব্রহ্মস্ব হরণ ইহকালে ও পরকালে দুঃখদায়ক। উহা ইহকালে সম্পদ বিনাশ করে ও পরকালে নরকযন্ত্রণা দেয়। যে ব্যক্তি কূট সাক্ষ্য দেয়, তাহার পাপের কথা শুন,—চতুর্দ্দশ ইন্দ্র যাবৎ অবস্থিতি করেন, তাবৎকাল সমুদায় নরক ভোগ করে। আর মিথ্যাসাক্ষ্য যে ব্যক্তি দেয়, ইহকালে তাহার পুত্র ও পৌত্র বিনষ্ট হয় এবং পরকালে সে রৌরবে গমন করে। যাহারা অতিকামী ও মিথ্যাবাদী, তাহাদিগের মুখে সর্পপ্রমাণ জলৌকা পূরিয়া দেওয়া হয়। ষাট বৎসর কাল এইরূপে থাকিয়া ক্ষারজলাবগাহন, কুক্কুরমাংস-ভোজন ও ক্ষার-কর্দ্দমে লুণ্ঠন করিতে হয়। তৎপরে হস্তিশুণ্ডে নিপতিত ও মরুভূমিতে সন্তপ্ত হইতে হয়; অবশেষে মর্ত্ত্যলোকে হীনাঙ্গ হইয়া জন্মাইতে হয়। হে নরপতে! যে ব্যক্তি ঋতুকালে নিজ পত্নীতে গমন করে না, সে ব্রহ্মহত্যা-পাপভাগী হয় ও রৌরবে গমন করে। যে ব্যক্তি শক্তি সত্ত্বে অপরকে অনাচারে রত দেখিয়াও নিবারণ করে না, সে উপেক্ষানিবন্ধন তাহার পাপের অর্দ্ধভাগী হয়। যে ব্যক্তি পাপীদিগের পাপ গণনা করে, যদি পাপ সত্য থাকে, তবে সে তুল্যপাপী হয়; আর মিথ্যা হইলে দ্বিগুণপাপী হয়। নিষ্পাপীর উপর পাপ আরোপ করিয়া যে ব্যক্তি নিন্দা করে, চন্দ্র-তারকার অবস্থিতি কাল পর্য্যন্ত তাহার সমুদয় নরক ভোগ করিতে হয়। পাপীদিগের পাপের কথা যে বলে, সে তাহার মত পাপগ্রস্ত হয় ও তাহাদিগের অর্দ্ধেক পাপ তৎক্ষণাৎ নষ্ট হয়। যে ব্যক্তি

নিজ কন্যায় গমন করে, তাহাকে সদা কুকুরে ভক্ষণ করে ও সে ধুম্রপান ও মূষাবস্থ নরক প্রাপ্ত হয়। ব্রতগ্রহণ করিয়া যে ব্যক্তি সমাপন না করত পরিত্যাগ করে, সে অসিপত্র নরক ভোগ করিয়া হীনাঙ্গ ভাবে ভূতলে জন্মগ্রহণ করে। অন্যে ব্রত গ্রহণ করিলে যে তাহার বিঘ্ন করে, সে একবিংশতি পুরুষ পর্য্যন্ত শ্লেষ্মভোজন নরকগামী হয়। হে ভূপতে! ন্যায় ও ধর্ম্মোপদেশ বিষয়ে যে পক্ষপাত করে, তাহার নিষ্কৃতি শত শত প্রায়শ্চিত্তেও হয় না। যে ব্যক্তি অখাদ্য ভোজন করে, সে অযুত বর্ষ পিত্ত-পান নরক ভোগ করিয়া চণ্ডালবংশে জন্মিয়া সদা গোমাংস-ভোজী হয়। দ্বিজগণকে বাক্য দ্বারা অবমাননা করিলে ব্রহ্মহত্যা-পাপ হয় ও যে করে, তাহার সমুদয় নরক ভোগ এবং দশজন্ম চাণ্ডাল হইতে হয়। যে পরের অর্থ হরণ করিয়া অপরকে প্রদান করে, সে নরকগামী হয় ও যাহার অর্থ, সে ব্যক্তি দানের ফল লাভ করে। অন্যায় পূর্ব্বক দ্রব্য আহরণ করিয়া যে ব্যক্তি অন্যকে দান করে, তাহার নরকে গতি হয় ও যাহার সেই দ্রব্য, সে ফললাভ করে। অঙ্গীকার করিয়া না প্রদান করিলে, লালাভক্ষ্য নামক নরকে গমন করিতে হয় ও যতিদিগের নিন্দা করিলে শিলাযন্ত্র নরক ভোগ হয়। যাহারা উদ্যান ছেদন করে, তাহারা একবিংশতি যুগ শ্বভোজন নরকে গমন করে, তৎপরে সমুদয় যাতনা প্রাপ্ত হয়। দেবগৃহ, তড়াগ ও পুষ্পোদ্যান যাহারা ভগ্ন করে, তাহাদিগের গতি শুন,—তাহারা কোটি কোটি পুরুষের সহিত ছয় অযুতকোটি কল্পকাল পৃথক্ পৃথক্ সকল নরক ভোগ করে। পরে কোটিকল্প বিষ্ঠায় কৃমি হইয়া থাকে। এক বিংশতি কল্প বিষ্ঠাভোজী ও একবিংশতিযুগ কৃমি-ভোজী হয়। পরিশেষে কোটিজন্ম চাণ্ডাল হইয়া মর্ত্ত্যে অবতীর্ণ হইয়া থাকে। যাহারা গ্রাম ধ্বংস করে, তাহাদিগের পাপ এত অধিক হয় যে, আমি তাহা শতকোটি জন্মেও বলিতে পারি না। দেবপুরী ও গ্রাম দাহ যাহারা করে, তাহারা ব্রহ্মার সৃষ্টিকাল পর্য্যন্ত নরক প্রাপ্ত হয়। যে কোন পাপের অনুমতি যে করে, সে অর্দ্ধেক পাপভাগী ও যথোচিত নরকগামী হয়। যে ব্যক্তি কুণ্ড ও গোলকের অন্ন ভক্ষণ করে এবং গ্রামযাজী ও অযাজ্যযাজী, তাহারা সকলেই মহাপাতকী। মাহিষিক, নক্ষত্রযাজী ও দেবলব্রাহ্মণ—এই ব্রহ্ম-চণ্ডালেরা পঞ্চমহাপাতকী ও ইহাদিগকে এক-বিংশতিযুগ নরকভোগ হইয়া সপ্তজন্মকাল পৃথিবীতে চাণ্ডাল হইতে হয়। যাহারা উচ্ছিষ্ট ভোজন করে ও মিত্রদ্রোহে রত, তাহাদিগকে সমুদয় নরক চন্দ্রতারকার অবস্থিতি কাল পর্য্যন্ত ভোগ করিতে হয়। যাহারা পিতৃযজ্ঞ ও দেবযজ্ঞ করে না এবং বেদমার্গচ্যুত, তাহাদিগকে পাষণ্ড বলে, তাহাদিগের অসংখ্য নরক ভোগ হয়। এইরূপ পাতক ও উপ-পাতক বহুবিধ কীর্ত্তিত আছে; তাহাদিগের বাহুল্য প্রযুক্ত কতিপয় মাত্র তোমায় বলিলাম। হে রাজন্! পাপ, নরক এবং ধর্ম্মাদির সংখ্যা কীর্ত্তন করা বিষ্ণু ভিন্ন কাহার সাধ্য? এই সকল পাপের ধর্ম্মশাস্ত্রোক্ত যে যে প্রায়শ্চিত্ত আছে, তাহা করিলে পাপরাশি বিনষ্ট হয়। বিষ্ণুসমীপে প্রায়শ্চিত্ত করিলে, কর্ম্মের ন্যূনাতিরেক হয় না; কার্য্য সফলই হইয়া থাকে। গঙ্গা, তুলসী, সাধুসঙ্গ, হরিকথা, অনসূয়া এবং অহিংসা, সর্ব্বপাপ-বিনাশক। বিষ্ণুসমর্পিত কর্ম্ম সফল হইয়া থাকে, আর বিষ্ণুতে যে কর্ম্ম অর্পিত না হয়, তৎসমস্তই ভস্মে ঘৃতাহুতির ন্যায় বিফল হইয়া থাকে। নিত্য, নৈমিত্তিক, কাম্য এবং বুদ্ধিসাধক

যে কর্ম্ম, তৎসমস্ত বিষ্ণুতে সমর্পিত হইলেই সাত্ত্বিক এবং সফল হয়। হে রাজন্! মানুষের পরম বিষ্ণু-ভক্তি, সর্ব্বপাপ-প্রণাশিনী; ভক্তের কৃত কর্ম্ম সফলই হইয়া থাকে। মানুষের দশবিধ বিষ্ণু-ভক্তিই পাপকাননের দাবানল স্বরূপ। তামস, রাজস এবং সাত্ত্বিক ভেদে এই দশবিধতা হইয়া থাকে। হে ভূপতে! শ্রবণ কর;—অন্যের বিনাশের জন্য শ্রদ্ধা সহকারে যে হরিভজনা, তাহাই (সেই ভক্তিই) অধম-তামস; স্বৈরিণী-রমণী নিজ পতিকে যেমন ভজনা করে, যে ব্যক্তি, সেইরূপ কপট-বুদ্ধিতে বিষ্ণু-ভজনা করে, তাহার সেই ভক্তি মধ্যম-তামস। অপরকে দেবপূজা-পরায়ণ দেখিয়া, মাৎসর্য্য বশতঃ যে হরিভক্তি, তাহাই উত্তম-তামস। ধন-ধান্যাদি প্রার্থনাপূর্ব্বক পরম শ্রদ্ধা-সহকারে যে হরি-ভক্তি, তাহাই অধম-রাজস। যে ব্যক্তি, সর্ব্বলোক-বিখ্যাত কীর্ত্তি উদ্দেশ করিয়া, পরম ভক্তি-সহকারে মাধবকে পূজা করে, তাহার ভক্তিই মধ্যম-রাজস। যে ব্যক্তি, সালোক্যাদি মুক্তি প্রার্থনা বশতঃ হরি-পূজা করে, তাহার ভক্তি উত্তম-রাজস। হে রাজন্! যে ব্যক্তি স্বকৃত পাপক্ষয়ের জন্য পরম শ্রদ্ধা-সহকারে হরি-পূজা করে, তাহার ভক্তি অধম-সাত্ত্বিক। হে রাজন্! যে মানব, 'এই কার্য্য বিষ্ণুর প্রিয়' এইরূপ মনে করিয়া, সেই কর্ম্ম অনুষ্ঠান করে, তাহার ভক্তি মধ্যম-সাত্ত্বিক। যে ব্যক্তি, কর্ত্তব্যবোধে দাসবৎ চক্রপাণির পূজা করে, তাহার ভক্তি শ্রেষ্ঠ ভক্তি এবং উত্তম-সাত্ত্বিক। যে মানব, নারায়ণের কোন প্রকার মহিমা শ্রবণে তন্ময়ভাবে সন্তোষ লাভ করে, তাহার ভক্তি উত্তম-সাত্ত্বিক। 'আমিই বিষ্ণু, সমস্ত জগৎ আমাতেই অধিষ্ঠিত'; যে ব্যক্তি, সতত এইরূপ উপাসনা করে, সেই উত্তমোত্তম অর্থাৎ তাহার ভক্তিই সর্ব্বশ্রেষ্ঠ। এই দশবিধ ভক্তি হইতেই (শীঘ্র হউক, বিলম্বে হউক,) সংসারবন্ধ দূর হয়। তন্মধ্যে সাত্ত্বিকী ভক্তি, সর্ব্ব-কাম-ফলদায়িনী। অতএব হে রাজন্! শ্রবণ কর, সংসারবন্ধ-চ্ছেদনে যাহার ইচ্ছা, সে যেন, নিজ কর্ম্মের অবিরোধে বিষ্ণু-ভক্তি করে। যে ব্যক্তি সন্ধ্যা-বন্দনাদি নিজ কর্ম্ম পরিত্যাগ করিয়া, ভক্তিমাত্র লইয়া কালযাপন করে, বিষ্ণু তাহার প্রতি তুষ্ট হন না, যেহেতু বিষ্ণু আচারে অর্থাৎ সন্ধ্যা-বন্দনাদি কর্ম্ম হইতে সন্তোষ অনুভব করেন। আচারই সর্ব্বশাস্ত্রের প্রথম প্রতিপাদ্য; আচার হইতে ধর্ম্মের আবির্ভাব, বিষ্ণু ধর্ম্মের প্রভু। অতএব স্বধর্ম্মাবিরুদ্ধ হরিভক্তি অনুষ্ঠেয়। যাহারা সদাচার-বর্জ্জিত, তাহাদের ধর্ম্ম এবং অর্থও সুখজনক নহে। হে মহীপতে! তুমি যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, আমি তৎসমস্ত কীর্ত্তন করিলাম। অতএব হে দৃঢ়ব্রত! তুমি ধর্ম্ম-পরায়ণ হইয়া, সুখ-ভোগ কর। যত্নসহকারে অবিকারী নারায়ণকে পূজা কর, তাঁহার পূজা করিলে, সর্ব্ব অভীষ্ট সিদ্ধ হইবে। হে মহীপতে! হরি হরে অভেদ বুদ্ধি করিয়া তাঁহাদের পূজা কর, যে ব্যক্তি, তাঁহাদের ভেদ জ্ঞান করে; তাহাদের অযুত অযুত ব্রহ্মহত্যার পাপ হয়। শিবই সাক্ষাৎ বিষ্ণু, বিষ্ণুই সাক্ষাৎ শিব; এতদুভয়ে ভেদবুদ্ধি যে করে, সে, কোটি কোটি বার নরকে গমন করে। হে রাজন্! তোমার পূর্ব্বপুরুষগণ, আত্মঘাতন-পাপী; কপিল-কোপানলে দগ্ধ হইয়া তাহারা নরকে বাস করিতেছে। হে মহাভাগ বিদ্বন্! গঙ্গাজল সেচনকলে তাঁহাদিগকে উদ্ধার কর; গঙ্গা সকল পাপই বিনষ্ট করেন। হে জনাধিপ! কেশ, অস্থি, নখ, দন্ত এবং ভস্মও গঙ্গাজল-স্পৃষ্ট হইবামাত্র, ঐ সব বস্তু যে যে পুরুষের

তাহাদিগকে বিষ্ণুপাদনীত করে। হে রাজন্! যাহার ভস্ম বা অস্থি গঙ্গায় নিক্ষিপ্ত হয়, সে ব্যক্তি মহাপাতকী হইলেও পরম পদ প্রাপ্ত হয়। হে রাজেন্দ্র! গুহ্য কথা শ্রবণ কর;—গঙ্গা নিখিল-পাপনাশিনী, গঙ্গাজল-বিন্দু সেচনেই পরমপদ-প্রাপ্তি হয়। হে বিদ্বন্! যে সব পাপের কথা তোমার নিকট বলিয়াছি, গঙ্গাজল-বিন্দু মাত্র অভিষেকে তৎসমস্ত পাপ বিনষ্ট হয়।" নারদ কহিলেন, হে মুনিশ্রেষ্ঠগণ! ধর্ম্মরাজ, রাজা ভগীরথকে এই কথা বলিয়া, অন্তর্হিত হইলেন, রাজা ভগীরথও তপস্যা করিতে কৃত-নিশ্চয় হইলেন। হে সনৎকুমার! রাজা সমগ্র পৃথিবী রাজ্যের ভার মন্ত্রিগণের উপর ন্যস্ত করিয়া, তপস্যা করিবার জন্য হিমালয়ে গমন করিলেন।

চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত ॥ ১৪ ॥

পঞ্চদশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে সূত! পৃথিবীপতি ভগীরথ হিমালয় পর্ব্বতে গিয়া কি কর্ম্ম করিয়াছিলেন এবং কিরূপেই বা গঙ্গা আনয়ন করিয়াছিলেন? তাহা তুমি আমাদিগের নিকট ব্যক্ত করিয়া বল। সূত কহিলেন,—মহারাজ ভগীরথ হিমালয় পর্ব্বতে গমন করত বন মধ্যে জটা কৌপীন ধারণ করিয়া, তপস্যার নিমিত্ত গোদাবরী-তটে গমন করিয়াছিলেন। যেস্থানে ভৃগু-মুনির সুন্দর আশ্রম, যে মহারণ্য কৃষ্ণসার-পরিপূর্ণ, যাহাতে মাতঙ্গ-সমূহ বাস করিতেছে, যে স্থানে ভ্রমরগণ ভ্রমণ করিতেছে, যে স্থান, পক্ষিসমূহের শব্দে পরিপূর্ণ, যে স্থানে বরাহগণ ইতস্ততঃ গমনাগমন করিতেছে, যে বন মধ্যে চমরীরা বালতালব্যজন করিতেছে, যাহাতে ময়ূর সকল নৃত্য করিতেছে, যে স্থানে চাতক প্রভৃতি পক্ষিসমূহ বাস করিতেছে, যে স্থানে মুনিকন্যারা আদর পূর্ব্বক বৃহৎ বৃক্ষ সকলকে বর্দ্ধিত করিয়াছে, যে মহারণ্য—শাল, তাল, তমালবৃক্ষে পূর্ণ, যে বন বৃহৎ হিন্তালবৃক্ষ-পরিশোভিত, যাহা প্লক্ষ, যজ্ঞোডুম্বর, কুদাল, শমী এবং রুচকবৃক্ষ দ্বারা উত্তম শোভা-সম্পন্ন, যে বন মালতী, যুথিকা, কুন্দ, চম্পক এবং অশ্বত্থ বৃক্ষে ভূষিত, যে বনে পুষ্প সকল সর্ব্বদা প্রস্ফুটিত, যাহাতে ঋষিগণ সর্ব্বদা বাস করেন, গোদাবরী-তীরস্থিত সেই মহারণ্য দর্শন করত সেই মহারণ্য মধ্যে বেদাদি শাস্ত্রের অধ্যয়নশব্দে পরিপূর্ণ ভৃগুর আশ্রমে ভগীরথ প্রবেশ করিলেন। ভগীরথ আশ্রমে প্রবেশ করিয়া শ্রেষ্ঠ-শিষ্যগণ-পরিবৃত, বেদাদি-শাস্ত্র-ব্যাখ্যাতা, সূর্য্যের ন্যায় তেজস্বী ভৃগুমুনিকে দর্শন করিলেন। পরে তিনি মুনিশ্রেষ্ঠ ভৃগুকে যথাবিধি প্রণাম করিলেন, ভৃগুও সম্মানপূর্ব্বক তাঁহার আতিথ্য করিলেন। ঋষিশ্রেষ্ঠ ভৃগু, রাজার আতিথ্য করিলে, মহারাজ কৃতাঞ্জলি হইয়া মুনিপুঙ্গব ভৃগুকে বিনয়পূর্ব্বক কহিতে লাগিলেন,—"হে ভগবন্! আপনি সমস্ত ধর্ম্মই অবগত আছেন এবং সকল শাস্ত্রের পারদর্শী, অতএব সংসার-সমুদ্রের একমাত্র উদ্ধার-কর্ত্তা ভগবান্, যে কর্ম্ম দ্বারা সন্তোষ লাভ করেন এবং যে সকল কর্ম্ম করিলে ভূতভাবন ভগবানের পূজা করা হয়, হে ব্রহ্মন্!

অনুগ্রহ করিয়া আমার নিকট সেই সমস্ত প্রকাশ করুন।” ভৃগু কহিলেন,—“হে রাজন্! তুমি যাহা অভিলাষ করিয়াছ, তাহা জানিয়াছি, তুমি অতিশয় পুণ্যবান্ তাহা না হইলে কিজন্য আপনার পূর্ব্ব-পুরুষদিগকে উদ্ধার করিতে উদ্যত হইবে? হে ভূপাল। যে কোন ব্যক্তি গঙ্গা-জল-সেকাদি দ্বারা আত্মীয়গণকে উদ্ধার করিতে অভিলাষ করে, তুমি তাহাকে মনুষ্যরূপধারী হরিরূপে জানিবে। হে রাজেন্দ্র! দেবতাশ্রেষ্ঠ ভগবান্ যে সকল কর্ম্ম দ্বারা মনুষ্যদিগকে ইষ্টফল প্রদান করেন, আমি তাহা বলিতেছি, তুমি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। হে রাজন্! তুমি সত্য অবলম্বন কর, কদাচ হিংসা করিও না। সর্ব্বদা সকল প্রাণীর হিতকারী হইবে, কখনই মিথ্যা বলিবে না। দুর্জ্জনের সংসর্গ ত্যাগ করিবে, সাধুজনের সংসর্গ করিবে, তুমি দিবারাত্র পুণ্যকার্য্য করিবে। সনাতন বিষ্ণুকে স্মরণ কর, মহাবিষ্ণুর পূজা কর, অনুত্তমা শান্তির আশ্রয় গ্রহণ কর, পরে অষ্টাক্ষর মহামন্ত্র জপ করিয়া, মঙ্গল প্রাপ্ত হইবে।” রাজা কহিলেন,—“হে মুনে! সত্য কিপ্রকার? অহিংসাই বা কিরূপ? কিরূপ কার্য্য করিলে, সকল প্রাণীর হিত করা হয়? অনৃত কাহাকে বলে? কোন্ কোন্ ব্যক্তি দুর্জ্জন? কাহারাই বা সাধু? পুণ্য কিপ্রকার? কিরূপে বিষ্ণুকে স্মরণ করিতে হয়? তাঁহার পূজা কিরূপ? শান্তি কাহাকে বলে? অষ্টাক্ষর মন্ত্র কি? হে মুনে! আপনি সমস্ত শাস্ত্রের অর্থ যথার্থরূপ অবগত আছেন এবং যথার্থ-অর্থ-জ্ঞানে আপনার ন্যায় পণ্ডিত আর নাই, অতএব পুত্রবাৎসল্য সহকারে আমার নিকট এই সমস্ত কীর্ত্তন করুন।” ভৃগু কহিলেন,—“হে মহাপ্রাজ্ঞ! তুমি অতিশয় সাধু, তোমার বুদ্ধি অতি উত্তম। হে রাজন্! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিলে, আমি তোমার নিকট তৎসমস্ত বলিতেছি; হে রাজন্! পণ্ডিতগণ বলেন, যথার্থ-কথনই সত্য; ধর্ম্মপরায়ণ ব্যক্তিগণ, ধর্ম্মের অবিরোধী সত্য বাক্য বলিবেন। সুতরাং সাধুরা দেশ-কাল-পাত্র প্রভৃতিকে বিশেষরূপে অবগত হইয়া স্বকীয় ধর্ম্মের অবিরোধী যে সমস্ত বাক্য প্রয়োগ করেন, তাঁহা সত্য। হে রাজন্! যে সমস্ত কর্ম্ম কোন প্রাণীরই ক্লেশকর হয় না, তাহাকেই সর্ব্ব-কামার্থদায়িনী অহিংসা বলিয়া জানিবে। যাহা ধর্ম্মকার্য্যের সহায় এবং অকার্য্যের শত্রু, পণ্ডিতগণ তাহাকেই সকল লোকের হিতরূপে কীর্ত্তন করিয়াছেন। ধর্ম্ম এবং অধর্ম্ম বিবেচনা না করিয়া, ইচ্ছানুরূপ বাক্যকেই সমস্ত মঙ্গল কার্য্যের বিরোধী অনৃত বলিয়া জানিবে। হে রাজন্! যাহারা সকল লোকের শত্রু, যাহাদিগের বুদ্ধি অনবরত কুপথে গমন করে, যাহারা সর্ব্ব-কর্ম্ম-বহিষ্কৃত এবং মূর্খ, তাহারাই দুর্জ্জন। যাহারা ধর্ম্মাধর্ম্ম বিবেচনা করিয়া, বেদের আদেশ অনুসারে কর্ম্ম করে এবং যাহারা সকল জীবের হিত-কার্য্য করে, তাহারাই সাধু। সাধুগণ কহিয়াছেন,—যাহা ঈশ্বরের প্রীতিকর, সদ্ব্যক্তিরা যাহাকে সেবা করিয়া থাকেন এবং আপনার প্রীতিজনক, তাহাই পুণ্য। ‘এই সমস্ত জগৎ বিষ্ণুময়, বিষ্ণুই সকলের কারণ এবং আমিও বিষ্ণু’ এইরূপ চিন্তার নাম বিষ্ণুস্মরণ। বিষ্ণুই সমস্ত দেবতা, তাঁহার পূজাতে কোনরূপ বিধি নাই, এইরূপ মনের প্রীতিকে ভক্তিরূপে নির্দ্দেশ করিয়াছেন। ‘নিত্যস্বরূপ, পূর্ণব্রহ্ম বিষ্ণুই সর্ব্বভূতময়’ এইরূপ অভেদ-জ্ঞানস্বরূপ যে ভক্তি, তাহাই পূজা।—শত্রু এবং মিত্র উভয়ে সমজ্ঞান, আপনার জিতেন্দ্রিয়তা এবং যদৃচ্ছাক্রমে লব্ধ বস্তুতে যে সন্তোষ, তাহার নাম শান্তি। এতৎ সমস্ত হইতেই তপঃসিদ্ধি হইয়া থাকে এবং সমস্ত পাপ-

রাশি অচিরে বিনষ্ট হয়। হে রাজেন্দ্র! তোমার নিকট সমস্ত পাপ-নাশক, একমাত্র পুরুষার্থ-সাধন, অষ্টাক্ষররূপ মহামন্ত্র বলিতেছি। সমস্ত-সিদ্ধি-প্রদানে সক্ষম, বিষ্ণুর প্রীতিজনক 'ওঁ নমো নারায়ণায়' এই অষ্টাক্ষর মন্ত্র জপ করিবে। লক্ষ্মী যাঁহার বামক্রোড়ে অবস্থান করিতেছেন, যিনি নানা অলঙ্কারে অলঙ্কৃত, যাঁহার বক্ষঃস্থল শ্রীবৎস-চিহ্নে চিহ্নিত, যিনি প্রদীপ্ত কৌস্তুভমণিযুক্ত মালা ধারণ করিয়াছেন, যিনি হস্ত দ্বারা অভয় দান করিতেছেন, দেবতা এবং অসুরগণ যাঁহাকে নমস্কার করে, সেই শঙ্খ-চক্রধর কিরীট-কুণ্ডলধারী, রোগশূন্য, পীতবস্ত্রধারী, সমস্ত অভীষ্টফলপ্রদানে সক্ষম, শান্ত-স্বভাব, প্রভু, নারায়ণের ধ্যান যে ব্যক্তি করে এবং এই প্রকার উৎপত্তি-বিনাশবর্জ্জিত পরমাত্মা-স্বরূপ মহাবিষ্ণুকে আপনাতে দর্শন করে, সে সমস্ত মঙ্গল লাভ করিয়া থাকে। হে ভূপতে! এক্ষণে তুমি বিশ্রাম কর। নারায়ণ বাচ্য, মন্ত্র তাঁহার বাচক, মহাত্মা নারায়ণের বাচ্য-বাচক সম্বন্ধ নিত্য। এই ঘোর সংসারসমুদ্র যেরূপ অনাদিপ্রবৃত্ত, মহাবিষ্ণুও তদ্রূপ অনাদি এবং তিনিই সংসার হইতে মুক্ত করেন। ঐ মহাবিষ্ণু, জগতের বিধাতা, তিনিই সমস্ত অভিলষিত ফল প্রদান করিয়া থাকেন, তিনিই অন্তর্য্যামী জ্ঞানরূপী নিত্যস্বরূপ পূর্ণব্রহ্ম। তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, আমি তৎসমস্ত কহিলাম, তোমার মঙ্গল হউক, তপস্যায় সিদ্ধিলাভ কর এবং পরমসুখে গমন কর।" সূত কহিলেন,—ঋষিশ্রেষ্ঠ ভৃগু, মহীপাল ভগীরথকে এই কথা বলিলে, ভগীরথ উত্তম প্রীতিলাভ করত তপস্যার নিমিত্ত বনে গমন করিলেন। পরে হিমালয়পর্ব্বতে গমন করিয়া, মনোহর গঙ্গাতীরে বাস করত নাদেশ্বর নামক মহাক্ষেত্রে অতিশয় কঠোর তপস্যায় ব্রতী হইলেন। রাজা তপস্যাকালে ত্রিকালীন স্নান, কন্দ মূল ফল আহার, সর্ব্বদা অতিথিপূজা ও হোম করিতে লাগিলেন এবং সকল প্রাণীর হিতাকাঙ্ক্ষী, শান্তিগুণাবলম্বী, গলিতপত্রভোজী রাজা নারায়ণে, একাগ্রচিত্ত হইয়া পত্র, পুষ্প, ফল এবং জল দ্বারা ত্রিকালীন হরিপূজা করত অত্যন্ত ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক বহুকাল যাপনকরত হরির ধ্যান করিতে লাগিলেন। পরে ধার্ম্মিকশ্রেষ্ঠ রাজা, প্রাণায়াম দ্বারা নিশ্বাস রোধ করত তপস্যা করিতে আরম্ভ করিলেন। এইরূপে অনন্ত, অবিনাশী, পরমদেবতা নারায়ণের ধ্যান করত, ষষ্টিসহস্র বর্ষকাল, নিশ্বাস রোধ করিয়া রহিলেন। পরে রাজা ভগীরথের নাসিকাদ্বয় হইতে ভয়ঙ্কর ধূম বহির্গত হইতে লাগিল। হে মহামুনে! দেবতারা সেই ধূম দর্শন করিয়া, অতিশয় ভীত হইলেন। পরে দেবতাগণ ভয়ে অতিশয় পীড়িত হইয়া, স্বীয় স্বীয় অধিকার বিনষ্ট হইবে এই ভয়ে, যে স্থানে জগদীশ্বর মহাবিষ্ণু বাস করিতেছেন, সেই স্থানে গমন করিলেন। পরে স্বর্গের ঈশ্বর দেবগণ, ক্ষীরোদ-সমুদ্রের উত্তর তীরে গমন করিয়া, পশুপাশ-বিমোচনকারী দেবাদিদেব ঈশ্বরের স্তব করিতে লাগিলেন। দেবগণ কহিলেন,—"যাঁহার স্মরণমাত্র সমস্ত পীড়ার শান্তি হয়, ঈশ্বরজ্ঞ ব্যক্তিরা যাঁহাকে জ্ঞানগত বলিয়া কীর্ত্তন করিয়াছেন, যিনি জগতের একমাত্র প্রভু, সেই স্বভাবপরিশুদ্ধ পূর্ণব্রহ্ম পরমেশ্বর বিষ্ণুকে আমরা নমস্কার করি। ধর্ম্মিষ্ঠ ব্যক্তিরা যাঁহাকে সর্ব্বদা ধ্যান করে, যিনি সকলের পরমাত্মা, যিনি স্বকীয় ইচ্ছানুসারে শরীর ধারণ করিয়া, দেবতাদিগের কার্য্য সাধন করিয়া থাকেন, সমস্ত জগৎ যাঁহার স্বকীয় রূপ, সেই জগতের একমাত্র প্রভু পুরুষোত্তমকে নমস্কার করি। যে মুরারির নাম কীর্ত্তন

করিলে, সমস্ত পাপ বিনষ্ট হয়, সেই পুরাতন আদিপুরুষ পরমেশ্বর বিষ্ণুকে, পুরুষার্থসিদ্ধি নিমিত্ত নমস্কার করি। দিবাকর প্রভৃতি যাঁহার তেজে প্রকাশ পাইতেছেন, যাঁহার প্রভাবে নদী এবং নদ সকল সমুদ্রকে আক্রম করিতে পারে না, সেই পুরুষার্থস্বরূপ, কালরূপী, দেবগণের আদিদেব বিষ্ণুকে নমস্কার করি। যাঁহার আজ্ঞানুসারে কমলযোনি ব্রহ্মা নিরন্তর জগৎসৃষ্টি করিতেছেন, বেদ এবং ব্রাহ্মণগণ লোকদিগকে পবিত্র করিতেছেন, সেই গুণাকর দেবাদিদেব বিষ্ণুকে নমস্কার করি। দেবতা ও অসুরগণ যাঁহার পাদপদ্ম পূজা করিয়া থাকেন, যিনি সাধুভক্তগণের অভিলষিত-সিদ্ধির কারণ, যিনি একমাত্র জ্ঞান দ্বারা লভ্য; সেই মধুকৈটভারি, সর্ব্বশ্রেষ্ঠ বিষ্ণুকে নমস্কার করি। যিনি পদ্মযোনি ব্রহ্মাদি দেবগণের আরাধ্য, যজ্ঞই যাঁহার প্রিয়, যিনি যজ্ঞের ভোক্তা, যিনি সকল হইতে উত্তম এবং যিনি বাঞ্ছিত বস্তুর প্রদানে সক্ষম, সেই বিশুদ্ধ, পীতাম্বরধারী অনন্তদেব পরমেশ্বর নারায়ণকে নমস্কার করি। যিনি নিত্যানন্দ এবং নিত্যজ্ঞান স্বরূপ, যিনি অজ্ঞানরূপ অন্ধকারে আচ্ছন্ন ব্যক্তিগণের অজ্ঞেয়, যাঁহার আদি-মধ্য-অন্ত কিছুই নাই, যিনি উৎপত্তি-বিবর্জ্জিত, সেই রূপাদিবিহীন পরমেশ্বর-দেবকে নমস্কার করি।" ইন্দ্রাদি দেবগণ তৎকালে মহাবিষ্ণুকে এইরূপে স্তব করিলে, মহাবিষ্ণু, দেবগণের নিকট সেই রাজর্ষি ভগীরথের চরিত্র বর্ণন করিতে লাগিলেন। পরে হরি দেবগণকে আশ্বাস প্রদান পূর্ব্বক অভয় প্রদান করিয়া, যে স্থানে রাজর্ষি ভগীরথ তপস্যা করিতেছেন, সেই স্থানে গমন করিলেন। পরে শঙ্খ-চক্র-ধারী সচ্চিদানন্দরূপী সমস্ত জগতের গুরু, দেবদেব হরি, সেই রাজার সম্মুখবর্ত্তী হইলেন। যাঁহার শরীর-প্রভায় দিক্ সকল সমুজ্জ্বল, বর্ণ অতসী পুষ্পের ন্যায়, কর্ণ সমুজ্জ্বল কুণ্ডল দ্বারা ভূষিত, প্রস্ফুটিত পদ্মপত্র সদৃশ নেত্র, মস্তক প্রদীপ্ত মুকুট দ্বারা উজ্জ্বল, যিনি শ্রীবৎস এবং কৌস্তুভ ধারণ করিতেছেন, যাঁহার বাহুদ্বয় সুদীর্ঘ, সমস্ত অঙ্গ প্রশস্ত, দেবতাগণ যাঁহার পাদপদ্ম সেবা করিয়া থাকেন, পৃথিবীপালক রাজা ভগীরথ সেই হরিকে নিকটে দর্শন করত ভূমিতে দণ্ডবৎ পতিত হইয়া প্রণাম করিলেন। তৎপরে ভগীরথ অত্যন্ত হর্ষান্বিত-চিত্তে রোমাঞ্চিত-শরীরে গদ্গদ-বাক্যে পুনঃপুনর্ব্বার "কৃষ্ণ, কৃষ্ণ, কৃষ্ণ, কৃষ্ণ" বলিতে লাগিলেন। তৎকালে ভূতভাবন ভগবান্ অন্তর্যামী জনার্দ্দন বিষ্ণু, প্রসন্ন-চিত্তে তাহার উপর সদয় হইয়া, কহিতে লাগিলেন,—"হে ভগীরথ! তুমি অতি ভাগ্যবান্, তোমার অভীষ্ট সিদ্ধ হইবে এবং তোমার পূর্ব্বপুরুষ পিতৃ-পিতামহগণ আমার লোকে আগমন করিবে। তুমি আপনার সামর্থ্যানুসারে আমারই শরীরান্তর শম্ভুকে স্তব দ্বারা আরাধনা কর, সেই শম্ভু তোমার সমস্ত মঙ্গল বিধান করিবেন, তাহাতে সংশয় নাই। হে রাজন্! আমিও সেই হিমালয়-কন্যা ভগবতীর পতিকে প্রতিদিন পূজা করিয়া থাকি, অতএব, তুমি, সেই স্তবার্হ, সুখদানে সক্ষম, ঈশানকে স্তব দ্বারা আরাধনা কর। হে রাজন্! তুমি সেই উৎপত্তি-বিনাশ-বর্জ্জিত সমস্ত অভিলষিত ফলদাতা দেবকে পূজা করিলে, তিনি তোমার মঙ্গল বিধান করিবেন।" বিশ্বাত্মা দেবাদিদেব পরমেশ্বর জগদীশ্বর অচ্যুত এই কথা বলিয়া, অন্তর্হিত হইলেন, পৃথিবীনাথও গাত্রোত্থান করিলেন। পরে হে দ্বিজোত্তমগণ! রাজেন্দ্র ভগীরথ ইহাকে স্বপ্ন, কি সত্য এইরূপ বিতর্ক করত, বিস্মিত-চিত্তে 'এক্ষণে কি করিব' এইরূপ অতিশয় চিন্তাকুল হইলেন। অনন্তর বিভ্রান্ত-চেতা ভগীরথের

প্রতি আকাশমার্গে অতি উচ্চ দৈববাণী হইল, 'তুমি এই সমস্ত সত্যরূপে জানিবে, চিন্তা করিও না।' তৎকালে পৃথিবীনাথ উন্মনা হইয়া ভক্তিপূর্ব্বক জগৎকারণ, সকল দেবতা স্বরূপ ঈশানকে স্তব করিতে লাগিলেন—"যিনি প্রণতদিগের পীড়ানাশক, বেদাদি শাস্ত্র প্রমাণ দ্বারা অজ্ঞেয় এবং যিনি প্রণব স্বরূপ, সেই জগৎপতি ঈশান দেবকে নমস্কার করি। এই জগৎ যাঁহার রূপ, যিনি উৎপত্তিরহিত এবং যিনি সর্গ-স্থিতি বিনাশের কারণ, সেই ঊর্দ্ধরেতা, বিশ্বরূপী বিরূপাক্ষকে নমস্কার করি। যোগীন্দ্রগণ যাঁহাকে আদি-অন্ত-মধ্য রহিত এবং অজ ও অব্যয় এইরূপ কহিয়া থাকেন, সেই সন্তোষ-বর্দ্ধন অনন্তকে নমস্কার করি। যিনি ত্রিলোকের অধীশ্বর, যিনি সকলের প্রতি অনুরাগী এবং সকলে যাঁহার প্রতি অনুরক্ত, তাঁহাকে নমস্কার। নীলকণ্ঠকে নমস্কার। পশুপতিকে নমস্কার। যিনি চৈতন্য স্বরূপ, তাঁহাকে নমস্কার। যিনি পুষ্টিদিগের অধীশ্বর, তাঁহাকে নমস্কার। যাঁহার স্মরণ মাত্রে সমস্ত পাপ বিনষ্ট হয়, তাঁহাকে নমস্কার। মীঢ়ুষ্টমকে নমস্কার। রুদ্রদেবকে নমস্কার। কপর্দ্দী প্রচেতাকে নমস্কার। পিনাকপাণিকে নমস্কার। শূলপাণিকে নমস্কার। তুমি সমস্ত ভূতস্বরূপ তোমাকে নমস্কার। ঘণ্টাহস্তকে নমস্কার। পাশহস্তকে নমস্কার। ক্ষেত্রপতিকে নমস্কার। কপালহস্তকে নমস্কার। পাশ এবং মুদ্গরপাণিকে নমস্কার। যাহারা সমস্ত পাপরাশিকে বিনষ্ট করিয়া থাকে, তাহাদিগের প্রভুকে নমস্কার। যিনি ভূতগণের অধীশ্বর, তাঁহাকে নমস্কার এবং ক্ষেত্রীদিগের পতিকে নমস্কার। হিরণ্যগর্ভকে নমস্কার, হিরণ্যপতিকে নমস্কার। তুমি হিরণ্যরেতা, তোমাকে নমস্কার। এই সমস্ত বিশ্বসংসার তোমার রূপান্তর, তোমাকে নমস্কার। তুমিই ধ্যানস্বরূপ, ধ্যানের সাক্ষী এবং ধ্যানকর্ত্তা, তোমাকে নমস্কার ও অভিরূপকে নমস্কার। মেঘ যেরূপ বৃষ্টি সৃজন করে, তাহার ন্যায় যিনি এই চরাচর অখিল বিশ্বব্রহ্মাণ্ড সৃজন করিতেছেন, যিনি প্রধান পুরুষ এবং যিনি স্বপ্রকাশ স্বরূপ, পণ্ডিতগণ যাঁহাকে সনাতন পরমজ্যোতি স্বরূপ বলিয়া কীর্ত্তন করিয়াছেন, সেই মনুষ্য-চক্ষুর সূর্য্যস্বরূপ মহাত্মাকে নমস্কার করি। হে উমাকান্ত! হে বিরূপাক্ষ! হে নীলকণ্ঠ! হে সদাশিব! হে মৃত্যুঞ্জয়! হে মহাভাগ! যাহা মঙ্গল, তুমি তাহাই বিধান কর। কপর্দ্দীকে নমস্কার। হে নীলগ্রীব! তোমাকে নমস্কার। কৃশানুরেতাকে নমস্কার। শিব আমাদিগের প্রতি প্রসন্নমনা হউন। সমুদ্র, নদী, পর্ব্বত, গন্ধর্ব্ব, যক্ষ, দেবতা এবং সিদ্ধগণ যাঁহা হইতে উৎপন্ন হইয়াছে, জীবগণ যাঁহা হইতে চেষ্টা করিতেছে, সেই মহাদেব আমাদিগের শুভপ্রদান করুন। যোগিগণেরা যাঁহাকে বিশুদ্ধরূপে ধ্যান করিতেছেন, যাঁহাকে সকল প্রাণীর অন্তরাত্মার আশ্রয়রূপে গান করেন, যিনি অদ্বিতীয় এবং স্বতন্ত্র, যিনি সমস্ত গুণত্রয়ের আধার, তাঁহাকে বারংবার নমস্কার করি।" যে ব্যক্তি ত্রিসন্ধ্যা সময়ে এই সাগরভাষিত শঙ্করস্তোত্র পাঠ করে, সে সমস্ত ইচ্ছানুরূপ ফললাভ করে। ভগীরথ এইরূপে স্তব করিলে, লোকদিগের মঙ্গলকারী মহাদেব শঙ্কর তৎকালে উগ্রতপা রাজা ভগীরথের নিকটে উপস্থিত হইলেন। যাঁহার পাঁচটী বদন, দশ হস্ত; যিনি চন্দ্রের অর্দ্ধ মস্তকে ধারণ করিয়াছেন; যাঁহার তিন লোচন, অঙ্গ অতি সুন্দর; যিনি নাগসর্পকে যজ্ঞোপবীতরূপে ধারণ করিয়াছেন; যাঁহার বক্ষঃস্থল অতিপ্রশস্ত, আটটী বাহু; যিনি গজচর্ম্মের বস্ত্র ধারণ করিয়াছেন; দেবতারা যাঁহার পাদ-

পদ্মকে মূর্চ্ছনা করিতেছেন, রাজা ভগীরথ, সেই মহাতেজস্বী মহাদেবকে দর্শন করত ভাবে গদ্গদ হইয়া, পৃথিবীমণ্ডলে পতিত হইলেন এবং উচ্চৈঃস্বরে 'মহাদেব' এই কথা বলিয়া, মহাদেবকে প্রণাম করিলেন। চন্দ্রশেখর শঙ্কর, রাজার ভক্তি অবগত হইয়া, আনন্দের সহিত রাজাকে কহিলেন,—"আমি সন্তুষ্ট হইয়াছি, তুমি বর যাচ্ঞা কর। হে নিষ্পাপ! তোমার স্তব এবং তপস্যা দ্বারা আমি পূজিত হইয়াছি, তুমি অতুল ভোগ্যবস্তু ভোগ করত মোক্ষ প্রাপ্ত হইবে।" দেবদেব এই কথা বলিলে, রাজা আনন্দচিত্তে যুক্তহস্ত হইয়া জগদীশ্বরের ঈশ্বরকে কহিতে লাগিলেন,—"হে মহেশ্বর! যদি আপনি অনুগ্রহ করিয়া, আমাকে বরদান করিতে ইচ্ছা করেন, তাহা হইলে, ত্রিপথ-গামিনী গঙ্গার প্রসাদে আমার পিতামহদিগকে উদ্ধার করুন।" দেবদেব কহিলেন,—"আমি তোমাকে গঙ্গা প্রদান করিলাম, এই গঙ্গা তোমার পিতামহদিগের উদ্ধারপথ হইবে এবং তোমাকেও মোক্ষপদ প্রদান করিলাম।" মহাদেব এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন। পরে শিব-শিরোবাসিনী ত্রিজগতের একমাত্র পবিত্রকারিণী গঙ্গা, সমস্ত জগৎকে পবিত্র করত ভগীরথের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। হে পণ্ডিত! সেই অবধি পাপনাশিনী নির্ম্মলা গঙ্গাদেবী, ত্রিলোকের মধ্যে ভাগীরথী এই নামে বিখ্যাত হইয়াছেন। হে মুনীশ্বরগণ! সগর-রাজার পুত্রেরা যে স্থানে দগ্ধ হইয়াছিল, সরিদ্বরা গঙ্গা, সেই দেশকে প্লাবিত করিলেন। যে সময়ে গঙ্গা, সগর-সন্তানদিগের ভস্মকে সম্যক্‌রূপে প্লাবিত করিলেন, সেই সময়েই নরকস্থ সগর-সন্তানগণ পাপ হইতে মুক্ত হইলেন এবং পূর্ব্বে যম, যে সগর-সন্তানদিগকে তাড়না করত শিক্ষা প্রদান করিতেন, এক্ষণে সেই যমই গঙ্গাজল-পরিপ্লুত সেই সগর-সন্তানদিগকে পূজা করিতে লাগিলেন। পরে যম, সগর-সন্তানদিগকে নিষ্পাপ জানিয়া, সবিনয়ে তাঁহাদিগকে প্রণাম করত যথাবিধি পূজা করিয়া, এই কথা বলিতে লাগিলেন,—"ওহে রাজপুত্রগণ! তোমরা স্বীয় কর্ম্ম-বশতঃ এই কাল পর্য্যন্ত এই অতি ভীষণ-নরক ভোগ করিলে, এক্ষণে তোমাদিগের বংশে ভগীরথ নামে এক ধন্য সন্তান জন্মগ্রহণ করিয়াছেন, সেই ভগীরথ তোমাদিগকে এই নরক হইতে উত্তীর্ণ করিয়াছেন; তোমরা শীঘ্র এই সর্ব্বকামান্বিত-বিমানে আরোহণ করিয়া, সমস্ত লোকের প্রধান হইতে প্রধান বিষ্ণু-লোকে গমন কর।" যম, তাঁহাদিগকে এই কথা বলিলে, মহাত্মা সগর-সন্তানগণ পাপ হইতে মুক্ত হইয়া, শত কোটি পুরুষের সহিত বিষ্ণুলোক প্রাপ্ত হইলেন। যিনি হরির চরণপ্রান্তে জন্মগ্রহণ করিয়াছেন, সেই মহাপাতক-নাশিনী ত্রিলোক-বিশ্রুতা গঙ্গার এইরূপ প্রভাব। এই উপাখ্যান, অতিশয় পুণ্যজনক, পরমায়ু-বৃদ্ধিকর এবং মহাপাতক-বিনাশে সক্ষম। যে ব্যক্তি ইহা পাঠ করে অথবা শ্রবণ করে, সে গঙ্গাস্নানের ফললাভ করে। যে ব্যক্তি দেবতার গৃহে এই পবিত্র উপাখ্যান পাঠ করে, সে, যে কাল পর্য্যন্ত চতুর্দ্দশ ইন্দ্র, সেই কাল পর্য্যন্ত, বিষ্ণুর সালোক্য প্রাপ্ত হয়।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৫ ॥

ষোড়শ অধ্যায়।

সূত কহিলেন,—হে শ্রেষ্ঠতম ঋষিগণ। যে সমস্ত ব্রত করিলে, পশুপাশ-বিমোচন-কারী হরি প্রসন্ন হন, সেই ব্রত সম্যক্‌রূপে বলিতেছি, শ্রবণ কর ;—যাহা দ্বারা জনার্দ্দন অনায়াসে সকলের প্রতি প্রসন্ন হন, ইহকাল এবং পরকালে সুখ এবং তপস্যার বৃদ্ধিও হইয়া থাকে। হরিপূজা-পরায়ণগণ যে কোন উপায় দ্বারা পরমস্থান প্রাপ্ত হন, পণ্ডিতেরা ইহাই বলিয়া থাকেন। মনুষ্য অগ্রহায়ণ মাসে শুক্লপক্ষের একাদশীতে উপবাস করিয়া, দ্বাদশীদিনে দন্তধাবনপূর্ব্বক স্নান ও শুক্লবস্ত্র ধারণ করিয়া, গন্ধ পুষ্প ও আতপ তণ্ডুল দ্বারা শ্রদ্ধাসহকারে সম্যক্‌রূপে বাক্য সংযমপূর্ব্বক "কেশবায় নমস্তভ্যম্‌" এই মন্ত্র দ্বারা সেই জলশায়ী হরি-বিষ্ণুকে পূজা করিবে। পরে ঐ মন্ত্র দ্বারা যত্নপূর্ব্বক অগ্নিতে তিলাহুতি প্রদান করিবে। রাত্রিকালে শালগ্রামশিলার নিকটে জাগরণ করিয়া থাকিবে। প্রস্থপরিমিত দুগ্ধ দ্বারা সেই অনাময় নারায়ণকে স্নান করাইবে এবং গীত, বাদ্য, নৈবেদ্য ও ভক্ষ্য-ভোজ্য দ্বারা মহালক্ষ্মীর সহিত কেশবকে ত্রিকালীন পূজা করিবে। পুনর্ব্বার প্রাতঃকালে গাত্রোত্থান করত, যথোচিত কর্ম্মের অনুষ্ঠান করিয়া, পূর্ব্বের ন্যায় বাক্য-সংযমপূর্ব্বক, সংযত এবং শুচি হইয়া দেবকে পূজা করিবে। পরে (কেশবঃ কেশিহা দেবঃ সর্ব্বসম্পৎ-প্রদায়কঃ। পরমান্নপ্রদানেন মম স্যাদিষ্টসাধকঃ।) "যে কেশব কেশী অসুরকে নষ্ট করিয়াছেন, যিনি সমস্ত সম্পৎ-প্রদানে সক্ষম, আমি তাঁহাকে পরমান্ন দান করিতেছি, তিনি আমার ইষ্টসাধন করুন।" এতদর্থক মন্ত্র দ্বারা ব্রাহ্মণকে ঘৃতসংযুক্ত-পায়স, নারিকেলের জল এবং দক্ষিণা ভক্তিপূর্ব্বক দান করিবে। পরে বন্ধুগণের সহিত আপনার শক্ত্যনুসারে ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণদিগকে ভোজন করাইবে এবং আপনি নারায়ণে একাগ্রচিত্ত হইয়া, বাক্য-সংযমপূর্ব্বক ভোজন করিবে। হে দ্বিজগণ! যে ব্যক্তি, এইরূপে ভক্তিপূর্ব্বক কেশবের অর্চ্চনা করে, সে পৌণ্ডরীক-যজ্ঞের আট গুণ ফল লাভ করে। এইরূপ সংযমপূর্ব্বক পৌষ মাসের শুক্লপক্ষ-দ্বাদশীতে পূর্ব্বদিন উপবাস করিয়া, 'নমো নারায়ণ' এই মন্ত্র দ্বারা হরিকে পূজা করিবে, প্রস্থপরিমিত দুগ্ধ দ্বারা অনাময় হরিকে স্নান করাইয়া, ত্রিকালীন অর্চ্চনা করত রাত্রিতে জাগরণ করিবে এবং ধূপ, দীপ, নৈবেদ্য, গন্ধ, মনোহর পুষ্প, নৃত্য, গীত, বাদ্য ও স্তব দ্বারা হরিকে পূজা করিবে। পরে ঘৃতের সহিত কৃশরান্ন এবং দক্ষিণা ব্রাহ্মণকে দান করিবে। (সর্ব্বাত্মা সর্ব্বলোকেশঃ সর্ব্বব্যাপী সনাতনঃ। নারায়ণঃ প্রসন্নঃ স্যাৎ কৃশরান্নপ্রদানতঃ।) "আমি কৃশরান্ন প্রদান করিতেছি, সকলের আত্মস্বরূপ, সকল লোকের ঈশ্বর, সর্ব্বব্যাপী, সনাতন নারায়ণ আমার প্রতি প্রসন্ন হউন।" এই মন্ত্র দ্বারা ব্রাহ্মণকে উত্তম অন্ন দান করিয়া, ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া, বন্ধুগণের সহিত আপনি ভোজন করিবে। যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক এইরূপে প্রভু নারায়ণ দেবের পূজা করে, সে অগ্নিষ্টোম-যজ্ঞের সম্পূর্ণ আট গুণ ফল লাভ করে। মনুষ্য পূর্ব্বের ন্যায় উপবাস করিয়া, মাঘমাসের শুক্লা দ্বাদশীতে 'ওঁ নমো মাধবায়' এই মন্ত্র দ্বারা আটটী ঘৃতাহুতি প্রদান করিবে, প্রস্থ-পরিমিত দুগ্ধ দ্বারা মাধবকে পবিত্র

ভাবে স্নান করাইবে, গন্ধ-পুষ্পাদি দ্বারা সম্যক্‌রূপে মাধবের অর্চ্চনা করিবে এবং পূর্ব্বের ন্যায় ভক্তিপূর্ব্বক রাত্রিতে জাগরণ করিবে, পরদিন প্রাতঃকৃত্য সমাপন করিয়া, পুনর্ব্বার মাধবের অর্চ্চনা করিবে। "মাধবঃ সর্ব্বভূতাত্মা সর্ব্বকর্ম্ম-ফলপ্রদঃ। তিলদানেন মহতা সর্ব্বান্ কামান্ প্রযচ্ছতু" এই মন্ত্র পাঠপূর্ব্বক ব্রাহ্মণকে প্রস্থপরিমিত তিল দান করিবে। ভক্তিসহকারে এই মন্ত্র দ্বারা ব্রাহ্মণকে দান করিয়া, প্রভু মাধবকে স্মরণ করিয়া, ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণকে ভোজন করাইবে। যে দ্বিজ ভক্তিপূর্ব্বক এইরূপে তিলদান-ব্রতের অনুষ্ঠান করে, সে শত বাজপেয়-যজ্ঞের সম্পূর্ণ ফল লাভ করে। ব্রতধারী ব্যক্তি, উপবাস করিয়া, ফাল্গুনমাসের শুক্লপক্ষের দ্বাদশী তিথিতে "গোবিন্দায় নমস্তুভ্যং" এই মন্ত্র দ্বারা সম্যক্‌রূপে পূজা ও ঘৃতমিশ্রিত তিল দ্বারা অষ্টোত্তর শত হোম করিয়া, প্রস্থপরিমিত দুগ্ধ দ্বারা গোবিন্দকে স্নান করাইবে, শুচি হইয়া রাত্রিতে জাগরণ করিবে এবং ত্রিকালীন হরির পূজা করিবে। হে মুনে! পরদিন প্রাতঃকৃত্য সমাপন করিয়া, গোবিন্দকে পূজা করিবে, পরে "নমো গোবিন্দ সর্ব্বেশ গোপিকাজনবল্লভ। অনেন ধান্যদানেন প্রীতো ভব জগদ্‌গুরো" এই মন্ত্র পাঠপূর্ব্বক ব্রাহ্মণকে আঢ়ক-পরিমিত ব্রীহি এবং দক্ষিণার সহিত বস্ত্র দান করিবে। মনুষ্য এইরূপে সম্যক্ ব্রতের অনুষ্ঠান করিলে, সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া, সহস্র গোমেধ-যজ্ঞের সম্পূর্ণ ফল লাভ করে। পূর্ব্বদিবস উপবাস করিয়া চৈত্রমাসের শুক্লপক্ষ দ্বাদশীতে "নমোঽস্তু বিষ্ণবে তুভ্যং" এই মন্ত্র দ্বারা পূর্ব্বের ন্যায় অর্চ্চনা করিবে, ভক্তিপূর্ব্বক প্রস্থপরিমিত দুগ্ধ দ্বারা বিষ্ণুকে স্নান করাইয়া, আদরপূর্ব্বক পূর্ব্বোক্তরূপে প্রস্থ-পরিমিত ঘৃত দ্বারা স্নান করাইবে। হে বিপ্রগণ! ব্রতধারী ব্যক্তি, রাত্রিতে জাগরণ করিয়া, পূর্ব্বের ন্যায় অর্চ্চনা করিবে। তৎপরে যথাযোগ্য প্রাতঃকৃত্য সমাপন করিয়া, হরিকে অর্চ্চনা করিবে এবং অষ্টোত্তরশত মধু-মিশ্রিত তিলাহুতি প্রদান পূর্ব্বক "প্রাণরূপী মহাবিষ্ণুঃ প্রাণদঃ প্রাণবল্লভঃ। তণ্ডুলস্য প্রদানেন প্রীয়তাং মে জনার্দ্দন;" এই মন্ত্র পাঠ করিয়া, ব্রাহ্মণকে দক্ষিণার সহিত আঢ়ক-পরিমিত তণ্ডুল দান করিবে। মনুষ্য, ভক্তিপূর্ব্বক এইরূপ অনুষ্ঠান করিলে, সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া, অগ্নিষ্টোম-যজ্ঞের অতিরিক্ত অষ্টগুণ ফল লাভ করে। ব্রতধারী ব্যক্তি উপবাস করিয়া, বৈশাখমাসের শুক্লপক্ষের দ্বাদশীতে ভক্তিপূর্ব্বক দ্রোণপরিমিত ক্ষীর দ্বারা দেবতাশ্রেষ্ঠ মধুসূদনকে স্নান করাইবে, ত্রিকালীন পূজা করিয়া, রাত্রিতে জাগরণ করিবে, "নমস্তে মধুহন্ত্রা" এই মন্ত্র দ্বারা ভক্তিপূর্ব্বক ঘৃতের আহুতি দান করিবে। তৎপরে প্রাতঃকালে মধুসূদনকে যথাবিধি অর্চ্চনা করিয়া "নমস্তে দেবদেবেশ সর্ব্বলোকৈকভাবন। ঘৃতদানেন মহতা সর্ব্বান্ কামান্ দদস্ব মে" এই মন্ত্রে যথাযথবিৎ ব্রাহ্মণকে দক্ষিণার সহিত প্রস্থ-পরিমিত ঘৃত দান করিবে। হে বিপ্রগণ! এইরূপে ঘৃতদান এবং মধুসূদনের পূজা করিলে, সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া অশ্বমেধ-যজ্ঞের অষ্টগুণ ফল লাভ করে। একাদশীতে উপবাসী ব্যক্তি, জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষের দ্বাদশী তিথিতে, আঢ়কপরিমিত দুগ্ধ দ্বারা ত্রিবিক্রমকে স্নান করাইবে এবং ভক্তিযুক্ত হইয়া "নমস্ত্রিবিক্রমায়" এই মন্ত্র দ্বারা ত্রিবিক্রমের পূজা করত পায়স দ্বারা অষ্টোত্তর শত আহুতি দানপূর্ব্বক রাত্রিতে জাগরণ করিবে এবং পরদিন সম্যক্‌রূপে পুনর্ব্বার পূজা করিয়া, "দেবদেব জগন্নাথ প্রসীদ পরমেশ্বর। উপায়নঞ্চ সংগৃহ

ভবাভীষ্টফলপ্রদঃ" এই মন্ত্র দ্বারা ব্রাহ্মণকে দক্ষিণার সহিত বিংশতি-সংখ্যক পিষ্টক দান করিবে। পরে ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া বাক্যসংযম পূর্ব্বক আপনি ভোজন করিবে। তাহা হইলে সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া নরমেধ-যজ্ঞের ফল লাভ করিবে। উপবাসী ব্রতধারী মনুষ্য জিতেন্দ্রিয় হইয়া, আষাঢ় মাসের শুক্লপক্ষের দ্বাদশীতে প্রস্থ-পরিমিত দুগ্ধ দ্বারা বামনকে স্নান করাইয়া, "নমস্তে বামনায়" এই মন্ত্রে শক্তি অনুসারে দূর্ব্বা দ্বারা হোম করিবে, পরে রাত্রিজাগরণ করত সম্যক্‌রূপে বামনকে অর্চ্চনা করিয়া "বামনো বুদ্ধিদো দাতা দ্রব্যস্থো বামনঃ স্বয়ং। বামনস্তারকো ভূয়াদ্বামনায় নমো নমঃ" এই মন্ত্র দ্বারা ভক্তিপূর্ব্বক বামনদেবের অর্চ্চনাকারী আত্মবিৎ ব্রাহ্মণকে দক্ষিণার সহিত দধিযুক্ত অন্ন এবং নারিকেলফল দান করিবে। হে শ্রেষ্ঠ দ্বিজগণ! যে ব্যক্তি শক্তি অনুসারে এইরূপে দধির সহিত অন্নদান করিয়া দ্বিজগণকে ভোজন করায়, সে তিনশত গোগ্রাস-দানের ফল লাভ করে। উপবাসকারী ব্যক্তি, শ্রাবণ মাসের শুক্লপক্ষের দ্বাদশীতে, শক্তি অনুসারে মধুমিশ্রিত ক্ষীর দ্বারা শ্রীধরকে পূজা করিবে। "নমোঽস্তু শ্রীধরায়" এই মন্ত্রে গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিয়া, ক্রমে ক্রমে ঘৃত দ্বারা যথাশক্তি হোম করিবে। হে দ্বিজোত্তমগণ! পরে রাত্রিতে জাগরণ করিয়া, পুনর্ব্বার সেইরূপে পূজা করিবে এবং ব্রাহ্মণকে আঢ়ক-পরিমিত উত্তম ক্ষীর দান করিবে। পরে "ক্ষীরাব্ধিশায়িন্ দেবেশ পশু-পাশাবমোচকঃ। ক্ষীরদানেন সুপ্রীতো ভব সর্ব্বসুখপ্রদঃ" এই মন্ত্র দ্বারা সমস্ত অভিলষিত-সিদ্ধির নিমিত্ত দক্ষিণার সহিত বস্ত্র এবং সুবর্ণময় দুইটী কুণ্ডল দান করিবে। যে ব্রতধারী ব্যক্তি শক্তি অনুসারে এইরূপ দান করিয়া, ব্রাহ্মণগণকে ভোজন করায়, সে সহস্র অশ্বমেধের সম্পূর্ণ ফল লাভ করে। উপবাসী নর ভাদ্রমাসের শুক্লাদ্বাদশীতে দ্রোণ-পরিমিত দুগ্ধ দ্বারা জগদ্‌গুরু হৃষীকেশকে স্নান করাইবে, পরে যত্নপূর্ব্বক "হৃষীকেশ নমস্তভ্যং" এই মন্ত্র দ্বারা তাঁহাকে পূজা করিয়া, আপনার শক্তি অনুসারে ব্রত ধারণপূর্ব্বক মধুযুক্ত চরু দ্বারা হোম করিবে, পরে জাগরণাদি-কার্য্য সমাপন করিয়া "হৃষীকেশ নমস্তভ্যং সর্ব্বলোকৈকহেতবে। মম সর্ব্বসুখং দেহি গোধূমস্য প্রদানতঃ।" এই মন্ত্র বলিয়া স্বীয় শক্তি অনুসারে আত্মবিৎ ব্রাহ্মণকে আঢকার্দ্ধ-পরিমিত গোধূম এবং দক্ষিণা দান করিবে। পরে শক্তি অনুসারে ব্রাহ্মণভোজন করাইয়া, বাক্যসংযম-পূর্ব্বক আপনি ভোজন করিবে। তাহা হইলে সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া, ব্রহ্মমেধ-যজ্ঞের ফল লাভ করিবে। উপবাসী নর শুচি হইয়া, আশ্বিন মাসের শুক্লপক্ষের দ্বাদশীতে পূর্ব্বের ন্যায় দুগ্ধ দ্বারা পদ্মনাভকে স্নান করাইবে, পরে শক্তি অনুসারে "নমস্তে পদ্মনাভায়" এই মন্ত্রে তিল যব ব্রীহি দ্বারা হোম করিয়া যথাবিধি পূজা করিবে, পরে জাগরণাদি সমাপন পূর্ব্বক পুনর্ব্বার পূজা করিয়া "পদ্মনাভ নমস্তভ্যং সর্ব্বলোকপিতামহ। মধুদানেন সুপ্রীতো ভব সর্ব্বসুখপ্রদঃ।" এই মন্ত্র দ্বারা ব্রাহ্মণকে দক্ষিণার সহিত কুড়ব-পরিমিত মধু দান করিবে। যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক এইরূপে পদ্মনাভের পূজা করে, সে সহস্র ব্রহ্মমেধ-যজ্ঞের অনুত্তম ফল প্রাপ্ত হয়। উপবাসী মনুষ্য মাংস মৈথুনাদি পরিত্যাগ পূর্ব্বক কার্ত্তিকমাসের দ্বাদশীতে আঢ়কপরিমিত ক্ষীর, দধি এবং ঘৃত দ্বারা "নমো দামোদরায়" এই মন্ত্রে ভক্তি পূর্ব্বক দামোদরকে স্নান করাইবে, পরে যষ্টোত্তর শত

মধুমিশ্রিত তিল হোম করিয়া সংযতচিত্তে ত্রিকালীন পূজা করত রাত্রিতে জাগরণ করিবে, পরদিন প্রাতঃকালে মনোহর পদ্মপুষ্প দ্বারা দেবদেবের পূজা করিয়া পুনর্ব্বার ঘৃতমিশ্রিত তিল দ্বারা অষ্টোত্তর শত হোম করিবে, পরে ভক্তি পূর্ব্বক ব্রাহ্মণকে সুপক্ব ভক্ষ্যবস্তুর সহিত অন্নদান করিয়া "দামোদর জগন্নাথ সর্ব্বকারণকারণ। ত্রাহি মাং কৃপয়া দেব শরণাগতবৎসল" এই মন্ত্র দ্বারা তপস্বী শ্রোত্রিয় ব্রাহ্মণকে যথাশক্তি দক্ষিণার সহিত উপায়ন দান করিয়া, ব্রাহ্মণগণকে ভোজন করাইবে। এইরূপে সম্যক্ ব্রতের অনুষ্ঠান করিয়া বন্ধুগণের সহিত আপনি ভোজন করিবে। তাহা হইলে দ্বিসহস্র অশ্বমেধ-যজ্ঞের ফল লাভ করিতে পারিবে। হে মুনিশ্রেষ্ঠগণ। যে ব্যক্তি ব্রতধারণ পূর্ব্বক এক বৎসর-কাল ব্যাপিয়া প্রতি দ্বাদশী তিথিতে এইরূপ উত্তম ব্রতের অনুষ্ঠান করে, সে পরম পদ প্রাপ্ত হয়। যে ব্যক্তি এক মাসে অথবা দুই মাসে ভক্তির সহিত ব্রতানুষ্ঠান করে, সেও তাহার ফল প্রাপ্ত হয় এবং পরম পদ লাভ করে। এইরূপে সংবৎসরকাল ব্রত করিয়া প্রতিষ্ঠা করিবে। হে মুনীশ্বরগণ। অগ্রহায়ণমাসে পূর্ণিমাতে দন্তধাবন পূর্ব্বক আচারানুসারে প্রাতঃকালে স্নান করিয়া শুক্লবর্ণ মালা এবং বস্ত্র ধারণ পূর্ব্বক সর্ব্বাঙ্গে শুক্লবর্ণ গন্ধ অনুলেপন করত সুন্দর শোভাযুক্ত চতুষ্কোণ মণ্ডল করাইবে। পরে ঐ মণ্ডলকে ঘণ্টা এবং চামরযুক্ত, উত্তম কিঙ্কিণী দ্বারা পরিশোভিত, নানা অলঙ্কারে অলঙ্কৃত, গন্ধ মাল্য দ্বারা ভূষিত, ধ্বজা দ্বারা শোভিত, শুক্ল-পুষ্প দ্বারা আচ্ছাদিত এবং দীপমালা দ্বারা বিভূষিত করিবে। পরে ঐ মণ্ডলের মধ্যস্থানে সর্ব্বালঙ্কারে অলঙ্কৃত সর্ব্বতোভদ্র-মণ্ডল করিবে। অনন্তর তাহার উপর জলপূর্ণ দ্বাদশটী কুম্ভ স্থাপন করিয়া কেশ-কীটাদি-শোধিত এক খণ্ড শুক্লবস্ত্র দ্বারা পঞ্চরত্ন-সংযুক্ত ঐ কুম্ভকে আচ্ছাদন করিবে। পরে হে দ্বিজগণ। ভক্তিমান্ ব্রতধারী নর সুবর্ণ, রজত অথবা তাম্র দ্বারা লক্ষ্মী-নারায়ণ দেবের মূর্ত্তি নির্ম্মাণ করাইয়া ঐ কুম্ভের উপরিভাগে স্থাপন করত সংযমী পুরুষ ঐ প্রতিমাকে স্নান করাইবে। হে দ্বিজশ্রেষ্ঠ। শক্তি-অনুসারে প্রতিমার মূল্য অথবা কাঞ্চন মূর্ত্তি-নির্ম্মাণকারীকে দান করিবে। বুদ্ধিমান্ ব্যক্তি সকল ব্রতেই বিত্তশাঠ্য পরিত্যাগ করিবে। যদ্যপি বিত্তশাঠ্য করে, তাহা হইলে সেই ব্যক্তির পরমায়ু, ধন এবং সম্পৎ সমস্তই বিনষ্ট হয়। প্রথমে ভক্তিসহকারে অনন্তশায়ী অনাময় নরায়ণ-দেবকে পঞ্চামৃত দ্বারা স্নান করাইবে এবং কেশব প্রভৃতি নাম দ্বারা উপচার প্রদান করিবে। রাত্রিতে পুরাণাদি শ্রবণ দ্বারা জাগরণ করিবে এবং উপবাসী ব্যক্তি জিতেন্দ্রিয় হইয়া সম্যক্‌রূপে নিদ্রাকে জয় করিবে। পরে বিভবানুসারে ত্রিকালীন দেবকে অর্চ্চনা করিবে। তাহার পর ব্রতী প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া প্রাতঃকৃত্য সমাপন পূর্ব্বক ব্যাহৃতি দ্বারা সহস্র-সংখ্যক তিলহোম করিবে। পুনর্ব্বার গন্ধপুষ্পাদি দ্বারা যথাক্রমে পূজা করিয়া, দেবতার অগ্রে পুরাণ পাঠ করিবে। হে পণ্ডিতগণ। ব্রতী ব্যক্তি দ্বাদশজন ব্রাহ্মণকে দধিযুক্ত অন্ন, পায়স, দশটী পিষ্টক, ঘৃত এবং দক্ষিণা দান করিবে। "দেবদেব জগদ্রূপ ভক্তানুগ্রহবিগ্রহ। গৃহাণোপায়নং কৃষ্ণ সর্ব্বাভীষ্টপ্রদো ভব" এই মন্ত্র দ্বারা পিষ্টক দান করিবে। তাহার পর যুক্তহস্তে দুই জানু ভূমিতে পাতিত করত বিনয়াবনত হইয়া প্রার্থনা করিবে। হে সুরদেবরাজ! তোমাকে নমস্কার। তুমি অদ্য আমার এই ব্রতকে সম্পূর্ণ ফলে পূর্ণ

কর। পুরুষোত্তম! তোমাকে নমস্কার। হে জগন্নিবাস! হে দেব! তোমাকে নমস্কার। হে বিপ্র! পুরুষোত্তম দেবের নিকটে এইরূপ প্রার্থনা করিয়া, পৃথিবীতে পাতিত-জানু হইয়া, হে লক্ষ্মীপতে! তোমাকে নমস্কার। তুমি পয়োনিধি সমুদ্রে বাস করিতেছ, তুমি প্রভু; হে দেবেশ! তুমি লক্ষ্মীর সহিত অর্ঘ্যগ্রহণ কর। যাঁহার স্মরণ এবং নাম কথন দ্বারা যজ্ঞ তপস্যা প্রভৃতি সমস্ত কার্য্য ন্যূন হইলেও তৎক্ষণাৎ সম্পূর্ণ হয়, সেই অচ্যুতকে বন্দনা করি। ব্রতী সংযত হইয়া দেবতার নিকট সেই সমস্ত এইরূপে অবগত করাইয়া আচার্য্যকে বস্ত্রের সহিত প্রতিমাদান করিবে। তাহার পর ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া, শক্তি অনুসারে দক্ষিণা দান করিবে। পরে বাক্যসংযমপূর্ব্বক বন্ধুজনের সহিত আপনি ভোজন করিবে এবং সায়ংকাল অবধি পণ্ডিতগণের সহিত একত্রিত হইয়া বিষ্ণু-কথা শ্রবণ করিবে। যে ব্যক্তি এইরূপে পবিত্রকারী দ্বাদশীব্রতের অনুষ্ঠান করে, সে ইহকাল ও পরকালে সমস্ত অনুত্তম অভিলষিত বস্তু লাভ করে এবং একবিংশতি পুরুষের সহিত সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া, যেস্থানে গমন করিলে কোন শোক থাকে না, সেই স্থানে গমন করে। হে বিপ্রগণ! যে ব্যক্তি প্রতিদিন এই উত্তম দ্বাদশীব্রতের উপাখ্যান শ্রবণ করে অথবা অন্য দ্বারা ব্যক্ত করে, সে বাজপেয়-যজ্ঞের ফল লাভ করে।

ষোড়শ অধ্যায় সমাপ্ত ॥ ১৬ ॥

সপ্তদশ অধ্যায়।

সূত কহিলেন,—আমি অন্য প্রকার ব্রত কহিতেছি, তোমরা মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। এই ব্রত সমস্ত পাপ নষ্ট করে, অতিপবিত্র, ইহার অনুষ্ঠানে সমস্ত দুঃখ নষ্ট হয়। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এবং স্ত্রীলোক সকলেই ইহাতে অধিকারী। এই ব্রত, সমস্ত অভিলষিত-ফলদানে সক্ষম। এই ব্রতের অনুষ্ঠান করিলে, সমস্ত ব্রতের ফল প্রাপ্ত হয়, ইহা দুঃখনাশক এবং ধর্ম্ম্য; এই ব্রত করিলে দুষ্টগ্রহের শান্তি হয়। এই পূর্ণিমা-ব্রত অতি উত্তম এবং সমস্ত লোকে বিখ্যাত। যে পূর্ণিমাব্রতের আচরণ করিলে কোটি কোটি পাপ বিনষ্ট হয়, তাহার বিধান বলিতেছি আমার নিকট শ্রবণ কর। অগ্রহায়ণ মাসে শুক্লপক্ষের পৌর্ণমাসী তিথিতে সংযত এবং শুচি হইয়া আচারানুসারে দন্তধাবন করত স্নান করিবে। পরে শুক্লবস্ত্র পরিধান পূর্ব্বক শ্রদ্ধাভাবে গৃহে আগমন করত বাক্যসংযম করিয়া, পাদ-প্রক্ষালনান্তর আচমন করিবে। তাহার পর নিত্য-কর্ত্তব্য দেবতার পূজা করিয়া, পরে সঙ্কল্পপূর্ব্বক ভক্তিভাবে লক্ষ্মীনারায়ণ-দেবের অর্চ্চনা করিবে। ব্রতাচারী ব্যক্তি "নমো নারায়ণায়" এই মন্ত্রে আবাহন, আসনাদি ও গন্ধ-পুষ্পাদি দ্বারা ভক্তির সহিত পূজা করিবে। ব্রতকারী বাক্য-সংযম-পূর্ব্বক শুচি হইয়া, নৃত্য-গীত-বাদ্য পুরাণাদি পাঠ এবং স্তোত্র দ্বারা দেবতাকে আরাধনা করিবে। পরে দেবতার সম্মুখে অরত্নিপরিমিত চতুষ্কোণ স্থণ্ডিল করিয়া, তাহাতে স্বকীয় গৃহ্যানুসারে অগ্নিস্থাপন করিবে। পরে আজ্যভাগান্ত পর্য্যন্ত কার্য্য করিয়া, পুরুষসূক্ত মন্ত্রে চরু, তিল এবং ঘৃত দ্বারা হোম করিবে। সমস্ত পাপ নাশের নিমিত্ত এক বার দুই বার অথবা তিন বার শক্তি-অনুসারে যত্নপূর্ব্বক হোম

করিবে। পরে পণ্ডিত ব্রতী স্বীয় গৃহোক্ত বিধানে যথাবিধি প্রায়শ্চিত্ত-হোমাদি সমাপন করিয়া, শান্তিসূক্ত জপ করিবে। তৎপরে দেবতার নিকট গমন করিয়া পুনর্ব্বার পূজা করিবে এবং সেই সময়ে ভক্তিপূর্ব্বক দেবতার নিকটে উপবাস জানাইবে। 'হে দেব! তোমার আজ্ঞানুসারে পূর্ণিমাতে উপবাস করিয়া, হে পুণ্ডরীকাক্ষ! পরদিবে ভোজন করিব, তুমি আমাকে রক্ষা কর।' এইরূপে দেবতার নিকটে জানাইয়া চন্দ্রকে অর্ঘ্যদান করিবে। পৃথিবীতে জানুদ্বয় স্থাপন করিয়া, "তুমি ক্ষীরোদ সমুদ্র হইতে উৎপন্ন হইয়াছ, অত্রি মুনির নেত্র হইতে তোমার উৎপত্তি। হে প্রভো! আমি এই অর্ঘ্যদান করিতেছি, রোহিণীর সহিত তুমি গ্রহণ কর।" এই মন্ত্র দ্বারা ইন্দুকে শুক্লপুষ্প এবং আতপতণ্ডুল-সংযুক্ত অর্ঘ্যদান করিয়া অঞ্জলিপুটে ইন্দুর নিকট প্রার্থনা করিবে। হে শ্রেষ্ঠ-সাধুগণ! তৎপরে পূর্ব্বমুখে দণ্ডায়মান হইয়া, চন্দ্রকে দর্শন করত, তুমি শুভ্রাংশু তোমাকে নমস্কার। হে দ্বিজরাজ! তোমাকে নমস্কার। হে রোহিণীপতে! তুমি লক্ষ্মীর, ভ্রাতা, তোমাকে নমস্কার।" এই বলিয়া প্রণাম করিবে। তৎপরে পুরাণাদি শ্রবণ দ্বারা রাত্রিতে জাগরণ করিবে এবং মৈথুনাদি পরিত্যাগপূর্ব্বক ইন্দ্রিয়কে সংযত করিয়া, শুদ্ধভাবে পাষণ্ডাদির সহিত আলাপ ত্যাগ করিবে। তাহার পর প্রাতঃকালে যথাবিধি আচার এবং অনুষ্ঠান করিয়া পুনর্ব্বার বিভবানুসারে দেবকে পূজা করিবে। পরে ব্রত-পরায়ণ নর শক্তি অনুসারে ব্রাহ্মণদিগকে ভোজন করাইবে। পরে বন্ধু এবং ভৃত্যগণের সহিত বাগ্‌যত হইয়া স্বয়ং ভোজন করিবে। এই প্রকার পৌষ মাঘ প্রভৃতি সকল মাসে উপবাস করিয়া পূর্ণিমাদিনে ভক্তিসহকারে অনাময় নারায়ণের পূজা করিবে। এইরূপে সংবৎসরকাল ব্রতের অনুষ্ঠান করিয়া, কার্ত্তিক মাসের পূর্ণিমা-তিথিতে প্রতিষ্ঠা করিবে। তোমাদিগের নিকট তাহার বিধান বলিতেছি। চতুষ্কোণ মণ্ডলাকার উত্তম মণ্ডপ নির্ম্মাণ করাইয়া, ঐ মণ্ডপকে পুষ্পমালা চন্দ্রাতপ এবং ধ্বজা দ্বারা শোভিত করত বহুদীপে সমকীর্ণ ও উত্তম কিঙ্কিণী দ্বারা পরিশোভিত করিবে। ঐ মণ্ডপ দর্পণ, চামর এবং কলস দ্বারা সমাবৃত হইবে। পরে তাহার মধ্যে পঞ্চবর্ণের গুঁড়ি দ্বারা সর্ব্বতোভদ্র মণ্ডল নির্ম্মাণ করিয়া, তাহার উপর জলপূর্ণ কুম্ভ স্থাপন করিবে। হে দ্বিজগণ! পরে পরিশুদ্ধ এবং অতিসূক্ষ্ম বস্ত্র দ্বারা ঐ কুম্ভকে আচ্ছাদন করিয়া, সুবর্ণ রজত অথবা তাম্র দ্বারা লক্ষ্মী-নারায়ণের মূর্ত্তি নির্ম্মাণ করিয়া, তাহার উপরিভাগে স্থাপন করিবে। পরে পঞ্চামৃত দ্বারা প্রতিমাকে স্নান করাইয়া, ইন্দ্রিয়-সংযমপূর্ব্বক গন্ধপুষ্প প্রভৃতি এবং ভক্ষ্যভোজ্যাদি নৈবেদ্য দ্বারা পূজা করিবে। পরে শ্রদ্ধাসহকারে সম্যক্‌রূপে জাগরণ করিয়া, প্রাতঃকালে পূর্ব্বের ন্যায় যথাবিধি বিষ্ণুর অর্চ্চনা করিবে। পরে আচার্য্যকে দক্ষিণার সহিত প্রতিমা দান করিয়া, বিভব থাকিলে শক্তি অনুসারে ব্রাহ্মণগণকে অবারিত ভোজন করাইবে। পরে যথাশক্তি তাঁহাদিগকে তিল দান করিয়া, পূর্ব্বের ন্যায় অগ্নিতে যথাবিধি তিল দ্বারা হোম করিবে। মনুষ্য এইরূপে লক্ষ্মীনারায়ণ-ব্রতের সম্যক্ অনুষ্ঠান করিলে পুত্রপৌত্রের সহিত ইহকালে যথেষ্ট পরিমাণে ভোগ করত অযুত পুরুষের সহিত সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া, যে স্থান যোগিগণেরও দুর্লভ, সেই বিষ্ণুভবনে গমন করে।

সপ্তদশ অধ্যায় সমাপ্ত॥ ১৭॥

অষ্টাদশ অধ্যায়।

সূত কহিলেন—ধ্বজারোপণ নামে অন্য প্রকার ব্রত বলিতেছি, এই ব্রত সমস্ত পাপকে নষ্ট করে। ইহা অতি পবিত্র এবং বিষ্ণুপ্রীতির কারণ। হে পরম সাধুগণ! এই ধ্বজারোপণ ব্রত, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এবং স্ত্রীজাতি ইহাদিগের সকলের সমস্ত দুঃখ বিনাশ ও সংসারচ্ছেদের কারণ। যে ব্যক্তি বিষ্ণুগৃহে উত্তম ধ্বজারোপণ করে, আমি অন্য আর কি কহিব, বিরিঞ্চি প্রভৃতি দেবতা তাহাকে পূজা করেন। যে ব্যক্তি ধ্বজারোপণ কার্য্য সম্পন্ন করে, সে কুটুম্বীকে সহস্র সুবর্ণভার দান করিলে যে ফল হয়, তত্তুল্য ফল লাভ করে। অমৃতম গঙ্গাস্নান, তুলসীসেবা অথবা শিবলিঙ্গপূজা ইহারা সকলেই ধ্বজারোপণের তুল্য। হে দ্বিজগণ! এই ধ্বজারোপণ ব্রত অতিশয় অপূর্ব্ব, অতিশয় আশ্চর্য্য এবং সমস্ত পাপনাশক ও পবিত্র। ইহার পর প্রাতঃকালে গাত্রোত্থান করত যথাবিধি স্নান এবং আচমনের পর ধ্বজারোপণ কার্য্যে যে যে কর্ম্ম করিতে হয়, তাহা বলিতেছি, তোমরা আমার নিকট শ্রবণ কর। পবিত্র নর, কার্ত্তিক মাসের শুক্লপক্ষের দশমীতে দন্তধাবন পূর্ব্বক যত্নসহকারে স্নান করিবে। একাদশীদিনে ব্রহ্মচর্য্যাবলম্বন পূর্ব্বক নারায়ণকে স্মরণ করত জপ করিবে এবং শুক্ল বস্ত্র ধারণ করিয়া পবিত্রভাবে নারায়ণের অগ্রে শয়ন করিবে। তাহার পর প্রাতঃকালে গাত্রোত্থান করত যথাবিধি স্নান এবং আচমনের পর নিত্যকার্য্য সমাপন করিয়া বিষ্ণুকে পূজা করিবে। চারি জন ব্রাহ্মণের সহিত স্বস্তিবাচন করিয়া, ধ্বজারোপণ কার্য্যে নান্দীমুখশ্রাদ্ধ করিবে। বস্ত্রসংযুক্ত দুইটী ধ্বজস্তম্ভকে গায়ত্রী দ্বারা প্রোক্ষণ করিয়া সেই ধ্বজপটে সূর্য্য, গরুড় এবং চন্দ্রকে পূজা করিবে। তাহার পর দুইটী স্তম্ভে হরিদ্রা, আতপতণ্ডুল গন্ধ পুষ্প এবং পবিত্র পুষ্প দ্বারা জগৎপাতা বিধাতাকে অর্চ্চনা করিবে। তাহার পর গোচর্ম্ম-পরিমিত স্থণ্ডিল করিয়া তাহাতে স্বীয় গৃহোক্ত কর্ম্মানুসারে অগ্ন্যাধানের পর ক্রমে আজ্যভাগাদি কার্য্য করিয়া, অষ্টোত্তর শত পায়স এবং ঘৃত দ্বারা হোম করিবে। প্রথমে পুরুষসূক্ত মন্ত্রে বিষ্ণুর উদ্দেশে সমিদাহুতি প্রদান করিবে তৎপরে বৈনতেয়ের উদ্দেশে "স্বাহা" এই মন্ত্রে আটটী আহুতি প্রদান করিবে। হে দ্বিজগণ! তাহার পর পবিত্র ভাবে "সামী ধেনু স্বাহা" এই মন্ত্রে পাঁচ বার হোম করিবে। সেই সময়ে শক্তি অনুসারে সূর্য্যের মন্ত্র এবং শান্তিসূক্ত জপ করিবে। তাহার পর শুচি হইয়া হরির নিকটে অবস্থান করত রাত্রিতে জাগরণ করিবে। পরে প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক নিত্যকার্য্য সমাপন করিয়া পূর্ব্বের ন্যায় যথাক্রমে গন্ধপুষ্পাদি দ্বারা দেবতার অর্চ্চনা করিবে। তাহার পর মঙ্গল বাদ্য, সুন্দর সূক্তপাঠ, নৃত্য এবং স্তবপাঠ পূর্ব্বক বিষ্ণুর গৃহে ধ্বজা আনয়ন করিবে। হে বিপ্রগণ! তৎপরে আমোদান্বিত হইয়া দেবগৃহের দ্বারদেশে অথবা উপরিভাগে স্তম্ভসংযুক্ত ধ্বজাকে সুস্থির ভাবে স্থাপন করিবে। পরে গন্ধ, পুষ্প, অক্ষত, মনোরম ধূপ, দীপ এবং ভক্ষ্য ভোজ্যাদি সংযুক্ত নৈবেদ্য দ্বারা হরিকে পূজা করিবে। এইরূপে দেবালয়ে সুন্দর উত্তম ধ্বজাকে স্থাপন করিয়া, ব্রাহ্মণের পশ্চাৎ প্রদক্ষিণ করত এই স্তব পাঠ করিবে—"হে পুণ্ডরীকাক্ষ! তোমাকে নমস্কার। হে বিশ্বভাবন! তোমাকে নমস্কার। হে হৃষীকেশ! তুমি মহাপুরুষের পূর্ব্বে

জন্ম গ্রহণ করিয়াছ, তোমাকে নমস্কার করি। যাঁহা দ্বারা এই অখিল ব্রহ্মাণ্ড উৎপন্ন হইয়াছে, যাঁহাতে সমস্তই প্রতিষ্ঠিত এবং যাঁহাতে এই সমস্ত লয় প্রাপ্ত হইবে, সেই মাধবের শরণাগত হইলাম। ব্রহ্মাদি দেবতাগণ যাঁহার পরম ভাব জানিতে পারেন না, যোগিগণ যাঁহাকে সম্যক্‌ভাবে দর্শন করেন, সেই জ্ঞানস্বরূপকে বন্দনা করি। আকাশ যাঁহার নাভি, স্বর্গ যাঁহার মস্তক, পৃথিবী যাঁহার চরণ, সেই বিশ্বরূপীকে বন্দনা করি। সমস্ত দিক্ যাঁহার কর্ণ, চন্দ্রসূর্য্য যাঁহার চক্ষু, ঋক্ সাম যজু এই তিন বেদ যাঁহা দ্বারা প্রকাশিত হইয়াছে, সেই ব্রহ্মরূপীকে বন্দনা করি। ব্রাহ্মণেরা যাঁহার মুখ হইতে জন্ম গ্রহণ করিয়াছেন, ক্ষত্রিয়গণ যাঁহার বাহু হইতে, বৈশ্য যাঁহার উরুদেশ হইতে এবং শূদ্রগণ যাঁহার চরণদ্বয় হইতে জন্ম গ্রহণ করিয়াছেন; যাঁহার মন হইতে চন্দ্র, চক্ষু হইতে সূর্য্য, প্রাণ হইতে বায়ু এবং মুখ হইতে অগ্নি জন্মগ্রহণ করিয়াছেন; পণ্ডিতগণ, যাঁহাকে মায়ার সহিত যোগ হইলে পুরুষ বলিয়া কীর্ত্তন করেন; যিনি স্বাভাবিক নির্ম্মল, পবিত্র নির্ব্বিকার; যাঁহাতে দোষের লেশ মাত্র নাই; যিনি ক্ষীরসমুদ্রে শয়ন করিতেছেন; যিনি সকলের অজ্ঞেয় ও কেবলমাত্র ভক্তি দ্বারা লভ্য, আমি সেই সম্ভক্তবৎসল এবং সূক্ষ্ম হইতে সূক্ষ্ম, পঞ্চ ইন্দ্রিয় যাঁহা দ্বারা অবস্থান করিতেছে, সেই সর্ব্বতোভুজ বিষ্ণুকে নমস্কার করি। ব্রহ্ম যাঁহার পরম ধাম, যিনি সকল লোকের উত্তম হইতে উত্তম এবং নির্গুণ সেই পরম সূক্ষ্মকে পুনঃপুনর্ব্বার নমস্কার করি। যাঁহার বিকার নাই, যিনি উৎপত্তিবিবর্জ্জিত, সমস্ত যাঁহার বাহু, যোগীন্দ্রগণ যাঁহাকে সমস্ত কারণের কারণ বলিয়া কীর্ত্তন করেন, সেই পরিশুদ্ধ ঈশ্বরকে নমস্কার করি। বিষ্ণুই একমাত্র মহান্ ভূত, তদ্ভিন্ন, পৃথক্ পৃথক্ অনেক ভূত বিদ্যমান আছে, ঐ ভূতাত্মা অবিনাশী বিশ্বভুক্ বিষ্ণু, তিন লোক ব্যাপিয়া সমস্ত ভোগ করেন। যে দেব সকল ভূতের অন্তরাত্মা স্বরূপ, যিনি জগন্ময়, নির্গুণ এবং পরমান-দস্বরূপ, সেই বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন। যিনি মায়ামুগ্ধ ব্যক্তিদিগের হৃদয়স্থ হইয়াও দূরস্থ এবং যিনি জ্ঞানীদিগের নিকটে সর্ব্বত্রগ, সেই বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন। যিনি যথাক্রমে চারি, চারি, দুই, পাঁচ ও পুনর্ব্বার দুই দ্বারা হুত হন, সেই বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন। যিনি জ্ঞানীদিগের, ক্রিয়াবান্ ব্যক্তিদিগের এবং ভক্তিমান্ মনুষ্যদিগের বুদ্ধিদাতা, যিনি বিশ্বভুক্, সেই বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন। জগতের হিতের নিমিত্ত হরি যে সকল দেহ ধারণ করিয়াছেন, দেবতারা সেই দেহকে অর্চ্চনা করিয়া থাকেন, সেই বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন। পণ্ডিতগণ, যাঁহাকে সচ্চিদানন্দ-স্বরূপ, নির্গুণ এবং গুণের আধার বলিয়া কীর্ত্তন করেন, সেই বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন। যিনি পরমেশ্বর, পরমানন্দ-স্বরূপ, যিনি পর হইতে পরতর, প্রভু, যিনি জ্ঞান-স্বরূপ এবং জ্ঞান দ্বারা জ্ঞেয়, সেই বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন।" যে ব্যক্তি প্রতিদিন স্তবের মধ্যে উত্তম হইতে উত্তম এই স্তব, পাঠ করে, সে মনস্তাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে বাস করে। এইরূপে স্তব করিয়া, বিষ্ণুকে নমস্কার করিবে এবং ব্রাহ্মণগণকে পূজা করিবে। পরে দক্ষিণা এবং বস্ত্রাদি দ্বারা আচার্য্যকে পূজা করিয়া, শক্তি অনুসারে ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণগণকে ভোজন করাইবে। হে ব্রাহ্মণগণ! পরে নারায়ণে একাগ্রচিত্ত হইয়া, বাক্য-সংযম-

পূর্ব্বক পুত্র, মিত্র, পত্নী এবং বন্ধুগণের সহিত পারণ করিবে। যে ব্যক্তি এই ধ্বজা-রোপণনামক কর্ম্ম করে, তাহার পুণ্যফল বলিতেছি, তোমরা সমাহিত-চিত্তে শ্রবণ কর। হে প্রধানতম ব্রাহ্মণগণ। ধ্বজার বস্ত্র যে কাল পর্য্যন্ত বায়ু দ্বারা চঞ্চল থাকে, সেই কাল পর্য্যন্ত সমস্ত পাপ নষ্ট হয়, তাহাতে সন্দেহ নাই। মনুষ্য মহাপাতকযুক্ত হউক, অথবা সমস্ত পাপযুক্ত হউক, যদ্যপি বিষ্ণুর গৃহে ধ্বজারোপণ করে, তাহা হইলে, সমস্ত পাপ হইতে মুক্ত হয়। হে ব্রাহ্মণগণ। ঐ ধ্বজ যাবৎ বিষ্ণুর গৃহে অবস্থান করে, তাবৎ যুগ-সহস্রকাল হরির সারূপ্য লাভ করে। যে সমস্ত ধার্ম্মিক ব্যক্তি, আরোপিত ধ্বজাকে দর্শন করিয়া অভিনন্দন করে, তাহারাও তৎক্ষণাৎ কোটি মহাপাতক হইতে মুক্ত হয়। বিষ্ণু-গৃহে আরোপিত ধ্বজা আপনার বস্ত্রকে কম্পিত করিয়া, নিমিষার্দ্ধের মধ্যে কর্ত্তার সমস্ত পাপকে কম্পিত করে। সূত কহিলেন,—হে ঋষিগণ। তোমরা সর্ব্বপাপ-প্রণাশক, নারদ-কথিত অতি পবিত্র পুরাতন ইতিহাস শ্রবণ কর। পূর্ব্বে সত্যযুগে সুমতি নামে এক রাজা ছিলেন। ঐ রাজা চন্দ্রবংশ-সম্ভূত, অতিশয় শ্রীমান্ এবং সপ্তদ্বীপের একচ্ছত্র রাজা এবং পরম-ধার্ম্মিক। তিনি কোন সময়েই সত্য ব্যতিরেকে মিথ্যা বলিতেন না এবং তিনি অতি পবিত্র ছিলেন। রাজা কুকুরকে পর্য্যন্ত অতিথি করিতেন। তিনি সমস্ত সুলক্ষণাক্রান্ত ছিলেন ও তাঁহার সমস্ত সম্পত্তিই ছিল। ঐ রাজা সর্ব্বদা হরিপূজায় আসক্ত ছিলেন এবং সর্ব্বদা হরি-কথা শ্রবণ করিতেন। তিনি হরিভক্তি-পরায়ণদিগের সেবা করিতেন। তাঁহার অহঙ্কার ছিল না এবং তিনি পূজ্য ব্যক্তির পূজা করিতেন। সকলের প্রতি তাঁহার সমান দৃষ্টি ছিল এবং তিনি গুণবান্ ছিলেন। ঐ রাজা সকল প্রাণীর হিতকার্য্যে রত, শান্ত, কৃতজ্ঞ এবং কীর্ত্তিমান্ ছিলেন। ঐ রাজার সত্যমতি নামে মহাভাগ্যবতী, সর্ব্বলক্ষণাক্রান্তা, পতিপ্রাণা এক পতিব্রতা ভার্য্যা ছিল। তাঁহারা স্ত্রী-পুরুষে প্রতিদিন হরির পূজা করিতেন। তাঁহারা জাতিস্মর এবং অতিশয় ভাগ্যবান্ ছিলেন। তাঁহারা সৎপক্ষ অবলম্বন এবং সৎকার্য্যের অনুষ্ঠান করিতেন; প্রতিদিন অন্ন-দান এবং জলদানে রত ছিলেন ও অসংখ্য তড়াগ, উপবন এবং বপ্র প্রভৃতি নির্ম্মাণ করিয়াছিলেন। সেই মিষ্টভাষিণী মনোহারিণী সতী সত্যমতি অতিশয় সন্তোষ পূর্ব্বক প্রতিদিন শুচি হইয়া, বিষ্ণুর গৃহে নৃত্য করিত এবং সেই মহাভাগ্যধর রাজাও প্রতি দ্বাদশী তিথিতে বহুতর মনোহর ধ্বজারোপণ করিয়াছিলেন, এই নিমিত্ত দেবতারাও সেই নিত্য-হরিপরায়ণ পরম ধার্ম্মিক রাজাকে এবং তাহার প্রেয়সী সত্যমতিকে সর্ব্বদা স্তব করিয়াছিলেন। এক সময়ে বিভাণ্ডক মুনি সেই ত্রিলোকবিশ্রুত, ধার্ম্মিকশ্রেষ্ঠ স্ত্রী-পুরুষকে দর্শন করিবেন এই মানসে শিষ্যের সহিত আগমন করিলেন। তৎকালে রাজা, বিভাণ্ডক মুনি আগমন করিয়াছেন, ইহা শ্রবণ করিয়া, পত্নীর সহিত তাঁহার নিকটে গমন করিলেন। পরে পূজা এবং নানাপ্রকার স্তব দ্বারা আতিথ্যক্রিয়া-সমাপনান্তর মুনিকে শান্ত ও আসনে উপবিষ্ট করাইয়া, আপনি নীচ আসনে উপবেশন পূর্ব্বক কৃতাঞ্জলিহস্তে মুনিকে কহিতে লাগিলেন,—"হে ভগবন্! হে প্রভো! আপনার আগমনে আমি কৃতার্থ হইলাম। পণ্ডিতগণ, সন্তের আগমন অতি সুখজনক, এই বলিয়া তাহাকে প্রশংসা করেন। পণ্ডিতেরা ইহাই বলিয়া থাকেন যে, যে স্থানে

মহৎ ব্যক্তির প্রেম থাকে, সেই স্থানে তেজ, কীর্ত্তি, ধন এবং পুত্র এই সমস্ত সম্পৎ অবস্থান করে। হে মুনে! যে স্থানে দিন দিন সমস্ত মঙ্গল বৃদ্ধি প্রাপ্ত হয়, হে প্রভো! সাধুগণ সেই স্থানে অত্যন্ত কৃপা করেন। হে ব্রহ্মন্! যে ব্যক্তি মস্তক দ্বারা মহতের পাদজলোদক ধারণ করে, সে সকল তীর্থে স্নান করে এবং পুণ্যবান্, ইহাতে সংশয় নাই। আমি পুত্র, পত্নী এবং সম্পত্তি আপনাতে অর্পণ করিলাম। হে ব্রহ্মন্! আপনি আমার শাসনকর্ত্তা, আমাকে আজ্ঞা করুন, আপনার কি করিব?" মুনিশ্রেষ্ঠ বিভাণ্ডক সেই রাজাকে বিনয়াবনত দেখিয়া, হস্ত দ্বারা রাজাকে স্পর্শ করত হর্ষচিত্তে কহিতে লাগিলেন,—"হে রাজন্! তুমি যাহা কহিলে, সেই সমস্ত তোমার বংশোচিত। যাহারা বিনয়াবনত হয়, তাহারা সকলেই পরম মঙ্গল লাভ করে। হে নৃপসত্তম! বিনয় হইতে কোন্ বস্তুর লাভ না হয়? ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ সমস্তই বিনয় হইতে লাভ হয়। হে ভূপাল! আমি তোমার প্রতি অতিশয় সন্তুষ্ট হইয়াছি। তোমার শত্রুগণ সৎপথ অবলম্বন করুক। হে মহাভাগ! তোমার মঙ্গল হউক। এক্ষণে যাহা জিজ্ঞাসা করিতেছি, তাহা বল। হরির সন্তোষজনক বহুতর পূজা আছে, তুমি অদ্যাপি নিত্য নিত্য কি জন্য ধ্বজারোপণ কর্ম্ম করিতে উদ্যত হইতেছ এবং তোমার এই সাধ্বী ভার্য্যাও কি জন্য প্রতিদিন নৃত্য করে? তুমি ইহার যথার্থ বৃত্তান্ত বলিতে সমর্থ হও।" রাজা কহিলেন,— "হে ভগবন্! আপনি যে সমস্ত জিজ্ঞাসা করিলেন, তাহা বলিতেছি, শ্রবণ করুন। হে মুনে! আমাদিগের দুই জনের চরিত্র সকল ভূতের আশ্চর্য্য। হে সত্তম! আমি পূর্ব্বে মাতুলি নামে কুপথগামী শূদ্র ছিলাম। প্রতিদিন সকল লোকের অনিষ্ট করিতাম এবং খল, ধর্ম্মবিদ্বেষী হইয়া দেবদ্রব্যের অপহরণ করিতাম। আমি মহাপাতকী, এইজন্য আমার অর্থ এবং পুত্র বিনষ্ট হইয়াছিল। আমি নিরন্তর নিষ্ঠুর বাক্য প্রয়োগ করিতাম এবং অতিশয় পাপিষ্ঠ ও বেশ্যাসক্ত ছিলাম। আমি কিছুকাল এইরূপে অবস্থান করত মহতের বাক্যে আদর না করিয়া, সমস্ত বন্ধু বান্ধব পরিত্যাগ পূর্ব্বক সমস্ত সম্পত্তি নষ্ট করত বনে গমন করিলাম। সেই স্থানে প্রতিদিন মৃগমাংস ভক্ষণ করত সৎপথের বিরোধ করিতাম। এইরূপে বহুতর দুঃখ প্রাপ্ত হইয়া একাকী নির্জ্জন বনে বাস করিলাম। এক সময়ে সেই নির্জ্জন বনমধ্যে বর্ষার অবসানে ক্ষুধা এবং পিপাসায় কাতর হইয়া, একটী জীর্ণ বিষ্ণুর মন্দির ও তাহার নিকটে হংস-কারণ্ডবযুক্ত বৃহৎ সরোবর দর্শন করিলাম। হে মুনিশ্রেষ্ঠ! ঐ সরোবর পর্য্যন্ত বনের বহু পুষ্প দ্বারা আচ্ছাদিত। আমি ঐ সরোবরে জল পান করিয়া তাহার তটে বিশ্রাম করিলাম। মৃণালের মূল উত্তোলন করিয়া ক্ষুধা ও তৃষ্ণাকে নিবারণ করিলাম। পরে আমি বিষ্ণুর সেই জীর্ণ-মন্দির মধ্যে বাস করিতে লাগিলাম ও ঐ মন্দিরের যে যে স্থান ফাটিয়াছিল, তাহা পরস্পরে মিলিত করিয়া দিলাম এবং পত্র, তৃণ ও কাষ্ঠ দ্বারা সম্যক্‌রূপে গৃহ নির্ম্মাণ করিলাম। হে মুনিশ্রেষ্ঠ! পরে আমি আমার ভাগ্যের আধিক্যবশতঃ সেই স্থানের ভূমি গোময়াদি-দ্বারা পরিষ্কার পরিচ্ছন্ন করিলাম এবং আমি সেই স্থানে ব্যাধের বৃত্তি অবলম্বনপূর্ব্বক বহুপ্রকার মৃগ বিনাশ করত জীবিকা-নির্ব্বাহ করিয়া বিংশতি বৎসর জীবনধারণ করিলাম। তাহার পর বিন্ধ্যদেশোৎপন্না ব্যাধ-বংশ-সম্ভূতা কোকিলিনী নামে এই সাধ্বী আগমন

করিলেন। বন্ধুজনেরা ইঁহাকে পরিত্যাগ করিলে, দুঃখে ইঁহার শরীর জীর্ণ হইল। পরে হে ব্রহ্মন্! ইনি ক্ষুধা এবং তৃষ্ণায় কাতরা হইয়া আত্মকৃত কার্য্যকে লক্ষ্য করিয়া শোকের সহিত নির্জ্জন বনমধ্যে ভ্রমণ করিতে করিতে গ্রীষ্মতাপে এবং অনুতাপে পীড়িতা হইয়া দৈবযোগে আমাকে প্রাপ্ত হইলেন। আমি এই দুঃখিনীকে দর্শন করিলে আমার অতিশয় ঘৃণা হইল। পরে আমি ইঁহাকে জল, মাংস এবং বন্যফল দান করিলাম। হে ব্রহ্মন্! ইনি বিশ্রাম করিলে, আমি ইঁহাকে যথাযথ জিজ্ঞাসা করিলাম, ইনিও আমাকে আপনার সমস্ত কার্য্য অবগত করাইলেন। হে মহামুনে! সেই সমস্ত শ্রবণ করুন। হে পণ্ডিত! ইঁহার নাম কোকিলিনী, ব্যাধের কুলে ইঁহার জন্ম। ইনি দাম্ভিক নামে ব্যাধের কন্যা, বিন্ধ্যাপর্ব্বতে বাস করিতেন। ইনি নিত্যই পরধন হরণ করিতেন ও সর্ব্বদা পৈশুন্য বাক্য প্রয়োগ করিতেন। ইঁহার স্বামীর মৃত্যু হইয়াছিল, এই জন্য বন্ধুবর্গেরা ইঁহাকে পরিত্যাগ করিলে, হে ব্রহ্মন্! ইনি এই দুর্গম বনমধ্যে আমার নিকটে আসিলেন। ইনি এইরূপে সমস্ত আত্মকৃত কর্ম্ম আমার নিকট আবেদন করিলেন। হে মুনে! আমি এবং ইনি বিষ্ণুর সেই জীর্ণ-মন্দিরে স্ত্রীপুরুষভাব অবলম্বনপূর্ব্বক মাংসভক্ষণ করিয়া অবস্থান করিতে লাগিলাম। একদিন আমরা দুই জনে রাত্রিতে সেই মন্দিরমধ্যে মদ্যপানে মত্ত ও মাংসভোজনে আনন্দিত হইয়া, দণ্ডের অগ্রভাগে বস্ত্রবন্ধনপূর্ব্বক মদ্যসেবায় অতিশয় উন্মত্ত হইয়া, অতিশয় হর্ষের সহিত সম্যক্‌রূপে নৃত্য করিতে লাগিলাম। হে মুনে! সেই কালেই আমাদিগের দুই জনের মৃত্যু হইল। পরে ভয়ঙ্কর যমদূতগণ পাশহস্তে আগমন করিল এবং ভগবান্ মধুসূদন আমাদিগের সেই নৃত্যে সন্তুষ্ট হইয়া আমাদিগকে হরণ করিবার নিমিত্ত স্বীয় দূত প্রেরণ করিলেন। হে সত্তম! সেই স্থানে দূতগণের অতিশয় বিবাদ হইয়াছিল। হে ধার্ম্মিকশ্রেষ্ঠ! আমি সেই সমস্ত শ্রবণ করিয়াছি, আপনি শ্রবণ করুন। দেবদূতেরা কহিল,—'ওহে ক্রূর দুরাচার! তোমাদিগের কিছুমাত্র বিবেচনা নাই, এই স্ত্রীপুরুষদ্বয় হরির অতিশয় প্রিয়, ইহাদিগের পাপ নাই; অতএব এই দুই জনকে পরি-ত্যাগ কর। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল এই ত্রিলোক মধ্যে বিবেকই সম্পদের আদি কারণ এবং বিবেকশূন্যত্বই বিপদের আদিকারণ-রূপে নির্দ্দিষ্ট হইয়াছে। যে ব্যক্তি নিষ্পাপকে পাপিষ্ঠ বলিয়া জ্ঞান করে, তাহাকে পুরুষাধম বলিয়া জানিবে।' যমদূতেরা কহিল,—'তোমরা সত্যই বলিয়াছ, এই দুই জন অতিশয় পাপী; পাপিষ্ঠেরা দণ্ড্য আমরা জানি, অতএব আমরা এই দুই জনকে লইয়া যাইব। বেদ যাহা বলিয়াছেন, তাহাই ধর্ম্ম, তাহার যে বিপরীত, সে-ই অধর্ম্ম; এই দুই জন অধর্ম্মাচরণ করিয়াছে, অতএব আমরা ইহাদিগকে যমের নিকটে লইয়া যাইব।' মহাতেজস্বী দেবদূতগণ এই বাক্য শ্রবণ করত অতিশয় ক্রুদ্ধ হইয়া, স্বকীয় তেজ দ্বারা দিক্ সকলকে প্রকাশিত করত যমদূতদিগকে কহিতে লাগিল,—'ইহা হইতে আর কি কষ্ট হইবে? যেহেতু অধর্ম্ম ধর্ম্মিষ্ঠকে স্পর্শ করিতেছে! তোমরা বিশেষ পাপ করিয়াছিলে, এই জন্য নরকের অধ্যক্ষ হইয়াছ। তোমরা কিজন্য আজ পর্য্যন্ত এই সমস্ত পাপ-কর্ম্মে উদ্যোগী হইতেছ? যাহারা মহাপাতকী, তাহারা অধর্ম্মক্ষয় পর্য্যন্ত নরকে অবস্থান করে। যে কাল পর্য্যন্ত চন্দ্র এবং নক্ষত্র

বিদ্যমান থাকিবে, তোমরা সেই পর্য্যন্তই নরকে বাস করিবে। যাহা দ্বারা পূর্ব্বসঞ্চিত পাপের ক্ষয় হয়, কোন সময়ে এরূপ চেষ্টা তোমরা করিতেছ না, কিন্তু কিজন্য বারংবার এই সকল পাপ-কর্ম্ম করিতেছ? শ্রুতি যাহা বলিয়াছেন, তাহাই ধর্ম্ম—ইহা সত্য; ইহাতে কিছুমাত্র সংশয় নাই। এই দুই জন যে সমস্ত ধর্ম্মাচরণ করিয়াছে, তাহা আমরা যথার্থরূপে বলিতেছি। ইহারা সর্ব্বদা হরিসেবাতে নিরত, এইজন্য পাপ হইতে মুক্ত হইয়াছে; হরি ইহাদিগকে সর্ব্বতোভাবে শুদ্ধ করিয়াছেন, অতএব ইহাদিগকে পরিত্যাগ কর, বিলম্ব করিও না। হে যমদূতগণ! এই নারী বিষ্ণুগৃহে নৃত্য করিয়াছে এবং এই পুরুষ অন্তকালে ধ্বজা দান করিয়াছে; এই জন্য দুই জনই পাপ হইতে মুক্ত হইয়াছে। যাহারা মৃত্যুসময়ে একবার যাঁহার নাম শ্রবণ করিলেও পরম স্থান লাভ করিতে পারে, তাহারা যদ্যপি তাঁহার সেবায় রত হয়, তাহা হইলে, তাহাদিগের কি না হয়? মনুষ্য মহাপাতক-যুক্ত হউক অথবা সমস্ত পাপযুক্তই হউক, ভগবদ্ভক্ত যাহাকে দর্শন করে, সে পরম-পদ লাভ করে। যতি এবং বিষ্ণু-ভক্তদিগের সেবাতে নিরত ব্যক্তিগণ যাহাকে দর্শন করেন, তাহারা পাপিষ্ঠ হইলেও উত্তম গতি লাভ করিয়া থাকে। যে ব্যক্তি এক মুহূর্ত্ত অথবা অর্দ্ধ-মুহূর্ত্ত হরির মন্দিরে অবস্থান করে, সে পরম স্থানে গমন করে, যে ব্যক্তি সর্ব্বদা হরির সেবাতে নিরত, তাহাদিগের কি না হয়? এই দুই জন প্রতিদিন হরির মন্দিরে উপলেপন দান করিয়াছে, তাহার সংমার্জ্জন করিয়াছে, ভগ্নস্থান নির্ম্মাণ করিয়াছে, জল সেচন করিয়াছে এবং হরি-মন্দিরে দীপ দান করিয়াছে, অতএব কিজন্য এই মহাভাগ্যবান্ দুই জনকে যমালয়ে লইয়া যাইবে?' দেবদূতগণ এই কথা বলিয়া, পাশচ্ছেদনপূর্ব্বক আমাদিগকে বিমানে আরোহণ করাইয়া, বিষ্ণুর পরম স্থানে গমন করিলেন। আমরা—চক্রধারী দেবের দেব বিষ্ণুর নিকটে গমনপূর্ব্বক যে কাল পর্য্যন্ত উত্তম ভোগ করিয়াছি, তাহা আমার নিকট শ্রবণ করুন। আমরা সহস্র কোটিযুগ এবং শতকোটি যুগ বিষ্ণু-ভবনে বাস করিয়া, ব্রহ্মলোকে গমন করিলাম; সেই স্থানেও তাবৎ-কাল অবস্থান করিয়া, ইন্দ্রত্বপদ-প্রাপ্ত হইলাম; সেই স্থানেও অবশ্যম্ভাবী উৎকৃষ্ট দিব্য ভোগ করিয়া, হে মুনিসত্তম! ক্রমে তাহার পর পৃথিবীর রাজা হইয়াছি। এ স্থানেও অতুল-সম্পৎ হইয়াছে। হে মুনে! আমি অজ্ঞানবশতঃ ঐ সমস্ত করিয়া, এই সকল প্রাপ্ত হইয়াছি, এক্ষণে বিশ্বনাথ মাধবকে সম্যক্‌রূপে ভক্তিভাবে আরাধনা করিয়া, পরম-মঙ্গল প্রাপ্ত হইব, ইহাই আমার নিশ্চিত বুদ্ধি। হে বিপ্র! যে সমস্ত কর্ম্ম অজ্ঞানবশতঃ করিলেও মনুষ্যদিগকে মহৎ ফল দান করে, যদ্যপি, সম্যক্‌রূপে পূজা করা হয়, তাহা হইলে কি কিনা হয়?—সমস্তই হইতে পারে।" মুনিশ্রেষ্ঠ বিভাণ্ডক এই সমস্ত শ্রবণ করিয়া, রাজাকে অভিনন্দন করত আপনার তপোবনে গমন করিলেন। সূত কহিলেন,—হে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ! অতএব তোমরা শ্রবণ কর, দেবের দেব চক্রীর পরিচর্য্যা সমস্ত ব্যক্তির কামধেনু স্বরূপ। যাহারা হরিপূজা-পরায়ণ, সমস্ত অভিলষিত ফলদানে সক্ষম সনাতন হরি তাহাদিগকে পরম মঙ্গল প্রদান করেন। যে ব্যক্তি এই সমস্ত পাপনাশক পবিত্র উপাখ্যান পাঠ করে, অথবা শ্রবণ করে, সে ধ্বজারোপণের পুণ্যফল প্রাপ্ত হয়।

অষ্টাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৮ ॥

একোনবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—আমি সকল লোকের দুর্লভ, হরিপঞ্চক নামে অন্য প্রকার ব্রত কহিতেছি, তোমরা সমাহিত হইয়া শ্রবণ কর। এই ব্রত—নারী এবং নরদিগের সমস্ত দুঃখ-নাশক। ধর্ম্ম অর্থ কাম মোক্ষ স্বরূপ পুরুষার্থের একমাত্র সাধন। সমস্ত অভীষ্ট দান করিতে সক্ষম, সমস্ত ব্রতের ফলদানে যোগ্য, সকল ব্রত হইতে উৎকৃষ্ট ও শ্রেষ্ঠ এবং সর্ব্বকাম-ফলপ্রদ। মার্গশীর্ষ মাসের শুক্লপক্ষের দ্বাদশীতে ইন্দ্রিয়সংযম করত দন্তধাবন পূর্ব্বক স্নানাদি কর্ম্ম করিয়া সম্যক্‌রূপে দেবপূজা এবং পঞ্চ মহাযজ্ঞ নির্ব্বাহ করিবে। ব্রতী ব্যক্তি ব্রত দিনে এইরূপে ইন্দ্রিয়সংযম করিবে। হে প্রধানতম মুনিগণ। একাদশীদিনে প্রাতঃকালে গাত্রোত্থান করত আচারানুসারে স্নান করিয়া গৃহ মধ্যে হরিকে অর্চ্চনা করিবে। দেবদেবের ঈশ্বরকে পঞ্চামৃত দ্বারা স্নান করাইয়া উত্তম ভক্তি সহকারে যথাক্রমে গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য এবং তাম্বূলাদি দ্বারা পূজা করিবে, পরে প্রদক্ষিণ পূর্ব্বক দেবাদিদেবের পূজা করিয়া এই মন্ত্র পাঠ করিবে;—"তুমি জ্ঞান স্বরূপ, তোমাকে নমস্কার; তুমি জ্ঞানদাতা, তোমাকে নমস্কার; সমস্ত বস্তুই তোমার রূপ, তুমি সমস্ত সিদ্ধি প্রদানে সক্ষম, তোমাকে নমস্কার;" এইরূপে দেবতাপ্রধান দেবের দেব জনার্দ্দনকে নমস্কার করিয়া বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা উপবাস সমর্পণ করিবে;—"হে কেশব! হে জগৎ পতে! তোমার আজ্ঞানুসারে অদ্য হইতে পঞ্চ রাত্রি উপবাস করিব, তুমি আমার অভীষ্ট প্রদান কর।" হে দ্বিজগণ! ব্রতী এইরূপে দেবের নিকট উপবাস অর্পণ করিয়া ইন্দ্রিয় জয় করত একাদশীদিনে রাত্রিতে জাগরণ করিবে। হে দ্বিজগণ! দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী এবং পূর্ণিমা এই চারি তিথিতেও জিতেন্দ্রিয় হইয়া এইরূপে বিষ্ণুর পূজা করিবে। হে দ্বিজগণ! একাদশী এবং পূর্ণিমা এই দুই তিথিতে জাগরণ করিবে। পঞ্চামৃত দ্বারা স্নান এবং পূজা সামান্যাকারে পাঁচ তিথিতেই করিবে। পৌর্ণমাসীতে শক্তি অনুসারে ক্ষীর দ্বারা বিষ্ণুকে স্নান করাইয়া তিল দ্বারা হোম ও তিলদান করিবে। তার পর ষষ্ঠদিনে স্বীয় আশ্রমোচিত-কার্য্য সমাপন করত পঞ্চগব্য পানপূর্ব্বক পূর্ব্বের ন্যায় হরিকে পূজা করিবে। পরে বিভব থাকিলে ব্রাহ্মণদিগকে অবারিত ভোজন করাইবে। পরে বাগ্‌যত হইয়া বন্ধু বান্ধবের সহিত আপনি ভোজন করিবে। হে সত্তমগণ! এইরূপে পৌষ হইতে কার্ত্তিক মাস পর্য্যন্ত প্রতি শুক্লপক্ষে পূর্ব্বোক্ত বিধানমতে ব্রত করিবে। ব্রতী এইরূপে সংবৎসর ব্যাপিয়া পাপনাশক ব্রত করিয়া পুনর্ব্বার অগ্রহায়ণ মাসে ব্রতের উদ্‌যাপন করিবে। হে সাধুগণ! পূর্ব্বের ন্যায় একাদশীতে উপবাস করিবে, দ্বাদশীদিনে সমাহিত হইয়া পঞ্চগব্য পান করিবে, পরে জিতেন্দ্রিয় হইয়া গন্ধ পুষ্পাদি দ্বারা দেবদেব জনার্দ্দনকে সম্যক্‌রূপে পূজা করত ব্রাহ্মণকে মধু ঘৃত ফলসংযুক্ত পায়স ও দক্ষিণার সহিত সুগন্ধি ফলযুক্ত পূর্ণকুম্ভ স্বরূপ উপঢৌকন দান করিবে। হে প্রধান মুনিগণ! পরে পঞ্চরত্ন-সমন্বিত বস্ত্রাচ্ছাদিত কুম্ভ আত্মজ্ঞানী ব্রাহ্মণকে দান করিবে। "তুমি সকলের পরমাত্মা-স্বরূপ সকল ভূতের ঈশ্বর, সর্ব্বব্যাপী ও নিত্য। হে মাধব! আমি পরমান্ন দান করিতেছি, তুমি ইহা দ্বারা উত্তম প্রীতি লাভ

কর। হে নারায়ণ। তুমি জগতের ত্রাণকর্ত্তা, তোমাকে নমস্কার। হে জনার্দ্দন। আমি জলপূর্ণ কুম্ভ দান করিতেছি, তুমি প্রীতিলাভ কর।” এই মন্ত্র দ্বারা উপঢৌকন দান করিয়া ব্রাহ্মণদিগকে ভোজন করাইবে। পরে শক্তি অনুসারে বাক্যসংযমপূর্ব্বক বন্ধুর সহিত আপনি ভোজন করিবে। যে ব্যক্তি হরিপঞ্চক মাসে এই ব্রতের অনুষ্ঠান করে, সে কস্মিন্‌-কালে ব্রহ্মলোক হইতে পুনর্ব্বার আগমন করে না। যে ব্যক্তি উত্তম মুক্তি ইচ্ছা করে, সে এই ব্রত করিবে। হে দ্বিজগণ। এই ব্রত সমস্ত পাপরূপ দুর্গম অরণ্য মধ্যে দাবানলের তুল্য। মনুষ্য সহস্র কোটি গোদান করিলে যে ফল লাভ করে, একটীমাত্র উপবাস করিলে সেই ফল প্রাপ্ত হয়। যে ব্যক্তি নারায়ণে একাগ্রচিত্ত হইয়া ভক্তি পূর্ব্বক এই উপাখ্যান শ্রবণ করে, সে ঘোরতর কোটি কোটি উপপাতক হইতে মুক্ত হয়।

একোনবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ১৯ ॥

বিংশ অধ্যায়।

সূত কহিলেন,—আমি অন্যরূপ ব্রত কহিতেছি, তোমারা সমাহিত হইয়া শ্রবণ কর। এই ব্রত সকল পাপের নাশক, পবিত্র ও সকলের উপকারক। হে দ্বিজগণ। আষাঢ় মাস, শ্রাবণ মাস, ভাদ্র মাস অথবা আশ্বিন মাসে এই ব্রত করিবে। এই সকল মাসের অন্য-তম মাসে শুক্লপক্ষের দশমী তিথিতে জিতেন্দ্রিয় হইয়া প্রাতঃকালে দন্তধাবন পূর্ব্বক স্নান করিবে। পরে সংযতেন্দ্রিয় হইয়া যত্নপূর্ব্বক নিত্য দেবপূজা করিবে। একাদশী দিনে ব্রহ্মচারী মৃত্তিকাশায়ী এবং জিতেন্দ্রিয় হইয়া পঞ্চগব্য পান করত বিষ্ণুর নিকটে শয়ন করিবে। তাহার পর প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক নিত্যকর্ম্ম সমাপন করত ইন্দ্রিয় জয় এবং ক্রোধ পরিত্যাগ করিয়া শ্রদ্ধার সহিত বিষ্ণুকে পূজা করিবে। পণ্ডিতগণের সহিত বিষ্ণুকে যথোচিত পূজা করিয়া স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে। পরে “হে কেশব। আমি অদ্য হইতে একমাসকাল উপবাসী থাকিয়া, হে দেব-দেব। মাসান্তে তোমার আজ্ঞানুসারে পারণ করিব। তুমি তপস্যাস্বরূপ এবং তপস্যার ফলদাতা, তোমাকে নমস্কার। তুমি আমার অভিলষিত ফল দান কর ও সমস্ত বিঘ্ন বিনাশ কর।” এইরূপে দেব বিষ্ণুর নিকট মঙ্গলজনক মাসব্রত সমর্পণ করিয়া, সেই অবধি একমাসকাল হরির মন্দিরে শয়ন করিবে। প্রতিদিন পঞ্চামৃত দ্বারা বিষ্ণুকে স্নান করাইবে। সেই মাসে হরির মন্দিরে নিরন্তর দীপ-দান করিবে। প্রতিদিন অপামার্গের শাখা দ্বারা দন্তধাবন করত নারায়ণের স্মরণ পূর্ব্বক যথাবিধি স্নান করিবে। পরে কেশব প্রভৃতি দ্বাদশ নাম দ্বারা বিষ্ণুর উদ্দেশে তর্পণ করিয়া ঐ সমস্ত নাম দ্বারাই বিষ্ণুকে পূজা করিবে; ইহাতে সংশয় নাই। এইরূপে বিষ্ণুপরায়ণ হইয়া একমাস উপবাস করিবে। পূজার পর পবিত্র হইয়া স্নান করত পূর্ব্বের ন্যায় বিষ্ণুকে পূজা করিবে। পরে শক্তি অনুসারে ভক্তি পূর্ব্বক দক্ষিণার সহিত ব্রাহ্মণ-ভোজন করাইবে। আপনিও বন্ধুগণের সহিত ইন্দ্রিয়-সংযম পূর্ব্বক ভোজন করিবে। এইরূপে মাসোপবাস নামক ত্রয়োদশটী ব্রত করিয়া

তাহার অন্তে বেদজ্ঞ-ব্রাহ্মণকে দক্ষিণার সহিত গো দান করিবে। পরে ইন্দ্রিয়-সংযম পূর্ব্বক শক্তি অনুসারে দ্বাদশ জন ব্রাহ্মণকে ভোজন করাইয়া, শক্তি-অনুসারে বস্ত্র এবং অলঙ্কার প্রভৃতি দক্ষিণা দান করিবে। একটীমাত্র মাসোপবাস ব্রতের আচরণ করিলে বাজপেয়-যজ্ঞের ফল লাভ করে। দুইবার অনুষ্ঠান করিলে পৌণ্ডরীক-যজ্ঞের ফল লাভ করে। যে ব্যক্তি জিতেন্দ্রিয় হইয়া তিনবার মাসোপবাস-ব্রতের অনুষ্ঠান করে, সেই ব্যক্তি সোম-যজ্ঞের দ্বিগুণ ফল লাভ করে। হে সাধুত্তম মুনিগণ! যে ব্যক্তি চারিবার পরাকব্রত করে, সে অগ্নিষ্টোম-যজ্ঞের অষ্টগুণ উত্তম পুণ্যফল প্রাপ্ত হয়। যে মহাত্মা পাঁচবার এই ব্রত করে, সে অত্যগ্নিষ্টোম জন্য ফল প্রাপ্ত হয়, ইহাতে সংশয় নাই। যে ব্যক্তি সংযত হইয়া ছয়বার মাসোপবাস ব্রত করে, সে জ্যোতিষ্টোম-যজ্ঞের আট গুণ ফল লাভ করে। যে ব্যক্তি অনাহারে সাতবার মাস যাপন করে, সে অশ্বমেধ-যজ্ঞের আট গুণ ফল লাভ করে। হে প্রধান মুনিগণ! যে ব্যক্তি আটবার মাসোপবাস ব্রত করে, সে নরমেধ-যজ্ঞের আট গুণ ফল প্রাপ্ত হয়। যে ব্যক্তি নয়বার মাসোপবাস ব্রতের আচরণ করে, সেই নর গোমেধ-যজ্ঞের দ্বিগুণ ফল লাভ করে। হে মুনিসত্তমগণ! যে ব্যক্তি দশবার পরাকব্রত করে, সে ব্রহ্মমেধ-যজ্ঞের দ্বিগুণ উত্তম ফল প্রাপ্ত হয়। যে ব্যক্তি ইন্দ্রিয়-সংযমপূর্ব্বক একাদশবার পরাকব্রতের অনুষ্ঠান করে, সে সমস্ত যজ্ঞের ফল লাভ করত বিষ্ণুর সালোক্য লাভ করে। যে ব্যক্তি ইন্দ্রিয়কে সংযত করিয়া দ্বাদশবার মাসোপবাস ব্রত করে, সে সমস্ত ভোগের সহিত হরির সারূপ্য প্রাপ্ত হয়। যে নর পবিত্র হইয়া ত্রয়োদশবার পরাকব্রত করে, সে, যেস্থানে গমন করিলে শোক প্রাপ্ত হয় না, সেই পরমানন্দ স্থানে গমন করে। যে সমস্ত ব্যক্তি মাসোপবাসব্রত অনুষ্ঠান করে, যাহারা সর্ব্বদা গঙ্গাস্নান করে এবং যাহারা ধর্ম্মপথ উপদেশ করে, তাহারা মুক্ত, ইহাতে সংশয় নাই। হে প্রধানতম সাধুগণ! যতী, ব্রহ্মচারী, স্বামী-পুত্র-বিহীনা-স্ত্রী এবং বিশেষ বানপ্রস্থ, ইহাদিগের মাসোপবাস অবশ্য কর্ত্তব্য। স্ত্রী, অথবা পুরুষ এই দুর্লভ মাসোপবাস ব্রত করিলে মোক্ষ প্রাপ্ত হয়। এই ব্রত যোগিগণেরও দুর্লভ। মনুষ্য, গৃহস্থ, বানপ্রস্থ, বর্ণী, ভিক্ষু অথবা অদ্বৈতশূন্য হউক, এই ব্রত হইতে মুক্তিলাভ করিবে। যে ব্যক্তি নারায়ণে মনোনিবেশপূর্ব্বক এই ব্রত-মাহাত্ম্য শ্রবণ করে অথবা পাঠ করে, সে সমস্ত পাপ হইতে মুক্ত হয়।

বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২০ ॥

একবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—আমি ত্রিলোক-বিখ্যাত এই অন্য ব্রত কহিতেছি। হে দ্বিজগণ! এই ব্রত সকল পাপের নাশক, সমস্ত অভিলষিত-ফলদানে সক্ষম। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এবং স্ত্রীলোক ইহাদিগের মধ্যে যে কোন ব্যক্তি হউক, ভক্তিপূর্ব্বক ইহার অনুষ্ঠান

করিলে মুক্তিলাভ করিতে পারে। এই ব্রত বিষ্ণুর অতিশয় প্রিয়। হে বিপ্রগণ! ইহার নাম একাদশীব্রত। এই ব্রত সমস্ত কামনা-ফলদানে যোগ্য, বিষ্ণুপ্রীতির কারণ এবং সর্ব্বথা কর্ত্তব্য। উভয় পক্ষের একাদশীতে ভোজন করিবে না, যদি ভোজন করে, তাহা হইলে পাপী হইবে এবং পরকালে নরকে গমন করিবে। যে ব্যক্তি উপবাসের ফল লাভ করিতে ইচ্ছা করে, সে চারি বার ভোজন ত্যাগ করিবে—পূর্ব্বদিন এবং পরদিনে রাত্রিতে, মধ্যদিনে দিবা ও রাত্রিতে। হে প্রধান সাধুগণ! যে ব্যক্তি একাদশীদিনে ভোজন করিতে ইচ্ছা করে, সে সমস্ত পাপ ভোগ করিতে ইচ্ছা করে, ইহাতে সংশয় নাই। হে প্রধান মুনিগণ! যদি মুক্তিলাভ করিতে ইচ্ছা করে, তাহা হইলে দশমী এবং দ্বাদশীতে একবার ভোজন ও একাদশীতে উপবাস করিবে। ব্রহ্মহত্যা প্রভৃতি যে কোন পাপ, সকলই একাদশীতে অন্নকে আশ্রয় করিয়া অবস্থান করে। ব্রহ্মহত্যা প্রভৃতি পাপের কোনরূপে নিষ্কৃতি হয়, কিন্তু যে ব্যক্তি একাদশীতে ভোজন করে, তাহার কথনই নিষ্কৃতি নাই। মনুষ্য মহাপাতকযুক্ত হউক বা সমস্ত পাপযুক্ত হউক, যদ্যপি একাদশীতে উপবাস করে, তাহা হইলে সে পরম পদ প্রাপ্ত হয়। একাদশী তিথি অতিশয় পুণ্যজনক এবং বিষ্ণুর প্রিয়; অতএব যে সমস্ত ব্রাহ্মণগণ সংসারচ্ছেদের ইচ্ছা করেন, তাঁহারা ঐ তিথিকে সেবা করিবেন। মনুষ্য দশমীদিনে প্রাতঃকালে গাত্রোত্থান করত দন্তধাবন পূর্ব্বক স্নান করিয়া পবিত্রভাবে যথাবিধি বিষ্ণুকে পূজা করিবে। একাদশীদিনে ইন্দ্রিয়-নিগ্রহপূর্ব্বক ব্রতাচরণ করিবে এবং বিষ্ণু-পরায়ণ হইয়া, বিষ্ণুর নিকটে শয়ন করিবে। এইরূপ একাদশীদিনে স্নান করিয়া গন্ধ-পুষ্পাদি দ্বারা জনার্দ্দনকে সম্যক্‌রূপে পূজা করত পরে এই মন্ত্র পাঠ করিবে,—"হে পুণ্ডরীকাক্ষ! আমি একাদশীদিনে অনাহারে থাকিয়া পরদিবে ভোজন করিব। হে অচ্যুত আমাকে রক্ষা কর।" এই মন্ত্র উচ্চারণ করত ভক্তির সহিত আত্মাকে সন্তুষ্ট করিয়া দেবের দেব চক্রীর নিকট উপবাস সমর্পণ করিবে। পরে ব্রতী সংযত হইয়া, গীত বাদ্য নৃত্য এবং পুরাণ-শ্রবণাদি দ্বারা দেবতার সম্মুখে অবস্থান করত জাগরণ করিবে। তাহার পর ব্রতী দ্বাদশীদিনে প্রাতঃকালে গাত্রোত্থান করত যথাবিধি স্নান করিয়া, ইন্দ্রিয়-সংযমপূর্ব্বক বিষ্ণুর পূজা করিবে। একাদশীদিনে পঞ্চামৃত এবং দ্বাদশীদিনে দুগ্ধ দ্বারা জনার্দ্দনকে স্নান করাইলে, হরির সারূপ্য প্রাপ্ত হয়। "হে কেশব! আমি অজ্ঞানরূপ অন্ধকারে অন্ধ হইয়াছি; হে নাথ! এই ব্রত দ্বারা আমার প্রতি প্রসন্ন হইয়া, আমাকে জ্ঞানরূপ চক্ষু প্রদান করুন।" হে বিপ্রেন্দ্রগণ! দেবদেব চক্রীকে এইরূপে জানাইয়া, পরে শক্তি অনুসারে ব্রাহ্মণদিগকে ভোজন করাইবে ও দক্ষিণা দান করিবে। পরে অধ্যাপন প্রভৃতি পঞ্চমহাযজ্ঞ সমাপন করত নারায়ণে চিত্ত সমর্পণপূর্ব্বক বাগ্‌যত হইয়া, স্বকীয় বন্ধুগণের সহিত আপনি ভোজন করিবে। যে ব্যক্তি পবিত্র হইয়া, এইরূপ পবিত্র একাদশীব্রত করে, সে বিষ্ণুভবনে গমন করে, তাহার আর পুনর্ব্বার জন্ম হয় না। হে সত্তমগণ! যে ব্যক্তি উপবাস-ব্রত-পরায়ণ ও ধর্ম্ম কার্য্যের অনুষ্ঠানকারী, সে চণ্ডাল এবং পতিতের সহিত বাক্যমাত্রও কহিবে না। নাস্তিক, সাধুগণের অমর্য্যাদাকারী, সাধারণের নিন্দাকারী এবং খল, ইহাদিগের সহিত উপবাস-ব্রতকারী পণ্ডিত কোনরূপ বাক্যালাপ করিবে না। ব্রতী-ব্যক্তি—বৃষলী-সন্তানের

প্রতিপালক, বৃষলীর পতি এবং অযাজ্যযাজক ইহাদিগকে কোনরূপ আলাপ করিবে না। উপবাস ব্রত-পরায়ণ ব্যক্তি,—জারজান্নভোজী, গায়ক, দেবলের অন্নভোজী, চিকিৎসক, দেবতা ও ব্রাহ্মণের বিরোধী, পরান্নভোজী এবং পরস্ত্রী-রত, ইহাদিগের সহিত বাক্য মাত্র কহিবে না। এই সমস্ত কর্ম্ম দ্বারা পরিশুদ্ধ, জিতেন্দ্রিয় এবং সদ্গুণালঙ্কৃত ব্যক্তি উপবাসব্রত করিলে, উত্তম সিদ্ধিলাভ করিতে পারে। গঙ্গার সদৃশ তীর্থ নাই, মা'র তুল্য গুরু নাই, বিষ্ণুর সদৃশ দেবতা নাই এবং উপবাসের অপেক্ষা অন্য আর তপস্যা নাই। যেরূপ বেদের তুল্য শাস্ত্র নাই, শান্তির তুল্য সুখ নাই, চক্ষের সদৃশ জ্যোতি নাই, সেইরূপ উপবাস অপেক্ষা আর তপস্যা নাই। যেরূপ ক্ষমার তুল্য সুখ্যাতি নাই, কীর্ত্তির সদৃশ ধন নাই, জ্ঞানের তুল্য লাভ নাই, সেইরূপ উপবাস অপেক্ষা তপস্যা নাই। পণ্ডিতগণ এ স্থানে ভদ্রশীল এবং তাঁহার পিতা গালবের সংবাদরূপ পুরাতন ইতিহাস কহিয়াছেন। পূর্ব্বকালে সত্য-পরায়ণ, শান্ত, দান্ত, পরমতাপস গালব মুনি নর্ম্মদা নদীর তীরে বাস করিতেন। ব্রাহ্মণশ্রেষ্ঠ গালব,—বহুতর বৃক্ষে পূর্ণ, নানারূপ মৃগ দ্বারা আচ্ছন্ন, সিদ্ধ চারণ গন্ধর্ব্ব যক্ষ এবং বিদ্যাধর কর্ত্তৃক সেবিত, কন্দ মূল ফলে পরিপূর্ণ এবং মুনিগণ-সেবিত সেই নর্ম্মদাতীরে বহুদিন বাস করিয়াছিলেন। ঐ গালব মুনির ভদ্রশীল নামে জাতিস্মর, মহাভাগ্যবান্, বিষ্ণু-ভক্ত এবং জিতেন্দ্রিয় পুত্র ছিল। মহামতি ভদ্রশীল বালককালে ক্রীড়ার সময়েও সর্ব্বদা বিষ্ণুর প্রতিমা নির্ম্মাণ করিয়া তাঁহাকে পূজা করিতেন এবং মনুষ্য মাত্রেরই প্রতিদিন বিষ্ণুর পূজা করা কর্ত্তব্য ও পণ্ডিতদিগের একাদশীব্রত কর্ত্তব্য, এইরূপ বালকগণকে উপদেশ করিতেন। হে মুনীশ্বরগণ! বালকেরা এইরূপে উপদেশ প্রাপ্ত হইয়া হরির গৃহ নির্ম্মাণ করিয়া সর্ব্বদা পূজা করিতেন। ভদ্রশীল সকলের জেতা বিষ্ণুকে নমস্কার করত 'সমস্ত জগতের মঙ্গল হউক' এই কথা বলিতেন। তিনি ক্রীড়া সময়ে, এক মুহূর্ত্ত অথবা অর্দ্ধ মুহূর্ত্ত একাদশী লাভ হইলে তাহাতে সঙ্কল্প করিয়া বিষ্ণুকে প্রণাম করিতেন। গালব মুনি পুত্রকে এইরূপ সচ্চরিত্র দর্শন করত বিস্ময়ান্বিত হইয়া তপোনিধি-পুত্রকে এইরূপ কহিয়া জিজ্ঞাসা করিলেন,—"হে ভদ্রশীল! তুমি অতি ভাগ্যবান্। হে সুব্রত! তোমার স্বভাব অতি উত্তম, যেহেতু তোমার চরিত্র মঙ্গলময় এবং যোগিগণেরও দুর্লভ। তুমি প্রতিদিন হরির পূজা ও সকল প্রাণীর হিতাকাঙ্ক্ষা করিয়া থাক, একাদশীব্রতের অনুষ্ঠান কর, সকলের প্রতি অনুগ্রহ করিয়া থাক, তুমি কাহারও সহিত সঙ্গ কর না, মায়ারহিত, শান্ত এবং সর্ব্বদা হরির ধ্যানে আসক্ত; অতএব তোমার এইরূপ সদ্বুদ্ধি কিপ্রকারে জন্মাইল? তাহা আমার নিকটে বল।" ভদ্রশীল পিতার বাক্য শ্রবণ করত হাস্য করিয়া যাহা ঘটিয়াছে, আপনার অনুভবানুসারে সমস্তই পিতার নিকট নিবেদন করিলেন,—"হে তাত! হে মহাভাগ! আমি যাহা অনুভব করিয়াছি, যম পূর্ব্বে যাহা বলিয়াছিলেন, আমি জাতিস্মর, এইজন্য তাহা জানিয়াছি।" মুনিশ্রেষ্ঠ গালব এই কথা শ্রবণ করত বিস্মিত এবং প্রীতিযুক্ত হইয়া মহামতি ভদ্রশীলকে কহিতে লাগিলেন,—"হে মহাভাগ! তুমি পূর্ব্বে কে ছিলে? যম তোমাকে কাহার জন্য, কি নিমিত্ত কি বলিয়াছেন, তাহা সমস্ত বল।" ভদ্রশীল কহিলেন,—"হে তাত! আমি পূর্ব্বে চন্দ্রবংশীয় রাজা ছিলাম, আমার নাম ধর্ম্মকীর্ত্তি। ভগবান্ দত্তাত্রেয় আমার গুরু ছিলেন। আমি

নয় হাজার বৎসর সমস্ত পৃথিবী শাসন করত বহুতর অধর্ম্ম এবং ধর্ম্ম করিয়াছিলাম। পরে আমি ধনমদে অতিশয় মত্ত হইয়া বহুতর অধর্ম্ম করিয়াছিলাম এবং পাষণ্ডজনের সংসর্গে আমার চরিত্রও পাষণ্ডের ন্যায় হইয়াছিল। হে তপোধন! আমি পূর্ব্বে যে বহুতর পুণ্য উপার্জ্জন করিয়াছিলাম, সেই সমস্ত পুণ্যই পাষণ্ডের সহিত আলাপমাত্রে বিনষ্ট হইল, আমিও পাষণ্ডগণের উপদেশে বেদমার্গ পরিত্যাগ পূর্ব্বক কূটযুক্তি অবলম্বন করিয়া যাগযজ্ঞ পরিত্যাগ করিলাম। তৎকালে দেশস্থ প্রজাগণ আমাকে অধর্ম্মনিরত দেখিয়া সর্ব্বদা অধর্ম্ম করিতে লাগিল; আমিও সেই সমস্ত অধর্ম্মের ষষ্ঠাংশ লাভ করিতে লাগিলাম। এইরূপে পাপ-কার্য্যের অনুষ্ঠান করত ব্যসনে রত হইয়া এক সময়ে মৃগয়ার নিমিত্ত বনে গমন করিলাম। আমি সৈন্যের সহিত সেই বন মধ্যে বহু প্রকার মৃগ হনন করত ক্ষুধা ও তৃষ্ণায় কাতর এবং শ্রান্ত হইয়া রেবা নদীর তীরে গমন করিলাম। পরে তপন-তাপে অতিশয় উত্তপ্ত হইয়া রেবাতে স্নান করিলাম এবং সৈন্যগণের অদর্শনে একাকী ক্ষুধা তৃষ্ণায় অতিশয় পীড়িত হইলাম। হে তাত! তৎকালে কতকগুলি তীর্থ-বাসী আমার নিকট আগমন করিলেন। আমি সন্ধ্যার সময় দেখিলাম, তাঁহারা একাদশী-ব্রত করিয়া রহিয়াছেন। হে তাত! আমি একাকী সেই স্থানে ঐ তীর্থবাসীদিগের সহিত উপবাস করিয়া সৈন্যদিগকে পরিত্যাগ করত, রাত্রিতে জাগরণ করিলাম। হে তাত! আমি পথশ্রমে পরিশ্রান্ত এবং ক্ষুৎপিপাসায় কাতর হইয়া রাত্রিজাগরণের পর সেই স্থানেই পঞ্চত্ব প্রাপ্ত হইলাম। তাহার পর বৃহৎ দন্তযুক্ত ভয়ঙ্কর যমদূতগণ আমাকে বদ্ধ করিল, আমি নানারূপ ক্লেশজনক পথ দ্বারা যমের নিকট গমন করিলাম। দংষ্ট্রা-করাল-বদন যমকে দর্শন করিলাম। তৎপরে যম, চিত্রগুপ্তকে আহ্বান করিয়া এই কথা বলিলেন,—'হে পণ্ডিত! এই ব্যক্তির যেরূপ শিক্ষাবিধান, তুমি তাহা বল।' হে সত্তমগণ! ধর্ম্মরাজ চিত্রগুপ্তকে এই কথা জিজ্ঞাসা করিলে, চিত্রগুপ্ত বহুকাল বিচার করিয়া পুনর্ব্বার এই কথা বলিলেন,—'হে ধর্ম্মপাল! এই ব্যক্তি পাপকার্য্যে রত, ইহা সত্য, তথাপি আপনি শ্রবণ করুন। এই ব্যক্তি একাদশীতে উপবাস জন্য সমস্ত পাপ হইতে মুক্ত হইয়াছে। এই ব্যক্তি, একাদশীতে মনোহর রেবাতীরে জাগরণ এবং উপবাস করিয়া পাপ হইতে মুক্ত হইয়াছে। যে কোন বহুতর পাপ করিয়াছিল, উপবাস-প্রভাবে সেই সমস্ত পাপই নষ্ট হইয়াছে।' বুদ্ধিমান্ চিত্রগুপ্ত এই কথা বলিলে, হে তাত! ধর্ম্ম-রাজ আমার ভয়ে অতিশয় কম্পিত হইয়া, ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিলেন এবং হে তাত! ধর্ম্মরাজ আমাকে ভক্তিভাবে পূজা করিতে লাগিলেন। পরে আপনার সমস্ত সৈন্যগণকে আহ্বান করিয়া এই কথা বলিলেন,—'হে দূতগণ! তোমরা আমার বাক্য শ্রবণ কর। আমি তোমাদিগকে উত্তম হিতজনক বাক্য বলিতেছি। যে সকল মনুষ্য ধর্ম্মনিরত, তোমরা তাহাদিগকে আনয়ন করিও না। যে সমস্ত মনুষ্য বিষ্ণুভক্ত, পবিত্র ও কৃতজ্ঞ, যাহারা একাদশীব্রত-পরায়ণ, জিতেন্দ্রিয় এবং 'হে নারায়ণ! হে অচ্যুত! হে হরে! রক্ষা কর' এই কথা সর্ব্বদা বলে, তাহাদিগকে শীঘ্র পরিত্যাগ করিবে। যে সকল মনুষ্য 'হে নারায়ণ! হে অচ্যুত! হে জনার্দ্দন! হে কৃষ্ণ! হে বিষ্ণো! হে পদ্মেশ! হে পদ্মজনিত! হে শিব! হে শঙ্কর!' সর্ব্বদা এই কথা বলে; যাহারা সকল লোকের হিতকারী এবং শান্তিপ্রিয়,

হে দূতগণ! তাহাদিগকে দূর হইতে পরিত্যাগ করিবে। সেই সকল ব্যক্তিকে আমার শিক্ষা দিবার অধিকার নাই। দূতগণ! যাহারা হরিনামে আসক্ত, পাষণ্ডগণের সঙ্গ-বিহীন, দ্বিজগণের প্রতি ভক্তিমান্, সাধুসহ বাসে লোলুপ, অতিথিসেবায় তৎপর, হরি-হরে সমবুদ্ধি এবং সমুদয় লোকের উপকারে নিরত, তাহাদিগকে পরিত্যাগ করিবে। অধিক কি, যাহাদিগের শ্রুতিযুগল অনুক্ষণ হরিনামামৃতপানে লালায়িত, অন্তঃকরণ প্রতিনিয়ত নারায়ণের স্তুতিবাদে সমুৎসুক এবং বিপ্রেন্দ্রগণের পাদোদক-সেবনে প্রফুল্ল হইয়া থাকে, এবংবিধ মহাত্মা সকল যাহাদিগের প্রতি দৃষ্টিপাত করেন, তাহারা ঘোর পাতকী হইলেও তাহাদিগকে কখন স্পর্শ করিও না। যাহারা অবিরত পিতা-মাতাকে ভর্ৎসনা করে, নিখিল লোকের দ্বেষকারী, দ্বিজগণের অনিষ্টাচরণে তৎপর, দেবদ্রব্যে লোভপরায়ণ ও লোকক্ষয়ের হেতু, হে দূতগণ! সেই সকল অপরাধীকে আনয়ন করিবে। যে ব্যক্তি একাদশী-ব্রতপালনে পরাঙ্মুখ, উগ্রস্বভাব, লোকের অপবাদদানে নিরত, পরনিন্দক, গ্রামনাশকর, সাধুগণের নিন্দাকারী এবং ব্রাহ্মণের ধনে লোভপরতন্ত্র, সেই পাপিষ্ঠকে আনয়ন করিও। যাহারা হরিভক্তি-বিমুখ এবং যাহারা কখন শরণাগত-পালক ভগবান্ নারায়ণকে সন্দর্শনপূর্ব্বক নমস্কার করে না ও যে মূর্খ মানব কখন বিষ্ণুমন্দিরে গমন করে না, সেই সকল দণ্ডার্হ অতি পাপিষ্ঠদিগকে আনয়ন করিবে।' আমি পূর্ব্বে যমমুখে এবংবিধ বাক্য শ্রবণ করিয়াছি এবং এক্ষণে তৎকার্য্য স্মরণ করত অনুতাপে দগ্ধ হইতেছি। হে পিতঃ! অনুতাপে ও তাদৃশ ধর্ম্ম শ্রবণে মদীয় নিখিল পাতকই তৎকালে নিঃশেষরূপে বিনষ্ট হইয়াছে। অনন্তর আমি পাপশেষ হইতে মুক্ত হইয়া হরিসারূপ্য লাভ করিলে, আমার কলেবর সহস্র সূর্য্যের ন্যায় দেদীপ্যমান হইতে লাগিল। তৎকালে ধর্ম্মরাজ যম আমাকে প্রণাম করিলেন এবং যমদূতগণ তদ্ব্যাপার দর্শনে অতীব ভীত ও যমবাক্যে সাতিশয় বিশ্বাসান্বিত হইল। অনন্তর ধর্ম্মরাজ আমাকে পূজা করিয়া তৎক্ষণাৎ বিমানারোহণে বিষ্ণুলোকে প্রেরণ করিলেন, তৎকালে শত শত বিমান আমার সমভিব্যাহারে যাইতে লাগিল। হে জনক! সেই কর্ম্মফলে আমি, সর্ব্বভোগাঢ্য কোটি কোটি বিমানের সহিত কোটি কোটি কল্প বিষ্ণুলোকে অবস্থানপূর্ব্বক পশ্চাৎ ইন্দ্রলোকে সমাগত হইয়া সেই স্থানে তাবৎকাল বাস করিয়া এই পৃথিবীতে মহৎ বিপ্রকুলে জন্মগ্রহণ করিয়াছি। হে মুনীশ্বর! জাতি-স্মরতা হেতু এই সমস্ত ঘটনাই আমার হৃদয়ে জাগরূক রহিয়াছে। আমি, পূর্ব্বে এই একাদশীব্রত-মাহাত্ম্য জানিতে পারি নাই, সম্প্রতি জাতিস্মরতা-প্রভাবে জানিয়াছি। হে প্রভো! আমি যখন অনিচ্ছাপূর্ব্বক ঐ কার্য্য করিয়া তাহার ঈদৃশ ফল প্রাপ্ত হইয়াছি, তখন যাঁহারা ভক্তিসহকারে একাদশীব্রত অনুষ্ঠান করেন, তাঁহাদিগের যে কি প্রকার পুণ্যফল, তাহা জানি না। অতএব হে পিতঃ! পরমস্থানে বাস-বাসনায় শুভ একাদশীব্রত ও প্রতিদিন বিষ্ণুপূজা করিব। যে সকল মানব, শ্রদ্ধাসহকারে একাদশী-ব্রত পালন করিয়া থাকে, তাহারা পরম আনন্দদায়ক বিষ্ণুভবনে বাস করে। যে ব্যক্তি ভক্তিভাবে এই একাদশী-মাহাত্ম্য শ্রবণ করে, সে নিখিল পাপরাশি হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে পরম আনন্দে বাস করিয়া থাকে।' সূত কহিলেন,—মুনিবর গালব, পুত্রের এবংবিধ বাক্য শ্রবণে মনে মনে সাতিশয় সন্তুষ্ট হইয়া ভাবিলেন, 'মদীয় কুলে যখন এই

পরম বিষ্ণুভক্তের জন্ম হইয়াছে, তখন আমার জন্ম সফল এবং আমার বংশও পবিত্র হইল।' তিনি এইরূপ সন্তুষ্টচিত্ত হইয়া ধীমান্ পুত্রের নিকট যথাবিধি হরিপূজার বিধান সকল ব্যক্ত করাইলেন। হে মুনিগণ। এই আমি আপনাদিগের সন্নিধানে প্রশ্নানুরূপ যথাবৎ কীর্ত্তন করিলাম, এক্ষণে বলুন, সংক্ষেপ বা বিস্তাররূপে কোন্ বিষয় ব্যক্ত করিব।

একবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২১ ॥

দ্বাবিংশ অধ্যায়

ঋষিগণ কহিলেন,—হে তত্ত্বার্থকোবিদ সূত! আপনি ভাগীরথীর মহিমা, ধর্ম্মাধর্ম্ম, হরিপূজাবিধান, সবিস্তার ব্রত এবং একাদশীর মহিমাও বিশেষরূপে কীর্ত্তন করিলেন। হে মুনে! এক্ষণে বর্ণাশ্রমবিধি, আশ্রমাচার এবং প্রায়শ্চিত্তবিধি শ্রবণ করিতে নিতান্ত বাসনা হইয়াছে। হে মহাভাগ! আপনি ত নিখিল তত্ত্বার্থ বিষয়ে অভিজ্ঞ, অতএব কৃপা করিয়া, ঐ সকল বিষয় প্রকাশ করুন। সূত কহিলেন,—ঋষিগণ! যে ব্যক্তি বর্ণাশ্রমোচিত আচার প্রতিপালন করিতে পারে, অব্যয় হরি তৎকর্ত্তৃক পূজিত হইয়া থাকেন, অতএব হে বিপ্রেন্দ্র সকল! ব্রহ্মপুত্র নারদ, পূর্ব্বে মুনিবর সনৎকুমারকে যেরূপ বর্ণাশ্রম-বিনির্ণয় নির্দ্দেশ করিয়াছেন এবং মনু প্রভৃতিও যে প্রকার কীর্ত্তন করিয়াছেন, তাহা আমি বলিতেছি, আপনারা সকলে শ্রবণ করুন। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র, এই চারি বর্ণ; তন্মধ্যে ব্রাহ্মণই শ্রেষ্ঠ। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, ইহাদিগকে পণ্ডিতগণ দ্বিজ এবং ত্রিজও বলিয়াছেন। প্রথমে মাতৃগর্ভ হইতে নিঃসরণ, পরে উপনয়ন ও দীক্ষাগ্রহণ, ক্রমে উহাদিগের এই তিন জন্ম বলিয়া নির্দ্দিষ্ট আছে। পূর্ব্বোক্ত বর্ণচতুষ্টয়ের বর্ণানুরূপ ধর্ম্ম-কার্য্য সকল পালন করা কর্ত্তব্য। যে ব্যক্তি স্বীয় বর্ণ-ধর্ম্ম পরিত্যাগ করে, সে পাষণ্ড বলিয়া অভিহিত হয়। দ্বিজগণ নিজ নিজ গৃহ্যানুরূপ কার্য্যের অনুষ্ঠানে তৎপর হইবে, অন্যথা পতিত ও সর্ব্ব-ধর্ম্ম-বহিষ্কৃত হইয়া থাকে জানিবে। ব্রাহ্মণাদি চারি বর্ণেরই যথোচিত যুগ-ধর্ম্ম এবং স্মৃতিমার্গের অবিরোধী দেশাচার পালন করা বিধেয়। মানবগণ যত্নপূর্ব্বক কায়মনোবাক্যে ধর্ম্মাচরণ করিবে। যাহা লোকনিন্দিত, তাহা ধর্ম্মজনক হইলেও আচরণীয় নহে। মনুষ্যগণ কলি-যুগে সমুদ্র-যাত্রা, কমণ্ডলুধারণ, অসবর্ণা কন্যার পাণিগ্রহণ, দেবর দ্বারা পুত্রোৎপাদন, শ্রাদ্ধে মাংসদান, বান-প্রস্থাশ্রম, দত্তা অক্ষতযোনি বিধবা কন্যার পুনরায় অন্যকে প্রদান, দীর্ঘকাল ব্রহ্মচর্য্য, নরমেধ, অশ্বমেধ, গোমেধ ও মহাপ্রস্থান, এই সকল ধর্ম্ম বর্জ্জন করিতে কহিয়াছেন। যাহারা যে দেশে বাস করে, তাহারা সেই দেশের আচার গ্রহণ করিবে। যে ব্যক্তি তাহা না করে, তাহাকে পতিত ও সর্ব্বধর্ম্ম-বহিষ্কৃত জানিবে। হে সাধুগণ! এক্ষণে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের কর্ত্তব্য, সংক্ষেপে বলিতেছি, সমাহিতচিত্তে শ্রবণ করুন। ব্রাহ্মণগণ—ব্রাহ্মণকে দান, যজ্ঞানুষ্ঠান দ্বারা দেবগণের পূজা ও যজনে যোগ্য ব্যক্তিকে যাজন করাইবেন। প্রতিদিন স্নান ও বেদ-পাঠ করা ব্রাহ্মণের কর্ত্তব্য। ব্রাহ্মণ শাস্ত্রজীবী এবং পরকীয় রত্ন ও প্রস্তরে

সমবুদ্ধি হইবেন। অগ্নিগ্রহণ, সকলের হিতসাধন, মধুর বাক্য প্রয়োগ ও ঋতুকালে পত্নীতে উপগত হওয়া ব্রাহ্মণের প্রশস্ত। ব্রাহ্মণ-বিষ্ণুপূজায় আসক্ত হইবেন, কখন কাহাকে অপ্রিয় কহিবেন না। হে দ্বিজোত্তমগণ! ক্ষত্রিয়গণ দ্বিজগণকে দান, বেদ পাঠ ও যজ্ঞাচরণ দ্বারা দেবগণের পূজা করিবে এবং শস্ত্রজীবী হইবে। ধর্ম্মানুসারে পৃথিবীপালন, দুষ্টের দমন ও শিষ্টের পালন করা ক্ষত্রিয়ের কর্ত্তব্য কর্ম্ম। বৈশ্যগণের পশুপালন, বাণিজ্য, কৃষিকার্য্য ও বেদাধ্যয়ন ধর্ম্ম বলিয়া নির্দ্দিষ্ট আছে। শূদ্রগণও দান করিবে, সিদ্ধান্ন দ্বারা দেবগণের পূজা করিবে না এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন বর্ণের শুশ্রূষাকারী হইবে। ঋতুকালে স্বপত্নী-গমন, সকল লোকের হিতেচ্ছা ও মঙ্গলসাধন, প্রিয়বাদিতা, অতিরিক্ত আয়াস না করা, মহোৎসাহ, তিতিক্ষা ও অভিমানশূন্যতা, ইহা মুনিগণ, ব্রাহ্মণাদি চারি বর্ণেরই প্রশস্ত বলিয়াছেন। নিজ নিজ আশ্রমোচিত কার্য্যানুষ্ঠানে সকলেই মুক্তিলাভ করিয়া থাকে। হে দ্বিজগণ! আপৎকালে ব্রাহ্মণ ক্ষত্রিয়াচার ও ক্ষত্রিয় বৈশ্যাচার আশ্রয় করিতে পারে; কিন্তু মহা-আপৎ উপস্থিত হইলেও কেহ শূদ্রবৃত্তি অবলম্বন করিতেই পারিবে না। যদি কোন মূঢ়মতি দ্বিজ, শূদ্রবৃত্তি আশ্রয় করে, তাহা হইলে চণ্ডালের মধ্যে পরিগণিত হইবে। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য ইহারা দ্বিজনামে প্রসিদ্ধ। উহাদিগের ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস এই চারি প্রকার আশ্রম নির্দ্দিষ্ট আছে, পঞ্চম আর কিছুই নাই। ঐ চারি প্রকার আশ্রম দ্বারাই উৎকৃষ্ট ধর্ম্ম সাধিত হইয়া থাকে। হে বিপ্রেন্দ্রগণ! যাহারা উক্ত চতুর্ব্বিধ আশ্রমোচিত কার্য্য পালনে তৎপর, ভগবান্ বিষ্ণু তাহাদিগের প্রতি প্রসন্ন হইয়া থাকেন। যে সকল মানব, নিঃস্পৃহ, শান্তচিত্ত ও স্বকর্ম্ম-পালনে তৎপর, তাহারা পরম পদ প্রাপ্ত হয়, আর তাহাদিগকে সংসারে আসিতে হয় না।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২২ ॥

ত্রয়োবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—হে ঋষিগণ! এক্ষণে বর্ণাশ্রমাচারবিধি বিশেষ করিয়া বর্ণন করিতেছি, আপনারা সকলে একাগ্রচিত্তে শ্রবণ করুন। যে ব্যক্তি নিজকার্য্য পরিত্যাগপূর্ব্বক পরকার্য্য সম্পাদন করে, তাহাকে পাষণ্ড ও সর্ব্বধর্ম্ম-বহিষ্কৃত জানিবেন। যথাসময়ে যথাবিধি মন্ত্রপাঠ পূর্ব্বক গর্ভাধানাদি-সংস্কার কর্ত্তব্য, ঐ কার্য্যে স্ত্রীলোকের মন্ত্র উচ্চারণ করিবার প্রয়োজন নাই। প্রথম গর্ভের চতুর্থ মাসে সীমন্তোন্নয়ন প্রশস্ত, ঐ সময়ে না হইলে ষষ্ঠ, সপ্তম বা অষ্টম মাসেও করিতে পারে। পুত্র জন্মাইলে পিতা সত্বর স্নানান্তে জাতকর্ম্ম নিমিত্ত স্বস্তিবাচন পূর্ব্বক নান্দীমুখ শ্রাদ্ধ করিবে। হেম বা উত্তম শাস্য দ্বারা উক্ত জাতশ্রাদ্ধ কর্ত্তব্য; যে ব্যক্তি অন্ন দ্বারা উহার অনুষ্ঠান করে, সে চাণ্ডালতুল্য হইয়া থাকে। অশৌচান্তে পিতা, বাগ্যত হইয়া আভ্যুদয়িক-শ্রাদ্ধ-সমাধানান্তে যথাবিধি নামকরণ করিবে। হে বিপ্রেন্দ্রগণ! যে নামের অর্থ নাই, কিংবা যাহার অর্থ অস্পষ্ট এবং

যাহা অতি গুরু অক্ষর বা বিষমাক্ষরযুক্ত, তাদৃশ নাম রক্ষা করিবে না। তৃতীয় বৎসরে চূড়াকরণ প্রশস্ত, ঐ সময়ে না হইলে পঞ্চম, সপ্তম, অষ্টম কিংবা নবম বর্ষে গৃহ্যবচনানুসারে কর্ত্তব্য। দৈবযোগে গর্ভাধানাদি কার্য্য যথাকালে না হইলে কৃচ্ছ্রপাদ প্রায়শ্চিত্ত এবং চূড়া না হইলে কৃচ্ছ্রার্দ্ধ করিতে হইবে। গর্ভাষ্টম বা অষ্টম বর্ষে ব্রাহ্মণের উপনয়ন কর্ত্তব্য; মনীষিগণ, গর্ভ হইতে ষোড়শবর্ষ পর্য্যন্ত উপনয়নের গৌণকাল বলিয়াছেন। গর্ভ হইতে একাদশ বর্ষে ক্ষত্রিয়ের উপনয়ন প্রশস্ত; আর দ্বাবিংশতিবর্ষ পর্য্যন্ত ক্ষত্রিয়ের গৌণকাল। পণ্ডিতগণ বৈশ্যের দ্বাদশবর্ষই উপনয়নের প্রশস্ত কাল এবং চতুর্ব্বিংশতিবর্ষ পর্য্যন্ত অপ্রশস্ত কাল বলিয়াছেন। ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের মধ্যে যাহার উক্ত কালে উপনয়ন না হয়, তাহাকে সাবিত্রী-পতিত জানিবেন, তাহার সহিত কদাচ আলাপ করা কর্ত্তব্য নহে। হে বিপ্রগণ! ব্রাহ্মণের উপনয়নের মুখ্যকাল-বাধ হইলে দ্বাদশাব্দ-ব্রতানুষ্ঠানের পর চান্দ্রায়ণ ব্যবস্থা, কিংবা সান্তপনদ্বয় করিয়া উপনয়ন বিধেয়; তাহা না হইলে সে পতিত ও কর্ত্তাও ব্রহ্ম-হত্যা-পাপে লিপ্ত হইয়া থাকে। ব্রাহ্মণ মুঞ্জালতা দ্বারা, ক্ষত্রিয় ধনুর্জ্যা দ্বারা এবং বৈশ্য মেষচর্ম্ম দ্বারা মেখলাবন্ধন করিবে। এক্ষণে উহাদিগের ব্যবহার্য্য চর্ম্মের ব্যবস্থা বলিতেছি, শ্রবণ করুন। ব্রাহ্মণের কৃষ্ণসার-মৃগের, ক্ষত্রিয়ের রুরুনামক মৃগবিশেষের এবং বৈশ্যের ছাগের চর্ম্মই কথিত আছে। সম্প্রতি যথাক্রমে দণ্ডের বিষয় বলিতেছি। ব্রাহ্মণের পালাশ দণ্ড, ক্ষত্রিয়ের ঔড়ুম্বর দণ্ড এবং বৈশ্যের বৈল্ব দণ্ড কর্ত্তব্য। এক্ষণে তাহার প্রমাণ শ্রবণ করুন। বিপ্রের কেশ পর্য্যন্ত, ক্ষত্রিয়ের ললাট পর্য্যন্ত এবং বৈশ্যের নাসিকা পর্য্যন্ত দণ্ডমান হইবে। সম্প্রতি ব্রাহ্মণাদির বস্ত্রের কথা বলিতেছি; যথাক্রমে কাষায়, মাঞ্জিষ্ঠ ও হারিদ্র বস্ত্র কথিত আছে। হে বিপ্রগণ! উপনীত বিপ্র, বেদাধ্যয়ন পর্য্যন্ত গুরুগৃহে অবস্থান করত গুরুর পরিচর্য্যায় নিরত থাকিবে। হে দ্বিজসত্তমগণ! প্রতিদিন প্রাতঃস্নান, ব্রহ্মচর্য্য অবলম্বন এবং নিত্য প্রাতঃকালে গুরুর নিমিত্ত সমিধ্, কুশ ও ফলাদি আহরণ করা তাহার কর্ত্তব্য। যজ্ঞোপবীত, অজিন ও দণ্ড নষ্ট বা ভ্রষ্ট হইলে মন্ত্রপাঠ পূর্ব্বক নূতন ধারণ করিয়া পুরাতনকে জলমধ্যে নিক্ষেপ করিবে। পণ্ডিতগণ বলিয়াছেন, কেবল ভিক্ষান্ন দ্বারাই ব্রহ্মচারীর জীবিকা নির্ব্বাহ করিতে হইবে এবং ঐ ভিক্ষান্নও সংযতে-ন্দ্রিয় হইয়া শ্রোত্রিয়ের গৃহ হইতে আহরণ করা কর্ত্তব্য। ভিক্ষাগ্রহণ কালে ব্রাহ্মণ অগ্রে, ক্ষত্রিয় মধ্যে এবং বৈশ্য অন্তে 'ভবৎ' শব্দের উচ্চারণ করিয়া ভিক্ষাদাতাকে সম্বোধন করিবে। ব্রহ্মচারীর জিতেন্দ্রিয় হইয়া প্রতিদিন প্রাতঃকাল ও সায়ংকালে অগ্নিকার্য্য এবং যথাসময়ে ব্রহ্মযজ্ঞ ও তর্পণ করিতে হয়। অগ্নিকার্য্য-বিহীন ব্রহ্মচারীকে বুধগণ পতিত এবং ব্রহ্মযজ্ঞ-বিহীন ব্রহ্মচারীকে ব্রহ্মঘাতী বলিয়া নির্দ্দেশ করেন। ব্রহ্মচারী— দেবতার্চ্চন ও গুরুসেবায় রত হইবে এবং সংযতচিত্তে প্রতিদিন বিপ্রগণের গৃহ হইতে ভিক্ষা আনয়ন পূর্ব্বক গুরুকে নিবেদন করে তদীয় অনুমতি লইয়া ভিক্ষান্ন ভোজন করিবে, কদাচ প্রত্যহ এক ব্যক্তির অন্ন ভক্ষণ করা বিধেয় নহে। মধু, স্ত্রী, মাংস, লবণ, তাম্বূল, দন্তধাবন, উচ্ছিষ্ট, দিবানিদ্রা, ছত্র, পাদুকা, গন্ধ, মালা, অনুলেপন, জলকেলি, অক্ষক্রীড়া, গীত, বাদ্য, পরিনিন্দা, ক্রোধ, অতিশয় আনন্দ, বিরুদ্ধবাক্য প্রয়োগ, অঞ্জন এবং পাষণ্ড ও শূদ্রের সহ বাস ব্রহ্মচারীর পরিত্যাজ্য। জ্ঞানবৃদ্ধ, তপোবৃদ্ধ ও বয়োবৃদ্ধদিগকে

যথাক্রমে অভিবাদন করিবে। যে গুরু বেদশাস্ত্রোপদেশ দ্বারা আধ্যাত্মিক দুঃখ সকল নিবারণ করেন, অগ্রে তাঁহাকেই অভিবাদন করা কর্ত্তব্য। দ্বিজগণের অভিবাদন কালে 'আমি অমুক' এই বলিয়া অভিবাদন করিতে হয়। ক্ষত্রিয়াদি বর্ণত্রয় কদাচ বিপ্রের অভিবাদনীয় নহে। নাস্তিক, মর্য্যাদাবিহীন, কৃতঘ্ন, গ্রামযাজক, পাতকী, পাষণ্ড, পণ্ডিত, মূর্খ, নক্ষত্রপাঠক, উন্মত্ত, শঠ, ধূর্ত্ত, ধাবমান, অশুচি, সর্ব্বাঙ্গ ও মস্তকে তৈলাভিষিক্ত, জপনিষ্ঠ এবং যে স্নান বা ভোজন করিতেছে, যাহার হস্তে সমিধ্ পুষ্প কিংবা জলপাত্র আছে, যে ব্যক্তি সতত বিবাদশীল, জলমধ্যস্থিত, রমণাসক্ত, ভিক্ষান্নধারী, শয়ান, এবং যে রমণী স্বামিহত্যা কিংবা গর্ভপাত করে, যে রজস্বলা, পরপুরুষে আসক্তা, কৃতঘ্নী, অতি কোপনা কিংবা সূতিকা, এই সকল ব্যক্তিকে অভিবাদন করিতে নাই। সভাস্থল, যজ্ঞাগার কিংবা দেবতায়তন মধ্যে প্রত্যেক ব্যক্তিকে নমস্কার করিলে পূর্ব্বকৃত পুণ্য বিনষ্ট হইয়া থাকে। পুণ্যক্ষেত্রে, পুণ্যতীর্থে এবং স্বাধ্যায় সময়ে এক এক করিয়া, প্রণাম করিলে, পূর্ব্বপুণ্য ক্ষয় প্রাপ্ত হয়। যে ব্যক্তি শ্রাদ্ধ, ব্রত, দান, দেবতার্চ্চন এবং যজ্ঞ বা তর্পণ করিতেছে, তাহাকে অভিবাদন করিবে না। অভিবাদন করিলে, যে প্রত্যভিবাদন না করে, তাহাকে আর অভিবাদন করা উচিত নহে, সে শূদ্রতুল্য। পাদদ্বয় প্রক্ষালনপূর্ব্বক আচমন করিয়া, গুরুর সম্মুখীন হইয়া, উপবেশন করত, তাঁহার পাদগ্রহণান্তে, অধ্যয়ন করিবে। বিপ্রেন্দ্রগণ! অষ্টকা, চতুর্দ্দশী, প্রতিপৎ, অমাবস্যা, পূর্ণিমা, মহাভরণী, শ্রবণদ্বাদশী, প্রেতপক্ষের দ্বিতীয়া, শয়ন ও উত্থান দ্বাদশী, শ্রোত্রিয়ের মৃত্যুদিবস, আষাঢ় কার্ত্তিক ও ফাল্গুন মাসের শুক্ল দ্বিতীয়া, যে দিবস গ্রাম দাহ হয়, মাঘ মাসের শুক্লা সপ্তমী, আশ্বিন মাসের নবমী, যে দিন সূর্য্যমণ্ডল হয়, যে দিন গৃহে শ্রোত্রিয় উপস্থিত হন, যে দিবস ব্রাহ্মণের পূজা, ভয়ঙ্কর কলহ, সন্ধ্যাকালে বা অকালে মেঘগর্জ্জন, উল্কা বা বজ্রপাত ও ব্রাহ্মণ অবমানিত হয় এবং মন্বাদি ও যুগাদি, এই সকল দিবসে যে দ্বিজ সমুদায় কর্ম্ম-ফল-বাসনা করেন, তিনি কখনই অধ্যয়ন করিবেন না। বৈশাখ মাসের শুক্ল-তৃতীয়া, প্রেতপক্ষের ত্রয়োদশী, কার্ত্তিক মাসের শুক্লা নবমী ও মাঘমাসের পূর্ণিমা যুগাদ্যা বলিয়া কথিত আছে, ঐ সময়ে যাহা দান করা যায়, তাহা অক্ষয়-ফল-জনক হইয়া থাকে। এক্ষণে মন্বাদির বিষয় বলিতেছি, সমাধানপূর্ব্বক শ্রবণ করুন। আশ্বিন মাসের শুক্ল-নবমী, কার্ত্তিক মাসের শুক্লদ্বাদশী, চৈত্র ও ভাদ্রমাসের তৃতীয়া, আষাঢ় মাসের শুক্ল-দশমী, মাঘমাসের শুক্লসপ্তমী, শ্রাবণমাসের কৃষ্ণাষ্টমী, আষাঢ়মাসের পূর্ণিমা, ফাল্গুনমাসের অমাবস্যা, পৌষমাসের শুক্লৈকাদশী এবং কার্ত্তিক ফাল্গুন চৈত্র ও জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা মন্বাদি বলিয়া উল্লিখিত হয়, ঐ সকল দিনে দান করিলে, তাহার পুণ্য অক্ষয় হইয়া থাকে। পূর্ব্বোক্ত মন্বাদি ও যুগাদিতে দ্বিজগণের শ্রাদ্ধ করা কর্ত্তব্য এবং শ্রাদ্ধে নিমন্ত্রিত হইলে, কিংবা চন্দ্র-সূর্য্যের গ্রহণ হইলে এবং উত্তরায়ণ ও দক্ষিণায়ন দিবসে দ্বিজগণ অধ্যয়ন করিবেন না।· শবানুগমন, জননাশৌচ, মরণাশৌচ ও ভূমিকম্প হইলে অনধ্যায় প্রশস্ত। আরণ্যক নামক বেদাংশ অধ্যয়নের পরও অন্য শাস্ত্র অধ্যয়ন করা উচিত নহে। যাহারা অনধ্যায় দিবসে অধ্যয়ন করে, স্বয়ং যম তাহাদিগের সন্তান সন্ততি, প্রজ্ঞা, যশঃ, সম্পদ, আয়ুঃ, বল ও স্বাস্থ্য বিনষ্ট করিয়া থাকেন। বিপ্রগণ! যে ব্যক্তি অনধ্যায় দিনে অধ্যয়ন

করে, তাঁহাকে ব্রহ্মঘাতী জানিবেন, তাহার সহিত সম্ভাষণ বা বাস কিছুই করিতে নাই। কোন কোন পণ্ডিত জারজ সন্তানের, কতিপয় মনীষিগণ জড়াদির এবং কেহ কেহ তাহাদিগের পুত্রের উপয়ন ব্যবস্থা করিয়াছেন। যে ব্যক্তি অগ্রে বেদাধ্যয়ন না করিয়া অপরাপর শাস্ত্র অধ্যয়ন করে, সে শূদ্রতুল্য এবং অন্তে নরকগামী হয় জানিবেন এবং সে কোনরূপ সদাচরণের ফল প্রাপ্ত হয় না;—ফল কথা, শূদ্রও যেরূপ, সেও তদ্রূপ। ব্রাহ্মণ বেদাধ্যয়ন না করিলে কি নিত্য, কি নৈমিত্তিক, কি কাম্য এবং কি অন্য বৈদিক কার্য্য তাহার সমস্তই নিষ্ফল। শব্দব্রহ্মময় বিষ্ণু এবং বেদ সাক্ষাৎ হরি বলিয়া কথিত আছে। হে বিপ্রগণ! এজন্য বেদাধ্যায়ীর সর্ব্বাভীষ্ট সিদ্ধ হইয়া থাকে।

ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৩ ॥

চতুর্ব্বিংশ অধ্যায়।

সূত কহিলেন,—বেদাধ্যয়ন পর্য্যন্ত গুরুর শুশ্রূষায় নিরত থাকিবে। পরে তাঁহার অনুমতি লইয়া অগ্নি পরিগ্রহ করিবে। হে দ্বিজগণ! মানবগণ বেদ, বেদাঙ্গ এবং ধর্ম্মশাস্ত্র সকল অধ্যয়ন করিয়া গুরুদক্ষিণা প্রদানপূর্ব্বক গৃহী হইবে। যে কন্যা, সর্ব্বসুলক্ষণযুক্তা, রূপবতী, সদ্‌গুণশালিনী, সুশীলা, ধর্ম্মচারিণী এবং সৎকুলসম্ভূতা, সে যদি মাতৃপক্ষ হইতে পঞ্চমী ও পিতৃপক্ষ হইতে সপ্তমী না হয়, তাহা হইলে, দ্বিজগণ সেই কন্যার পাণিগ্রহণ করিবে; যদাপি উক্ত প্রকার পঞ্চমী ও সপ্তমী কন্যা পরিত্যাগ করা না হয়, তাহা হইলে বিবাহকর্ত্তা গুরুতল্প-গমনের পাতকী হইয়া থাকে। যে কন্যা রোগগ্রস্তা কিংবা রোগগ্রস্ত কুলে উৎপন্না; যাহার চক্ষুঃ-দ্বয় গোলাকার, শরীর অত্যন্ত উন্নত বা খর্ব্ব; যাহার অঙ্গ, অধিক বা ন্যূন; যাহার কেশ অতিরিক্ত বা অত্যল্প; যে বিরূপা, বহুভাষিণী, কোপনস্বভাবা, ক্রূরমতি ও পুরুষাকৃতি; যাহার গুলফ স্থূল, জঙ্ঘা দীর্ঘ ও মুখমণ্ডল শ্মশ্রু-চিহ্নাঙ্কিত; যে বৃথা হাস্য ও সর্ব্বদা পরগৃহে বাস করে; যে বিবাদ ও ভ্রমণে আসক্তচিত্তা, নিষ্ঠুরা এবং বহুভোজিনী; যাহার দন্ত ও ওষ্ঠ স্থূল, কণ্ঠস্বর কর্কশ এবং বর্ণ অতি কৃষ্ণ বা রক্ত; যে সতত রোদনশীলা, পাণ্ডুবর্ণা, কুৎসিতা, শ্বাস কাসাদি সংযুক্তা, নিদ্রালু, অনর্থভাষিণী, লোকের প্রতি দ্বেষকারিণী, পরনিন্দায় নিরতা, চৌর্য্যান্বিতা ও ধূর্ত্তা; যাহার নাসিকা দীর্ঘ, অঙ্গপ্রত্যঙ্গ অধিক পরিমাণে লোমে আবৃত এবং চরিত্র বকের ন্যায়, জ্ঞানী ব্যক্তি কখন এরূপ কন্যাকে বিবাহ করিবে না। শৈশবাবস্থায় চরিত্র সম্যক্‌ না জানিয়া বিবাহের পর যদি গুণহীনা ও প্রগল্‌ভা বলিয়া জানিতে পারে, তবে সর্ব্বথা তাহাকে পরিত্যাগ করা কর্ত্তব্য। যে রমণী স্বামীর পুত্রগণের প্রতি সতত নিষ্ঠুরাচরণ এবং অন্যের আনুকূল্য করে, তাহাকে সর্ব্বতোভাবে পরিত্যাগ করিবে। মুনিসত্তমগণ! বিবাহ অষ্ট প্রকার,—ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস ও পৈশাচ, ইহার মধ্যে পূর্ব্ব পূর্ব্বই শ্রেষ্ঠ। পূর্ব্ব পূর্ব্বের অভাব হইলেই পর পর করিবে।

দ্বিজোত্তমগণ ব্রাহ্ম বা দৈব বিবাহেই কন্যার পাণিগ্রহণ করিবেন। কেহ কেহ ব্রাহ্মণের পক্ষে আর্যবিবাহও বিহিত বলিয়াছেন। প্রাজাপত্য প্রভৃতি পঞ্চপ্রকার বিবাহ গর্হিত, সুতরাং পূর্ব্ব-পূর্ব্বের অভাব হইলেই পর-পর বিবাহ করা জ্ঞানিগণের কর্ত্তব্য। দ্বিজগণ, উত্তরীয় সহ যজ্ঞোপবীতদ্বয়, সুবর্ণময় কুণ্ডল-যুগল, বৈণব দণ্ড, সজল কমণ্ডলু, উষ্ণীষ, নির্ম্মল ছত্র, পাদুকাযুগল এবং সুগন্ধ পুষ্পমালা ধারণ করিবে। সতত পবিত্র থাকিবে, কেশ ও নখ ছেদন করিবে, নিত্য অধ্যয়ন-শীল হইবে, গাত্রে চন্দনাদি লেপন এবং যথাবিহিত কার্য্যের অনুষ্ঠান করিবে। পরান্ন ও পরস্ত্রী বর্জ্জন করিবে, পাদ দ্বারা পাদপীড়ন করিবে না, উচ্ছিষ্ট লঙ্ঘন করিবে না। উভয় হস্তে নিজ মস্তক কণ্ডুয়ন করিবে না। পূজ্য বা দেবালয়ের প্রতিকূল গমন করিবে না। দেবার্চ্চন, আচমন, স্নান, ব্রত ও শ্রাদ্ধকালে মুক্তকেশ হইবে না এবং এক বস্ত্র ধারণ করিবে না। উষ্ট্রযানে আরোহণ করিবে না। বৃথা কলহ পরিত্যাগ করিবে। বিপ্রগণ অশ্বত্থ ও চতুষ্পথের প্রতিকূল গমন করিবে না। খলতা, অসূয়া, মাৎসর্য্য ও দিবানিদ্রা পরিত্যাগ করিবে। পরপাপ ও স্বীয়পুণ্য প্রকাশ করিবে না। নিজ নাম, নিজ নক্ষত্র ও নিজ মান গোপন রাখিবে। দুর্জ্জনের সহ বাস করিবে না। অশাস্ত্রীয় বাক্য শ্রবণে পরাঙ্মুখ হইবে। আহার, অক্ষক্রীড়া এবং গীতাদিতে অভিলাষ করিবে না। মার্গস্থিত,উচ্ছিষ্ট, শূদ্র, পতিত, শব, চিকিৎসক, চিতা, চিতাকাষ্ঠ, যূপ, চণ্ডাল ও দেবল ব্রাহ্মণকে স্পর্শ করিয়া, সবস্ত্র স্নান করিবে। দীপচ্ছায়া, খট্বাচ্ছায়া, তনুচ্ছায়া, কেশ-বস্ত্র, ঘটোদক, ছাগ ও মার্জ্জারের রেণু স্পর্শ করিলে পূর্ব্বপুণ্য বিনষ্ট হয়। শূর্পবায়ু, প্রেতধূম, শূদ্রান্নভোজন এবং যে শূদ্রাকন্যায় উপগত, তাহার সহ বাস দূর হইতে পরিত্যাগ করিবে। অসৎ শাস্ত্রে অভিনিবেশ, নখ-কেশভক্ষণ এবং উলঙ্গ হইয়া শয়ন করিবে না। গো, অশ্ব ও সভার প্রতিকূল গমন করিবে না। মস্তক তৈলাক্ত করিয়া অবশিষ্ট তৈল দ্বারা অঙ্গলেপন, অশুচি হইয়া তাম্বূল গ্রহণ, সুপ্ত ব্যক্তিকে জাগরণ, অপবিত্র থাকিয়া অগ্নি গুরু বা দেবগণের পূজা, বাম হস্ত বা এক হস্তে কিংবা পশ্বাদির ন্যায় বক্ত্র দ্বারা জলপান, গুরুর ছায়া বা আজ্ঞা লঙ্ঘন এবং যোগী ব্রতী কিংবা যতিগণের নিন্দা করা কর্ত্তব্য নহে। হে মুনীশ্বরগণ! পরস্পরের পরিহাস বাক্য প্রকাশ করিবে না। অমাবস্যা ও পূর্ণিমাতে যথাবিধি যাগ করিবে এবং প্রাতঃকাল ও সায়ংকালে দ্বিজাতিগণের যথাবিধি আহুতি দান করা সর্ব্বতোভাবে বিধেয়। যে দ্বিজ তাহা পরিত্যাগ করে, বুধগণ তাহাকে সুরাপায়ীর তুল্য বলিয়া থাকেন। দ্বিজগণ! অয়ন ও বিষুব সংক্রান্তিতে, যুগাদ্যাতে, অমাবস্যা ও প্রেতপক্ষে, মন্বাদি দিবসে, মৃতাহে, অষ্টকাত্রয়ে, চন্দ্রসূর্য্য গ্রহণে, নিখিল পুণ্যক্ষেত্র ও তীর্থস্থানে এবং নবধান্য উৎপন্ন হইলে কিংবা কোন শ্রোত্রিয় গৃহাগত হইলে, গৃহী ব্যক্তি যথাশাস্ত্র শ্রাদ্ধ করিবে। হে বিপ্রেন্দ্রগণ! ঊর্দ্ধপুণ্ড্র না করিয়া যজ্ঞ, দান, তপস্যা, হোম, বেদাধ্যয়ন এবং পিতৃতর্পণাদি যাহা কিছু অনুষ্ঠিত হয়, সকলই বৃথা হইয়া থাকে। কোন কোন মনীষী বলেন, শ্রাদ্ধে ঊর্দ্ধ পুণ্ড্র ও তুলসীর প্রয়োজন নাই, এজন্য, যাহারা নিজ মঙ্গলাভিলাষী, তাহারা এই বিষয়ে বৃদ্ধগণের আচার গ্রহণ করিবে। স্মৃতি শাস্ত্রে ইত্যাদি কর্ম্ম কথিত আছে; এ সকল ধর্ম্ম কার্য্যের অনুষ্ঠান করিলে, সর্ব্ব প্রকার অভীষ্ট ফল সিদ্ধ হইয়া থাকে, এজন্য

দ্বিজাতিগণের সম্যক্‌রূপে উহা পালন করা কর্ত্তব্য। হে দ্বিজোত্তমগণ! যাহারা, ঈদৃশ সদাচার-পরায়ণ, তাহাদিগের প্রতি ভগবান্‌ বিষ্ণু প্রসন্ন হন এবং বিষ্ণু প্রসন্ন হইলে তাহাদিগের অসাধ্য কি থাকে?

চতুর্ব্বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৪ ॥

পঞ্চবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—হে মুনিসত্তমগণ! এক্ষণে গৃহস্থদিগের কর্ত্তব্য বিষয় নির্দ্দেশ করিতেছি, ঐ কর্ত্তব্য সকল পালন করিলে, অখিল পাপরাশি বিনষ্ট হইয়া থাকে। গৃহস্থ, ব্রাহ্মমুহূর্ত্তে গাত্রোত্থানপূর্ব্বক কেশ-কলাপ পরিষ্কার করিয়া, যাহা ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের বিরোধী নহে, এরূপ জীবনোপায় বিষয় চিন্তা করিবে। দিবসে ও সন্ধ্যাত্রয়ে কর্ণে যজ্ঞোপবীত-স্থাপনপূর্ব্বক উত্তরাস্য হইয়া এবং রাত্রিকালে দক্ষিণাস্য হইয়া, মল-মূত্র পরিত্যাগ করিবে। বস্ত্র দ্বারা মস্তক এবং তৃণনিচয়ে ভূমিতল আবৃত করিয়া, করতলে কাষ্ঠখণ্ড বহন করত মৌনাবলম্বনপূর্ব্বক মলত্যাগ করা কর্ত্তব্য। পথে, গোষ্ঠে, নদীতীরে, তড়াগ বা কূপসন্নিকটে, দেবালয়ে, উদ্যানে, কর্ষিত ভূমিতে, চতুষ্পথে, ব্রাহ্মণ গো অশ্বত্থবৃক্ষ এবং স্ত্রীলোকের সমীপে এবং তুষ অঙ্গার নরকপাল ও জল ইত্যাদি স্থানে মল-মূত্র ত্যাগ করিবে না। শৌচ বিষয়ে সর্ব্বদা যত্ন রাখা কর্ত্তব্য, কারণ, শৌচই দ্বিজত্বের মূল। যে ব্যক্তি, শৌচাচার-বিহীন, তাহার নিখিল কর্ম্মই নিষ্ফল হয়। শৌচ দুই প্রকার,—বাহ্য ও আন্তর। মৃত্তিকা ও জল দ্বারা বাহ্য-শুদ্ধি এবং ভাব-শুদ্ধি হইলেই আভ্যন্তর শৌচ সম্পন্ন হইয়া থাকে। মলত্যাগান্তে লিঙ্গ ধারণপূর্ব্বক উত্থিত হইয়া, শৌচার্থ অনুচ্ছিষ্ট স্থান হইতে মৃত্তিকা গ্রহণ করিবে। যাবৎকাল পর্য্যন্ত লেপগন্ধ বিদূরিত না হয়, তাবৎকাল পর্য্যন্ত যত্নপূর্ব্বক শৌচক্রিয়া কর্ত্তব্য। মূষিকাদি কর্ত্তৃক উৎকীর্ণ, কিংবা লাঙ্গলোৎকীর্ণ মৃত্তিকা শৌচার্থ গ্রহণ করিবে না এবং জল মধ্যে অবস্থিত হইয়া, তথা হইতে মৃত্তিকা গ্রহণপূর্ব্বক শৌচক্রিয়া করা নিষিদ্ধ। বাপী কূপ বা তড়াগ মধ্যেও বাহ্য মৃত্তিকা নিক্ষেপ করা কর্ত্তব্য নহে। লিঙ্গে তিন বার বা একবার, বৃষণে দুই বার, মলদ্বারে পাঁচ বার, বামহস্তে দশ বার, যুগপৎ উভয় হস্তে সপ্ত বার এবং প্রত্যেক পাদে তিন তিন বার করিয়া, মৃত্তিকা লেপন করিবে। লেপগন্ধ দূর করিবার জন্য গৃহস্থের এইরূপ মৃত্তিকাশৌচ বিহিত আছে। ব্রহ্মচারীর উহার দ্বিগুণ, বনস্থদিগের ত্রিগুণ ও যতিগণের চতুর্গুণ কর্ত্তব্য। হে মুনিবরগণ! মানবগণের স্ব-গ্রামেই সম্পূর্ণ আচার কর্ত্তব্য, পথিমধ্যে অর্দ্ধেক এবং রোগাবস্থায় বা মহা আপদ্‌কালে কোন নিয়ম নাই, জানিবেন; তৎকালে যেরূপে লেপগন্ধ দূর হয়, যত্নসহকারে সেই প্রকার শৌচ করিবে। স্ত্রীলোক ও অনুপনীত দ্বিজকুমারগণেরও যাহাতে লেপগন্ধ নাশ হয়, সেই প্রকার শৌচ জানিবেন। বিপ্রেন্দ্রগণ! বিধবা ও ব্রতস্থ যাবতীয় ব্যক্তিরই যতির ন্যায় শৌচ করণীয়। দ্বিজগণ, পূর্ব্বোক্ত প্রকার শৌচক্রিয়ান্তে সংযতেন্দ্রিয় ও সম্যক্‌ সমাহিতচিত্ত হইয়া

পূর্বাস্তে কিংবা উত্তরাস্তে উপবেশনপূর্ব্বক আচমন করিবে। গন্ধ বা ফেনাদিশূন্য জল, বারত্রয় বা বার-চতুষ্টয় পান করিয়া, দুই বার কপোল ও তিন বার ওষ্ঠদ্বয় মার্জ্জনপূর্ব্বক ক্রমে তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ দ্বারা নাসারন্ধ্রদ্বয়, অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা যথাক্রমে নেত্র ও কর্ণ-যুগল, কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ দ্বারা নাভিরন্ধ্র, করতল দ্বারা উরঃস্থল, সমস্ত অঙ্গুলীর অগ্রভাগ দ্বারা মস্তক এবং করতল কিংবা অঙ্গুলিনিচয়ের অগ্রভাগ দ্বারা অংসদ্বয় স্পর্শ করিবে। হে বিপ্রেন্দ্রগণ! বিচক্ষণ মানব, এবংবিধ আচমনে অত্যুত্তম শুদ্ধি লাভ করিয়া থাকে। অনন্তর স্নান করিয়া, গাত্রমার্জ্জনপূর্ব্বক তিল-তর্পণ ও সন্ধ্যা-সমাধানান্তে গায়ত্রী উচ্চারণ করত সূর্য্যার্ঘ দান করিবে। প্রাতঃকালে যাবং না সূর্য্য দর্শন হয় এবং সায়ংকালে যাবং না তারকা-নিচয় প্রকাশ পায়, তাবৎকাল গায়ত্রী জপ করা কর্ত্তব্য। মানবগণ, মধ্যাহ্নকালেও সন্ধ্যোপাসনানন্তর পূর্ব্ববৎ সূর্য্যার্ঘ্য প্রদানপূর্ব্বক দণ্ডায়মান বা উপবিষ্ট হইয়া, সম্যক্‌রূপে গায়ত্রী জপ করিবে। হে মুনিবরগণ! গৃহস্থের প্রতিদিন প্রাতঃকালে ও মধ্যাহ্নকালে স্নান এবং কুশাঙ্গুরীয় ধারণপূর্ব্বক ব্রহ্মযজ্ঞ ও বেদ-বিহিত কার্য্য সকল আচরণ করা কর্ত্তব্য। যদি প্রমাদ বশতঃ দিবসে কর্ত্তব্য কর্ম্মের বাধ হয়, তাহা হইলে, রাত্রির প্রথম যামে যথাক্রমে সেই সকল কার্য্য সম্পাদন করিবে। যে দুর্ত্ত মানব, কোনরূপ আপদ্ না থাকিলেও সন্ধ্যা উপাসনায় পরাঙ্মুখ হয়, তাহার কোনরূপ কর্ম্মে অধিকার নাই, তাহাকে পাষণ্ড জানিবেন। যে ব্যক্তি কুটযুক্তিতে পারদর্শী হইয়া, সন্ধ্যাদি কার্য্য পরিত্যাগ করে, সে ঘোর পাপাচারীদিগের অগ্রগণ্য। অধিক কি, যাহারা সন্ধ্যাদিকার্য্য পরিত্যাগ করে, তাহাদিগের সহিত আলাপ পর্য্যন্ত করিলে, যতকাল গগনতলে চন্দ্র ও তারকানিচয় বিরাজমান থাকিবে, তাবৎকাল, আলাপকারী দ্বিজগণকে ঘোর নরকযন্ত্রণা ভোগ করিতে হইবে। গৃহী প্রত্যহ দেবপূজা, যথাবিধি বলিবৈশ্ব এবং মধুরবাক্য প্রয়োগপূর্ব্বক উপস্থিত অতিথিকে গন্ধাদিদানে সম্যক্ অর্চ্চনা করিয়া কন্দ মূল ও অন্ন জল দ্বারা পরিতৃপ্ত করিবে; কারণ অতিথি ভগ্ন-মনোরথ হইয়া যাহার গৃহ হইতে পরাঙ্মুখ হয়, সেই অতিথি তাহার পুণ্য গ্রহণপূর্ব্বক তাহাকে স্বীয় পাপরাশি প্রত্যর্পণ করত গমন করিয়া থাকে। যাহার গোত্র ও নাম অজ্ঞাত, পণ্ডিতগণ তাহাকেই অতিথি বলেন। গৃহী ব্যক্তি তাহাকে বিষ্ণুদেব বোধে সমুচিত সেবা করিবে। পিতৃগণের তৃপ্তির নিমিত্ত প্রতিদিন স্বগ্রামবাসী বিষ্ণুপরায়ণ অনাথ কোন এক শ্রোত্রিয় ব্রাহ্মণকে ভোজ্যাদি দানে অর্চ্চনা করা বিধেয়। পঞ্চযজ্ঞত্যাগীকে বুধগণ ব্রহ্মহা বলিয়া থাকেন, এজন্য সর্ব্ব-প্রযত্নে প্রত্যহ পঞ্চযজ্ঞের অনুষ্ঠান করিবে। দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, পিতৃযজ্ঞ, নৃযজ্ঞ ও ব্রহ্মযজ্ঞ ইহাকেই সাধুগণ পঞ্চযজ্ঞ বলেন। দ্বিজগণ পঞ্চযজ্ঞাদি-কার্য্যাবসানে ভৃত্য ও মিত্রাদির সহিত বাগ্‌যত হইয়া স্বয়ং ভোজন করিবে। অভোজ্য ভোজন ও ভোজনকালে ভোজনপাত্র পরিত্যাগ করা কর্ত্তব্য নহে। আসনোপরি পাদতল স্থাপন বা অর্দ্ধবস্ত্র পরিধান করিয়া কিংবা মুখশব্দ করত যে ব্যক্তি ভোজন করে, বুধগণ তাহাকে সুরাপী বলিয়া থাকেন। যে মানব ভক্ষিত বস্তু পুনরায় ভক্ষণ করে, কিংবা মোদক ও ফলাদিতে প্রত্যক্ষ লবণ ভোজন করে, সে গোমাংসাশী বলিয়া কথিত হয়। বিপ্রগণ! জলাদি পেয়-বস্তুপানে কিংবা আচমনে শব্দ করিলে নরকগামী হইয়া থাকে। প্রতিদিন পথ্য অন্ন

ভোজন করিবে। অন্নদাতাকে ঘৃণা করিবে না। হে বিপ্রেন্দ্রগণ! গৃহস্থ এইরূপে ভোজনের পর আচমনপূর্ব্বক শাস্ত্রচিন্তায় তন্মনাঃ হইবে। গৃহী ব্যক্তি রাত্রিকালেও অতিথি সমাগত হইলে কন্দ মূল ও ফলাদি এবং আসন ও শয্যাদানে তাহাকে যথাশক্তি সৎকার করিবে। হে বুধগণ! গৃহস্থ প্রতিদিন এইরূপ সদাচার-পরায়ণ হইবে। ঈদৃশ সদাচার ত্যাগ করিলে প্রায়শ্চিত্তার্হ হইয়া থাকে। দ্বিজগণ নিজ কেশজাল শুক্লবর্ণ এবং শরীর-মাংস শিথিল দেখিয়া পুত্রের নিকট পত্নীকে রাখিয়া কিংবা পত্নীর সহিত বনে গমন করিবে। বনবাসকালে প্রতিদিন ত্রিসন্ধ্যা স্নান, নখ শ্মশ্রু ধারণ, তৃণশয্যায় শয়ন, পঞ্চযজ্ঞের অনুষ্ঠান এবং ফলমূলমাত্র ভক্ষণ করা কর্ত্তব্য। বানপ্রস্থাশ্রমী ব্যক্তি ব্রহ্মচারী সর্ব্বভূতে দয়াবান্, নারায়ণ-পরায়ণ এবং বেদাধ্যয়নে নিরত হইবে। গ্রাম্য পুষ্প বা ফল পরিত্যাগ করিবে। অষ্টগ্রাসমাত্র ভোজন করিবে এবং রাত্রিতে ভোজন করিবে না। বন্য তৈল দ্বারা অভ্যঙ্গ করিবে। মৈথুন, নিদ্রা, আলস্য, পরনিন্দা এবং মিথ্যাবাক্য পরিত্যাগ করিয়া মনোমধ্যে নিরন্তর শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী ভগবান্ হরিকে চিন্তা করিতে থাকিবে। সর্ব্বদা চান্দ্রায়ণাদি ব্রতাচরণ, শীত-তাপাদিক্লেশসহন এবং অগ্নির পরিচর্য্যা করিবে। যখন সকল বস্তুর * প্রতিই মানসিক বৈরাগ্য উৎপন্ন হয়, বিদ্বান্ মানব, তখনই সন্ন্যাস করিবে, বৈরাগ্য-অভাবে সন্ন্যাস করিলে পতিত হইবে। সন্ন্যাসী, সর্ব্বদা বেদান্তাভ্যাস-রত, শমদমসম্পন্ন জিতেন্দ্রিয়, সুখদুঃখাদি-দ্বন্দ্ববর্জ্জিত, নিরহঙ্কার এবং মমতাবিহীন হইবে। সন্ন্যাসী, শমাদিগুণ-সম্পন্ন ও কামক্রোধবর্জ্জিত হইবে, উলঙ্গ থাকিবে বা জীর্ণ কৌপীন পরিধান করিবে, মুণ্ডিত মুণ্ড হইবে, শত্রু-মিত্র ও মান-অপমানে সমতাজ্ঞান করিবে। একদিনের অধিক গ্রামে থাকিবে না, তিন দিনের অধিক নগরে থাকিবে না, নিত্য ভিক্ষা করিয়া জীবিকা-নির্ব্বাহ করিবে! একান্নাশী হইবে, অর্থাৎ ব্রহ্মচারীরা যেমন পাঁচ বাড়ীর ভিক্ষান্ন সংগ্রহ করিয়া ভোজন করে, সন্ন্যাসী সেরূপ করিবে না; একজনে যাহা ভিক্ষা দিবে, তাহাই ভোজন করিবে। চুল্লীর অঙ্গার পরিস্ফুত ও সমগ্র পরিবারের ভোজন ব্যাপার সমাহিত হইলে অর্থাৎ অপরাহ্নে, সন্ন্যাসী, কলহাদিবর্জ্জিত উত্তম দ্বিজ-নিকেতনে ভিক্ষা করিতে পর্য্যটন করিবে। সন্ন্যাসী ত্রিকালস্নায়ী ও নারায়ণ-পরায়ণ হইবে, সংযতচিত্ত ও জিতেন্দ্রিয় † থাকিবে, নিত্য প্রণব জপ করিবে। যে যতি একান্নাশী নহে বা কদাচিৎ লাম্পট্য করে, বহুশত প্রায়শ্চিত্তেও তাহার নিষ্কৃতি নাই। হে বিপ্রগণ! সন্ন্যাসী যদি লোভযুক্ত, বা দম্ভযুক্ত হয় ত তাহাকে বর্ণাশ্রম-বিগর্হিত চাণ্ডালতুল্য জানিবে। সন্ন্যাসী আত্মাকে নারায়ণ ভাবিবে; আময়, দ্বন্দ্বদোষ, মমতা ও মাৎসর্য্য আত্মাতে নাই ভাবিবে; আত্মাকে শান্ত, মায়াতীত, অব্যয়, পূর্ণ, সচ্চিদানন্দস্বরূপ, সনাতন, নির্গুণ, ও পরম জ্যোতির্ম্ময় মনে করিবে। ভাবিবে, আত্মার বিকার নাই, আদি নাই, অন্ত নাই; আত্মা জগতের চৈতন্যহেতু, গুণাতীত ও সর্ব্বশ্রেষ্ঠ। উপনিষৎপাঠ, বেদার্থচিন্তা এবং

মূলে 'বস্তুষু' পাঠ আছে, 'জন্তুষু' পাঠও আছে

প্রত্যাবশ্যকত্ব-জ্ঞাপনই পুনরুক্তির ফল।

ইন্দ্রিয়জয় পুরঃসর সহস্রশীর্ষা দেবদেবের ধ্যান সন্ন্যাসীর কর্তব্য। যে সন্ন্যাসী মাৎসর্য্যাদি-বিহীন এবং এই প্রকার ধ্যাননিষ্ঠ, তিনি পরমানন্দস্বরূপ সনাতন পরমব্রহ্ম প্রাপ্ত হন। যে দ্বিজ ক্রমে এই আশ্রম-চতুষ্টয়ের ধর্ম্ম পালন করেন, যথায় গমন করিলে শোক হয় না, সেই পরম স্থানে তিনি গমন করেন। বর্ণাশ্রম-ধর্ম্মতৎপর মানবগণ, নারায়ণ-পরায়ণ হইয়া, সর্ব্বপাপ হইতে মুক্তিলাভ করত বিষ্ণুর পরমপদ প্রাপ্ত হন।

পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৫ ॥

ষড়্‌বিংশ অধ্যায়।

সূত বলিলেন,—হে ঋষিগণ! আপনারা সকলে উত্তম শ্রাদ্ধবিধি শ্রবণ করুন। ইহা শ্রবণ করিলে নিখিল পাপ হইতে মুক্তিলাভ হয়, এ বিষয়ে সংশয় নাই। শ্রাদ্ধকর্ত্তা মৃততিথির (শ্রাদ্ধদিনের) পূর্ব্বদিনে স্নান করিয়া একাহারী ও ব্রহ্মচারী হইয়া থাকিবে, পর্য্যাঙ্কে শয়ন করিবে না এবং পাত্রীয় ব্রাহ্মণদিগকে সায়ংকালে * নিমন্ত্রণ করিবে। শ্রাদ্ধকর্ত্তা (শ্রাদ্ধদিনে) দন্তধাবন, তাম্বুল, তৈলমর্দ্দন, অধ্যয়ন এবং পরান্ন পরিত্যাগ করিবে। শ্রাদ্ধকর্ত্তা এবং শ্রাদ্ধপাত্রান্নভোক্তা ব্রাহ্মণ উভয়েই শ্রাদ্ধের পর, সেই দিনে এক ক্রোশের অধিক গমন, কলহ, ক্রোধ, স্ত্রীসঙ্গ এবং দিবানিদ্রা পরিত্যাগ করিবে। যে ব্যক্তি শ্রাদ্ধে নিমন্ত্রিত হইয়া স্ত্রীসঙ্গ করে, তাহার ব্রহ্মহত্যার পাপ এবং নরকপ্রাপ্তি হইয়া থাকে, অর্থাৎ পাত্রীয় ব্রাহ্মণও শ্রাদ্ধের পূর্ব্বদিন সংযত থাকিবে। শ্রোত্রিয়, বিষ্ণুভক্ত, শাস্ত্রোক্ত-প্রকৃত-আচার-নিষ্ঠ, শান্তিগুণভূয়িষ্ঠ, সদ্বংশসম্ভূত ব্রাহ্মণকে শ্রাদ্ধে নিয়োগ করিবে। রাগ-দ্বেষ-বর্জ্জিত, ত্রিমধু বা ত্রিসুপর্ণ বেদজ্ঞ, পুরাণার্থ-বিশারদ, সর্ব্বভূতে দয়ালু, দেবপূজা-রত, স্মৃতিতত্ত্বাভিজ্ঞ, বেদার্থতত্ত্বজ্ঞ, সর্ব্বলোক-হিতকারী, কৃতজ্ঞ, গুণবান্, গুরুসেবারত এবং শাস্ত্রার্থকথন দ্বারা পরোপদেশ-পরায়ণ ব্রাহ্মণেরাই শ্রাদ্ধে নিয়োজয়িতব্য। হে মুনিশ্রেষ্ঠগণ! শ্রাদ্ধে যাহারা বর্জ্জনীয়, তাহাদিগের উল্লেখ করিতেছি, শ্রবণ কর। অঙ্গহীন, অধিকাঙ্গ, প্রায়শ রোগযুক্ত, কুষ্ঠী, কুনখী, লম্পট, ব্রতচ্যুত, নক্ষত্রপাঠজীবী (দৈবজ্ঞবিশেষ), শবদাহজীবী, অপবাদগ্রস্ত, পরিবেত্তা (জ্যেষ্ঠভ্রাতার বিবাহ না হইতে কৃতদার), দেবল, নিন্দক, ক্রোধী, ধূর্ত, গ্রামযাজী, অসৎশাস্ত্রাভ্যাসী, পরান্নভোজী, বৃষলীসন্ততিপোষক, বৃষলীপতি, কুণ্ড, গোলক, অযাজ্যযাজক, দম্ভীর আচার-সম্পন্ন কিন্তু বৃথামুণ্ডিতমুণ্ড, পরদারাসক্ত, পরধন-পরায়ণ, বিষ্ণুভক্তিহীন, শিবভক্তিহীন, বেদবিক্রয়ী, স্মৃতিবিক্রয়ী, ব্রতবিক্রয়ী, মন্ত্রবিক্রয়ী, গায়ক, কাব্যকর্ত্তা, বৈদ্যশাস্ত্রোপজীবী, বেদনিন্দক, ব্রাহ্মণনিন্দক, নিত্যরাজসেবী, কৃতঘ্ন, শঠ, সদা অভিমানী, গ্রামদাহী, অরণ্য-

* মূলোক্ত 'নিশি' পদের অর্থ সায়ংকাল। অথবা নিশিপদের অন্বয় পূর্ব্বের সহিত। অর্থাৎ ব্রহ্মচারী ও ভূমিশায়ী হইয়া রাত্রিযাপন করিবে।

দাহী, অভিকামুক, রসবিক্রয়ী এবং কূটযুক্তি-রত ব্রাহ্মণগণ, শ্রাদ্ধে যত্ন-সহকারে বর্জ্জনীয়। ব্রাহ্মণদিগকে পূর্ব্বদিন নিমন্ত্রণ করিবে অথবা (আগন্তুক শ্রাদ্ধে) সেই দিনেই নিমন্ত্রণ করিবে। ব্রাহ্মণ নিমন্ত্রিত হইলে, ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় হইয়া থাকিবে। হে সত্তমগণ! শ্রাদ্ধে মহুৎসবও কর্ত্তব্য •। হস্তে কুশগ্রহণ করিয়া ও জিতেন্দ্রিয় হইয়া প্রাজ্ঞ ব্রাহ্মণকে নিমন্ত্রণ করিবে (এই সব নিমন্ত্রণ, শ্রাদ্ধে পাত্রীয়-ব্রাহ্মণ হইবার জন্য, এ নিমন্ত্রণ এখন উঠিয়া গিয়াছে)। অনন্তর জ্ঞান-সম্পন্ন শ্রাদ্ধকর্ত্তা, প্রত্যূষে গাত্রোত্থান ও প্রাতঃকৃত্য সমাপন করিয়া কুতপ মুহূর্ত্তে শ্রাদ্ধ করিবে। পঞ্চদশ-ভাগে বিভক্ত দিবসের অষ্টমভাগ, যে সময় হইতে সূর্য্যতেজ ক্রমেই মন্দ হইতে থাকে অর্থাৎ সূর্য্যের চরম উন্নতির সময়ই কুতপ-মুহূর্ত্ত, এই সময়ে পিতৃ-লোককে যাহা দান করা যায়, তাহাই অক্ষয়-ফলজনক। ব্রহ্মা, পিতৃগণকে অপরাহ্ণকাল প্রদান করেন, অতএব ব্রাহ্মণগণ তৎকালেই শ্রাদ্ধ করিবেন। (এই বচন দ্বারা একোদ্দিষ্টের আর একটী কাল নির্দ্দিষ্ট হইল, তাহা নবম মুহূর্ত্ত।) হে মুনিশ্রেষ্ঠগণ! ব্রাহ্মণেরা অসময়ে পিতৃগণের শ্রাদ্ধ করিলে, সেই শ্রাদ্ধ 'রাক্ষস' নামে বিজ্ঞেয় এবং তাহা পিতৃগণের সন্নিহিত হয় না। সায়াহ্নে পিতৃগণের উদ্দেশে যে শ্রাদ্ধ করা যায়, তাহা 'রাক্ষস' নামে অভিহিত হয় এবং সেই শ্রাদ্ধকর্ত্তা ও ভোক্তা উভয়েই নরকগামী হয়। হে বিপ্রগণ! মৃততিথি দুই দিন পাইলে, যে দিন শ্রাদ্ধকাল পাইবে, সেই দিন শ্রাদ্ধ করিবে। মৃততিথি যদি দুই দিনেই শ্রাদ্ধকালে পায় ত, কৃষ্ণপক্ষে পূর্ব্বদিন এবং শুক্লপক্ষে পর দিনে শ্রাদ্ধ করিবে। পূর্ব্বদিনে শেষ বেলায় দুই মুহূর্ত্ত এবং পরদিন সায়ংকাল পর্য্যন্ত তিথি থাকিলে, নিখিলশ্রাদ্ধই পরদিনে কর্ত্তব্য। হে মুনীশ্বরগণ! পূর্ব্বদিনে দুই মুহূর্ত্ত তিথি থাকিলেও সেই দিনে শ্রাদ্ধ হইবে, এ কথা কেহ কেহ বলেন, কিন্তু তাহা সর্ব্বসম্মত নহে। হে দ্বিজশ্রেষ্ঠগণ! নিমন্ত্রিত বিপ্রগণ সমবেত হইলে, প্রায়শ্চিত্ত-পূত শ্রাদ্ধকর্ত্তা তাঁহাদের নিকট অনুজ্ঞা গ্রহণ করিবে। শ্রাদ্ধকার্য্যে অনুজ্ঞা প্রাপ্ত হইয়া, বিশ্ব-দেবতাদিগের জন্য দুই জনকে এবং পিতৃগণের জন্য তিন জন ব্রাহ্মণকে নির্দ্দিষ্ট করিবে। অথবা বিশ্বদেবতা ও পিতৃগণের জন্য এক এক জন ব্রাহ্মণ স্থির করিবে। শ্রাদ্ধে অনুজ্ঞাত শ্রাদ্ধকর্ত্তা, দুইটী মণ্ডল (রেখা বিশেষ) করিবে। ব্রাহ্মণের চতুষ্কোণ মণ্ডল, ক্ষত্রিয়ের এবং বৈশ্যের ত্রিকোণ মণ্ডল হইবে। শূদ্রের মণ্ডল রেখা করিতে হইবে না, জলছিটা দিলেই মণ্ডল করা হইবে। কথিত ব্রাহ্মণের অভাবে, ভ্রাতা, পুত্র, স্বদভাবে আপনাকেও শ্রাদ্ধীয় পাত্র করিবে, কিন্তু বেদবর্জ্জিত ব্রাহ্মণকে পাত্র করিবে না। বিপ্রগণের পাদ প্রক্ষালন করিয়া দিয়া, তাহারা আচমন করিলে নির্দ্দিষ্ট আসনে উপবেশন করাইবে। পরে পরম প্রভু নারায়ণকে যথাবিধি পূজা করিবে। হে সত্তমগণ! ব্রাহ্মণগণের মধ্যস্থলে ও দ্বারদেশে 'অপহতা' ইত্যাদি মন্ত্র পাঠ করত তিলক্ষেপ করিবে। যবযুক্ত কুশময় আসন বিশ্বদেবদিগকে দান করিয়া পিতৃগণকে

• ক্ষণ—উৎসব বা কিঞ্চিৎকাল। প্রথম অর্থের অনুবাদ উপরে দিলাম। শেষ অর্থের অনুবাদ;—শ্রাদ্ধে উত্তম সময় গ্রাহ্য।

আসন প্রদান করিবে, অক্ষয্যদান এবং আসনদানে ষষ্ঠী বিভক্তি, আহ্বানে দ্বিতীয়া বিভক্তি, অন্নদানে চতুর্থী বিভক্তি এবং অবশিষ্ট স্থলে সম্বোধন জানিবে। কুশাগ্রযুক্ত দুইটী পাত্র লইয়া তাহাতে 'শন্নো দেবী:' ইত্যাদি মন্ত্র পাঠ করত জল সেচন করিবে। 'যবোঽসি' ইত্যাদি মন্ত্র পড়িয়া যবক্ষেপ এবং গন্ধপুষ্প প্রদান সেই পাত্রে করিবে। 'বিশ্বেদেবাস:' ইত্যাদি মন্ত্র পড়িয়া বিশ্বদেবতাদিগের আহ্বান করিতে হয়। 'যা দিব্যা:' ইত্যাদি মন্ত্রপূত উক্ত পাত্রস্থ অর্ঘ্য সমাহিতচিত্তে দান করিতে হয়। হে সত্তমগণ! গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বস্ত্র ও অলঙ্কারাদি দ্বারা যথাশক্তি পূজা করা বিধি। এইরূপে পূজিত বিশ্বদেব-স্থলীয় ব্রাহ্মণদ্বয়ের বা ব্রাহ্মণের অনুজ্ঞা পাইয়া পিতৃগণের পূজা করিবে। তিলযুক্ত কুশময় আসন পিতৃগণকে দিবে। তৎপরে শ্রাদ্ধকর্ত্তা কুশাগ্রযুক্ত তিনটী অর্ঘ্যপাত্র লইবে। তারপর 'শন্নো দেবী:' ইত্যাদি মন্ত্র দ্বারা জল এবং 'তিলোঽসি' ইত্যাদি মন্ত্র দ্বারা তিল সেই পাত্রে নিক্ষেপ করিবে (গন্ধ পুষ্পাদিও দিবে)। শ্রাদ্ধকর্ত্তা একাগ্রচিত্ত হইয়া 'উশন্ত:' ইত্যাদি মন্ত্রে পিতৃগণের আবাহন করিবে। 'যা দিব্যা:' ইত্যাদি মন্ত্রপূত অর্ঘ্য পূর্ব্ববৎ প্রদান করিবে। হে সত্তমগণ! অনন্তর গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বস্ত্র এবং অলঙ্কার দ্বারা যথাশক্তি তাঁহাদিগের পূজা করিবে। তৎপরে বিচক্ষণ শ্রাদ্ধকর্ত্তা ঘৃতযুক্ত অন্নগ্রাস লইয়া 'অগ্নৌ করিষ্যে' এই বলিয়া দেবপক্ষীয় এবং পিতৃ-পক্ষীয় ব্রাহ্মণগণের নিকট অনুজ্ঞা গ্রহণ করিবে। 'অগ্নৌ করবৈ' এবং 'অগ্নৌ করবাণি' ইহাও স্থলবিশেষে বলিতে পারে। অনন্তর দেবপক্ষীয় এবং পিতৃপক্ষীয় ব্রাহ্মণেরা 'কুরুষ' এবং স্থলবিশেষে 'ক্রিয়তাং' অথবা 'কুরু' বলিয়া সাদরে অগ্নিকার্য্যে অনুজ্ঞা দিবেন। হে সত্তম দ্বিজগণ! অনন্তর শ্রাদ্ধকর্ত্তা স্বীয় গৃহোক্ত বিধি অনুসারে 'সোমায় পিতৃমতে' 'অগ্নয়ে কব্যবাহনায়' এই দুই পদের পর স্বাহা, নম: অথবা স্বধা যোগ করিয়া পিণ্ড পিতৃযজ্ঞ-(সাগ্নিক কর্ত্তব্য)-রীতিক্রমে অগ্নিতে পূর্ব্বোক্ত অন্ন দ্বারা হোম করিবে। এই দুই আহুতি দ্বারাই পিতৃগণ তৃপ্তিলাভ করেন। অগ্নি অভাবে ব্রাহ্মণের হস্তে এই হোম বিহিত। হে দ্বিজগণ! আচারানুসারে ব্রাহ্মণের হস্তে বা অগ্নিতে হোম করা নিয়ম। যে সাগ্নিক নহে অথবা যাহার ভর্য্যা নিকটে নাই, পার্ব্বণ শ্রাদ্ধকাল উপস্থিত হইলে, সে ব্যক্তি, অগ্নি স্থাপন করিয়া কার্য্য করিবার পর, সেই অগ্নি বিসর্জ্জন দিবে। হে বিপ্রগণ! স্বীয় গৃহোক্ত অগ্নি যাহার দূরে অবস্থিত, পার্ব্বণ শ্রাদ্ধকাল উপস্থিত হইলে, সেই ব্যক্তি সাগ্নিক পুরোহিত দ্বারা শ্রাদ্ধ করাইবে। নিজের অগ্নি দূরস্থিত অথচ পিত্রাদির মৃত তিথি উপস্থিত, এইরূপ স্থলে ভ্রাতৃগণই লৌকিক অগ্নি, ইহাই নিয়ম। ঔপাসন অগ্নি দূরে এবং ভ্রাতা নিকটে থাকিলে অপর অগ্নিতে অথবা অপর ব্রাহ্মণের হস্তে যে ব্যক্তি হোম করে, সে পাতকী অর্থাৎ ভ্রাতাই অগ্নি ইহা বোধ করিয়া তাঁহাতেই হোম করিবে। কোন কোন সত্তমগণের অভিপ্রায় এই যে, ঔপাসন অগ্নি দূরে থাকিলে ব্রাহ্মণের হস্তেই হোম করা বিধি, ইহা কিন্তু সমীচীন নহে। হে দ্বিজসত্তমগণ! এই অগ্নিকার্য্য প্রাচীনাবীতী অর্থাৎ বামোপবীতী হইয়া করিতে হয়। হুতাবশিষ্ট অন্ন হবির্দ্ধারণ করত উভয় পক্ষের ব্রাহ্মণগণের পাত্রে অর্পণ করিবে। ভক্ষ্য ভোজ্য লেহ্য পেয় দ্বারা ব্রাহ্মণগণের পূজা করিবে। একাগ্রচিত্তে দেবপক্ষে ও পিতৃপক্ষে অন্ন প্রদান করিবে।

তখন বলিবে 'হে মহাভাগ মহাবল বিশ্বদেবগণ। আপনারা আগমন করুন। যে শ্রাদ্ধে যাহারা নির্দ্দিষ্ট, সেই ব্রাহ্মণেরা সেই শ্রাদ্ধে মনোযোগী হউন' এই মন্ত্র এবং 'যে দেবাস' ইত্যাদি বৈদিক মন্ত্র দ্বারা দেব-পক্ষে প্রার্থনা করা বিহিত। এইরূপ 'যে চ' ইত্যাদি মন্ত্রদ্বারা পিতৃপক্ষেও প্রার্থনা করা বিহিত। 'মূর্ত্তিহীন এবং মূর্ত্তিযুক্ত ধ্যানপরায়ণ যোগদর্শী দীপ্ততেজা পিতৃগণকে সতত নমস্কার করি।' হে বিষ্ণুভক্তগণ। পিতৃগণের নমস্কার এইরূপে করিয়া সেই কর্ম্মফল বিষ্ণুকে অর্পণ করিবে। অনন্তর ব্রাহ্মণগণ শ্রাদ্ধকর্ত্তার প্রদত্ত অন্ন মৌনী হইয়া ভোজন করিবে। ব্রাহ্মণেরা তখন হাস্য বা রোদন করিবেন না; করিলে, তদুদ্দেশে প্রদত্ত অন্নাদি অতি নিন্দনীয় হইয়া থাকে। আচার অনুসারে মধু এবং মাংসাদিও শ্রাদ্ধে প্রদেয়। ভোক্তা ব্রাহ্মণেরা পাকাদির নিন্দা ও প্রশংসা করিবে না। ভোজন-পাত্র স্পর্শ করিয়া আহার করিবে। সেই শ্রাদ্ধভোক্তা ব্রাহ্মণ যদি ভোজনপাত্র ত্যাগ করে, তাহা হইলে সে শ্রাদ্ধঘাতক এবং নরকগামী হয়। ভোক্তা ব্রাহ্মণগণের মধ্যে পরস্পর সংস্পর্শ হইলেও অন্ন পরিত্যাগ করিবে না, ভোজন করিবে।। পরে প্রায়শ্চিত্তাত্মক অষ্টোত্তর শত গায়ত্রী জপ করিবে। ব্রাহ্মণগণের ভোজন সময়ে শ্রাদ্ধকর্ত্তা অনন্ত অপরাজিত নৃসিংহ-দেবের স্মরণ, রক্ষোঘ্নমন্ত্র বৈষ্ণবমন্ত্র, পুরুষ-সূক্ত, ত্রিনাচিকেত-মন্ত্র, ত্রিমধুমন্ত্র, ত্রিসুপর্ণমন্ত্র পাবমানী-সূক্ত, যথানির্দ্দিষ্ট যজুর্ম্মন্ত্র এবং সামমন্ত্র বিশেষতঃ পৈত্রামন্ত্র পাঠ করিবে। আর ইতিহাস, পুরাণ, ধর্ম্মশাস্ত্র প্রভৃতি ধর্ম্মকথা পাঠ করিবে। ব্রাহ্মণগণের ভোজন যাবৎ পরিসমাপ্তি না হয়, তৎক্ষণ এই সকল মন্ত্রাদি পাঠ করা বিধেয়। ব্রাহ্মণ ভোজনের পর বিকিরনিক্ষেপ, শেষান্নদান, প্রশ্ন এবং মধুসূক্ত জপ কর্ত্তব্য। তৎপরে শ্রাদ্ধকর্ত্তা স্বয়ং পাদপ্রক্ষালন এবং আচমন করিয়া ভোক্তা-ব্রাহ্মণের আচমনের পর পিণ্ডদান করিবে। অক্ষয্যদান এবং গোত্রবর্দ্ধন কামনা করিবার পর একাগ্রচিত্তে স্বস্তিবাচন করিবে। পাত্রচালনের পূর্ব্বে যাহারা স্বস্তিবাচন করে, তাহাদিগের পিতৃগণ এক বৎসর উচ্ছিষ্ট ভক্ষণ করিয়া থাকে। 'দাতারো নো বিবর্দ্ধন্তাম্' ইত্যাদি স্মৃত্যুক্ত মন্ত্র পাঠ করিয়া আশীর্ব্বাদ গ্রহণ করিবে। অনন্তর তাঁহাদিগকে প্রণাম করিবে। যথাশক্তি দক্ষিণা এবং গন্ধযুক্ত তাম্বূল প্রদান করিবে। অনন্তর 'স্বধা' উচ্চারণ করত ন্যুব্জপাত্র উত্থাপন করিবে। পরে 'বাজে বাজে' এই মন্ত্র পাঠ করত পিতৃপক্ষীয় এবং দেবপক্ষীয় ব্রাহ্মণদিগকে বিদায় দিবে।* শ্রাদ্ধভোক্তা এবং শ্রাদ্ধকর্ত্তা উভয়েই সেই রাত্রে নারীসঙ্গ করিবে না, অধ্যয়ন এবং অধ্বগমন যত্ন-সহকারে বর্জ্জনীয়। পথিক, আতুর এবং দারিদ্র্য বশতঃ অসমর্থ ব্যক্তি আমান্ন দ্বারা শ্রাদ্ধ করিবে অথবা হোম করিবে। দ্রব্যের অভাবে এবং ব্রাহ্মণের অভাবে মাত্র অন্নপাক করিবে এবং পৈত্রাসূক্ত পাঠ করত তদ্দ্বারা হোম করিবে। হে বিপ্রগণ। অতি দরিদ্র ব্যক্তি (শ্রাদ্ধের অভাবে) গোগণকে যথাশক্তি তৃণদান করিবে অথবা যথাবিধি স্নান করিয়া তিলতর্পণ করিবে; তাহাতেও অসমর্থ হইলে 'আমি দারিদ্র মহাপাপী' এই বলিয়া বিজন বনে উচ্চৈঃস্বরে রোদন করিবে। যে শ্রাদ্ধকর্ত্তা পরদিন পিতৃ-তর্পণ না করে, তাহার বংশনাশ ও ব্রহ্মহত্যার পাপ হয়। হে মুনিশ্রেষ্ঠগণ!

* শ্রাদ্ধবিধির সুমীমাংসা রঘুনন্দন ভট্টাচার্য্য করিয়াছেন।

যে সকল মনুষ্য শ্রদ্ধা-সহকারে শ্রাদ্ধ করে, তাহার বংশনাশ অথবা কোন প্রকার ভীতি কদাচ হয় না। যাহারা শ্রাদ্ধে পিতৃপূজা করে, বিষ্ণুপূজাই তাহাদের করা হয়; কেননা, সনাতন বিষ্ণুই পিতৃগণ, দেবগণ গন্ধর্ব্বগণ এবং অপ্সরোগণ; তিনিই যক্ষ, সিদ্ধ এবং মনুষ্যগণ, স্থাবর-জঙ্গমাত্মক জগৎ তাঁহা হইতেই উৎপন্ন। অতএব দাতা, ভোক্তা সকলেই সনাতন বিষ্ণু। বিপ্রগণ! যাহা বর্ত্তমান, যাহা অতীত ও ভবিষ্যৎ, যাহা অদৃশ্য, যাহা দৃশ্য, তৎসমস্তই বিষ্ণুময় জানিবে; বিষ্ণু ভিন্ন আর কিছুই নাই। অতুলনীয় স্বভাব সর্ব্বভূতময় হব্যকব্য-ভোজী ভগবান্ অচ্যুতই জগতের আধার। পরম ব্রহ্ম দ-বাচ্য যে একমাত্র জনার্দ্দন সনাতন বিষ্ণু, তিনিই কর্ত্তা এবং কারয়িতা। হে মুনিশ্রেষ্ঠগণ! এই উত্তম শ্রাদ্ধবিধি তোমাদিগের নিকট কীর্ত্তন করিলাম। এইরূপে শ্রাদ্ধ করিলে পাপশান্তি হয়। মুনিশ্রেষ্ঠগণ! যে ব্যক্তি শ্রাদ্ধ সময়ে নিত্য এই প্রকরণ পাঠ করে, তাহার পিতৃগণের সন্তোষ এবং বংশবৃদ্ধি হইয়া থাকে।

ষড়্‌বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৬ ॥

সপ্তবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—যাহা দ্বারা সমস্ত ধর্ম্মের সিদ্ধি হয়, সেই তিথি সমস্তের নির্ণয় ও প্রায়শ্চিত্তের বিধি বলিতেছি, তোমরা শ্রবণ কর। হে দ্বিজগণ! তিথির নির্ণয় না হইলে শ্রুতি-বিহিত এবং স্মৃতিবিহিত ব্রত, দান ও অন্য প্রকার যে সকল বৈদিক কার্য্য আছে, তাহা কিছুই সফল হয় না। উপবাস প্রভৃতি ব্রতে একাদশী, অষ্টমী, ষষ্ঠী, পূর্ণিমা, চতুর্দ্দশী, অমাবস্যা এবং তৃতীয়া এই সমস্ত তিথি পর-তিথির যোগে প্রশস্ত; * পূর্ব্ব-তিথির সহিত সংযুক্ত হইলে গ্রহণ করিবে না। এই সকল তিথি ভিন্ন যে সমস্ত তিথি, তাহা পূর্ব্বতিথির যোগে গ্রহণ করিবে। পঞ্চমীযুক্তা ষষ্ঠী, ষষ্ঠীযুক্তা সপ্তমী এবং একাদশী-যুক্তা দশমীতে কখনই উপবাস করিবে না। যে ব্যক্তি অমাবস্যা, পূর্ণিমা, সপ্তমী এবং মৃততিথিতে পূর্ব্বতিথির যোগে কার্য্য করে, সে নরকে গমন করে। কোন কোন পণ্ডিতেরা বলেন, কৃষ্ণপক্ষের অষ্টমী, চতুর্দ্দশী, তৃতীয়া ও নবমীতিথি, পূর্ব্বতিথির যোগে প্রশস্তা। সকল ব্রতেই শুক্লপক্ষ বিহিত এবং অপরাহ্ণ হইতে পূর্ব্বাহ্ণ অতিশয় শ্রেষ্ঠ জানিবে। যদি ব্রতাদি-বিহিত তিথির পূর্ব্বাহ্ণ অসম্ভব হয়, তাহা হইলে ভগবান্ সূর্য্যের উদয়ের পরে দুই মুহূর্ত্ত গ্রহণ করিবে। নক্তব্রতে সর্ব্বদা প্রদোষ-ব্যাপিনী তিথিকে গ্রহণ করিবে। সূর্য্য যে নক্ষত্রখণ্ডে অস্ত গমন করেন, সেই নক্ষত্রখণ্ডে উপবাস করিবে। যে সমস্ত ব্রত, তিথি এবং নক্ষত্রের সংযোগে বিহিত হইয়াছে, সেই ব্রত, যে দিবস প্রদোষকালে তিথি লাভ হইবে, ঐ দিবসে করিবে; তাহাতে না করিলে বিফল হইবে। হে মুনিশ্রেষ্ঠ! যে তিথি

---

* কোন কোন তিথি পরতিথির যোগে, কোন কোন তিথি পূর্ব্বতিথির যোগে গ্রাহ্য। এই ব্যবস্থা সর্ব্বত্র নহে, ব্রতবিশেষে জানিবে। নক্ষত্রস্থলেও এইরূপ।

অর্দ্ধরাত্রের পূর্ব্বের নক্ষত্রের সহিত মিলিত হইয়াছে, এ তিথি নক্ষত্রবিহিত ব্রতে গ্রহণ করিবে। যদ্যপি উভয় দিনে অর্দ্ধরাত্রে নক্ষত্র লাভ হয়, তাহা হইলে বিহিততিথি-সংযুক্ত নক্ষত্রকে গ্রহণ করিবে। যদি উভয় দিনে অর্দ্ধরাত্রে নক্ষত্র এবং তিথি উভয়ই লাভ হয়, তাহা হইলে কৃষ্ণপক্ষে পূর্ব্বদিন ও শুক্লপক্ষে পরদিনে কার্য্য করিবে। যদ্যপি তিথির হ্রাস কিংবা বৃদ্ধি না হয়, তাহা হইলে পূর্ব্বদিন ও পরদিন উভয়েই ব্রত করিবে। জ্যেষ্ঠানক্ষত্র-যুক্ত মূলা, কৃত্তিকাযুক্ত রোহিণী, অনুরাধাযুক্ত জ্যেষ্ঠানক্ষত্রে কার্য্য করিলে পুত্রাদি নষ্ট হয়। দিবাতে কর্ম্ম করিতে হইলে দিবাতেই অন্য তিথিযোগে কর্ম্ম করিবে। রাত্রিবিহিত ব্রতে রাত্রিতেই অন্যতিথির যোগে কর্ম্ম করিবে—এই বিশেষ। তিথি-নক্ষত্র উভয়ের যোগে যে তিথি পুণ্যজনিকারূপে উক্ত হইয়াছে এবং ঐ তিথিতে যে ব্রত কর্ত্তব্য, তাহা সেই তিথিতেই কর্ত্তব্য। শ্রবণাদ্বাদশীর ব্রতে দিবাপ্রাপ্ত শ্রবণানক্ষত্রযুক্ত দ্বাদশীকে গ্রহণ করিবে। চন্দ্র এবং সূর্য্যের গ্রাস হইতে মুক্তি পর্য্যন্ত যে যে তিথি থাকিবে, জপাদি কার্য্যে তাহাকেই গ্রহণ করিবে। এক্ষণে সমস্ত সংক্রান্তির পুণ্যকাল বলিতেছি। যাহারা ঐ পুণ্যকালে স্নান, দান এবং জপাদি করে, তাহাদিগের অক্ষয়ফল হয়। ঐ সকল সংক্রান্তির মধ্যে কর্কট সংক্রান্তিকে দক্ষিণায়ন সংক্রান্তি বলিয়া জানিবে। পণ্ডিতগণ দিবা কর্কট-সংক্রান্তির পূর্ব্বে ত্রিংশদ্দণ্ডকে পুণ্যকাল বলিয়াছেন। সূর্য্যাস্তের পূর্ব্বে অর্থাৎ দিবাতে বৃষ, বৃশ্চিক, সিংহ এবং কুম্ভ সংক্রান্তি হইলে সংক্রান্তির পূর্ব্বে ও পরে ষোড়শ দণ্ড পুণ্যকাল; ঐ পুণ্যকাল জপাদি কর্ম্মে গ্রহণ করিবে। দিবাতে তুলা কিংবা মেষসংক্রান্তি হইলে পূর্ব্বে ও পরে দশ দণ্ড পুণ্যকাল, ঐ পুণ্যকালে দান করিলে অক্ষয়ফল হয়। হে দ্বিজগণ! দিবাতে কন্যা, মিথুন, মীন অথবা ধনুঃ সংক্রান্তি হইলে সংক্রান্তির পর ষোড়শ দণ্ড পুণ্যকাল। মুনিগণ মকর সংক্রান্তিকে উত্তরায়ণ সংক্রান্তি বলিয়াছেন। ঐ মকর সংক্রান্তি যদ্যপি পূর্ব্বার্দ্ধরাত্রে হয়, তাহা হইলে সেই দিনের শেষার্দ্ধ পুণ্যকাল ও পর রাত্রির মধ্যে হইলে পরদিনের পূর্ব্বার্দ্ধ পুণ্যকাল। সূর্য্যাস্তের পূর্ব্বে অর্থাৎ দিবা বিংশতি দণ্ড সময়ে মকরসংক্রান্তি হইলে, সংক্রান্তির পূর্ব্বে বিংশতিদণ্ড এবং পরে বিংশতিদণ্ড, এই চল্লিশদণ্ড পুণ্যকাল। হে দ্বিজেন্দ্রগণ! সূর্য্য কিংবা চন্দ্র যদ্যপি রাহুগ্রস্ত হইয়া অস্ত গমন করেন, তাহা হইলে পরদিন সূর্য্য ও চন্দ্রকে দর্শন করিয়া ভোজন করিবে। পবিত্র ধর্ম্মলাভেচ্ছু ব্যক্তিগণ অমাবস্যাকে দুই প্রকার বলিয়াছেন,—যাহাতে চন্দ্র দর্শন হয়, তাহার নাম সিনীবালী এবং যাহাতে চন্দ্র দর্শন হয় না, তাহার নাম কুহূ। উভয় দিন অপরাহ্নে অমাবস্যা না থাকিলে, সাগ্নিক দ্বিজগণ শ্রাদ্ধকর্ম্মে সিনীবালীকে গ্রহণ করিবে। শূদ্র, স্ত্রী এবং নিরগ্নিরা কুহূকে গ্রহণ করিবে। যদ্যপি অমাবস্যা উভয়দিনে অপরাহ্নে পায়, তাহা হইলে ক্ষীণাস্থলে পূর্ব্বদিন ও বর্দ্ধমানাস্থলে পরদিনে শ্রাদ্ধ করিবে। যদ্যপি মধ্যাহ্নের পরে অমাবস্যা হয়, তাহা হইলে, শাস্ত্রবিশারদ পণ্ডিতগণ ঐ অমাবস্যাকে ভূতবিদ্ধা বলিয়া নির্দ্দেশ করেন। যে স্থলে তিথির অতিশয় ক্ষয় বশতঃ পরদিনে অপরাহ্ণ প্রাপ্ত না হইয়াছে, সে স্থলে সায়াহ্নব্যাপিনী সিনীবালী তিথিকে গ্রহণ করিবে। যদ্যপি অল্প ক্ষয় হইয়া, মাত্র সায়াহ্নকাল প্রাপ্ত হয়, তাহা হইলেও ঐ শ্রেষ্ঠা সিনীবালী তিথিকে সর্ব্বপ্রকারে শ্রাদ্ধাদি কর্ম্মে গ্রহণ করিবে।

যে স্থলে তিথির অতিশয় বৃদ্ধি হইয়া পরদিন অপরাহ্ন প্রাপ্ত হইয়াছে, সে স্থলে পিতৃ-কার্য্যে ভূতবিদ্ধাকে পরিত্যাগ করিয়া, কুহূকে গ্রহণ করিবে। এইরূপ অল্প বৃদ্ধি হইলেও ভূতবিদ্ধাকে পরিত্যাগ করত পরদিনে অপরাহ্ন-প্রাপ্ত কুহূকে গ্রহণ করিবে। যদ্যপি অমাবস্যা তিথি ত্রিধাবিভক্ত-দিনের উভয়দিনের মধ্যাহ্নের পর মুখ্যাপরাহ্ন প্রাপ্ত হইয়া অস্থিতা হয়, তাহা হইলে সামবেদীরা ইচ্ছানুসারে পূর্ব্বদিনে অথবা পরদিনে শ্রাদ্ধ করিতে পারে। হে প্রধান মুনিগণ! এক্ষণে অগ্ন্যাধান বলিতেছি। ঐ অগ্ন্যাধান অমাবস্যা এবং পূর্ণিমাতে বিহিত; অতএব ঐ উভয় তিথিতে অগ্নিস্থাপন করিয়া, প্রতিপৎ-তিথিতে যাগ করিবে। পণ্ডিতেরা বলিয়াছেন, ঋগ্‌বেদীদিগের প্রাতঃকালে প্রাপ্ত অমাবস্যা ও পূর্ণিমার চতুর্থ ভাগের শেষভাগ্ এবং প্রতিপদের প্রাতঃকালে প্রাপ্ত চতুর্থ ভাগের প্রথম তিন ভাগ যাগের কাল। যে স্থানে শুদ্ধা সম্পূর্ণা একাদশী অথচ দ্বাদশীদিনে একাদশী কিঞ্চিৎকালও নাই এবং ত্রয়োদশীদিনে দ্বাদশীও নাই, সেস্থলে কিরূপ হইবে? গৃহস্থ পূর্ব্বদিন ও যতী পরদিন উপবাস করিবে; কেহ কেহ বলেন, ভক্তিপূর্ব্বক দ্বিতীয় দিনে উপবাস করিবে। যে স্থলে সূর্য্যোদয়বিদ্ধা একাদশী পরদিন দ্বাদশীদিনে কিঞ্চিৎকাল না থাকে, ত্রয়োদশী-দিনে দ্বাদশী থাকে, সে স্থানে কিরূপ হইবে? সে স্থলে সকল ব্যক্তিই শুদ্ধ দ্বাদশীতে উপবাস করিবে; ইহাতে সংশয় নাই। কেহ বলেন, সে স্থলে পূর্ব্বদিন উপবাস করিবে, কিন্তু তাহার মত উত্তম নহে। পুত্রবান্ গৃহস্থ সংক্রান্তি, রবিবার এবং চন্দ্র-সূর্য্যের গ্রহণে পারণ ও উপবাস করিবে না। যে ব্যক্তি রবিবারে দিবাতে, অমাবস্যা পূর্ণিমার রাত্রিতে, চতুর্দ্দশী ও অষ্টমীর দিবাতে এবং একাদশীতে দিবা এবং রাত্রিতে ভোজন করে, তাহাকে চান্দ্রায়ণব্রত করিতে হয়। পণ্ডিত ব্যক্তি সূর্য্যগ্রহণের পূর্ব্বে চারি প্রহর ভোজন করিবে না। যদি ভোজন করে, তাহা হইলে মাংসভোজনের তুল্য হয়। চন্দ্রগ্রহণের পূর্ব্বে তিন প্রহর ভোজন করিবে না, যদি ভোজন করে, তাহা হইলে সুরাপান তুল্য হয়। সূর্য্য এবং চন্দ্র গ্রস্ত হইয়া, যদ্যপি অস্ত গমন করেন, তাহা হইলে পরদিন চন্দ্র এবং সূর্য্যকে দর্শন করত স্নান করিয়া ভোজন করিবে। অগ্ন্যাধান এবং যাগ ইহার মধ্যে যদ্যপি চন্দ্র-সূর্য্যের গ্রহণ হয়, তাহা হইলে, হে মুনিশ্রেষ্ঠ! যজ্ঞশীল ব্যক্তিরা কিপ্রকার প্রায়শ্চিত্ত করিবে? হে দ্বিজগণ! যদ্যপি চন্দ্রগ্রহণ হয়, তাহা হইলে 'দশমে সোম' এই মন্ত্র এবং 'আপ্যায়স্ব' এই মন্ত্র ও 'সোমপাস্ত' এই মন্ত্র দ্বারা হোম করিবে। সূর্য্যগ্রহণ হইলে 'আদিত্যং জাতবেদসং' 'আসাদ্য' এবং 'যোস্ময়ৈব' এই তিন মন্ত্রে হোম করিবে। যে পণ্ডিত ব্যক্তি স্মৃতিপথ অবলম্বনপূর্ব্বক এইরূপে তিথির নিশ্চয় করিয়া ব্রতাদি করে, তাহার অক্ষয় ফল হয়। ধর্ম্ম বেদপ্রণিহিত, ধর্ম্ম দ্বারাই ভগবানের সন্তোষ হয়, অতএব ধর্ম্মপরায়ণ ব্যক্তিরা বিষ্ণুর সেই পরম পদকে প্রাপ্ত হন। যাহারা ধর্ম্ম করিতে ইচ্ছা করে, তাহারা বিষ্ণু-স্বরূপ; অতএব ভবব্যাধি তাহাদিগকে কখনই পীড়া দিতে পারে না।

সপ্তবিংশ অধ্যায় সমাপ্ত। ২৭।

অষ্টাবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—আমি প্রায়শ্চিত্তের বিধি কহিতেছি, তোমরা সাবধান হইয়া শ্রবণ কর। যিনি প্রায়শ্চিত্ত দ্বারা আপনাকে পরিশুদ্ধ করিয়াছেন, তিনি সমস্ত কর্ম্মের ফল লাভ করিতে পারেন। হে দ্বিজগণ! যাহারা প্রায়শ্চিত্ত না করিয়া যে সমস্ত কর্ম্ম করে, তাহারা ক্রিয়ার ফললাভ করিতে পারে না এবং সেই সমস্ত কর্ম্ম বিফল হয়। স্বকীয় ধর্ম্মফললাভেচ্ছু ব্যক্তিগণ কাম-ক্রোধাদি বর্জ্জন পূর্ব্বক সমস্ত শাস্ত্রার্থ অবগত হইয়া ব্রাহ্মণের নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করিবে। যে সমস্ত ব্যক্তি নারায়ণ-পরায়ণ না হইয়া প্রায়শ্চিত্তের অনুষ্ঠান করে, হে দ্বিজশ্রেষ্ঠগণ! তাহারা নদীমধ্যস্থিত সুরাভাণ্ডের ন্যায়, কখনই পরিশুদ্ধ হইতে পারে না। ব্রাহ্মণঘাতী, সুরাপ, সুবর্ণস্তেয়ী এবং গুরুতল্পগ, ইহারা মহাপাতকী; যে ব্যক্তি ঐ মহাপাতকীর সহিত সংসর্গ করে, সে পঞ্চম মহাপাতকী। যে ব্যক্তি এক বৎসর কাল নিরন্তর পতিতের সহিত একত্র ভোজন, উপবেশন এবং শয়ন করে, তাহাকে পতিত ও সমস্ত কার্য্যে অনর্হ বলিয়া জানিবে। যে ব্যক্তি অজ্ঞান পূর্ব্বক ব্রাহ্মণকে বধ করে, সে কৌপীনবস্ত্র ও জটাধারণ করত সেই হত ব্রাহ্মণের কপাল ধারণ করিবে। হে মুনিশ্রেষ্ঠগণ! হত ব্যক্তির কপালের অলাভ হইলে অন্য কপাল এবং হত ব্যক্তির কোন দ্রব্য ধ্বজার দণ্ডে ধারণ করিয়া বনে গমন করিবে ও প্রতিদিন একবার বন্য ফলমূল ভোজন করিবে, ত্রিকালীন স্নান ও সম্যক্রূপে সন্ধ্যার উপাসনা করিবে। সম্যক্রূপে হরিকে স্মরণ করিবে, অধ্যয়ন অধ্যাপনাদি কার্য্য পরিত্যাগ করিবে এবং ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক তাবৎকাল গন্ধ মাল্যাদি পরিত্যাগ করিবে। নানা তীর্থ এবং পবিত্র তীর্থাশ্রমে বাস করিবে। যদ্যপি বনের ফলমূল দ্বারা জীবনরক্ষা না হয়, তাহা হইলে গ্রামে ভিক্ষা করিবে। শরাবপাত্র ধারণ করত বিষ্ণুতৎপর হইয়া দ্বারদেশে গমন পূর্ব্বক 'আমি ব্রহ্মহত্যা করিয়াছি' এই কথা বলিবে। সাত জনের গৃহে ভিক্ষা করিবে। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র এই চারি বর্ণের অথবা ব্রাহ্মণ প্রভৃতি তিন বর্ণের নিকট ভিক্ষা করিবে। এই বস্তু মিষ্ট, এই বস্তু তিক্ত ইহা বিবেচনা না করিয়া একবার ভোজন করিবে। ব্রহ্মহা ব্যক্তি হরিপরায়ণ হইয়া এইরূপে দ্বাদশ বৎসরকাল ব্রত করিলে পাপ হইতে মুক্ত এবং সকল কর্ম্ম করিতে যোগ্য হয়। ব্রতকালের মধ্যে মৃগ কর্ত্তৃক অথবা রোগাদি দ্বারা হত হয়, তাহা হইলে পাপ হইতে মুক্ত হইবে। যদ্যপি গোরুর নিমিত্ত কিংবা ব্রাহ্মণের নিমিত্ত প্রাণ পরিত্যাগ করে অথবা বেদবিৎ ব্রাহ্মণদিগকে অযুত সংখ্যক উত্তম গোরু দান করে, তাহাতেও পাপ হইতে মুক্ত হয়। ব্রহ্মহা ব্যক্তি এই কয় প্রকার প্রায়শ্চিত্তের মধ্যে এক কর্ম্মের অনুষ্ঠান করিলে শুদ্ধ হয়। যে ব্যক্তি দীক্ষিত ক্ষত্রিয়কে বধ করে, সে ব্রহ্মবধ-প্রায়শ্চিত্ত করিবে। অথবা অগ্নিতে প্রবেশ কিংবা উচ্চদেশ হইতে পতিত হইয়া প্রাণত্যাগ করিবে। দীক্ষিত ব্রাহ্মণকে বধ করিলে দ্বিগুণ ব্রত করিতে হইবে। আচার্য্য-প্রভৃতি-বধে চতুর্গুণ ব্রত উক্ত হইয়াছে। ব্রাহ্মণ মাত্রকে হনন করিলে এক বৎসর মাত্র ব্রত করিবে। হে দ্বিজগণ! ব্রাহ্মণের এই প্রায়শ্চিত্ত কথিত হইল। ইহা ক্ষত্রিয়ের দ্বিগুণ, বৈশ্যের ত্রিগুণ জানিবে। পণ্ডিতগণ

বলিয়াছেন, যে শূদ্র ব্রাহ্মণকে বধ করে, তাহাকে মুষল দ্বারা বধ করিবে। শাস্ত্রে ইহাই নিশ্চিত হইয়াছে যে, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্রের মধ্যে ক্ষত্রিয়ই শিক্ষা করিবে। ব্রাহ্মণীবধে অর্দ্ধ এবং কন্যাবধে পাদ প্রায়শ্চিত্ত করিবে। অনুপনীতকে হনন করিলে ঐরূপ পাদ প্রায়শ্চিত্ত। ব্রাহ্মণ, ক্ষত্রিয়কে বধ করিয়া ছয় বৎসর কাল প্রজাপত্য ব্রত করিবে এবং বৈশ্যকে বধ করিলে তিন বৎসর, শূদ্রকে বধ করিলে একবৎসর প্রাজাপত্য ব্রত করিবে। দীক্ষিত ব্রাহ্মণের ব্রাহ্মণী স্ত্রীকে হনন করিলে আট বৎসরকাল ব্রহ্মহত্যাব্রতের অনুষ্ঠান করিয়া নিশ্চয়ই শুদ্ধ হইবে। হে মুনিসত্তমগণ! পণ্ডিতেরা বৃদ্ধ, রোগী, স্ত্রী, এবং বালক ইহাদিগের সকল স্থানেই অর্দ্ধ প্রায়শ্চিত্ত বিধান করিয়াছেন। গৌড়ী, মাধ্বী এবং পৈষ্টী এই তিন প্রকার সুরা জানিবে। হে পণ্ডিতগণ! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এবং স্ত্রী কেহই ঐ সুরা পান করিবে না। হে দ্বিজগণ! যদ্যপি পান করে, তাহা হইলে ক্ষীর, ঘৃত, অথবা গোমূত্র ইহার অন্যতমকে পাক দ্বারা অগ্নিতুল্য করিয়া স্নানের পর সজলবস্ত্রে শুদ্ধভাবে নারায়ণ স্মরণপূর্ব্বক কুড়ব পরিমিত পান করিবে। সাধারণ ধাতুপাত্র, লৌহপাত্র কিংবা তাম্রপাত্র দ্বারা পান করিয়া দেহত্যাগ করিবে। সুরাপ ব্যক্তি এইরূপ করিলে পাপ হইতে মুক্ত হইতে পারে, তাহা না করিলে তাহাদিগের শুদ্ধি নাই। ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্য, অজ্ঞানপূর্ব্বক জলবুদ্ধিতে সুরাপান করিলে, সম্যক্‌রূপে ব্রহ্মহত্যাব্রত আচরণ করিবে, কিন্তু তাহার চিহ্ন ধারণ করিবে না। যদ্যপি রোগনাশের জন্য ঔষধার্থ পান করে, তাহা হইলে তাহার পুনর্ব্বার উপনয়ন এবং দুই চান্দ্রায়ণ বিহিত *। পণ্ডিতগণ সুরাবিমিশ্রিত অন্নভোজন, সুরাভাণ্ডস্থিত জলপান † এতদ্ভিন্ন সুরা দ্বারা আর্দ্র যে কোন বস্তুর ভক্ষণকে সুরাপানের তুল্য বলিয়াছেন। তাল, পানস, দ্রাক্ষ, খার্জ্জুর, মাধূক, শৈল, আরিষ্ট, মৈরেয়, নারিকেলজ, গৌড়ীসুরা এবং মাধ্বীসুরা এই একাদশ প্রকার মদ্য জানিবে। ব্রাহ্মণ এই একাদশ প্রকার মদ্যের মধ্যে কোন মদ্যই কখন পান করিবেন না। যে ব্রাহ্মণ ঐ সমস্ত মদ্যের মধ্যে যে কোন মদ্য অজ্ঞান পূর্ব্বক পান করে, তাহার পুনর্ব্বার উপনয়ন এবং তপ্তকৃচ্ছ্রব্রত করিতে হইবে ‡। সমক্ষে হউক বা পরোক্ষে হউক, বলপূর্ব্বক হউক অথবা চৌর্য্য দ্বারা হউক, পণ্ডিতগণ পরদ্রব্যের অপহরণকে স্তেয় বলিয়াছেন। হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি মনুপ্রভৃতি-মুনিগণপরিভাবিত এবং প্রায়শ্চিত্ত কথনের কারণ সুবর্ণের পরিমাণ বলিতেছি, তোমরা শ্রবণ কর। পণ্ডিতগণ! গবাক্ষ দ্বারা সমাগত সূর্য্যকিরণের মধ্যে যে রজ দেখা যায়; তাহাকে ত্রসরেণু বলিয়াছেন। আট ত্রসরেণুর নাম নিক, তিন নিক্ষে এক রাজসর্ষপ, তিন রাজসর্ষপে এক গৌরসর্ষপ, ছয় গৌরসর্ষপে এক যব। তিন যবে এক কৃষ্ণল, পাঁচ কৃষ্ণলে এক

---

* রোগী ব্রাহ্মণের সুরাপান দ্বারা আপনের রোগের শান্তির নিমিত্ত জ্ঞানপূর্ব্বক পৈষ্টীসুরাপানে উপনয়ন সংস্কারের সহিত চান্দ্রায়ণদ্বয় বিহিত।

† সুরাভাণ্ডস্থিত জলপান সুরাপানতুল্য; ইহা বারংবার পানস্থলে।

‡ রোগী ব্রাহ্মণের রোগশান্তির নিমিত্ত অজ্ঞানপূর্ব্বক গৌড়ী সুরাপানে পুনর্ব্বার উপনয়ন এবং তপ্তকৃচ্ছ্রব্রত বিহিত।

মাষা। পণ্ডিতেরা ষোলমাষা পরিমিত কাঞ্চনকে সুবর্ণ বলিয়াছেন। যে ব্যক্তি অজ্ঞান-পূর্ব্বক ব্রাহ্মণের সুবর্ণ হরণ করে, সে দ্বাদশ বৎসর কাল কপাল এবং ধ্বজাধারণ ব্যতিরেকে পূর্ব্বের ন্যায় ব্রহ্মহত্যা-ব্রতের অনুষ্ঠান করিবে। গুরু, যজ্ঞকারী, ধার্ম্মিক এবং শ্রোত্রিয় দ্বিজগণের সুবর্ণ হরণ করিলে, কি প্রায়শ্চিত্ত হইবে? যে ব্যক্তি সুবর্ণচৌর্য্য দ্বারা পাপ করিয়াছে, সে অনুতাপপূর্ব্বক ঘৃত দ্বারা আপনার সমস্ত দেহকে লেপন করাইবে। পরে গোময় দ্বারা ঐ দেহকে আচ্ছাদন করিয়া দগ্ধ করিবে, তাহা হইলে স্তেয়ের পাপ হইতে মুক্ত হইবে। ক্ষত্রিয়, ব্রাহ্মণের সুবর্ণ অপহরণ করিলে অশ্বমেধ-যজ্ঞ দ্বারা শুদ্ধ হইবে। অথবা আত্মতুল্য সুবর্ণ কিংবা তিন শত গোরু দান করিলে শুদ্ধ হইবে। যে ব্যক্তি ব্রাহ্মণের সুবর্ণ হরণ করত পরে অনুতপ্ত হইয়া পুনর্ব্বার সেই ব্রাহ্মণকে অর্পণ করে, তাহার কি প্রায়শ্চিত্ত বিহিত? হে ব্রহ্মন্! সে স্থলে দ্বাদশ দিন উপবাস স্বরূপ সান্তপনব্রত করিলে পাপ হইতে মুক্ত হইবে, তাহা না করিলে পতিত হইবে। সুবর্ণসদৃশ মূল্যবান্ রত্ন, আসন, মনুষ্য, স্ত্রী, ভূমি এবং ধেনু প্রভৃতির অপহরণ করিলে অর্দ্ধ প্রায়শ্চিত্ত। হে পরমসাধুগণ। যে ব্যক্তি ত্রসরেণু-পরিমিত কাঞ্চন অপহরণ করে, সে সাবধানপূর্ব্বক দুই বার প্রাণায়াম করিবে, তাহা দ্বারা তাহার শুদ্ধি হইবে। নিষ্কপ্রমাণ হেম হরণ করিলে তিন বার প্রাণায়াম, রাজসর্ষপ-প্রমাণ হরণ করিলে চারি বার প্রাণায়াম করিবে। হে পণ্ডিতগণ। গৌরসর্ষপ-প্রমাণ কাঞ্চন হরণ করিলে যথাবিধি স্নানের পর অষ্টোত্তর সহস্র গায়ত্রী জপ করিবে। হে দ্বিজগণ! যবপরিমিত সুবর্ণ অপহরণ করিয়া আপনার শুদ্ধির নিমিত্ত প্রাতঃকাল হইতে সায়ংকাল পর্য্যন্ত বেদমাতা গায়ত্রীর জপ করিবে। কৃষ্ণলপ্রমাণ স্বর্ণের অপহরণে সান্তপনব্রতের আচরণ করিবে। মাষপরিমিত স্বর্ণের অপহরণে যে প্রায়শ্চিত্ত, তাহা বলিতেছি। তিন মাস কাল দেবতা পূজায় রত এবং নারায়ণ-পরায়ণ হইয়া গোমূত্র দ্বারা পক্ব যব ভোজন করিলে পাপ হইতে মুক্ত হইবে। হে মুনিবরপ্রধান! সুবর্ণের কিঞ্চিৎ ন্যূন হরণ করিলে এক বৎসর গোমূত্রপক্ব যব ভোজন দ্বারা শুদ্ধ হইবে। হে শ্রেষ্ঠ মুনিগণ! সম্পূর্ণ সুবর্ণ হরণ করিয়া সাবধানপূর্ব্বক দ্বাদশ বৎসর ব্রহ্মহত্যাব্রত করিবে। সুবর্ণ পরিমাণের ন্যূন রজতের অপহরণে সান্তপন-ব্রত করিবে, তাহা না করিলে পাপী হইবে। হে দ্বিজগণ! পণ্ডিত ব্যক্তি দুই হইতে দশ নিষ্ক পর্য্যন্ত রজত অপহরণ করিলে চান্দ্রায়ণ ব্রত করিবে। দশ হইতে এক শত নিষ্ক পর্য্যন্ত রজতের অপহরণে ঐ পাপের নাশক দুইটী চান্দ্রায়ণ করিবে। একশত হইতে সহস্র পর্য্যন্ত তিন চান্দ্রায়ণ এবং সহস্রের অতিরিক্ত অপহরণ করিলে, ব্রহ্মহত্যাব্রত করিবে। সহস্রনিষ্কপরিমিত উত্তম কাংস্য কিংবা উত্তম পিত্তল এবং অয়স্কান্তমণির অপহরণ করিলে, পরাকব্রত করিবে। রত্নপ্রভৃতির অপহরণে রজতস্তেয়ের ন্যায় প্রায়শ্চিত্ত জানিবে। এক্ষণে গুরুতল্পগামী ব্যক্তিদিগের প্রায়শ্চিত্ত বলিতেছি। যে ব্যক্তি অজ্ঞান পূর্ব্বক আপনার মাতা কিংবা বিমাতাতে উপগত হয়, সে আপনিই আপনার মুষ্কদ্বয় ছেদন করিবে। পরে আপনার পাপ প্রকাশপূর্ব্বক হস্ত দ্বারা মুষ্ক গ্রহণ করিয়া নৈঋতদিকে গমন করিবে। কোন ব্যক্তিই ঐ গমনশীল পথিককে নিবারণ করিবে না। যে ব্যক্তি এইরূপে পশ্চাতাগ দর্শন না করিয়া প্রাণান্ত পর্য্যন্ত গমন করে অথবা পাপ

প্রকাশ করিয়া উচ্চদেশ হইতে পতিত হয়, সেই ব্যক্তিই পাপ হইতে মুক্ত হয়। অজ্ঞান পূর্ব্বক সবর্ণা * এবং উত্তমবর্ণা স্ত্রী গমন করিলে দ্বাদশ বৎসর সাবধানে ব্রহ্মহত্যাব্রত করিবে। হে দ্বিজোত্তমগণ! যাহারা অজ্ঞানপূর্ব্বক পুনঃপুনর্ব্বার সবর্ণা কিংবা উত্তমবর্ণা স্ত্রীগমন করে, তাহারা শুকগোময়বহ্নি দ্বারা আপনাকে দগ্ধ করিলে পাপ হইতে মুক্ত হয়। যদ্যপি মাতাতে রেতঃসেকের পূর্ব্বে নিবৃত্ত হয়, তাহা হইলে ব্রহ্মহত্যাব্রত করিবে। রেতঃসেক হইলে আপনাকে অগ্নি দ্বারা দগ্ধ করিবে। সবর্ণা কিংবা উত্তমবর্ণাতে বীর্য্যক্ষেপের পূর্ব্বে নিবৃত্ত হইলে সে স্থলে ষড়ব্দব্যাপক প্রাজাপত্যস্বরূপ ব্রহ্মহত্যাব্রত করিবে। হে মুনে! ব্রাহ্মণ একবার পিতার ক্ষত্রিয়া ভার্য্যা গমনে বিকৃতৎপন্ন হইয়া নয় বৎসর ব্রহ্মহত্যাব্রত করিবে। পিতার বৈশ্যাপত্নী গমন করিলে ছয় বৎসর প্রাজাপত্য ব্রত করিবে এবং পিতার শূদ্রাভার্য্যাগমনে তিন বৎসর ব্রত করিবে। যদ্যপি জ্ঞানপূর্ব্বক মাতৃস্বসা, পিতৃস্বসা, আচার্য্যপত্নী, মাতুলানী, কন্যা এবং শ্বশ্রূ গমন করে, তাহা হইলে তাহার যে ফল, তাহা বলিতেছি শ্রবণ কর †। দুই দিনমাত্র গমন করিলে যথাবিধি ব্রহ্মহত্যাব্রত করিবে। একবার রেতঃসেক কিংবা বহুবার গমন করিলে, তিন বৎসর ব্রহ্মহত্যাব্রত করিবে। একবার গমন করিলে এক বৎসর ব্রহ্মহত্যাব্রত দ্বারা পাপ হইতে মুক্ত হইবে। দুই দিন গমনে অগ্নি দ্বারা শরীরকে দগ্ধ করিলে শুদ্ধ হইবে; তাহা না করিলে শুদ্ধ হইবে না। হে সাধুশ্রেষ্ঠ মুনিগণ! যে ব্যক্তি জ্ঞানপূর্ব্বক চণ্ডালপত্নী, পুক্কশী, পুত্রবধূ, ভগিনী, বান্ধবপত্নী এবং শিষ্যের পত্নীতে উপগত হয়, সে ছয় বৎসর ব্রহ্মহত্যাব্রত করিবে। যে ব্যক্তি অজ্ঞানপূর্ব্বক ঐ সকল গমন করে, সে তিন বৎসর ব্রত করিবে। এক্ষণে আমি মহাপাতকীর সংসর্গে যে প্রায়শ্চিত্ত তাহা বলিতেছি। যে ব্যক্তি প্রায়শ্চিত্ত দ্বারা আপনাকে পরিশুদ্ধ করিয়াছে, সে সমস্ত কর্ম্মের ফললাভে সক্ষম হয়। যে ব্রহ্মহা প্রভৃতি চারিজনের মধ্যে যাহার সহিত সংসর্গ করে, সে তাহারই প্রায়শ্চিত্ত করিবে। তাহা দ্বারাই ঐ সংসর্গীর পাপ নাশ হইবে, তাহাতে সংশয় নাই। যিনি ব্রহ্মহার সহিত সংসর্গ করেন, তিনি ব্রহ্মহত্যার; যিনি সুরাপের সহিত সংসর্গ করেন, তিনি সুরাপান-প্রায়শ্চিত্ত; যিনি সুবর্ণস্তেয়ীর সহিত সংসর্গ করেন তিনি সুবর্ণহরণের এবং যিনি গুরুতল্পগের সহিত সংসর্গ করেন, তিনি গুরুতল্প-গমনের প্রায়শ্চিত্ত করিবেন। যে ব্যক্তি অজ্ঞান পূর্ব্বক পাঁচদিন মহাপাতকীর সহিত সংসর্গ করে, সে প্রাজাপত্যব্রত করিবে, তাহা না করিলে পাপী হইবে। দ্বাদশদিন সংসর্গ করিলে মহাসান্তপনব্রত, পঞ্চদশদিন সংসর্গে দশদিন উপবাস, একমাস সংসর্গে পরাকব্রত, দুই মাস সংসর্গে চান্দ্রায়ণ বিহিত। ছয় মাস সংসর্গ করিয়া তিন চান্দ্রায়ণ করিবে। কিঞ্চিৎ ন্যূন এক

* অজ্ঞানপূর্ব্বক সবর্ণাগমনে ব্রহ্মহত্যাব্রত—অভ্যাসস্থলে।

† এই সমস্ত স্বল্প অতিস্বল্প প্রায়শ্চিত্ত—কোনস্থলে অজ্ঞানপূর্ব্বক আরোহণমাত্রে, কোন স্থলে সম্বন্ধের দূরতা, কোনস্থলে সকৃৎ, কোনস্থলে অভ্যাস, কোনস্থলে বা ব্যভিচারিণী স্ত্রী গমন এইরূপ বিষয়ভেদ জানিবে।

বৎসর সংসর্গে ষণ্মাস ব্রত করিবে। পণ্ডিতেরা জ্ঞান পূর্ব্বক সংসর্গে যথাক্রমে ইহারই দুই গুণ, তিন গুণ বলিয়াছেন। হে ব্রাহ্মণগণ! মণ্ডুক, নকুল, কাক, বরাহ, মূষিক, মার্জ্জার, ছাগ, মেষ, কুক্কুর এবং কুক্কুটদিগকে বধ করিয়া প্রাজাপত্যের অর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে। যে ব্যক্তি অশ্বহনন করে, সে তিন প্রাজাপত্য করিবে। হস্তীকে বধ করিলে তপ্তকৃচ্ছ্রব্রত করিবে এবং গোবধ করিলে পরাকব্রত করিবে। এই পরাকব্রত অজ্ঞানপূর্ব্বক বৈশ্বস্বামিক গোবধে জানিবে। পণ্ডিতগণ জ্ঞানপূর্ব্বক গোবধস্থলে কোনরূপ শুদ্ধি বলেন না; ইহার তাৎপর্য্য, যে ব্যক্তি জ্ঞান পূর্ব্বক বারংবার সাঙ্গবেদজ্ঞ সাগ্নিক ব্রাহ্মণের বহুতর গোবধ করে, তাহার মরণ ভিন্ন অন্য প্রায়শ্চিত্ত নাই। যে ব্যক্তি যান, শয্যা, আসন, পুষ্প, মূল, ফল, ভক্ষ্য এবং ভোজ্যের অপহরণ করে, তাহার পঞ্চগব্য পান রূপ প্রায়শ্চিত্ত। শুষ্ক কাষ্ঠ, তৃণ, বৃক্ষ, গুড়, চর্ম্ম, কর্ম্মকারের যন্ত্র এবং আমিষের অপহরণে ত্রিরাত্র উপবাস; অভ্যাস অনভ্যাস, জ্ঞানকৃত অজ্ঞানকৃত প্রভৃতি ভিন্ন ভিন্ন স্থলে জানিবে। টিট্টিভ (পক্ষী বিশেষ), চক্রবাক, হংস, কারণ্ডব, উলুক, সারস, কপোত, জালপাদ, কুক্কুট, বলাক, শিশুমার (শুশুক), কচ্ছপ, ইহার অন্যতমকে বধ করিলে দ্বাদশ দিন উপবাস করিবে। এই দ্বাদশ দিন উপবাস জ্ঞাতকৃত এবং পুনঃপুনর্ব্বার বিষয়ে। রেতঃ, বিষ্ঠা এবং মূত্রের ভোজনে প্রাজাপত্যব্রত করিবে। শূদ্রের উচ্ছিষ্ট ভোজনে তিন চান্দ্রায়ণব্রত বিহিত। এই প্রায়শ্চিত্ত অভ্যাসস্থলে জানিবে। রজস্বলা, চাণ্ডাল, মহাপাতকী, সূতিকা পতিত এবং উচ্ছিষ্ট-রজক প্রভৃতিকে উচ্ছিষ্ট হইয়া স্পর্শ করিলে সবস্ত্র স্নান এবং ঘৃত ভোজন দ্বারা শুদ্ধ হইয়া অষ্টোত্তর শত গায়ত্রী জপ করিবে। ইহাদিগের অন্যতমকে স্পর্শ করিয়া যদ্যপি অজ্ঞান বশতঃ ভোজন করে, তাহা হইলে তিন দিন পঞ্চগব্য পান করত উপবাস করিবে। হে দ্বিজগণ! দান, স্নান, জপ, ভোজন এবং যজ্ঞ ইহাদিগের মধ্যে যদি চাণ্ডালাদির শব্দ শ্রবণ করে, তাহা হইলে কিরূপ করিবে? হে পণ্ডিতগণ! ভোজন কালে চাণ্ডালাদির শব্দ শ্রবণে অন্ন বমন পূর্ব্বক স্নান করিয়া উপবাস করিবে এবং দ্বিতীয় দিনে ঘৃত ভোজন করিয়া শুদ্ধ হইবে। হে মুনিসত্তমগণ! যদ্যপি ব্রতাদির মধ্যে চণ্ডালাদির শব্দ শ্রবণ করে, তাহা হইলে অষ্টোত্তর সহস্র গায়ত্রী জপ করিবে। হে পরম সাধুগণ! দ্বিজ এবং দেবতাদিগের নিন্দা অপেক্ষা অতিরিক্ত আর পাপ নাই, এই পাপই সকল পাপ হইতে অধিক; যাহারা এই কার্য্য করে, তাহাদিগের সমস্ত শাস্ত্রেই প্রায়শ্চিত্ত দৃষ্ট হয় না। পণ্ডিত গণ, মহাপাতকের তুল্য যে সমস্ত পাপ বলিয়াছেন, ঐ সমস্ত পাপের এইরূপে যথাবিধি প্রায়শ্চিত্ত করিবে। যে ব্যক্তি নারায়ণ-পরায়ণ হইয়া প্রায়শ্চিত্ত করে, তাহারই সমস্ত পাপ নষ্ট হয়, তাহা না হইলে পাপনাশ হয় না। যে ব্যক্তি রাগদ্বেষাদিশূন্য পাপ কার্য্য করিয়া অনুতাপ করে, যে ব্যক্তি সকল প্রাণীর প্রতি দয়াবান্ এবং বিষ্ণুপরায়ণ; সে মহাপাতকযুক্ত হউক অথবা সমস্ত পাপ যুক্ত হউক, তৎক্ষণাৎ সকল পাপ হইতে মুক্ত হয়; যেহেতু বিষ্ণুই পরম তপস্যা। ভগবান্ সনাতন বিষ্ণুর স্মরণ, পূজন, ধ্যান কিংবা প্রণাম করিলে, তিনি পাপ সকল বিনষ্ট করেন। যদি কেহ পরম্পরায় কিংবা মোহপ্রযুক্ত হইয়াও হরিপূজা করে, তথাপি সে সর্ব্বপাপ হইতে বিমুক্ত হইয়া পরম পদ প্রাপ্ত হয়। একবার মাত্র বিষ্ণুস্মরণ করিলেই সমুদয় ক্লেশ বিনষ্ট হয়;

স্বর্গাদি ভোগ-বাসনা কেবল নিত্যসুখের বিঘ্নমাত্র। হে মুনিশ্রেষ্ঠগণ! যাঁহারা দুর্লভ মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়াছেন, তাঁহাদের মধ্যে হরিভক্তি সকলের পক্ষে সুলভ নহে; অতএব ক্ষণপ্রভার ন্যায় ক্ষণভঙ্গুর মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়া ভক্তিপূর্ব্বক হরিপূজা করাই ভববন্ধন-মোচনের প্রধান উপায়। ভগবান্ জনার্দ্দনের পূজা করিলে, সমুদয় বিঘ্ন বিনষ্ট হয়, চিত্তের বিশুদ্ধতা জন্মে এবং পরম মোক্ষপদ লাভ হয়। ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষ, এই চতুর্ব্বিধ পুরুষার্থই হরিপূজা-পরায়ণ ব্যক্তিগণের সিদ্ধ হয়; এ বিষয়ে কোন সংশয় নাই। এই মহাঘোর সংসারে, সকলেই মোহনিদ্রাভিভূত; তন্মধ্যে যাঁহারা হরির শরণ গ্রহণ করেন, তাঁহারাই কৃতার্থ হন। রে মনুষ্যগণ! এই সামান্য মানুষী বৃত্তি লাভ করিয়া পুত্র দারা গৃহ ক্ষেত্র ধন ধান্য প্রভৃতি দ্বারা মুগ্ধ হইয়া বৃথা দর্প করিও না। কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, পরাপবাদ, নিন্দা প্রভৃতি পরিত্যাগ করিয়া ভক্তিপূর্ব্বক হরিপূজা কর। সকল ব্যাপার পরিত্যাগ করিয়া জনার্দ্দনের পূজা কর; ঐ দেখ! কৃতান্তনগর নিকটেই দেখা যাইতেছে। যতক্ষণ মৃত্যু উপস্থিত না হয়, যে পর্য্যন্ত জরা আসিয়া শরীর আক্রমণ না করে, যে পর্য্যন্ত ইন্দ্রিয়গণ বিকল না হয়, তন্মধ্যেই হরির অর্চ্চনা করিবে। বুদ্ধিমান্ ব্যক্তি, এই অনিত্য শরীরে বিশ্বাস করেন না; কেননা, মৃত্যু নিত্যই সন্নিহিত এবং সম্পদ অত্যন্ত চঞ্চল। মৃত্যু যখন এই নশ্বর দেহের আসন্নপ্রায়, তখন দর্প করা উচিত নহে। যাহাদের সংযোগ আছে, তাহাদেরই বিচ্ছেদ অপরিহার্য্য; জগতে সমস্তই ক্ষণভঙ্গুর, ইহা বিবেচনা করিয়া সকলে জনার্দ্দনের পূজা করুন; তাহা হইলেই অতি দুর্লভ সেই মোক্ষপদ প্রাপ্ত হইবেন। কোন ব্যক্তি মহাপাতকযুক্ত হইলেও যদি ভক্তিপূর্ব্বক বিষ্ণুর পূজা করে; তাহা হইলে সে সর্ব্ব পাপ হইতে মুক্তিলাভ করিয়া পরম স্থান প্রাপ্ত হয়। কেবল ভগবান্ নারায়ণের অর্চ্চনা করিলে, যে ফল লাভ হয়; সমুদয় তীর্থ-পর্য্যটন, সমুদয় যজ্ঞানুষ্ঠান এবং সাঙ্গবেদাধ্যয়নাদি দ্বারা তাহার ষোড়শাংশের একাংশও লাভ হইতে পারে না। কি বেদ, কি শাস্ত্র, কি তীর্থাভিষেক, কি তপস্যা, কি যজ্ঞাদি,—যাহাদের বিষ্ণুভক্তি নাই, কিছুতেই তাহাদের ফল লাভ হইতে পারে না। সূত কহিলেন,—হে দ্বিজগণ! মহাত্মা নারদ, সনৎকুমারের নিকট প্রায়শ্চিত্ত সকল এইরূপে সংক্ষেপে বলিয়াছিলেন। ভগবান্ বিষ্ণু, অনন্তমূর্ত্তি, নিরীহ এবং ওঙ্কারস্বরূপ; তিনি বেদান্তবেদ্য এবং ভবরোগের বৈদ্যস্বরূপ; যাঁহারা তাঁহার অর্চ্চনা করেন, তাঁহারা অক্ষয় ব্রহ্মপদ প্রাপ্ত হন। পরমেশ্বর অনাদি, সর্ব্বাত্মা এবং অনন্তশক্তিসম্পন্ন; সর্ব্ব জগতের আধার, জ্যোতিঃস্বরূপ, অচ্যুতাখ্য এই নারায়ণের পূজা করিলে পবিত্র পরম পদ লাভ হয়।

অষ্টাবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৮ ॥

একোনত্রিংশ অধ্যায়

ঋষিগণ কহিলেন,—আপনি বর্ণাশ্রমবিধি সম্যক্ বর্ণন করিলেন; এক্ষণে সুদুর্গ যমমার্গ কিরূপ, তাহা শ্রবণ করিতে ইচ্ছা হইতেছে। এই সংসারের দুঃখাগ্নি, তাহা বিনাশোপায় এবং ঐহিক নরক প্রভৃতি যথাক্রমে বর্ণন করুন। সূত কহিলেন,—হে বিপ্রগণ! শ্রবণ করুন, সুদুর্গম যমমার্গের বিষয় বলিতেছি। ইহা পুণ্যশীল লোকের নিকট সুখকর, কিন্তু পাপিগণের পক্ষে অতি ভয়ঙ্কর। এই পথ ষড়শীতি-সহস্র যোজন বিস্তৃত; পাপিগণ দেখিবা মাত্র ভয় পায়। দানশীল লোকেরা এই পথে সুখে গমন করে এবং অধার্ম্মিক লোকে অতি কষ্টে গমন করে। তাহাদিগকে যে সকল যাতন ভোগ করিতে হয়, তাহা বলিতেছি, শ্রবণ করুন। পাপিগণ প্রেতশরীর ধারণ পূর্ব্বক বিবস্ত্র হইয়া দীনভাবে করুণ-স্বরে ক্রন্দন করিতে করিতে এই পথে গমন করে। তাহাদের কণ্ঠ, ওষ্ঠ, তালু প্রভৃতি শুষ্ক হইয়া যায় এবং যখন দুর্দ্দান্ত যমকিঙ্করগণ প্রতোদ (চাবুক) প্রভৃতি অস্ত্র দ্বারা প্রহার করিতে থাকে, তখন ইতস্ততঃ ধাবিত হয়। আরও ভয়ের কথা বলিতেছি, শ্রবণ করুন। এই পথে কোথাও পঙ্ক, কোথাও অগ্নি, কোথাও উত্তপ্ত কর্দ্দম, কোথাও বা সন্তপ্ত বালুকারাশি পরিপূর্ণ। স্থানে স্থানে তীক্ষ্ণধার শিলা, মধ্যে মধ্যে অঙ্গারবৃষ্টি, শিলাবৃষ্টি, জলবৃষ্টি, শস্ত্রবৃষ্টি, উষ্ণজলবৃষ্টি ও ক্ষার-কর্দ্দমবৃষ্টি হইতে থাকে। কোথাও বা উত্তপ্ত প্রচণ্ড বায়ু বহিতে থাকে, কোথাও বা অত্যুষ্ণ কর্দ্দম বর্ষণ হইতে থাকে। কোন স্থান অতি নিম্ন, কোথাও বা অতি দুরারোহ কণ্টক বৃক্ষ ও গণ্ডশৈল; কোথাও বা গাঢ় অন্ধকার এবং কণ্টক পরিপূর্ণ। কোন স্থানে অত্যুচ্চ শিলাখণ্ডে আরোহণ করিতে হয়, কখন বা কন্দর মধ্যে প্রবেশ করিতে হয়। পথে সর্ব্বত্র শর্কর-লোষ্ট্র এবং সূচিতুল্য কণ্টক সকল বিক্ষিপ্ত আছে। স্থানে স্থানে শৈবাল এবং কীলক (খোঁটা) সকল প্রোথিত রহিয়াছে। পাপাত্মগণ এইরূপ বহু ক্লেশ অনুভব করিতে করিতে এই পথ অতিক্রম করে। তৎকালে কেহ বা উচ্চৈঃস্বরে চীৎকার, কেহ বা রোদন করিতে থাকে। যমকিঙ্করগণ, কাহাকেও বা পাশবদ্ধ করিয়া অস্ত্র দ্বারা প্রহার করিতে করিতে এবং কাহারও কর্ণে, কাহারও নাসাগ্রে, কাহারও গলে, কাহারও হস্তে, কাহারও বা পদে রজ্জু দিয়া আকর্ষণ করিতে করিতে; কাহারও শিশ্নাগ্রে, কাহারও নাসাগ্রে, কাহারও কর্ণে, লৌহভার ঝুলাইয়া দিয়া পাপিগণকে এই পথে লইয়া যায়। গমনকালে, কেহ কেহ পুনঃপুনঃ পতিত হইতে থাকে, আহত হইয়া কাহারও বা শ্বাস বদ্ধ হইয়া যায়, কাহারও চক্ষু আচ্ছাদিত করিয়া দেওয়া হয়। কোন কোন স্থান একবারে ছায়াজল-শূন্য; তথায় পাপিগণের কণ্ঠতালু শুষ্ক হইয়া যায়; তখন তাহারা আপন আপন দুষ্কর্ম্মের নিন্দা করিতে থাকে। হে মুনীন্দ্রগণ! যাঁহারা সুবুদ্ধি, ধর্ম্মিষ্ঠ এবং ধর্ম্মশীল, তাঁহারা যমমন্দিরে অতি সুখে গমন করেন। যাঁহারা অন্নদান করেন, তাঁহারা উত্তম স্বাদুবস্তু ভক্ষণ করিতে করিতে; যাঁহারা জলদান করেন, তাঁহারা ক্ষীরপান করিতে করিতে এবং যাঁহারা তক্র কিংবা দধিদান করেন, তাঁহারাও ক্ষীর পান করিতে করিতে সুখে গমন করেন। যাঁহারা

ঘৃত, মধু কিংবা ক্ষীরদান করেন, তাঁহারা সুধা এবং যাঁহারা শাক দান করেন, তাঁহারা পায়স ভোজন প্রাপ্ত হন। যাঁহারা দীপদান করেন, তাঁহারা দিব্যজ্যোতি প্রাপ্ত হন এবং বস্ত্রদায়ী ব্যক্তি, দিব্যবস্ত্র পরিধান করিয়া গমন করেন। যাঁহারা ভূষণ দান করেন, তাঁহারা দেবগণকর্তৃক পূজিত হন এবং যাঁহারা গোদান করেন, তাঁহারা সর্ব্বকাম-সমন্বিত হইয়া সুখে গমন করেন। যাঁহারা ভূমি কিংবা গৃহদান করেন, তাঁহারা সর্ব্বসম্পৎসম্পন্ন বিমানে আরোহণ করিয়া অপ্সরোগণের সহিত ক্রীড়া করিতে করিতে গমন করেন। যাঁহারা অশ্ব, রথ কিংবা যানাদি দান করেন, তাঁহারা নানাবিধ ভোগসম্পন্ন বিমানে আরোহণ করিয়া যমালয়ে গমন করেন। বৃষদায়ী ব্যক্তি যানারূঢ় হইয়া এবং ফলদায়ী ও পুষ্পদায়ী ব্যক্তি অপ্সরোগণের সহিত পরম সন্তোষ লাভ করত গমন করেন। তাম্বূল-দায়ী ব্যক্তি হাস্যমুখে যমালয়ে গমন করেন। যাঁহারা মাতা, পিতা, ব্রাহ্মণ, অগ্নি, যতী ও ব্রহ্মচারিগণের শুশ্রূষা করেন, তাঁহারা অতি সুখে গমন করেন; এমন কি, দেবগণও তাঁহাদের সেবা করেন। সর্ব্বভূতে যাঁহারা দয়াবান্, তাঁহারা সর্ব্বভোগসম্পন্ন বিমানে আরোহণ করিয়া দৈবগণ কর্তৃক পরিবেষ্টিত হন। যিনি বিদ্যাদানে রত, স্বয়ং পদ্মযোনি তাঁহার সেবা করেন এবং যিনি পুরাণপাঠক, মুনিগণ তাঁহার স্তব করেন। যমমার্গে ধর্ম্মপরায়ণ ব্যক্তিরা এইরূপে সুখে গমন করেন এবং পাপাশয়েরা অতি দুঃখে এই পথ অতিক্রম করে। যম, শঙ্খচক্রগদাধারী চতুর্ভুজ মূর্ত্তি ধারণ করিয়া স্নেহবশতঃ পুণ্যবান্ লোকদিগের অর্চ্চনা করেন। হে মুনিশ্রেষ্ঠগণ! আপনারা মহাত্মা ও পরম বুদ্ধিমান্, আপনাদের নরকের জন্য কোন ভয় নাই, কারণ আপনারা, পর-কালের সুখের হেতু নিখিল পুণ্যকর্ম্মানুষ্ঠান করিয়াছেন। এই মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়া যে ব্যক্তি সুকৃতানুষ্ঠান না করে, সেই পাপীদিগের মধ্যে শ্রেষ্ঠ; তাহাকেই শাস্ত্রকারেরা আত্মঘাতী বলিয়া নির্দ্দেশ করেন। এই অনিত্য মনুষ্যশরীর লাভ করিয়া যে ব্যক্তি নিত্যকর্ম্ম সাধন না করে, সে ঘোর নরক প্রাপ্ত হয়; জগতে তাহার ন্যায় অচেতন আর কে আছে? এই শরীর সর্ব্বদা যাতনাময় এবং মলাদি দ্বারা পরিদূষিত; যে ব্যক্তি এই শরীরের প্রতি বিশ্বাস করে, সেই প্রকৃত আত্মঘাতী। ভূতগণের মধ্যে প্রাণিগণ শ্রেষ্ঠ, প্রাণিগণের মধ্যে বুদ্ধিজীবী প্রাণিগণ, তাহাদের মধ্যে মনুষ্য, মনুষ্যের মধ্যে ব্রাহ্মণ, ব্রাহ্মণের মধ্যে বিদ্বান্, বিদ্বানের মধ্যে কৃতবুদ্ধি, কৃতবুদ্ধিগণের মধ্যে কর্ম্মকর্ত্তা, তাহাদের মধ্যে ব্রহ্মবাদিগণ, ব্রহ্মবাদিগণের মধ্যে যাঁহারা নির্ম্মম এবং ইঁহাদের মধ্যে যাঁহারা নিত্য ধ্যান-পরায়ণ, তাঁহারাই সর্ব্বশ্রেষ্ঠ। অতএব প্রযত্নসহকারে ধর্ম্ম সংগ্রহ করাই সর্ব্বতোভাবে কর্ত্তব্য; কেননা, ধর্ম্মশীল ব্যক্তি সর্ব্বত্র পূজিত হন। ধর্ম্মরাজ যম, পুণ্যবান্ ব্যক্তিগণকে অগ্রে এইরূপে আদেশ করেন যে, "আপনারা সর্ব্বভোগসম্পন্ন পুণ্যস্থানে গমন করুন; যদি কিছু দুষ্কৃত থাকে; তাহা সেই স্থানেই পশ্চাৎ ভোগ করি-বেন।" এইরূপে তাহাদের সৎকার ও সদ্গতি প্রদানপূর্ব্বক, পাপিগণকে আহ্বান করিয়া কালদণ্ড হস্তে তাহাদের ভর্ৎসন করেন। অনন্তর চিত্রগুপ্ত পাপিগণের নিকট আসিয়া গর্জ্জন করে। তাহার স্বর, প্রলয়কালীন সমুদ্রনির্ঘোষের ন্যায়, অঙ্গপ্রভা পর্ব্বতপ্রমাণ অঞ্জনপুঞ্জের ন্যায়। তাহার বাবিংশতি হস্তে, নানাবিধ অস্ত্রসকল বিদ্যুতের ন্যায় শোভা

পায়। তাহার শরীর তিনযোজন বিস্তৃত, চক্ষু রক্তবর্ণ, নাসিকা দীর্ঘ, দন্তগুলি দেখিবামাত্র ভয় হয় এবং তাহার চক্ষুঃকোটর দীর্ঘিকার ন্যায়। মৃত্যু জরা প্রভৃতি তাহার সহচর এবং অন্যান্য যমদূতেরা সকলেই পাপিগণের প্রতি তর্জ্জন গর্জ্জন করিতে থাকে। তখন তাহারা ভয়কম্পিত-হৃদয়ে আপনাদিগের দুষ্কর্ম্মের নিন্দা করিতে থাকে। তৎপরে যমের আজ্ঞানুসারে, চিত্রগুপ্ত পাপিগণের প্রত্যেককে জিজ্ঞাসা করেন, "রে পাপাত্মা পাপাচারগণ! তোরা অহঙ্কারপূর্ব্বক, ভবিষ্যৎ না ভাবিয়া কি কি পাপকর্ম্ম করিয়াছিস এবং কামক্রোধাদি দ্বারা অন্ধ হইয়া সগর্ব্বে যে সকল পাপানুষ্ঠান করিয়াছিস্, তাহার কারণই বা কি? যাহা হউক, পূর্ব্বে যেমন হৃষ্টচিত্তে পাপ সকল করিয়াছিস্, তদনুসারে এখন যাতনাভোগ করিতে হইবে। এক্ষণে দুঃখ প্রকাশ করিলে, কোন ফল হইবে না। পুত্র, মিত্র, কলত্রাদির জন্য মহৎ পাপানুষ্ঠান করিয়াছিস্; তন্মধ্যে কর্ম্মবশে অতি দুঃখ ভোগ করিবার জন্য তোরা এখানে আনীত হইয়াছিস্; কিন্তু যাহাদের জন্য তোরা সেই সেই কর্ম্ম করিয়াছিস্, তাহারা অন্যত্র গমন করিয়াছে; সেই সকল পাপের ফল এখন তোদিগকেই ভোগ করিতে হইবে। রে দুরাচারগণ! তোরা পূর্ব্বে যে সকল পাপকর্ম্ম করিয়াছিস্, তাহারই ফল এখন পাইতেছিস্; এখন দুঃখ করিয়া আর কি হইবে? তোরা আপনার পূর্ব্বাচরিত কর্ম্ম সকল স্মরণ করিয়া দেখ্; ধর্ম্মরাজ, কখনই কাহারও প্রতি পক্ষপাত করেন না। কি ধনী, কি দরিদ্র, কি মূর্খ, কি পণ্ডিত, ধর্ম্মরাজ সকলের প্রতিই সমবর্ত্তী।" পাপিগণ, চিত্রগুপ্তের সেই সমস্ত বাক্য শ্রবণ করিয়া আপনাদের পাপ কর্ম্ম স্মরণ করিয়া নিশ্চল হইয়া মৌনভাব অবলম্বন করিয়া থাকে। আজ্ঞাকারী যমকিঙ্করগণ পাপিগণকে নরকে অতিবেগে নিক্ষেপ করে। এইরূপে তাহারা কর্ম্মফল ভোগ করিয়া অবশেষে শেষ পাপের ফল ভোগ করিবার জন্য, স্থাবরাদি হইয়া মহীতলে জন্মগ্রহণ করে। ঋষিগণ বলিলেন,—ভগবন্! আপনি দয়ার্ণব; আমাদের চিত্তে যে সংশয় উপস্থিত, তাহা আপনি ছেদন করিতে সমর্থ; যে হেতু আপনি ব্যাসের নিকট সমস্ত অবগত আছেন। ধর্ম্ম অনেক প্রকার, পাপও বহুবিধ এবং তাহার ফলভোগও দীর্ঘকালসাধ্য; ব্রহ্মার দিনান্তে লোকত্রয়ের নাশ হয় এবং দুইপরার্দ্ধ কালান্তে ব্রহ্মারও নাশ হয়। আর আপনি বলিলেন যে, যাহারা গ্রামাদি দান করে, তাহারা কল্প কোটি সহস্র তদীয় পুণ্যফল ভোগ করে; ইতি মধ্যে প্রাকৃত প্রলয়ে সমস্ত লোক বিনষ্ট হয়, কেবল একমাত্র জনার্দ্দন অবশিষ্ট থাকিবেন। যদি তাহাই হয়, তাহা হইলে পাপাদির ভোগ কখনই সমাপ্তি হইতে পারে না। আপনি আমাদের এই প্রকার সংশয় ছেদন করুন। সূত কহিলেন,—হে মহাভাগগণ! আপনারা যাহা জিজ্ঞাসা করিলেন, ইহা অতি গুহ্যতম। এক্ষণে অনন্যমনা হইয়া শ্রবণ করুন; আমি সমস্তই বলিতেছি। ভগবান্ নারায়ণ, অক্ষয়, সনাতন, অনন্ত এবং পরম জ্যোতিঃস্বরূপ। তিনি বিশুদ্ধ, নির্গুণ, নিত্য এবং মোহবর্জ্জিত। তিনি নির্গুণ হইলেও পরমানন্দ স্বরূপ এবং গুণবান্। ব্রহ্মা বিষ্ণু শিব প্রভৃতি, তাঁহারই নামভেদ মাত্র। তিনি গুণোপাধিভেদে বিভিন্ন এই দেবত্রয়ে মায়া সংযোগ করিয়া নিখিল জগৎকার্য্য করিয়া থাকেন। ব্রহ্মা-রূপে সৃজন, বিষ্ণুরূপে পালন এবং রুদ্ররূপে সংহার করেন। ব্রহ্মা-রূপী জনার্দ্দন, প্রলয়াবসানে

উত্থিত হইয়া পুনর্ব্বার এই চরাচরাত্মক বিশ্ব পূর্ব্ববতই সৃজন করেন। হে বিপ্রেন্দ্রগণ! পূর্ব্বে স্থাবরাদি সমুদায় যেরূপে অবস্থিত ছিল, ব্রহ্মা পুনর্ব্বার ঠিক সেই রূপেই সৃষ্টি করিবেন; অতএব দেখা যাইতেছে যে, অনুষ্ঠিত শুভাশুভ কর্ম্মের ফল অবশ্যভোগ্য। ভোগ না হইলে শতকোটি কল্পেও কর্ম্মক্ষয় হয় না; আচরিত শুভাশুভ কর্ম্মফল অবশ্যই ভোগ করিতে হইবে। যিনি সর্ব্বভূতের অন্তরাত্মা এবং জগন্ময়; যিনি পরিপূর্ণ, সনাতন এবং সর্ব্বকর্ম্মফল ভোগ করেন; যিনি এই বিশ্বের কারণ এবং যিনি গুণভেদে ব্যবস্থিত; তিনিই এই সমস্ত সৃজন, পালন ও সংহার করেন।

একোনত্রিংশ অধ্যায় সমাপ্ত॥ ২৯ ॥

ত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন,—জন্তুগণ এইরূপে কর্ম্মপাশবদ্ধ হইয়া স্বর্গাদি পুণ্যস্থানে পুণ্যভোগসুখ অনুভব করিয়া এবং পাপকর্ম্মের ফলে অত্যন্ত যাতনা ভোগ করিয়া কর্ম্মাবসানে মর্ত্ত্যলোকে আগমন করে। অনন্তর সর্ব্বভয়সঙ্কুল, মৃত্যু-বাধাদিযুক্ত স্থাবরাদি দেহ প্রাপ্ত হইয়া জন্মগ্রহণ করে। বৃক্ষ, গুল্ম, লতা, পর্ব্বত, তৃণ প্রভৃতির নাম স্থাবর। ইহারা সর্ব্বদা মহামোহে সমাচ্ছন্ন থাকে। স্থাবরত্ব প্রাপ্ত হইয়া প্রথমে বীজরূপে পৃথিবীতলে উপ্ত হয়, পরে জলসেকানন্তর সুসংস্কার এবং সামগ্রীবশে উষ্মা জন্মিয়া বীজ পাটিত হয়; তৎপরে মূলস্বরূপ প্রাপ্ত হয়। মূল হইতে অঙ্কুরোৎপত্তি, অঙ্কুর হইতে পর্ণ কাণ্ড লতারূপে পরিণত হয়; কাণ্ড হইতে কোরক, কোরক হইতে পুষ্পরূপ ধারণ করে। পুষ্পের মধ্যে কতকগুলি সফল ও কতকগুলি নিষ্ফল, কতকগুলি বা ফলের হেতুভূত হয়। সেই পুষ্প সকল প্রবৃদ্ধ হইলে তণ্ডুলাবধি তুষের উৎপত্তি হয়। সেই তুষ সকলে রবিকিরণ-সহযোগে ওষধিরস তুষমার্গে প্রবেশ করিয়া ক্ষীরভাব প্রাপ্ত হইয়া কালে তণ্ডুলরূপে পরিণত হয়। তণ্ডুল সকল দৃঢ় হইলে ওষধিগণ মরিয়া যায়। বনস্পতিগণও ওষধির ন্যায় উৎপন্ন হইয়া বৃক্ষস্বরূপ প্রাপ্ত হয় এবং ভোক্তৃগণের সংস্কারবশে সংবৎসরের মধ্যে ফলবান্ হয়। এইরূপ স্থাবরত্ব প্রাপ্ত হইয়াও বহুকাল ব্যাপিয়া বায়ু দ্বারা ভঞ্জন ছেদন, দাবাগ্নি দ্বারা দাহ এবং শীত, আতপ প্রভৃতি দ্বারা দুঃখ অনুভব করিয়া মরিয়া যায়। অনন্তর কৃমিযোনি প্রাপ্ত হইয়া সর্ব্বদা দুঃখ অনুভব করে, ক্ষণেক জীবিত থাকিয়া পরক্ষণেই ম্রিয়মাণ হইয়া পড়ে; বলবান্ প্রাণিগণের আক্রমণ নিবারণ করিতে পারে না। তাহারা শীত-বাতাদি ক্লেশ অনুভব করিয়া এবং সর্ব্বদা ক্ষুৎপীড়িত হইয়া মলমূত্রাদি মধ্যে সঞ্চরণ করত বহুতর দুঃখ অনুভব করে। অনন্তর তাহারাই পশুযোনি প্রাপ্ত হইয়া বহুবিধ বাধা সহ্য করিয়া সর্ব্বদা বৃথা উদ্বেগ প্রাপ্ত হয়; তাহারা নিত্য ক্ষতজনিত দুঃখ প্রাপ্ত হয়, স্বীয় প্রসূতির প্রতিও অত্যাচার করে ও তৎকালে নানাবিষয়ে অনুরাগাদি জনিত ক্লেশ অনুভব করিতে থাকে। কোন জন্মে মাংসমেধ্যাদি ইহাদের ভোজন-সামগ্রী, কোন জন্মে বা কন্দ মূল ফল প্রভৃতি দ্বারা উদর পূর্ণ হয় এবং দুর্ব্বল প্রাণিগণের প্রতি হিংসানিরত হইয়া

নানাবিধ দুঃখ পাইতে থাকে। কোন জন্মে বা বায়ুমাত্র ভোজন করিয়া থাকে এবং পরপীড়াপরায়ণ হইয়া দুঃখ পায়। এইরূপ গ্রাম্য পশুযোনি প্রাপ্ত হইয়াও কখন স্বজাতিদের বিয়োগদুঃখ, কখন ভারবহন, কখন পাশবন্ধন, কখন তাড়না, কখন দাহ, কখন বা খাবনাদিজনিত দুঃখ অনুভব করে। এই প্রকার বহুযোনি ভ্রমণ করিয়া অবশেষে মনুষ্যযোনি প্রাপ্ত হয়। কেহ কেহ স্বীয় পুণ্যফলে, এতাদৃশ দুঃখ না পাইয়াও মনুষ্যত্ব প্রাপ্ত হয়। মনুষ্যজন্ম লাভ করিয়াও প্রথমে চর্ম্মকার, তৎপরে যথাক্রমে চণ্ডাল, ব্যাধ, রজক, কুম্ভকার, লৌহকার, সুবর্ণকার, তন্তুবায়, বণিক্, জটাশিখ প্রভৃতি নানাজাতি হইয়া পুনঃপুনঃ জন্মগ্রহণ করে এবং নানাজন্মে ধাবক, লেখক, ভৃত্তক, শাসন-হারক প্রভৃতির কর্ম্ম করে; কেহ দরিদ্র, কেহ হীনাঙ্গ, কেহ অধিকাঙ্গ হইয়া বহুবিধ দুঃখ পায়। এতদ্ভিন্ন জ্বর, তাপ, শীত, বাত, শ্লেষ্মা, গুল্মরোগ, পাদরোগ, চক্ষুরোগ, শিরোরোগ, গর্ভরোগ, পার্শ্ববেদনা প্রভৃতি আরও নানা দুঃখ ভোগ করিতে হয়। আরও মনুষ্যজন্মের মধ্যে প্রথমে; স্ত্রী-পুরুষের মৈথুনাবসানে যখন জরায়ু মধ্যে রেতঃ প্রবেশ করে, সেই সময়ে জন্তুও কর্ম্মবশে শুক্রের সহিত জরায়ুতে প্রবেশ করিয়া শুক্র ও শোণিতের সহিত কললে প্রবর্ত্তিত হয়। সেই সময়ে জীব প্রবেশ করে, জীবপ্রবেশের পঞ্চম দিনাবধি কলল আরব্ধ হয় এবং অর্দ্ধমাসে কলল সম্পূর্ণ হয়। এক মাস হইলে প্রাদেশ-পরিমিত হয়; তদবধি চৈতন্যসত্ত্বেও জননীর উদরে বায়ুবেগে এবং দুঃসহ তাপাদিক্লেশ প্রযুক্ত এক স্থানে থাকিতে না পারিয়া, ইতস্ততঃ ভ্রমণ করিতে থাকে। দুই মাস হইলে সম্পূর্ণ পুরুষাকার প্রাপ্ত হয়; তিন মাসের পর, করচরণাদি অবয়ব সকল লক্ষিত হয়। চারি মাস গত হইলে অবয়বসন্ধি সকল পরিস্ফুট; পঞ্চম মাসে নখ এবং ষষ্ঠমাসে নখসন্ধি পরিস্ফুট হয়; সপ্তম মাস গত হইতে রোমোদ্গম হয়। অষ্টম মাসের প্রারম্ভে চৈতন্য পরিস্ফুট হয়; তখন নাভিসূত্র দ্বারা তাহার শরীর পুষ্ট হয়। এই সময়ে তদীয় শরীর, অমেধ্য মূত্রাদি দ্বারা সিক্ত, জরায়ুবদ্ধ এবং রক্ত, অস্থি, কৃমি, বসা, মজ্জা, স্নায়ু, কেশাদি দ্বারা পরিদূষিত হইয়া অত্যন্ত কুৎসিত হয় ও মাতৃভুক্ত কটু, লবণ, উষ্ণ, রুক্ষ প্রভৃতি রস দ্বারা অতি পীড়িত হয়। এই সময়ে দেহী, আপনাকে ঈদৃশ দুঃখে দহ্যমান দেখিয়াও পূর্ব্বজন্মানুভূত দুঃখসমূহ স্মরণ করিয়া মনে মনে এইরূপ বিলাপ করে। "হায় আমি অতি পাপাসক্ত; আমি পূর্ব্বজন্মে, স্ত্রী, পুত্র, মিত্র, ভৃত্য, গৃহ, ক্ষেত্র, ধন, ধান্য প্রভৃতিতে অত্যাসক্ত হইয়া স্ত্রী-পুত্রাদির ভরণ-পোষণের জন্য, নানা উপায়ে পরধন পরক্ষেত্র প্রভৃতি হরণ করিয়াছি এবং কামান্ধ হইয়া পরস্ত্রীহরণাদি করিয়া মহাপাপ আচরণ করিয়াছি। সেই সকল পাপকর্ম্মের ফলে, আমি একাকী বিবিধ নরকদুঃখ অনুভব করিয়া পুনর্ব্বার স্থাবরাদি যোনি প্রাপ্ত হইয়া মহৎ দুঃখ পাইয়াছি। সম্প্রতি জরায়ু দ্বারা পরিবেষ্টিত হইয়া দুঃখে অন্তর দগ্ধ হইতেছে এবং বহির্ভাগেও তাপাদি দ্বারা অঙ্গ দগ্ধ হইতেছে। কিন্তু আমি স্বয়ং পাপানুষ্ঠান দ্বারা যাহাদের পোষণ করিয়াছি; সেই পুত্র কলত্রাদি এখন কোথায়? তাহারা আপনাদের কর্ম্মবশে অন্যত্র গমন করিয়াছে। হায়! দেহিগণের কি দুঃখ? পাপ হইতেই এই দেহের উৎপত্তি, অতএব পাপকর্ম্ম করা উচিত নহে। আমি ভৃত্য মিত্র কলত্রাদির জন্য পরদ্রব্য হরণ করিয়া সেই পাপে জরায়ু মধ্যে এখন দগ্ধ

হইতেছি। পূর্ব্বজন্মে অন্যের সম্পৎ দেখিয়া যেরূপ অসূয়াসন্তপ্ত হইয়াছিলাম; এখন তাহার প্রতিফলস্বরূপ গর্ভাগ্নি দ্বারা দগ্ধ হইতেছি। পূর্ব্বে কায়মনোবাক্যে পরপীড়া প্রদান করিয়াছি, সেই পাপে এখন ঈদৃশ কষ্ট পাইতেছি।" দেহী, এইরূপ বিলাপ করিয়া স্বয়ং আপনাকে আশ্বাস প্রদান করে। অনন্তর মনে মনে এইরূপ চিন্তা করে,—"আমি জন্মগ্রহণ করিয়া সর্ব্বদা সৎসঙ্গে থাকিব, বিশুদ্ধচিত্তে সৎকর্ম্মের অনুষ্ঠান করিব এবং জগদাধার, সত্যজ্ঞানানন্দস্বরূপ, লক্ষ্মীপতি নারায়ণের—সুরাসুর-গন্ধর্ব্ব-যক্ষ-রাক্ষস-পন্নগ-মুনি-কিন্নর প্রভৃতি কর্ত্তৃক অর্চ্চিত চরণযুগল পূজা করিয়া সংসার-চ্ছেদনের কারণভূত, বেদরহস্য এবং উপনিষদাদি দ্বারা পরিস্ফুট, সকল-লোকপরায়ণ ভগবান্‌কে হৃদয়ে ধ্যান করিয়া এই দুঃখসংসার অতিক্রম করিব।" অনন্তর প্রসবকাল সমাগত হইলে, গর্ভস্থিত দেহী বাহ্যবায়ু দ্বারা পরিপীড়িত হইয়া জননীকে মহতী প্রসব-যন্ত্রণা প্রদান করত যোনি-মার্গে নিষ্ক্রান্ত হয়। তৎকালে যোনি-যন্ত্র-পীড়িত হইয়া যুগপৎ সকল যাতনা অনুভব করিয়া একবারে সংজ্ঞাবিহীন হইয়া যায়। তদনন্তর বাহ্যবায়ু তাহাকে পুনর্জ্জীবিত করে, বাহ্যবায়ু স্পর্শ হইবামাত্র, পূর্ব্বস্মৃতি বিনষ্ট হয়। তখন পূর্ব্বানুভূত কিছুই স্মরণ হয় না এবং অজ্ঞান বশতঃ বর্ত্তমান অবস্থাও কিছুই বুঝিতে না পারিয়া মহৎ দুঃখ অনুভব করে। অনন্তর জন্তুগণ বাল্যকালে স্বীয় মলমূত্রাদি দ্বারা লিপ্তদেহ হইয়া আধ্যাত্মিক দুঃখে পীড়িত হইয়াও কিছুই বলিতে সমর্থ হয় না। অনুদিন ক্ষুধা ও তৃষ্ণায় পীড়িত হয়। যখন তাহারা ক্ষুধায় পীড়িত হইয়া রোদন করে, তখন জননী শিশুর গ্রহাদি-বেদনাভয়ে ঔষধ প্রয়োগ করিয়া থাকেন এবং যখন তাহারা অঙ্গবেদনাদি দ্বারা পীড়িত হইয়া রোদন করে, তখন (ক্ষুধা হইয়াছে) ভাবিয়া জননী স্তনদুগ্ধ দান করিতে যত্ন করেন। এইরূপ সর্ব্ববিষয়ে পরাধীন হইয়া যন্ত্রণা পায়, এমন কি, দংশ মশকাদিও নিবারণ করিতে অসমর্থ হইয়া মহৎ কষ্ট পায়। অনন্তর পিতা মাতা ও ক্রমে উপাধ্যায়ের তাড়না সহ্য করিতে হয়। কখনও ভ্রমণ, কখনও পাংশু পঙ্ক ভস্মাদির সহিত ক্রীড়া এবং কখনও কলহ ইত্যাদি বহুব্যাপারে বহুবিধ আধ্যাত্মিক দুঃখ অনুভব করে। অনন্তর যৌবন সময়ে, ধনোপার্জ্জন ধনরক্ষা এবং ধনব্যয়াদির জন্য মায়ামুগ্ধ হইয়া অত্যন্ত কষ্ট পায়। কখনও বা কাম-ক্রোধাদি দ্বারা চিত্ত এরূপে দূষিত হয় যে, সর্ব্বদা অসূয়াপরায়ণ হইয়া পর-ধন ও পরস্ত্রী-হরণের উপায় চিন্তা করে। কখনও বা পুত্র মিত্র কলত্রাদির ভরণপোষণের উপায় চিন্তায় ব্যস্ত থাকিয়া দুঃখানুভব করে এবং পুত্রাদির ব্যাধি উপস্থিত হইলে সর্ব্বকার্য্য পরিত্যাগ করিয়া রোগক্লিষ্ট পুত্রাদির সমীপে বসিয়া স্বয়ং আধ্যাত্মিক দুঃখে পরিপ্লুত হইয়া এই প্রকার চিন্তা করে। "হায় হায়, গৃহকর্ম্ম ও কৃষিকর্ম্ম কিছুই করা হইল না, আমার অনেকগুলি পরিবার, কিরূপে জীবনযাত্রা নির্ব্বাহ হইবে? আমার মূলধন নাই, বৃষ্টিও হইতেছে না; এদিকে অশ্বটা কোথায় পলায়ন করিল; গাভীগণ কেন এখনও আসিল না; আমার সন্তানগুলি অতি শিশু; আমি স্বয়ং ব্যাধিগ্রস্ত; ধনসম্পত্তিও কিছুই নাই; ভাল করিয়া পর্য্যবেক্ষণ না করাতে কৃষিকর্ম্মও নষ্ট হইয়াছে। পুত্র সকল নিত্য রোদন করিবে; গৃহটী স্থানে স্থানে ভগ্ন হইয়াছে; বন্ধুগণ দূরদেশে গমন করিয়াছে; একে জীবনযাত্রার কোন উপায় নাই, তাহাতে আবার রাজপীড়া ভয়ানক,—এদিকে শত্রু

সকল আমার অপকার করিতেছে, কি উপায়ে তাহাদিগকে জয় করিব? আমি কার্য্যাক্ষম হইয়াছি; এ আবার কে অতিথি আসিয়া উপস্থিত হইল!" এইরূপ অত্যন্ত চিন্তাকুল হইয়াও স্বীয় দুঃখ নিবারণ করিতে সমর্থ হয় না, আপনাকে শত শত ধিক্কার প্রদান করে এবং 'বিধাতা কি জন্য আমাকে ঈদৃশ ভাগ্যহীন করিয়াছেন?' বলিয়া তাঁহার নিন্দা করে। অনন্তর বার্দ্ধক্য উপস্থিত হইলে শরীর জরাগ্রস্ত এবং ব্যাধি, অধৈর্য্য, অন্ধত্ব প্রভৃতি প্রাপ্ত হইয়া সর্ব্বদা কম্পিত হইতে থাকে। তৎকালে শ্বাসকাসাদি নানা পীড়া উপস্থিত হয়, শ্লেষ্মায় কণ্ঠ রুদ্ধ হয়। তাহাকে ঈদৃশাবস্থাপন্ন দেখিয়া স্ত্রী পুত্রাদি সকলে যখন ভর্ৎসনা করে, তখন 'কখন আমার মৃত্যু হইবে' এই চিন্তায় নিমগ্ন হয় এবং 'আমি মরিলে আমার গৃহ ক্ষেত্র প্রভৃতি পুত্রগণ কিরূপে রক্ষা করিবে? না জানি কাহার হস্তে পতিত হইবে? আমার ধন, হয় ত কেহ অপহরণ করিবে; তাহা হইলে পুত্রগণের জীবনযাত্রা কিরূপে নির্ব্বাহ হইবে?' এইরূপ মমতা-দুঃখে পরিপ্লুত হইয়া দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিতে থাকে। তৎকালে কিয়ৎক্ষণ পূর্ব্বে, যে সকল কর্ম্মানুষ্ঠান করে, ক্ষণকাল পরেই তাহা বিস্মৃত হয় এবং পুনঃপুনঃ স্মরণ করিয়াও আবার তখনই বিস্মৃত হইয়া যায়। অনন্তর মৃত্যুকাল আসন্নপ্রায় হইলে, নানাবিধ ব্যাধি দ্বারা পরিপীড়িত হইয়া আন্তরিক দুঃখ অনুভব করে এবং কখন শয্যায়, কখন মঞ্চে, এই প্রকার ইতস্ততঃ ভ্রমণ করিয়া ক্ষুধা ও তৃষ্ণায় কাতর হইয়া "একটু জল দাও" বলিয়া সকলের নিকট দীনভাবে প্রার্থনা করে। তাহার প্রার্থনা শুনিয়া কেহ কেহ বলেন—"জরাবিষ্ট রোগীদের পক্ষে জল দেওয়া অনিষ্ট-কারক" এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাহাদের প্রতি অতি ক্রোধ করিয়া ক্রমে ক্রমে হতচৈতন্য হইয়া যায়। ক্রমে হস্তপদাদি আকর্ষণ করিতেও অক্ষম হইয়া পড়ে; তখন বন্ধুগণ তাহাকে বেষ্টন করিয়া রোদন করিতে থাকে। তখন বাক্‌শক্তি নষ্ট হয়, "আমার উপার্জ্জিত ধন কে ভোগ করিবে?" এই ভাবিয়া রোদন করিতে থাকে। অনন্তর ক্রমে গলদেশ ঘুরঘুর করিয়া প্রাণ বহির্গত হয়; তখন যমদূতেরা আসিয়া পাশবদ্ধ করিয়া ভর্ৎসনা করিতে করিতে লইয়া যায় এবং পূর্ব্ববৎ নরকাদি দুঃখভোগ করিতে থাকে। হে দ্বিজগণ! এই হেতু সংসাররূপ-দাবাগ্নি-পরিতাপিত ব্যক্তি, পরমজ্ঞান অভ্যাস করিবে; জ্ঞান হইলেই মুক্তিলাভ হয়। যাহারা জ্ঞানশূন্য, তাহারাই পশু; অতএব সংসার হইতে মোক্ষ লাভ করিবার জন্য পরমজ্ঞান অভ্যাস করিবে। যে ব্যক্তি সর্ব্বকর্ম্মসাধক মনুষ্যজন্ম পাইয়াও হরিপূজা না করে; তদপেক্ষা অচেতন আর কে আছে? হে মুনিশ্রেষ্ঠগণ! ইহা অপেক্ষা কি আশ্চর্য্য হইতে পারে যে, সর্ব্বকামপ্রদ হরি থাকিতে, মনুষ্যেরা এত যাতনা ভোগ করে? যাহারা জ্ঞানহীন, সর্ব্বকামপ্রদ জগন্নাথ নারায়ণ বিদ্যমান থাকিতে, তাহারাই নরকে পতিত হয়। এই শরীর হইতে সর্ব্বদা মূত্রপুরীষাদি ক্ষরিত হইতেছে, ইহা অতি অনিত্য; যাহারা ইহাকে নিত্য বলিয়া বিবেচনা করে, তাহারা কি মোহান্ধ? রক্তমাংসাদি-নির্ম্মিত, এই শরীর প্রাপ্ত হইয়া, যাহারা সংসার-বিনাশক বিষ্ণুর উপাসনা না করে, তাহারা ঘোর পাতকী। কি আশ্চর্য্য! হরিধ্যানরত চণ্ডালও মহাসুখী। মনুষ্যগণ কি মূর্খ? যেহেতু তাহারা আপনার দেহ হইতে মলমূত্রাদি নির্গত হইতে দেখিয়াও উদ্বেগ প্রাপ্ত হয় না! মনুষ্যজন্ম অতি দুর্লভ, দেবতারাও ইহা প্রার্থনা

করেন; অতএব তাহা পাইয়া পরলোকের নিমিত্ত যত্ন করা বিচক্ষণের কার্য্য। যাঁহারা অধ্যাত্মধ্যান-সম্পন্ন এবং হরিপূজা-পরায়ণ, তাঁহারা পুনরাবৃত্তি-রহিত পরম স্থান প্রাপ্ত হন। যাঁহা হইতে এই বিশ্ব উৎপন্ন হইয়াছে, যিনি চৈতন্যস্বরূপ, যাঁহাতে সর্ব্বজগৎ লয় প্রাপ্ত হয়, যিনি সংসারের মোচনকর্ত্তা; নির্গুণ হইয়াও যিনি পরমানন্দস্বরূপ ও গুণবান্ বলিয়া প্রতীয়মান হন; সেই দেবেশের সম্যক্ অর্চ্চনা করিলে সংসার হইতে মুক্তিলাভ হয়।

ত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩০ ॥

একত্রিংশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—ভগবন্! আমরা যাহা জিজ্ঞাসা করিয়াছিলাম, তৎসমুদয় বর্ণন করিলেন। সংসারপাশাবদ্ধ লোকগণের বহুতর দুঃখ শ্রবণ করিলাম। এক্ষণে সংসার-পাশ কিরূপে ছিন্ন হইতে পারে? কি উপায়ে মোক্ষ-প্রাপ্তি হয়? তাহাই বলুন। প্রাণিগণ প্রতিদিন কর্ম্মসমূহ করিতেছে এবং সেই সেই কর্ম্মের ফলভোগ করিতেছে; কিরূপে তাহা বিনষ্ট হয়? কর্ম্ম হইতে দেহপ্রাপ্তি হয়, দেহ-প্রাপ্তি হইলেই কামনা আসিয়া উপস্থিত হয়, কামনা হইতে লোভের উৎপত্তি, লোভ হইতে ক্রোধ, ক্রোধ হইতে ধর্ম্মনাশ, ধর্ম্মনাশ হইতে মতিভ্রম হয়; বিনষ্টবুদ্ধি ব্যক্তি পুনঃ পাপকর্ম্ম করে। অতএব দেহের মূলকারণ পাপ এবং দেহ সর্ব্বদা পাপ-কর্ম্মে রত হয়। এক্ষণে কি উপায়ে মোক্ষ-প্রাপ্তি হয়, তাহাই বলুন। সূত বলিলেন,—হে মুনিগণ! আপনারা পরম সাধু; আপনাদের মতি, অতি নির্ম্মলা; যেহেতু এই সংসারদুঃখের বিনাশোপায়ে চেষ্টা করিতেছেন। যাঁহার আজ্ঞাধীন হইয়া, ব্রহ্মা সর্ব্বজগৎ সৃজন করেন, বিষ্ণু পালন করেন এবং রুদ্র বিনাশ করেন, তিনিই মোক্ষদাতা। মহদাদি করিয়া, বিশেষ পর্য্যন্ত যাঁহার প্রভাবে সৃষ্ট হয়; সেই অনাময় নারায়ণই মোক্ষদাতা জানিবেন। এই সমস্ত জগৎ যাঁহা হইতে অভিন্ন এবং যাঁহার ক্ষয় নাই, সেই পরম দেবতার ধ্যান করিলে মোক্ষলাভ হয়। যিনি অবিকার, অজ, শুদ্ধ, স্বপ্রকাশ, নিরঞ্জন এবং জ্ঞান ও আনন্দ স্বরূপ, তাঁহাকেই মোক্ষ-সাধক জানিবেন। ব্রহ্মাদি দেবগণ যাঁহার অবতার ও রূপাদির অর্চ্চনা করেন, তিনিই নিত্যস্থান প্রদান করেন। সর্ব্বদা ধ্যানপরায়ণ হইয়া জিতেন্দ্রিয় মুনিগণ যাঁহাকে হৃদয়ে দেখিতে পান, তিনিই সর্ব্বসুখের মূলাধার। যিনি নির্গুণ, নিরাকার; লোকানুগ্রহের জন্য যিনি রূপধারণ করেন; যিনি আকাশমধ্যস্থিত ও পরিপূর্ণ স্বরূপ, তিনিই মোক্ষদাতা। যিনি সর্ব্ব-ধর্ম্মের অধ্যক্ষ এবং যোগিগণের হৃদয়ে যিনি বাস করেন; সেই অখিলাধার দেবতার শরণগ্রহণই মোক্ষের উপায়। কল্পাবসানে যিনি সমস্ত সংহার করিয়া স্বয়ং জলমধ্যে শয়ন করেন, তত্ত্বদর্শী মুনিগণ তাঁহাকেই মোক্ষদাতা বলেন। বেদার্থবিৎ কর্ম্মজ্ঞ ব্যক্তিগণ নানাবিধ যজ্ঞাদি দ্বারা যাঁহার পূজা করেন, সেই ভক্তবৎসল বিষ্ণুই মুক্তিপ্রদান করেন। যিনি সর্ব্বাধ্যক্ষরূপে পিতৃ-দেবতাদি মূর্ত্তি ধারণ করিয়া, হব্য-কব্যাদি ভোজন করেন, তিনিই মোক্ষপ্রদ। ভক্তিপূর্ব্বক যাঁহার ধ্যান, প্রণাম কিংবা

পূজা করিলেই মুক্তিলাভ হয়, তিনিই পরম দয়ালু। যিনি সর্ব্বভূতের আধার এবং জরামরণাদি-রহিত, সেই অব্যয় হরিই মোক্ষদাতা। হে মুনিশ্রেষ্ঠগণ! যাঁহার পাদ-পদ্ম পূজা করিয়া, দেহিগণ দেবত্ব লাভ করিতে পারে, তাঁহাকেই পুরুষোত্তম বলিয়া জানিবেন। যে পরম জ্যোতিঃ আনন্দময়, ক্ষয়রহিত, ব্রহ্মস্বরূপ, সনাতন এবং পর হইতেও পরতর, সেই বিষ্ণুর পরম পদ। যিনি অক্ষর, নির্গুণ, নিত্য, অদ্বিতীয়, রূপশূন্য, পরিপূর্ণ ও জ্ঞানময়, তিনিই মোক্ষদাতা। যে যোগী, যোগমার্গ-বিধানানুসারে এই পরম বস্তুর উপাসনা করে, সেই মোক্ষপদ প্রাপ্ত হয়। যিনি সর্ব্বকর্ম্ম পরিত্যাগ করিয়া, কামাদি-রহিত ও শমাদি-গুণসংযুক্ত হন, তিনি পরম পদ লাভ করেন। ঋষিগণ বলিলেন,—হে বাগ্মিন্! কি কর্ম্ম করিলে, যোগিগণের যোগসিদ্ধি হয়, আমাদিগকে তাহার উপায় বলুন। সূত কহিলেন,—তত্ত্বদর্শিগণ মোক্ষবস্তুকে জ্ঞানলভ্য বলিয়া থাকেন। জ্ঞানের মূল ভক্তি এবং সৎকর্ম্ম হইতে ভক্তি জন্মে। সহস্র সহস্র জন্মে বিবিধ দান, যজ্ঞ ও তীর্থযাত্রাদি সৎকর্ম্মের অনুষ্ঠান করিলে, হরিভক্তির উদয় হয়। স্বল্পমাত্র ভক্তিসহকারে ধর্ম্মকার্য্য অনুষ্ঠিত হইতে, তাহা পরম প্রশংসনীয় ও অক্ষয়-ফল-জনক হইয়া থাকে এবং তাহা যদি পরম শ্রদ্ধাপূর্ব্বক সম্পাদিত হয়, তাহা হইলে, নিখিল-কলুষরাশি বিদূরিত হইয়া যায়। এইরূপে পাপনিচয় বিলীন হইলে নির্ম্মল বুদ্ধির উদয় হইয়া থাকে। পণ্ডিতগণ, সেই নির্ম্মল বুদ্ধিকেই জ্ঞান বলিয়া উল্লেখ করেন এবং ঐ জ্ঞান হইতেই মোক্ষপদপ্রাপ্তি হয়; কিন্তু তাদৃশ জ্ঞান যোগিগণেরই হইতে দেখা যায়। কর্ম্ম ও জ্ঞান-ভেদে যোগ দ্বিবিধ। তন্মধ্যে প্রথমে ক্রিয়াযোগ ব্যতীত মানবগণের জ্ঞানযোগ সিদ্ধ হয় না। এজন্য মনুষ্য মাত্রেরই সর্ব্বাগ্রে শ্রদ্ধাসহকারে ক্রিয়াযোগে রত থাকিয়া, ভগবান্ হরিকে অর্চ্চনা করা কর্ত্তব্য। দ্বিজগণ! প্রতিমা, দ্বিজ, ভূমি, অগ্নি, সূর্য্য ও চিত্রাদিতে হরির পূজা করিবে; কারণ, তিনি সর্ব্বত্র সমভাবে বিরাজমান। পরের পীড়াজনক কার্য্যে বিরত হইয়া, ভক্তিপূর্ব্বক কায়মনোবাক্যে পরিপূর্ণাত্মা বিষ্ণুকে অর্চ্চনা করা বিধেয়। কি কর্ম্মযোগ, কি জ্ঞানযোগ; দ্বিবিধ যোগেই অহিংসা, সত্য, অক্রোধ, ব্রহ্মচর্য্য, সঙ্গত্যাগ, অনীর্ষা ও দয়া সমান প্রয়োজনীয়। চরাচরাত্মক সমুদয় বস্তুকে মনোমধ্যে সনাতন বিষ্ণুময় জানিয়া, উক্ত যোগদ্বয় অভ্যাস করিবে। যে মনীষিগণ, সমুদয় প্রাণীকেই আত্মতুল্য বোধ করেন, তাঁহারাই দেবদেব চক্রীর পরমভাব অবগত হইয়াছেন। যাহার চিত্ত ক্রোধাদিতে দূষিত, সে যদি পূজা-ধ্যান-পরায়ণ হয়, তাহা হইলে ভগবান্ হরি তাহাতে তুষ্ট হন না; ধর্ম্ম-বুদ্ধিতে স্মরণ করিলেই তিনি আবদ্ধ হইয়া থাকেন। যাহার অন্তঃকরণ কামক্রোধাদিতে পরিপূর্ণ, সে দেবপূজায় রত হইলে তাহাকে দম্ভাচার ও ঘোর পাতকী বলিয়া জানিবে। অসূয়ান্বিত হইয়া তপস্যা পূজা বা ধ্যান করিলে তৎ সমস্তই নিষ্ফল হইয়া থাকে। অতএব যে ব্যক্তি মোক্ষাভিলাষী ও ক্রিয়াযোগ-পরায়ণ, সে শমাদি-গুণযুক্ত হইয়া মুক্তির জন্য সর্ব্বদা বিষ্ণুকে অর্চ্চনা করিবে। সর্ব্বপ্রাণীর হিতসাধনে তৎপর থাকিয়া কায়মনোবাক্যে স্তোত্রাদি, উপবাসাদি, পুরাণশ্রবণাদি ও পুষ্পাদি দ্বারা জগদ্যোনি সর্ব্বান্তর্যামী দেবদেব নারায়ণ হরিকে যে অর্চ্চনা করা হয়, পণ্ডিতগণ তাহাকেই ক্রিয়াযোগ কহিয়াছেন। যে সকল বিষ্ণু-

ভক্তি-পরায়ণ মানব, ঈদৃশ ক্রিয়াযোগ অবলম্বন করে, তাহাদিগের পূর্ব্ব-জন্মার্জ্জিত অখিল পাপ বিনষ্ট হয়। পরে পাপক্ষয়হেতু নির্ম্মল বুদ্ধি উৎপন্ন হইলে অত্যুত্তম জ্ঞান প্রার্থনীয় হইয়া থাকে। ঐ জ্ঞানই মোক্ষপ্রদ, এজন্য এক্ষণে সেই জ্ঞানলাভের উপায় বলিতেছি। এই জগতে চরাচরাত্মক যে সমুদয় পদার্থ আছে, তন্মধ্যে কোনটী নিত্য ও কোনটী অনিত্য শাস্ত্রপারগ পণ্ডিতগণের সাহায্যে বুদ্ধিমান্ ব্যক্তি তাহা স্থির করিবে। পণ্ডিতগণ স্থির করিয়াছেন, এ জগতে নিখিল বস্তুই অনিত্য, কেবলমাত্র এক হরিই নিত্য; এজন্য সমুদয় অনিত্য বস্তু পরিত্যাগ করিয়া এক হরিকেই আশ্রয় করিবে; তাহা হইলে মানবকে কি ঐহিক কি পারত্রিক, কোন রূপ ভোগ্য বিষয়ে লিপ্ত হইতে হয় না। যে ব্যক্তি অনিত্য বিষয়ে আসক্ত হইয়া সংসারে লিপ্ত থাকে, তাহার কোনকালে সংসার-বন্ধন খণ্ডন হয় না। মোক্ষাভিলাষীর শমাদি-গুণ অবলম্বন পূর্ব্বক জ্ঞানার্জ্জনে যত্ন করা কর্ত্তব্য, কারণ, শমাদিগুণ না থাকলে কোনক্রমে জ্ঞানলাভের সম্ভব নাই। যে ব্যক্তি রাগ-দ্বেষাদিশূন্য, শমাদি-গুণযুক্ত, সর্ব্বপ্রাণীর প্রতি দয়াবান্, কাম-ক্রোধাদি-বিবর্জ্জিত এবং সতত হরিচিন্তায় নিমগ্ন, জ্ঞানিগণ তাহাকেই মুমুক্ষু বলিয়া থাকেন। হে বিপ্রগণ! পূর্ব্বোক্ত স্তোত্রাদি চতুর্ব্বিধ সাধনা দ্বারা যাহার চিত্ত-শুদ্ধি হইয়াছে, সে, সর্ব্বভূতে দয়াবান্, সর্ব্বব্যাপী, অবিনাশী, পরাৎপর, সনাতন বিষ্ণুকে জ্ঞানবলে জানিতে সমর্থ হয়; কিন্তু সেই জ্ঞান যোগসাধনে উদ্ভূত হইয়া থাকে; অতএব এক্ষণে যোগসাধনের উপায় বলিতেছি, উহাই সংসারবন্ধন মোচনের কারণ। পণ্ডিতগণ, সেই যোগোৎপন্ন জ্ঞানকেই মুক্তিপ্রদ বলিয়া নির্দ্দেশ করেন; তাঁহারা পর ও অপর ভেদে আত্মা দুই প্রকার বলিয়াছেন। অথর্ব্ববেদেও আত্মা দ্বিবিধ এইরূপ উল্লেখ দেখা যায়। পরমাত্মা নির্গুণ, আর অপর অর্থাৎ জীবাত্মা, অহং ইত্যাকার জ্ঞান গুণান্বিত। সেই উভয় আত্মার যে অভেদজ্ঞান, তাহাই যোগ বলিয়া কথিত আছে। পঞ্চভূতময় দেহে যিনি হৃদয় মধ্যে সাক্ষিরূপে বিরাজমান, পণ্ডিতগণ তাঁহাকে অপর অর্থাৎ জীবাত্মা, আর তদ্ভিন্ন যিনি, তাঁহাকে পর অর্থাৎ পরমাত্মা কহিয়া থাকেন। দেহের নাম ক্ষেত্র এবং জীবাত্মা সেই দেহ মধ্যে অবস্থিত, এজন্য তাঁহার অপর একটী নাম ক্ষেত্রজ্ঞ; আর যিনি পরমাত্মা, তিনি অব্যক্ত, নির্ম্মল ও পরিপূর্ণ অর্থাৎ সর্ব্বব্যাপী। হে মুনিপুঙ্গবগণ! মানব-গণের যখন ঐ জীবাত্মা ও পরমাত্মাতে অভেদবুদ্ধি উৎপন্ন হয়, তখনই মায়াপাশ ছিন্ন হইয়া থাকে। শুদ্ধ অবিনাশী নিত্য এক পরমাত্মা ভিন্ন জগতে আর কিছুই নাই; কেবলমাত্র মানবগণের জ্ঞানভেদেই বিভিন্ন বলিয়া লক্ষিত হন। বেদান্ত শাস্ত্রে সনাতন পরম ব্রহ্ম, 'একমেবাদ্বিতীয়ং' এইরূপ অভিহিত আছে; অতএব হে দ্বিজগণ! জগতে ব্রহ্ম ভিন্ন আর কিছুই নাই। সেই নির্গুণ পরমাত্মার কোনরূপ কার্য্য নাই, রূপ নাই, বর্ণ নাই এবং কর্ত্তৃত্ব বা ভোক্তৃত্বাদি কিছুই নাই। তিনি পরম তেজোময় এবং নিখিল কারণের কারণ, তদ্ভিন্ন কোন পদার্থই নাই, সুতরাং ব্রহ্মজ্ঞান ভিন্ন আর মুক্তির কারণ কি হইতে পারে? হে দ্বিজগণ! মহদাদি শব্দব্রহ্মময়, এজন্য মহদাদি জ্ঞান হইলেই মোক্ষসাধক পরম জ্ঞান প্রাপ্ত হওয়া যায়। উক্ত মহদাদি জ্ঞান না হইলেই জগৎ বিবিধরূপে দৃষ্ট হয়; কিন্তু পরমজ্ঞানিগণের চক্ষে ইহা এক ব্রহ্ম বলিয়াই পরিদৃশ্যমান হইয়া থাকে। পরমানন্দ

পরাৎপর এক ব্রহ্মই নিখিল পদার্থ, তিনি এক হইলেও বিজ্ঞানভেদে বহুরূপে প্রতীত হন। হে বিপ্রসত্তমগণ! মায়াবদ্ধ মানবগণই মায়াপ্রভাবে পরমাত্মার ভেদ দর্শন করিয়া থাকে। সেই জন্য যোগবলে সেই মায়া অতিক্রম করিবার চেষ্টা করা কর্ত্তব্য। উক্ত মায়া সদ্রূপাও নহে, অসদ্রূপাও নহে এবং সদসৎ উভয়-স্বরূপাও নহে, অথচ তিনি যে কি, তাহাও বলিবার নহে। কেবল এইমাত্র জানিবে, তিনি জীবমাত্রে অবস্থিত থাকিয়া ভেদবুদ্ধি উৎপাদন করিতেছেন। হে মুনিসত্তমগণ! জ্ঞানিগণ মায়াকেই অজ্ঞান বলিয়াছেন, এজন্য যাঁহারা মায়াকে জয় করিতে সমর্থ হইবেন, তাঁহাদিগেরই অজ্ঞান তিরোভূত হইবে। আর পণ্ডিতেরা সনাতন পরম ব্রহ্মের নাম জ্ঞান বলিয়াছেন, সুতরাং যাঁহারা জ্ঞানী, তাঁহাদিগের হৃদয়ে পরমব্রহ্ম অবিরত বিরাজ করিয়া থাকেন। হে বিপ্রগণ! যোগী যোগবলেই অজ্ঞানকে বিনষ্ট করিতে পারেন, কিন্তু অষ্টবিধ অঙ্গ দ্বারাই সেই যোগ সিদ্ধ হয়, এজন্য এক্ষণে অষ্টবিধ যোগাঙ্গের বিষয় নির্দ্দেশ করিতেছি, শ্রবণ করুন। হে মুনিবরগণ! যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি, যথাক্রমে এই আটটী যোগের অঙ্গ। এক্ষণে সংক্ষেপে ইহাদিগের স্বরূপ বর্ণন করিতেছি। অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য, অপরিগ্রহ, অক্রোধ ও অনসূয়া, ইহা 'যম' বলিয়া অভিহিত হইয়া থাকে। তন্মধ্যে সর্ব্বপ্রাণীর পীড়াজনক কার্য্য না করাকেই সাধুগণ যোগসিদ্ধি প্রদায়িনী অহিংসা বলিয়াছেন। হে মুনিশ্রেষ্ঠগণ! ধর্ম্মাধর্ম্ম বিচার করিয়া যে যথার্থ বাক্য বলা হয়, তাহাই সত্য; এক্ষণের অস্তেয়ের বিষয় শ্রবণ করুন। চৌর্য্য বা বল পূর্ব্বক পরদ্রব্য-হরণের নাম স্তেয় এবং তাহার বিপরীত কার্য্য অস্তেয়। সর্ব্বত্র মৈথুন-ত্যাগই ব্রহ্মচর্য্য, উক্ত ব্রহ্মচর্য্য-বিহীন জ্ঞানবান্ ব্যক্তিও পাতকী। সর্ব্বসঙ্গ পরিত্যাগ করিলেও যদি মানব মৈথুনাসক্ত হয়, তাহাকে চণ্ডালের তুল্য সর্ব্ববর্ণের বহির্ভূত জানিবে। যে ব্যক্তি, যোগরত হইয়া ভোগাসক্ততে স্পৃহাযুক্ত, তাহার সহিত সম্ভাষণ মাত্রে মানব-গণের ব্রহ্মহত্যার পাতক হইয়া থাকে। মানব যদি একবার সর্ব্বসঙ্গ-পরিত্যাগ পূর্ব্বক পুনরায় বিষয়াসক্ত হয়, তাহা হইলে যে তাহার সহ বাস করে, তাহার সঙ্গ করিলেও মহা-পাতক দোষে লিপ্ত হইতে হয়। হে মুনিপুঙ্গবগণ! আপৎকালেও কোনরূপ পরদত্ত দ্রব্য গ্রহণ না করার নাম অপরিগ্রহ, উহা যোগসিদ্ধিদায়ক। নিষ্ঠুর বাক্য প্রয়োগ পূর্ব্বক আত্মোৎকর্ষ প্রকাশ করাকে ধর্ম্মবিৎ পণ্ডিতগণ, ক্রোধ বলিয়াছেন এবং ঐ ক্রোধত্যাগই অক্রোধ। অপরের অধিক ধনাদি দর্শনে মনে মনে যে সন্তাপ হয়, সাধুগণ, তাহাকে অসূয়া এবং তাহা না করাকে অনসূয়া বলিয়াছেন। হে বিপ্রগণ! এই আমি আপনাদিগের নিকট সংক্ষেপে যমের বিষয় বলিলাম, এক্ষণে নিয়মের বিষয় বলিতেছি, অবহিত হইয়া শ্রবণ করুন। তপস্যা, স্বাধ্যায়, সন্তোষ, শৌচ, হরিপূজা এবং সন্ধ্যোপাসনা, 'নিয়ম' বলিয়া কীর্ত্তিত আছে। চান্দ্রায়ণাদি দ্বারা শরীরকে যে শুষ্ক করা হয়, বুধগণ তাহাকেই তপস্যা বলিয়াছেন; উহা উৎকৃষ্ট যোগসাধন। প্রণব উচ্চারণ, উপনিষদ্ পাঠ এবং দ্বাদশাক্ষর অষ্টাক্ষর বা পঞ্চাক্ষরাদি মন্ত্রবাক্যের যে জপ, তাহাই উৎকৃষ্ট যোগসাধন স্বাধ্যায়। যে যোগী, মূঢ়তা বশতঃ উক্ত স্বাধ্যায় পরিত্যাগ করে, তাহার কোনক্রমে যোগ-সিদ্ধি লাভ হয় না। যোগ ব্যতীত কেবল স্বাধ্যায়বলেও নিঃসন্দেহ সমুদয় পাপ বিনষ্ট

হইয়া থাকে এবং দেবতাগণও স্বাধ্যায় দ্বারা পূজ্যমান হইলে সুপ্রসন্ন হন। হে বিপ্রেন্দ্রগণ! উক্ত জপ,—বাচিক, উপাংশু ও মানস ভেদে ত্রিবিধ এবং উত্তরোত্তর প্রশস্ত। যাহাতে সম্যক্ স্পষ্টরূপে অক্ষর ও পদ সকল প্রকাশ পায়, এরূপ মন্ত্রোচ্চারণের নাম বাচিক জপ। উহা সর্ব্বযজ্ঞের ফলপ্রদ; পদ বিভাগ করিয়া অস্ফুটস্বরে যে মন্ত্রোচ্চারণ, তাহাই উপাংশুজপ; পণ্ডিতগণ উহাকে বাচনিক জপ অপেক্ষা দ্বিগুণ ফলপ্রদ বলিয়া থাকেন। মনে মনে প্রত্যেক অক্ষরের অর্থ বোধ করত যে মন্ত্রোচ্চারণ করা যায়, যোগসিদ্ধিপ্রদায়ক উহাই মানস জপ বলিয়া কথিত আছে। প্রতিদিন জপ দ্বারা দেবগণকে স্তুতি করিলে, তাঁহারা প্রসন্ন হইয়া থাকেন, এজন্য যে ব্যক্তি, স্বাধ্যায় পরায়ণ, তাহার সমুদয় মনোরথ সিদ্ধ হয়। যদৃচ্ছালাভে আনন্দানুভব করাকেই সন্তোষ বলিয়াছেন। যে মানব সন্তোষ-বিহীন, সে সকল ধর্ম্মসম্পদ্ লাভ করিতে পারে না। ভোগ্য বস্তুর উপভোগে ভোগলালসা কখন শান্ত হয় না, বরং, 'কবে আবার ইহার অধিক লাভ করিব?' এইরূপে বর্দ্ধিত হইতে থাকে। অতএব যে ব্যক্তি ধর্ম্মপরায়ণ, তাহার শরীরশোষক ভোগাভিলাষ পরিত্যাগ পূর্ব্বক যদৃচ্ছালাভে সন্তুষ্ট হওয়াই কর্ত্তব্য। পূর্ব্বোক্ত শৌচ দুই প্রকার, বাহ্য ও আভ্যন্তর। মৃত্তিকা ও জল দ্বারা বাহ্যশৌচ এবং ভাবশুদ্ধি হইলেই আভ্যন্তর শৌচ হইয়া থাকে। হে মুনিবরগণ! উক্ত অন্তঃশুদ্ধি বিহীন হইয়া যে সকল বিবিধ কার্য্যের অনুষ্ঠান করা যায়, ভস্মাহুত ঘৃতবৎ তৎসমস্তই বিফল হয়। যেহেতু ভাবশুদ্ধিবিহীন মানবগণের নিখিল কার্য্যই নিষ্ফল, সেই হেতু রাগদ্বেষাদি পরিহার পূর্ব্বক শুচী হওয়া উচিত। যাহার অন্তঃকরণ অবিশুদ্ধ, সে যদি সহস্র সহস্র ভার মৃত্তিকা এবং কোটি কোটি কুম্ভ জল দ্বারা বাহ্য শৌচ সম্পাদন করে, তথাপি সে চণ্ডাল মধ্যে পরিগণিত। অন্তঃশুদ্ধিশূন্য হইয়া দেবপূজা করিলে সেই দেবতাই তাহাকে বিনষ্ট করিয়া থাকেন এবং সে দেহাবসানে নরকগামী হয়। হে দ্বিজোত্তমগণ! যে ব্যক্তি অন্তঃশুদ্ধি-বিহীন হইয়া বাহ্যশুদ্ধি করে, সে অলঙ্কৃত সুরাভাণ্ডের ন্যায় প্রতীয়মান হইয়া থাকে। হে বিপ্রেন্দ্রগণ! নদী সকল যেমন সুরা-ভাণ্ডকে পবিত্র করিতে অক্ষম, সেইরূপ অন্তঃশুদ্ধি-বিহীন হইয়া তীর্থযাত্রা করিলেও তীর্থ সকল তাহাকে পবিত্র করিতে পারে না। হে মুনিপুঙ্গবগণ! যে ব্যক্তি, বাক্যে ধর্ম্ম প্রকাশ এবং মনে মনে পাপ ইচ্ছা করে, তাহাকে পরম পাতকী জানিবেন। যাহারা অন্তঃশুদ্ধি করিয়াছে, তাহারা যৎকিঞ্চিৎ ধর্ম্মানুষ্ঠান করিলেই তাহার ফল অক্ষয় সুখ-জনক হইয়া থাকে। কর্ম্ম, মন, বাক্য, স্তুতি, স্মরণ ও পূজাদি দ্বারা যাহার হরিভক্তি দৃঢ় হইয়াছে, তাহারই প্রকৃত হরিপূজা হইয়া থাকে। এই আমি আপনাদের নিকট যম ও নিয়মের বিষয় সংক্ষেপে কীর্ত্তন করিলাম। যাহাদিগের চিত্ত যমাদি দ্বারা পরিশুদ্ধ হইয়াছে, জ্ঞানিগণ, মোক্ষকে তাহাদিগের করতলগত বলিয়া থাকেন। যম নিয়ম দ্বারা যাহার বুদ্ধি, স্থির ও ইন্দ্রিয় সকল বশীভূত হইয়াছে, সেই সত্তম যোগসাধন আসন অভ্যাস করিবে। পদ্মাসন, স্বস্তিকাসন, পীঠাসন, সৌরাসন, কৌঞ্জরাসন, কৌর্ম্মাসন, বজ্রাসন, বারাহাসন, মৃগাসন, চৈলিকাসন, ক্রৌঞ্চাসন, নালিকাসন, সর্ব্বতোভদ্রাসন, বৃষভাসন, নাগাসন, মৎস্যাসন, ব্যাঘ্রাসন, অর্দ্ধচন্দ্রাসন, দণ্ডাসন, তার্ক্ষ্যাসন, শৈলাসন, খড়্গাসন, মুদ্গরাসন, মকরাসন, ত্রৈপথাসন, কাষ্ঠাসন, স্থাণ্বাসন, বৈকর্ণিকাসন,

ভৌমাসন ও বীরাসন। মুনিশ্রগণ! এই যে আমি আপনাদিগের নিকট যোগসাধন-কারণ ত্রিংশৎ প্রকার আসনের নামোল্লেখ করিলাম; মানব, গুরুভক্তি-পরায়ণ ও রাগ-দ্বেষাদি-শূন্য হইয়া নির্জ্জন প্রদেশে পূর্ব্বাস্যে, উত্তরাস্যে কিংবা পশ্চিমাস্যে ইহার মধ্যে যে কোন প্রকার আসন বন্ধন পূর্ব্বক নিঃশব্দে ক্রমে ক্রমে প্রাণায়াম করিতে অভ্যাস করিবে। প্রাণ শব্দে শরীরস্থ বায়ু এবং আয়াম শব্দে তাহার জয়; ঐ কার্য্যে শরীরস্থ বায়ুর জয় হয় বলিয়াই উহার নাম প্রাণায়াম। ঐ প্রাণায়াম দুই প্রকার,—অগর্ভ ও সগর্ভ। অগর্ভ হইতে সগর্ভ শ্রেষ্ঠ বলিয়া কথিত আছে। জপ ধ্যান ব্যতীত যে প্রাণায়াম, উহা অগর্ভ, আর জপধ্যানযুক্ত হইলেই সগর্ভ। মনীষিগণ, উক্ত দ্বিবিধ প্রাণায়ামকে রেচকপূরক, কুম্ভক ও শূন্যক ভেদে চারি প্রকার বলিয়াছেন। প্রাণিগণের দক্ষিণভাগে পিঙ্গলা নামে এক নাড়ী আছে, উহার অধিষ্ঠাত্রী দেবতা সূর্য্য এবং উহা পিতৃযোনি বলিয়া কথিত হয়। আর বামভাগে ইড়া নাম্নী যে নাড়ী, তাহার অধিষ্ঠাত্রী দেবতা চন্দ্র এবং সেই নাড়ী দেবযোনি বলিয়া প্রসিদ্ধা। উক্ত উভয় নাড়ীর মধ্যে সুষুম্না নাড়ী, তাহা অতি সূক্ষ্ম ও গুহ্যতম জানিবেন। তাহার অধিষ্ঠাত্রা ব্রহ্মা। মানবগণ প্রাণায়ামকালে বামপার্শ্ববর্ত্তী ইড়া নাড়ী দ্বারা বায়ু রেচন করিবে, তজ্জন্য তাহার নাম রেচক এবং দক্ষিণপার্শ্ববর্ত্তী পিঙ্গলা নাড়ী দ্বারা শরীর মধ্যে বায়ু পূরণ করিবে, সেই কারণেই তাহার নাম পূরক। এইরূপে স্বীয় শরীর-পূরিত বায়ুকে নিগ্রহ করত ত্যাগ না করিয়া পূর্ণ কুম্ভের ন্যায় অবস্থান করিবে। তৎকালে মানবকে কুম্ভবৎ দৃষ্ট হয় বলিয়াই উহার নাম কুম্ভক। বহিঃস্থিত বায়ুকে শরীর মধ্যে গ্রহণ ও অন্তঃস্থিত বায়ুকে বহির্নিঃসারণ না করিয়া কেবল শূন্যবৎ অবস্থানকেই শূন্যক নামক প্রাণায়াম কহে জানিবেন। মদমত্ত মাতঙ্গকে যেরূপ ক্রমে ক্রমে স্বায়ত্ত করিতে হয়, সেইরূপ প্রাণবায়ুকেও ক্রমে ক্রমে জয় করা কর্ত্তব্য; তাহা না করিলে সাঙ্ঘাতিক পীড়া উপস্থিত হইয়া থাকে। যোগিগণ ক্রমে ক্রমে প্রাণবায়ু অবরোধপূর্ব্বক নিষ্পাপ হইয়া ব্রহ্মপদ প্রাপ্ত হন। হে মুনীশ্বরগণ! বিষয়াসক্ত ইন্দ্রিয়-নিচয়কে আকর্ষণপূর্ব্বক নিগ্রহ করার নাম 'প্রত্যাহার।' হে দ্বিজগণ! যে সকল মহাত্মা, ইন্দ্রিয়গণকে জয় করিতে পারিয়াছেন, তাঁহারা ধ্যানশূন্য হইলেও পরম পদ প্রাপ্ত হইয়া থাকেন; তাঁহাদিগকে আর পুনরায় সংসারে আসিতে হয় না। কিন্তু যে ব্যক্তি ইন্দ্রিয়-নিচয়কে বশীভূত না করিয়া ধ্যাননিমগ্ন হয়, তাহাকে নিতান্ত মূঢ় জানিবেন; কস্মিন্-কালেও তাহার জ্ঞানোদয় হয় না। যাবতীয় দৃশ্য বস্তুকেই আত্মবৎ ও আত্মাতেই অবস্থিত এইরূপ দর্শন করত, ইন্দ্রিয়সমূহকে আহরণপূর্ব্বক হৃদয় মধ্যে যে ধারণ, তাহাকেই 'ধারণা' বলিয়াছেন। জিতেন্দ্রিয় যোগিগণ হৃদয়াভ্যন্তরে ইন্দ্রিয়নিচয়কে দৃঢ়রূপে ধারণ করিয়া, যিনি সকলের আধার, অবিনাশী, বিশ্বাত্মক, সর্ব্বলোকৈককারণ এবং পরাৎপর; যাঁহার নয়নযুগল বিকসিত-পদ্মপলাশবৎ শোভমান, কর্ণদ্বয় মনোহর রত্নকুণ্ডলে বিভূষিত এবং বক্ষঃস্থল শ্রীবৎসচিহ্নে অঙ্কিত; যিনি অষ্টদল হৃৎপদ্ম মধ্যে দ্বাদশাঙ্গুলরূপে বিরাজ করিতেছেন; সুরাসুরগণ সতত যাঁহাকে নমস্কার করিয়া থাকেন এবং যিনি সর্ব্বাধ্যক্ষ, এবংবিধ পরমাত্মা পরমেশ্বর বিষ্ণুকে হৃদয় মধ্যে অবিরত এইরূপে ধ্যান করিবেন। সংযত-চিত্ত মানবগণের একতানতাকে সাধুগণ 'ধ্যান' বলিয়া নির্দ্দেশ করেন। মানব মুহূর্ত্তকাল

মাত্র এইরূপ ধ্যান করিতে পারিলে মোক্ষপদ লাভ করিয়া থাকে। কেবলমাত্র এক ধ্যান-বলেই নিখিল পাপপুঞ্জ বিনষ্ট হয়, মোক্ষপদপ্রাপ্তি হয়, ভগবান্ হরি প্রসন্ন হন এবং সর্ব্বাভীষ্ট সিদ্ধ হইয়া থাকে। প মাত্মা মহাবিষ্ণুর সর্ব্ব প্রকার রূপের ধ্যান করিলে তিনি পরিতুষ্ট হইয়া মোক্ষপদ দান করেন। হে সাধুগণ! ধ্যেয়বস্তুতে চিত্ত এইরূপ স্থির রাখিবে যে, যাহাতে ধ্যান ধ্যেয় ও ধ্যাতৃভাব বিনষ্ট হয়, অর্থাৎ তিনের পার্থক্য না থাকে। অনন্তর এইরূপে জ্ঞানামৃত সেবনে মোক্ষলাভ হইয়া থাকে। বস্তুতঃ নিরন্তর ঐরূপ ধ্যান করিতে পারিলে অভেদবুদ্ধি উৎপন্ন হয়। সুষুপ্তি অবস্থার স্থায় ইন্দ্রিয়জ্ঞানশূন্য হইয়া বায়ুবিহীন প্রদেশে অবস্থিত দীপশিখার তুল্য নিশ্চলভাবে অবস্থানকেই জ্ঞানিগণ 'সমাধি' বলিয়াছেন। তৎকালে যোগিগণ সর্ব্বপ্রকার উপাধিশূন্য এবং নিশ্চল পরিপূর্ণ আত্মরূপ হইয়া সর্ব্বদা পূর্ণানন্দ উপভোগ করিতে থাকেন। তখন তাঁহাদিগের দর্শন, স্পর্শন, শ্রবণ, আঘ্রাণ প্রভৃতি কোনরূপ ইন্দ্রিয়-কার্য্যই থাকে না; কেবলমাত্র হৃদয় মধ্যে সর্ব্ববিধ-উপাধি-বর্জ্জিত সচ্চি-দানন্দরূপী নির্ম্মল নিশ্চল পরিশুদ্ধ আত্মাই বিরাজ করিয়া থাকেন। আত্মা নির্গুণ হইলেও অজ্ঞানতা বশতই সগুণ বলিয়া বোধ হয়। পুনরায় যখন অজ্ঞানান্ধকার দূরীভূত হইয়া যায়, তখন তিনি পূর্ব্ববৎ বিরাজ করেন। পরমজ্যোতির্ম্ময় অমেয় আত্মা মায়িগণের নিকটেই মায়াবানের স্থায় প্রতীত হইয়া থাকেন এবং মায়াপাশ খণ্ডিত হইলেই যে নির্ম্মল ব্রহ্ম, সেই নির্ম্মল ব্রহ্মই থাকেন। হে পণ্ডিতগণ। সেই নিরঞ্জন নির্ম্মল জ্যোতির্ম্ময় আত্মা একমেবাদ্বিতীয়ম্। তিনি সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতম, মহৎ হইতেও মহত্তম, পরাৎপর, পরম পবিত্র, সনাতন, অখিল বিশ্বের কারণ এবং সর্ব্বভূতের অন্তর্যামী। সেই অনাদি পুরাণ পুরুষ, অকারাদি ক্ষকারান্ত বর্ণভেদে অবস্থিতি করত শব্দব্রহ্ম বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন। পঞ্চভূতময় দেহ-মধ্যে যিনি অন্তঃকরণের সহিত বিরাজ করিতেছেন, তিনিই সেই দেব পুরাণ পুরুষ পরমাত্মা। যিনি নিত্য নির্ম্মল পরিপূর্ণ আনন্দময়; যাঁহার কখন বার্দ্ধক্য বা বিনাশ নাই; যিনি আকাশবৎ সর্ব্বব্যাপী, বাক্য ও মনের অগোচর; বিশ্বের আধার ও পরম জ্যোতির্ম্ময়; যাঁহার সূক্ষ্মাতিসূক্ষ্ম অংশ হইতে ব্রহ্মা বিষ্ণু এবং মহেশ্বর প্রাদুর্ভূত হইয়া সৃষ্টি স্থিতি প্রলয় করিতেছেন; যোগিগণ হৃৎকমল মধ্যে অবিরত যাঁহাকে নিরীক্ষণ করিয়া থাকেন; তিনিই সেই অনাদি অনন্ত অজর অবিকারী নিত্য নির্ম্মল পরম ব্রহ্ম বলিয়া কীর্ত্তিত হন। হে ঋষিসত্তমগণ! এক্ষণে অন্যবিধ ধ্যানের বিষয় কীর্ত্তন করি-তেছি, শ্রবণ করুন। যে সকল মনুষ্যের হৃদয় সংসারের ত্রিতাপে অনুক্ষণ সন্তপ্ত, তাহা-দিগের পক্ষে উহা সুধাবর্ষণতুল্য। মানবগণ হৃদয় মধ্যে অর্দ্ধমাত্রা-পরিস্থিত পরমানন্দময় অনুপম নাদরূপী প্রণব-সংস্থিত নারায়ণকে নিরন্তর চিন্তা করিবে। প্রণবান্তর্গত অকার ব্রহ্ম, উকার বিষ্ণু, মকার রুদ্র, অর্দ্ধমাত্রা পরমাত্মা এবং ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই দেবত্রয়ই উহার মাত্রাস্বরূপ। হে বিপ্রগণ! উক্ত অকারাদি বর্ণসমুচ্চয় যে প্রণব, উহা পরম ব্রহ্মস্বরূপ জানি-বেন। শাস্ত্রে উক্ত আছে, পরমব্রহ্ম বাচ্য ও প্রণব বাচক। হে দ্বিজগণ! পরমব্রহ্ম ও প্রণবের বাচ্য-বাচকত্ব সম্বন্ধ উপচারমাত্র। যাহারা ঐ নিত্য পরমব্রহ্মস্বরূপ প্রণব জপ করে, তাহারা সর্ব্বপাপ হইতে মুক্ত হয় এবং যাহারা অনুক্ষণ জপাভ্যাস করে, তাহাদিগের

পরম মোক্ষপদ লাভ হইয়া থাকে। জপকালে অন্তর্মধ্যে কোটিসূর্য্যসমপ্রভ ব্রহ্ম-বিষ্ণু-শিবাত্মক নির্ম্মল নিত্য পরম জ্যোতির্ম্ময় ব্রহ্মকে চিন্তা করিবে কিংবা শালগ্রাম শিলা বা প্রতিমা অথবা যে যে বস্তু পাপনাশক, তাহার চিন্তা করা কর্ত্তব্য। হে মুনীশ্বরগণ! এই যে আমি, আপনাদিগের সন্নিধানে বিষ্ণুবিষয়ক জ্ঞানের কথা উল্লেখ করিলাম, যোগীন্দ্রগণ এই জ্ঞানে অত্যুত্তম মোক্ষপদ লাভ করেন। যাহারা একাগ্রচিত্তে এই পবিত্র আখ্যান শ্রবণ করে, তাহারা অখিল পাপরাশি অতিক্রমপূর্ব্বক হরিসারূপ্য প্রাপ্ত হইয়া থাকে।

একত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩১ ॥

দ্বাত্রিংশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে মহামুনে! আপনি যোগের অঙ্গ সকলও কীর্ত্তন করিলেন। এক্ষণে যে বিষয় জিজ্ঞাসা করিতেছি, তদ্বিষয় প্রকাশ করুন। হে সর্ব্বজ্ঞ! আপনি কহিলেন, যাঁহারা হরির প্রতি ভক্তিমান্, তাঁহারাই যোগসিদ্ধি লাভ করিয়া থাকেন। অতএব হে কৃপাসাগর সূত! সর্ব্বেশ্বর দেবদেব জনার্দ্দন যেরূপে প্রসন্ন হন, তাহার উপায় বলুন। সূত কহিলেন,—হে মুনিপুঙ্গবগণ! পূর্ব্বে কোন সময়ে সনৎকুমার, দেবর্ষি নারদকে এই বিষয় জিজ্ঞাসা করায় তিনি তাঁহাকে যাহা কহিয়াছিলেন, আপনারা সেই বাক্যামৃত পান করুন। হে ঋষিগণ! যদি মোক্ষপদ বাঞ্ছা করেন, তাহা হইলে সেই সচ্চিদানন্দময় দেবদেব নারায়ণের পূজা করুন। যে মানব বিষ্ণুপরায়ণ, তাহাকে কি রিপুগণ কি গ্রহগণ, কেহই কোনরূপ ক্লেশদানে সমর্থ হয় না এবং রাক্ষসগণও তাহাকে ভক্ষণ করিতে অপারক। যে ব্যক্তি দেবদেব জনার্দ্দনের প্রতি দৃঢ় ভক্তিমান্, তাহার সর্ব্বপ্রকার শ্রেয়োলাভ হইয়া থাকে; এজন্য হরিভক্তই সর্ব্বশ্রেষ্ঠ। পুরুষ, যে পদদ্বয়ে কৃষ্ণমন্দিরে গমন করে, সেই চরণদ্বয়ই সার্থক। যে ভুজযুগল হরিপূজায় নিরত, তাহাই ভাগ্যশালী। যে লোচনদ্বয়, জনার্দ্দনকে নিরীক্ষণ করিতে পারে, তাহাই সার্থক এবং যে জিহ্বায় নিরন্তর হরিনাম উচ্চারিত হয়, সাধুগণ সেই জিহ্বাকেই প্রকৃত জিহ্বা বলিয়া থাকেন। আমি হস্ত উত্তোলন করত ত্রিসত্য পূর্ব্বক বলিতেছি, বেদ অপেক্ষা শ্রেষ্ঠ শাস্ত্র এবং কেশব অপেক্ষা শ্রেষ্ঠদেব আর কেহই নাই। পুনঃপুনঃ সত্য, হিতকর ও সারগর্ভ বাক্য বলিতেছি, এই অসার দগ্ধ সংসার মধ্যে কেবলমাত্র হরি-পূজাই সার। মানব, হরিভক্তিরূপ কুঠারাঘাতে মহামোহজনক সুদৃঢ় সংসারপাশ ছেদন পূর্ব্বক পরম সুখী হইয়া থাকে। যাহার চিত্ত সতত হরিধ্যানে নিমগ্ন, তাহাই প্রকৃত চিত্ত; যে বাক্য হরিবিষয়ক, তাহাই প্রকৃত বাক্য এবং যে কর্ণযুগল, হরিকথাশ্রবণ রূপ সার বস্তুতে পরিপূর্ণ, তাহাই সকলের প্রশংসনীয়। হে ঋষিসত্তমগণ! আপনারা, নিরন্তর সেই সুরগণের পূজনীয়, আনন্দময়, আকাশমধ্যবর্ত্তী, অবিনাশী, নির্ম্মল দেব কেশবকে অর্চ্চনা করুন। তিনি কোথায় আছেন এবং কি প্রকার, তাহা কোন ক্রমেই

কেহ নির্দ্দেশ করিতে সক্ষম নহেন। হে মুনিশার্দ্দূলগণ! যাহারা অজিতাত্মা, তাহারা কোন প্রকারেই তাঁহাকে সন্দর্শন করিতে পায় না। সেই পরমাত্মা পরমেশ্বরের স্বরূপ কেহই বিদিত নহে। তাঁহার কোন প্রকার ইন্দ্রিয় না থাকিলেও তিনি নিখিল ইন্দ্রিয়কার্য্য করিয়া থাকেন; পুণ্য বা পাপ তাঁহার কিছুই নাই; তিনি সর্ব্বোপাধি-বিবর্জ্জিত অনিন্দ ও নির্গুণ। জ্ঞানিগণ, সেই পরম অক্ষয় দেবকে সুদর্শন ন্যায় নির্লিপ্তভাবে অবস্থিত বলিয়া কীর্ত্তন করেন। হে বিপ্রেন্দ্রগণ! চরাচর-জগন্মাত্মক এই জগৎ বিদ্যুতের ন্যায় ক্ষণভঙ্গুর জানিয়া সেই জনার্দ্দনকে অর্চ্চনা করুন। যে ব্যক্তি হিংসা, স্তেয় ও সঙ্গবিবর্জ্জিত এবং সত্য ও ব্রহ্মচর্য্য পরায়ণ, জগদীশ্বর হরি, তাঁহার প্রতিই প্রসন্ন হইয়া থাকেন। যে মানব সর্ব্বপ্রাণীর প্রতি দয়াবান্, বিষ্ণুপূজাপরায়ণ, পিতা মাতার শুশ্রূষাকারী; ভগবান্ জনার্দ্দন তাহার প্রতি প্রীত হন। যাহার চিত্ত সৎকথায় সন্তুষ্ট, যে ব্যক্তি সতত সদ্বাক্য ব্যবহার করে এবং সত্যবাদী ও অহঙ্কারবিহীন; ভগবান্ পরমেশ্বর তাহার প্রতি প্রীত হইয়া থাকেন। যে মানব ক্ষুধা, তৃষ্ণা বা কোন বিষয়ে কোনরূপ স্খলন হইলেই হরিনাম উচ্চারণ করিয়া থাকে, ভগবান্ কেশব তাহার প্রতি প্রসন্ন হন। যে রমণী পতিপ্রাণা ও পতিপূজাপরায়ণা, মধুকৈটভারি জগন্নাথ হরি, তাহার প্রতি প্রীত হইয়া থাকেন। যে ব্যক্তি অসূয়া ও অহঙ্কারশূন্য এবং অনুক্ষণ দেবপূজায় আসক্ত, ভগবান্ কেশব তাহার প্রতি প্রসন্ন হন। অতএব, হে ঋষিগণ! যাহার মৃত্যু অবশ্যম্ভাবী, ঈদৃশ শরীর বিদ্যুদ্বৎ ক্ষণস্থায়ী; জীবন অতিচঞ্চল, ধন নৃপতি ও তস্করাদির গ্রাহ্য এবং সম্পদ্ ক্ষণভঙ্গুর জানিয়া অহঙ্কার পরিহার পূর্ব্বক অবিরত সেই ভগবান হরির পূজায় নিযুক্ত হউন। হে মানবগণ! তোমরা কি দেখিতেছ না যে, তোমাদিগের আয়ুর অর্দ্ধকাল নিদ্রায় গত এবং ভোজনাদি কার্য্য, বাল্য, বার্দ্ধক্য ও বিষয়ভোগে কি পরিমাণে বৃথা অতিবাহিত হইতেছে? তাই বলি, কবে আর ধর্ম্মানুষ্ঠান করিবে? বাল্যে বা বৃদ্ধাবস্থায় হরিসেবার সম্ভব নাই, অতএব যৌবন থাকিতে অহঙ্কারশূন্য হইয়া ধর্ম্মানুষ্ঠানে রত হও। হে মানবগণ! সংসারগর্ত্তে নিমগ্ন হইয়া বৃথা সময়ক্ষেপ করিও না। পরম আপদের নিলয়, মলাদি-দূষিত ব্যাধিমন্দির এই শরীর যখন অবশ্যই অচিরস্থায়ী, তখন কিজন্য সর্ব্বদা স্থিরচিত্তে পাপানুষ্ঠান করিতেছ? নানা ক্লেশময় এই অসার সংসারে কাহাকেই বিশ্বাস করা কর্ত্তব্য নহে, ইহা অবশ্যই একদিন বিলীন হইবে। হে ঋষিগণ! আমি সত্য বলিতেছি, এই শরীর অচিরস্থায়ী, এজন্য ভগবান্ জনার্দ্দনকেই সতত পূজা করা বিধেয়। মানবগণের অভিমানই সর্ব্বনাশের মূল, অতএব উহা পরিত্যাগ পূর্ব্বক কাম-ক্রোধাদিশূন্য হইয়া অনুক্ষণ শ্রীকৃষ্ণের আরাধনা করুন; কারণ, মনুষ্যজন্ম অতি দুর্লভ। হে সাধু সকল! কোটি কোটি জন্মে স্থাবরাদি যোনিতে ভ্রমণ পূর্ব্বক অতি কষ্টে কাহারও মনুষ্যত্ব লাভ হইয়া থাকে, তন্মধ্যে মানবগণের জন্মান্তরীয় তপস্যার ফলে দেবতার্চ্চনে জ্ঞানার্জ্জনে ও যোগসাধনে মতি হয়। দুর্লভ মানব দেহ ধারণ করিয়া যে ব্যক্তি একবারও হরিপূজা না করে, তদপেক্ষা আর অজ্ঞান মূর্খ কে আছে? যাহারা দুর্লভ মনুষ্যত্ব প্রাপ্ত হইয়াও হরির অর্চ্চনায় বিমুখ হয়, সেই সকল মূর্খের আর বিবেকশক্তি কোথায়? হে বিপ্রগণ! যখন জগন্নাথ হরি আরাধিত হইলেই অভিমত ফল প্রদান করিয়া

থাকেন, তখন কোন্ ব্যক্তি সংসারানলে সন্তপ্ত হইয়াও তাঁহাকে পূজা না করিবে? বিষ্ণুভক্তি থাকিলে রাগ-দ্বেষবিহীন চণ্ডালও মুনি ও বিপ্রগণের অপেক্ষা শ্রেষ্ঠ হয় এবং ব্রাহ্মণও যদি বিষ্ণুভক্তিবিহীন হয়, তবে সেও চণ্ডালের অধম হইয়া থাকে। অতএব কামাদি পরিত্যাগ পূর্ব্বক অব্যয় হরির সেবায় নিযুক্ত হইন; কারণ তিনি সর্ব্বময়, সুতরাং তিনি সন্তুষ্ট হইলেই সমুদয় জগৎ সন্তুষ্ট হইবে। যেমন হস্তীর পদচিহ্ন মধ্যে সর্ব্বপ্রাণীরই পদচিহ্ন বিলীন হয়, সেইরূপ সমুদয় চরাচরই ভগবান্ বিষ্ণুতে বিলয় প্রাপ্ত হইয়া থাকে। আকাশ যেরূপ এই নিখিল-চরাচর-বিশ্বব্যাপক, ভগবান্ হরিও সেইরূপ স্থাবরজঙ্গমাত্মক বিশ্বব্যাপী রূপে বিরাজ করিতেছেন। মানবগণের জন্মের নিমিত্তই মরণ এবং মরণের নিমিত্তই জন্ম হইয়া থাকে। ঐ জন্ম মৃত্যুই বিষম সঙ্কট, তাহা কেবল এক হরি-সেবাতেই খণ্ডিত হয়। ভগবান্ জনার্দ্দনকে ধ্যান, স্মরণ, স্তুতি বা নমস্কার করিলেই সংসারবন্ধন বিচ্ছিন্ন হইয়া থাকে; অতএব কোন্ ব্যক্তি না তাঁহাকে পূজা করিবে? হে বিপ্রেন্দ্রগণ! যাঁহার নামোচ্চারণ মাত্রে মহাপাতক তিরোহিত এবং যাঁহাকে অর্চনা করিলে মোক্ষপদ লাভ হইয়া থাকে, হে দ্বিজগণ! ঈদৃশ হরিনাম থাকিতে যে, মানবগণ, বারংবার সংসারযন্ত্রণা ভোগ করে, ইহা অপেক্ষা আর আশ্চর্য্যের বিষয় কি আছে? তপোধনগণ! আমি ভূয়োভূয়ঃ সত্য করিয়া বলিতেছি, মানবগণের যে পর্য্যন্ত না ইন্দ্রিয়বৈকল্য ও ব্যাধিক্লেশ উপস্থিত হয়; যে পর্য্যন্ত না তাহারা ধর্ম্মাচরণে অসমর্থ এবং যমকিঙ্করের করতলগত হয়; যদি মোক্ষপদের অভিলাষ থাকে, তবে তাবৎকাল হরিপূজা করা সর্ব্বতোভাবে বিধেয়। নিখিল প্রাণীই মাতৃগর্ভ হইতে নিষ্ক্রান্ত হইবামাত্র মৃত্যুর করাল কবলে পতিত হইয়াছে বলিয়া জানিবে, এজন্য ধর্ম্মার্জ্জনে রত হওয়াই কর্ত্তব্য। হায় কি কষ্টের বিষয়! এই কলেবর একদিন নিঃসন্দেহ বিনষ্ট হইবে, অতএব হে বিপ্রেন্দ্রগণ! সেই অবিনশ্বর ভগবানের আরাধনা করুন। আমি বাহু উত্তোলনপূর্ব্বক ত্রিসত্য করত কহিতেছি, দম্ভাচার পরিহার করিয়া চক্রপাণির সেবায় নিযুক্ত থাকুন। হে জ্ঞানিগণ! আমি পুনরায় হস্ত উত্তোলন করিয়া বারংবার হিতবাক্য বলিতেছি, সর্ব্বতোভাবে ভগবান্ বিষ্ণুর পূজায় নিরত হউন এবং অসূয়া ও অধীরতা প্রভৃতিকে পরিত্যাগ করুন। ক্রোধ মানবগণের মনস্তাপের মূল, সংসার-বন্ধনের হেতু এবং ধর্মক্ষয়ের সাধক; অতএব এবংবিধ ক্রোধ পরিত্যাগ করিবে। জন্মগ্রহণের মূল কারণ কাম, কাম হইতে পাপের উদ্ভব এবং কামই যশঃক্ষয়কর; এজন্য ঈদৃশ কামকে পরিত্যাগ করা কর্ত্তব্য। মাৎসর্য্য, অখিল দুঃখের কারণ এবং নরকের সাধন বলিয়া কথিত আছে; একারণ, তাহা পরিত্যাগ করা সর্ব্বতোভাবে বিধেয়। মমতা মানবগণের বন্ধ ও মোক্ষ উভয়েরই নিদান, অতএব পরমাত্মাতেই উহা ন্যস্ত করিয়া সুখী হইবে। মানবগণের কি অদ্ভুত ধীরতা! জগদীশ্বর হরি থাকিতে মদমত্ত হইয়া, তাঁহার আরাধনায় বিমুখ! সংসার-সাগরে নিমগ্ন মানবগণ, সকলের বিধানকর্ত্তা, জগন্নাথ হরির সেবা ব্যতীত কিপ্রকারে নিস্তার লাভ করিবে? আমি সত্য সত্যই বলিতেছি, অচ্যুত অনন্ত ও গোবিন্দ এইরূপ নামোচ্চারণে ভীত হইয়া, নিখিলব্যাধি, দূরে পলায়ন করে। যাহারা সতত হে, নারায়ণ! হে জগন্নাথ! হে বাসুদেব! হে জনার্দ্দন! এইরূপ উচ্চারণ করে, তাহারা সর্ব্বত্র

বন্দিত হইয়া থাকে। হে মুনিশ্রেষ্ঠগণ! অধিক কি কহিব? ব্রহ্মাদিদেবগণও অদ্যাপি হরিভক্তগণের প্রভাব বিদিত হইতে পারেন নাই। দুরাত্মাদিগের কি মূর্খতা! তাহারা সর্ব্বদা হৃৎপদ্মাবস্থিত ভগবান্ বিষ্ণুকেও পরিজ্ঞাত হইতে সমর্থ হয় না। ঋষিগণ! শ্রবণ করুন, আমি পুনঃপুনঃ বলিতেছি, যাহারা শ্রদ্ধাবান্, তাহাদিগের প্রতিই ভগবান্ হরি প্রসন্ন হইয়া থাকেন, তিনি বান্ধব বা ধন সম্পত্তিতে প্রীত হন না। যাহাদিগের বিষ্ণুতে ভক্তি আছে, তাহারা জন্ম জন্ম বন্ধুমান্, ধনাঢ্য এবং পুত্রবান্ হইয়া থাকে। এই দেহ, পূর্ব্বজন্মের পাতক হইতেই উৎপন্ন হইয়া পাপ-কর্ম্মেই রত হয়, ইহা বিবেচনা করিয়া, সতত বিষ্ণুপূজায় নিরত হউন। যাহারা হরিপূজায় নিরত, তাহাদিগের বহুল পুত্র, মিত্র, কলত্র, বন্ধু ও সম্পদ্ লাভ হইয়া থাকে। যাহারা ঐহিক ও পারত্রিক সুখ-সম্ভোগ বাসনা করে, তাহাদিগের অনুক্ষণ হরিপূজা করা কর্ত্তব্য এবং পরনিন্দায় বিমুখ হওয়া বিধেয়। দেবদেব জনার্দ্দনে যাহাদিগের ভক্তি নাই, তাহাদিগের জন্মে এবং যাহা সৎপাত্রে বিতরিত না হয়, ঈদৃশ ধনে পুনঃপুনঃ ধিক্। হে দ্বিজগণ! যাহার কলেবর, জন্ম-ক্লেশহারী ভগবান্ হরির উদ্দেশে প্রণত না হয়, তাহা কেবল পাপের আকর জানিবেন। সৎপাত্রে দান না করিয়া যে দ্রব্য রক্ষিত হয়, তাহা যে সর্পরক্ষিত মণির ন্যায় অকল্যাণ-কর, তাহা সর্ব্বলোক-বিদিত। ক্ষণভঙ্গুর মানবগণ, বিদ্যুৎবৎ অস্থায়ী ঐশ্বর্য্যে মত্ত হইয়াই সংসার-পাশহারী বিশ্বেশ্বর হরিকে আরাধনা করিতে বিমুখ হয়। সুর ও অসুর ভেদে সৃষ্টি দ্বিপ্রকার জানিবেন; তন্মধ্যে যাহারা হরিভক্তি-বিহীন, তাহারা আসুরী ও যাহারা হরিভক্তি-পরায়ণ, তাহারা দৈবী সৃষ্টি বলিয়া প্রসিদ্ধ। হে বিপ্রেন্দ্রগণ! সেই জন্যই হরিভক্তি-পরায়ণ মানবগণ, সর্ব্বশ্রেষ্ঠ ও সর্ব্বত্র বিখ্যাত; কারণ হরিভক্তি জগতে অতি দুর্লভ। যাহারা অসূয়া ও কামাদিশূন্য হইয়া, সতত বিপ্রগণের পরিত্রাণেচ্ছু; ভগবান্ কেশব, তাহাদিগের প্রতি প্রসন্ন হইয়া থাকেন। যাহারা সম্মার্জ্জনাদি দ্বারা হরির সেবা এবং সৎপাত্রে দান করিয়া থাকে। তাহাদিগের পরম পদ লাভ হয়; অতএব যাহারা সংসার-তাপে সন্তপ্ত, ভগবান্ হরিই তাহাদিগের পরম গতি; অধিক কি, হরির নাম শ্রবণ মাত্রে মানবগণ পরম পদ-প্রাপ্ত হইয়া থাকে।"

দ্বাত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩২ ॥

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন,—ঋষিগণ! আমি পুনর্ব্বার দেবদেব চক্রপাণির মাহাত্ম্য কীর্ত্তন করিতেছি, উহা পাঠ বা শ্রবণ করিলে তৎক্ষণাৎ পাপরাশি প্রনষ্ট হইয়া থাকে। যে যোগিগণ, যোগবলে পরম শত্রু ইন্দ্রিয়গণকে পরাজয় পূর্ব্বক অহঙ্কারশূন্য হইয়া সত্ত্বগুণ আশ্রয় করিয়াছেন, তাঁহারা, জ্ঞানরূপী অব্যয় হরিকে জ্ঞানরূপে অর্চ্চনা করেন এবং তীর্থস্নান ব্রত দান ও তপস্যাদি দ্বারা যাঁহারা বিশুদ্ধ হইয়াছেন, তাঁহারা, সকলের বিধানকর্ত্তা অচ্যুত হরিকে কর্ম্মযোগে অর্চ্চনা করিয়া থাকেন। লোভ-পরায়ণ কামনাসক্ত অজ্ঞ-

লোকেরাই, জগৎপূজিত হরির অর্চ্চনায় বিমুখ হয় ; সেই সকল মূঢ় নরকীটগণ আপনাদিগকে অজর ও অমর বিবেচনা করে। বৃথা-অহঙ্কার-দূষিত মানবগণই, ক্ষণপ্রভার ন্যায় ক্ষণস্থায়ী ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া সর্ব্বমঙ্গলপ্রদ জগন্নাথ হরিকে পূজা করিতে পরাঙ্মুখ হয়। যাহারা, সতত ভগবান্ হরির চরণকমল-সেবায় নিযুক্ত এবং সকলের প্রতি অনুগ্রহপরায়ণ, ঈদৃশ হরিকর্ম্মনিরত শান্ত কোন কোন মানব কদাচিৎ এই ভূমণ্ডলে জন্ম গ্রহণ করিয়া থাকেন। যে ব্যক্তি, কায়মনোবাক্যে ভক্তিপুরঃসর শ্রীহরির অর্চ্চনা করে, তাহার সর্ব্বলোক হইতে উত্তমোত্তম পরম স্থান লাভ হয়। পণ্ডিতগণ, এই বিষয়ে এক পুরাতন ইতিহাস উল্লেখ করিয়া থাকেন, তাহা পাঠ বা শ্রবণ করিতে পারিলেও অখিল কলুষরাশি দূরীভূত হইয়া যায়। হে বিপ্রগণ! এইক্ষণে, যজ্ঞমালি ও সুমালী বিষয়ক সেই উপাখ্যান শ্রবণ করুন ; উহা শ্রবণ করিলেও অশ্বমেধ-যজ্ঞের ফল হইয়া থাকে। পূর্ব্বকালে রৈবতদেশে দেবমালি নামক কোন এক ব্রাহ্মণ বাস করিতেন। তিনি বেদ-বেদাঙ্গের পারদর্শী, সর্ব্বভূতে দয়াবান্ ও হরিপূজাপরায়ণ ছিলেন। কিন্তু, পুত্র মিত্র ও কলত্রের ভরণ পোষণার্থ দ্রব্যাদ্রব্য প্রভৃতি অপণ্য বস্তুরও বিক্রয় এবং চণ্ডালাদি হইতেও প্রতিগ্রহ করিতেন। অধিক কি, তিনি পত্নীর বাক্যে তপোবিক্রয়, ব্রতবিক্রয় এবং পরার্থ তীর্থ গমন করিতেও বিরত ছিলেন না। বিপ্রগণ! এইরূপে কিছুকাল অতীত হইলে যজ্ঞমালি ও সুমালী নামে পরস্পর তুল্যাকৃতি পরম রূপবান্ পুত্রদ্বয় জন্মগ্রহণ করে। পরে তিনি পুত্রদ্বয়ের প্রতি সাতিশয় স্নেহপরবশ হইয়া তাহাদিগকে ধনার্জ্জনের বিবিধ উপায় শিক্ষা দেন। অনন্তর দেবমালি, বিবিধ উপায়ে যত্নপূর্ব্বক প্রভূত ধন সংগ্রহ করিয়া একদা তাহার পরিমাণ জানিবার জন্য গণনা করিতে আরম্ভ করেন। পরে কোটি কোটি সহস্র সহস্র স্বর্ণমুদ্রা গণনা করিয়া স্বয়ং মনে মনে সাতিশয় আনন্দিত ও আশ্চর্য্যান্বিত হইয়া ভাবিলেন, "আমি ত শত শত অসৎ প্রতিগ্রহ, অপণ্য বিক্রয় এবং তপস্যাবিক্রয়াদি দ্বারা এতাবৎ ধন উপার্জ্জন করিলাম, কিন্তু তথাপি অতিদুঃসহ ধনতৃষ্ণা, অদ্যাপি শান্ত হইল না। আজও সে অসংখ্য সুমেরুতুল্য স্বর্ণরাশি বাঞ্ছা করিতেছে! অতএব হায় কি কষ্ট! ধনতৃষ্ণাই সর্ব্ব প্রকার ক্লেশের নিদান। যাহার ধনতৃষ্ণা আছে, তাহার সমুদয় অভিলষিত বিষয় সিদ্ধ হইলেও পুনরায় অপর বিষয় ত্বরায় লাভ করিবার জন্য সাতিশয় লালসা জন্মিয়া থাকে। কি আশ্চর্য্যের বিষয়, জরাগ্রস্ত ব্যক্তির কেশ দন্ত এবং চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয় সকল জীর্ণ হইলেও ধনলালসা তরুণতা প্রাপ্ত হইয়া থাকে। জরাপ্রভাবে আমার সমুদয় ইন্দ্রিয়ই হীনবল হইয়াছে এবং বলও অপহৃত হইয়াছে, তথাপি এক ধনাশাই প্রবল দেখিতেছি। কি কষ্ট! যাহার ধনাশা আছে, সে, বুদ্ধিমান্ হইলেও মূঢ়মতি ; শান্তস্বভাব হইলেও ক্রোধপরায়ণ এবং বিদ্বান্ হইলেও সকলের নিকট মূর্খ হইয়া থাকে। পুরুষগণের ধনাশা অজেয় শত্রুস্বরূপ, উহার প্রভাবেই বন্ধুতাদির বিচ্ছেদ ঘটিয়া থাকে। জ্ঞানবান্ ব্যক্তি, যদি চিরন্তন সুখ অভিলাষ করেন, তবে, অগ্রে ধনাশা পরিত্যাগ করিবেন। কি বল, কি তেজ, কি যশঃ, কি বিদ্যা, কি শৌর্য্য, কি বৃদ্ধতা এবং কি কুলীনতা ; ধনতৃষ্ণা অতি ত্বরায় সকলকেই বিলুপ্ত করিয়া থাকে। এক আশ্চর্য্য বিষয় উল্লিখিত আছে যে, চাণ্ডালও যদি আশাভিভূত মানবগণের নিকটে কিঞ্চিন্মাত্রও গ্রহণ করে, তাহা হইলে

সে চণ্ডাল অপেক্ষাও অধিক নিকৃষ্ট হয়। যাহারা ধনাশায় অভিভূত, তাহাদিগের অধম সতত শোকাকুল ও মহামোহে আচ্ছন্ন। তাহারা কখনই অবমানাদি দুঃখ অনুভব করিতে পারে না। আশার ঈদৃশ দোষসত্ত্বেও আমি তজ্জন্য বহুক্লেশে এতাবৎ অসংখ্য ধন উপার্জ্জন করিয়াছি। এক্ষণে বার্দ্ধক্য বশতঃ আমার শরীর জীর্ণ এবং বলও বিনষ্ট-প্রায় হইয়াছে, সুতরাং ইহার পর সাদরে পরলোক-সুখের জন্য চেষ্টা পাওয়াই বিধেয়।" হে বিপ্রেন্দ্রগণ! সেই দেবমালি মনে মনে এইরূপ স্থির করত ধর্ম্মপথে প্রবৃত্ত হইয়া তৎক্ষণাৎ সমুদয় স্বোপার্জ্জিত ধন চারি অংশে বিভাগ করিয়া অর্দ্ধেক হেতু স্বয়ং ভাগদ্বয় গ্রহণ পূর্ব্বক পুত্রদ্বয়কে অপর দুইভাগ প্রদান করিলেন। অনন্তর সঞ্চিত স্বীয় পাপরাশির শান্তির জন্য প্রভূত দেবালয়, উদ্যান, তড়াগাদি, প্রতিষ্ঠা করিয়া গঙ্গাতীরে সতত অন্নাদি দান করিতে লাগিলেন। হরিভক্তিমান্ দেবমালি, এইরূপে সেই প্রচুর ধনরাশি নিঃশেষ করিয়া তপস্যার্থ নরনারায়ণের বাসভবন বদরিকাশ্রমে গমন পূর্ব্বক সেই মহারণ্য মধ্যে মুনিগণ-সেবিত এক আশ্রম সন্দর্শন করিলেন। দেখিলেন, তাহার চতুর্দ্দিকে ফলপুষ্প-সুশোভিত বিবিধ তরুরাজি বিরাজমান এবং শাস্ত্র-চিন্তায় নিমগ্ন হরিসেবা-পরায়ণ বৃদ্ধ মুনিগণ, পরমব্রহ্মের স্তুতিবাদে উহাকে পবিত্র করিতেছেন। পরে দেবমালি, তন্মধ্যে পরমব্রহ্মের স্তুতিবাদ-নিরত, তেজোময়-কলেবর, শমাদি-গুণ-সংযুক্ত, রাগদ্বেষাদি বিহীন, গলিত-পত্রমাত্র-ভোজী জানন্তি নামক কোন এক মুনিবরকে নিরীক্ষণ পূর্ব্বক প্রণাম করিলে, তিনিও আগন্তুক দেবমালির যথাবিধি সৎকার করিলেন। তৎকালে মুনিপুঙ্গব জানন্তি, নারায়ণ-বুদ্ধিতে কন্দ মূল ফলাদি দ্বারা দেবমালির আতিথ্যক্রিয়া সম্পাদন করিলে দেবমালি বিনয়াবনত হইয়া কৃতাঞ্জলিপুটে বাগ্মিপ্রবর জানন্তিকে কহিলেন,—"হে ভগবন্! আজ আমি কৃতার্থ হইলাম, আমার সমুদয় পাপ বিনষ্ট হইল। হে মহাভাগ! আমাকে জ্ঞান দান করিয়া নিস্তার করুন।" দেবমালি এইরূপ কহিলে মুনিসত্তম জানন্তি, হাস্য করত গুণান্বিত দেবমালিকে কহিলেন,—"হে বিপ্র-শার্দ্দূল! আমি সংক্ষেপে তোমার অভিলষিত বিষয় কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। উহা শ্রবণ করিলে সংসার-পাশ বিচ্ছিন্ন হইয়া থাকে এবং উহা দুর্ম্মতিদিগের দুর্লভ। তুমি সতত সেই নিত্য পরম প্রভু নারায়ণ বিষ্ণুকে স্মরণ ও ভজনা করিতে প্রবৃত্ত হও। কখন কাহার প্রতি খলতা এবং পরনিন্দা করিও না। হে মহামতে! মূর্খগণের সহবাস পরিহার পূর্ব্বক সর্ব্বদা পরোপকারে তৎপর এবং হরিপূজায় নিরত থাকিবে। কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য পরিত্যাগ পূর্ব্বক নিখিল প্রাণীকে আত্মবৎ জ্ঞান করিবে, তাহা হইলেই পরম শান্তিলাভে সমর্থ হইবে। কখন কাহারও প্রতি নিষ্ঠুর ব্যবহার করিওনা এবং অসূয়া পরনিন্দা দম্ভ ও অহঙ্কার পরিত্যাগ করিও। সর্ব্বভূতে দয়া ও সাধুগণের সেবা করিবে এবং কোন ব্যক্তি কর্তৃক জিজ্ঞাসিত হইলে, তাহার নিকট সত্যরূপে সত্বত ধর্ম্মের পরিচয় প্রদান করিবে। অনাচার-পর লোকদিগকে অবলোকন করিয়া যথাশক্তি উপেক্ষা করিতে বিরত থাকিবে। প্রতিদিন অতিথিদিগকে আত্মবৎ সেবা করিবে। নিষ্কাম হইয়া পত্র, পুষ্প, ফল, দূর্ব্বা বা নব-পল্লব দ্বারা জগন্নাথ নারায়ণের পূজায় নিযুক্ত থাকিবে। দেবতা, ঋষি ও পিতৃগণের যথাবিধি তর্পণ এবং অগ্নির যথোচিত পরিচর্য্যায় তৎপর হইবে। সমাহিতচিত্তে প্রতিদিন দেবালয়ে

সম্মার্জ্জন ও উপলেপন করিবে। সর্ব্বদা জীর্ণ বা ভগ্ন দেবগৃহের সংস্কার, মার্গশোভা এবং প্রত্যহ বিষ্ণুমন্দিরে দীপদানে প্রবৃত্ত হও। সতত কন্দ মূল বা ফল দ্বারা এবং প্রদক্ষিণ, নমস্কার ও স্তোত্রপাঠ দ্বারা বিষ্ণুপূজা, পুরাণশ্রবণ, পুরাণপাঠ ও প্রত্যহ বেদান্ত পাঠ করিবে। এইরূপ করিলে তোমার অত্যুত্তম জ্ঞানলাভ হইবে। পণ্ডিতগণ বলিয়াছেন, জ্ঞানোদয় হইলেই নিখিল পাপ বিনষ্ট হইয়া থাকে।" মহামতি দেবমালি, মুনিবর জানন্তি কর্তৃক এইরূপে প্রবোধিত হইয়া নিরন্তর জ্ঞানসাধক তত্ত্বকর্ম্মে রত থাকায় ক্রমে তাঁহার জ্ঞানের লেশমাত্র প্রকাশ পাইল। অনন্তর একদা দেবমালি, সেই জ্ঞানলেশ-প্রভাবে, "আমি কে? আমার কর্ত্তব্য কি? কি জন্য আমার জন্ম হইয়াছে? আমার রূপ কি প্রকার? আমি একক না বহু?" মনে মনে এইরূপ বিচার করত যখন কিছুই স্থির করিতে পারিলেন না, তখন পুনরায় মুনিপুঙ্গব জানন্তির নিকট উপস্থিত হইয়া প্রণতিপূর্ব্বক কহিলেন,—"হে গুরো! আমার অতিশয় চিত্তভ্রম উপস্থিত হইয়াছে; আপনি ব্রহ্মবিদ্‌গণের অগ্রগণ্য, অতএব বলুন, আমি কে? আমার কর্ত্তব্য কি এবং কি নিমিত্তই বা আমি জন্মগ্রহণ করিয়াছি?" তখন জানন্তি কহিলেন,—"হে মহাভাগ! তুমি সত্যই বলিয়াছ, যথার্থই তোমার চিত্ত ভ্রমযুক্ত হইয়াছে; দেহ চিত্ত অবিদ্যার নিলয়। সুতরাং কি প্রকারে সদ্ভাব বিদিত হইবে? হে মুনে দেবমালে! তুমি যে আমার ও আমি একক, ইত্যাদি বাক্য বলিলে, উহাই ভ্রম জানিবে; কারণ অহঙ্কার মনের ধর্ম্ম, আত্মার ধর্ম্ম নহে। যাঁহার নাম বা জাতি কিছুই নাই, আমি সেই অপরিচ্ছিন্ন নির্গুণ পরমাত্মার নাম কিরূপে করিব? যিনি রূপবিবর্জ্জিত অপ্রমেয়, তাঁহার কি প্রকার রূপ কিরূপে বলিব এবং যিনি নিষ্ক্রিয়, স্বপ্রকাশস্বরূপ ও অনন্ত, আমি নিত্য পরম জ্যোতির্ম্ময় সেই পরমাত্মার ক্রিয়া বা জন্ম কি প্রকারে নির্দ্দেশ করিব? সেই আত্মা সনাতন পরমব্রহ্ম পরিপূর্ণ আনন্দস্বরূপ, তাঁহার জরা নাই, কেবলমাত্র জ্ঞানবলেই তাঁহাকে পরিজ্ঞাত হইতে পারা যায়, অতএব হে ব্রহ্মন্! তুমি তাঁহার উপাসনা কর। তত্ত্বমসি, অর্থাৎ তুমিই সেই ব্রহ্ম ইত্যাদি বাক্যার্থজ্ঞানই মোক্ষসাধক। বিশুদ্ধভাবে জ্ঞানোদয় হইলেই সমুদয় বিশ্ব, ব্রহ্মময় বলিয়া বোধ হইয়া থাকে।" হে মুনীশ্বরগণ! দেবমালি, জানন্তি কর্তৃক এইরূপে প্রবোধিত হইয়া আপনাতেই প্রভু অচ্যুত পরমাত্মার সাক্ষাৎকার করত পরিণামে মুক্ত হইয়াছিলেন। তিনি আমিই সেই উপাধিবিহীন স্বপ্রকাশ নিরঞ্জন ব্রহ্ম এইরূপ স্থির জ্ঞান করিয়া পরম শান্তি প্রাপ্ত হন। জানন্তির তাদৃশ বাক্যাবসানে লৌকিক ব্যবহারার্থ দেবমালি গুরু মুনিবর জানন্তিকে প্রণামপূর্ব্বক ধ্যানপরায়ণ হন। এইরূপে বহুকাল অতিবাহিত হইলে মহামতি দেবমালি বারাণসীপুরীতে উপস্থিত হইয়া পরম মোক্ষপদ লাভ করেন। যে মানব, একাগ্রমনে এই অধ্যায় পাঠ বা শ্রবণ করে, সে নিজকর্ম্মপাশ বিচ্ছিন্ন করিয়া চিরসুখ লাভ করিয়া থাকে।

ত্রয়স্ত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩৩ ॥

চতুস্ত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন,—হে মুনিসত্তমগণ! যজ্ঞমালি ও সুমালী নামক দেবমালির যে পুত্রদ্বয়ের কথা উল্লেখ করিয়াছি, এক্ষণে তাহাদিগের বিষয় বলিতেছি, শ্রবণ করুন। তাহাদিগের মধ্যে জ্যেষ্ঠ যজ্ঞমালি, পিতৃসঞ্চিত ধন দুই ভাগে বিভক্ত করিয়া, এক ভাগ কনিষ্ঠ সুমালীকে দান করিলেন। সুমালী সেই সমস্ত অর্থ—অসৎসঙ্গে মদ্যপান, গীতবাদ্য, বেশ্যাগমন এবং পরস্ত্রীসহবাস প্রভৃতি কুকার্য্যে আসক্ত হইয়া নিঃশেষিত করিল। পরে পিতৃসঞ্চিত সমুদয় স্বর্ণ নিঃশেষ হইয়াছে দেখিয়া, পরদ্রব্য অপহরণপূর্ব্বক বেশ্যাগমন করিতে লাগিল। অনন্তর মহামতি যজ্ঞমালি সুমালীর চরিত্র-দর্শনে নিতান্ত দুঃখিত হইয়া কনিষ্ঠ সুমালীকে কহিলেন,—"ভাই! এইরূপ অতি কষ্টকর দুঃশীলতা অবলম্বনে প্রয়োজন কি? আমাদিগের বংশে একমাত্র তুমিই দুরাত্মা ও পাপাচারী হইয়াছ।" যজ্ঞমালি ভ্রাতাকে এইরূপে নিবারণ ও ভর্জ্জন পরিতাপ করিতে লাগিলে, সুমালী তাঁহাকে নিহত করিতে ইচ্ছুক হইয়া খড়্গ গ্রহণপূর্ব্বক জ্যেষ্ঠের কেশ ধারণ করিল। মুনিবরগণ! তৎকালে নগর-মধ্যে হাহাকার ধ্বনি উত্থিত হইল। অনন্তর নগররক্ষকগণ কুপিত হইয়া সুমালীকে বন্ধন করিল। তখন অলৌকিক-চরিত্র যজ্ঞমালি ভ্রাতৃস্নেহ বশতঃ সাতিশয় দুঃখান্বিত হইয়া পুরবাসীদিগের নিকট প্রার্থনাপূর্ব্বক সুমালীকে বন্ধনমুক্ত করিলেন। পরে পুনরায় স্বীয় সম্পত্তি দুই ভাগ করিয়া, কনিষ্ঠকে একভাগ প্রত্যর্পণপূর্ব্বক স্বয়ং একভাগ গ্রহণ করিলেন। হে সাধুগণ! মূঢ়মতি সুমালী, সেই ধনমদে মত্ত হইয়া, পূর্ব্ববৎ পাষণ্ড ও চণ্ডালগণের সহিত পূর্ব্ববৎ উপভোগ করিতে লাগিল। নিম্ববৃক্ষ যেমন ফলপূর্ণ হইলেও কাকগণের উপভোগ্য হয়, সেইরূপ দুর্জ্জনের সম্পত্তিও অসৎ লোকেরাই ভোগ করিয়া থাকে। শর্করা-মিশ্রিত-দুগ্ধ পানে ফণিগণের ন্যায়, পিতৃদত্ত-ধনলাভে সুমালীর মত্ততা হইয়াছিল ঘোর মূঢ়মতি সুমালী, সতত মদ্যপানে প্রমত্ত হইয়া, গোমাংসাদি ভোজন করিতে লাগিল এবং ক্রমে চাণ্ডাল-রমণীতে আসক্ত হওয়ায় চাণ্ডালতা লাভ করিল। পরে বন্ধু-বান্ধবগণ কর্ত্তৃক পরিত্যক্ত ও চণ্ডাল-পত্নীর সহিত রাজদ্বারে দণ্ডিত হইয়া, নির্জ্জন অরণ্য মধ্যে বাস করিতে লাগিল। এদিকে সুমতি যজ্ঞমালি, সতত সাধু-সহবাসে নিষ্পাপ ও ধর্ম্ম-পরায়ণ হইয়া, অবারিতভাবে অন্নদান এবং পিতৃকৃত তড়াগাদি পরিরক্ষা করিতে আরম্ভ করিলেন। এইরূপে সত্য-ধর্ম্ম নিরত মহাত্মা যজ্ঞমালিরও নিখিল সম্পত্তি নিঃশেষিত হইল। কল্পবৃক্ষের ফল যেরূপ সুরগণেরই ভোগ্য হয়, সজ্জনগণের ঐশ্বর্য্যও তদ্রূপ সাধুগণের ভোগ-সাধন হইয়া থাকে। মহামতি যজ্ঞমালি এইপ্রকারে ধর্ম্মকার্য্যার্থ সমুদয় ধন ব্যয়িত করিয়া, প্রতিদিন বিষ্ণুগৃহে বিষ্ণুর পরিচর্য্যা করিতে লাগিলেন। হে দ্বিজগণ! এইরূপে কিছুকাল গত হইলে, যজ্ঞমালি ও সুমালী উভয়েই বৃদ্ধ হইয়া, এককালে মৃত্যুমুখে পতিত হইল। তখন ভগবান্ হরি, হরিপূজা-পরায়ণ মহাত্মা যজ্ঞমালির নিমিত্ত শত শত উত্তম উত্তম বিমান প্রেরণ করিলেন। অনন্তর মহামতি যজ্ঞমালি তেজোময় শরীর-ধারণপূর্ব্বক বিচিত্র আভরণ ও কোমল তুলসী-মাল্যে ভূষিত হইয়া, দিব্যবিমানে

আরোহণ করিলে, কামধেনু সকল সেই বিমান চালিত করিতে লাগিল। তৎকালে সুরগণ তাঁহার অর্চনা, মুনীশ্বরগণ স্তুতিবাদ, গন্ধর্ব্বগণ গুণগান এবং অপ্সরা সকল পরিচর্য্যা করিতে আরম্ভ করিল। যজ্ঞমালি, এইরূপে বৈকুণ্ঠধামে ত্বরিতভাবে গমন করিতে করিতে পথিমধ্যে নিজ কনিষ্ঠকে দেখিলেন;—সে প্রেতদেহ ধারণ করত ক্ষুৎপিপাসায় নিতান্ত কাতর হইয়া এবং যমকিঙ্করগণের তাড়নায় বাধিত হইয়া, ইতস্ততঃ ধাবিত হইতেছে, স্বীয় দুষ্কর্ম্মের জন্য বিলাপ করিতেছে, চীৎকার করিতেছে এবং কখন বা রোদন করিতে করিতে গমন করিতেছে। তদ্দর্শনে যজ্ঞমালি, নিতান্ত দয়া-পরবশ হইয়া, কৃতাঞ্জলিপুটে হরি-দূতগণকে জিজ্ঞাসা করিলেন,—"এ কোন্ ব্যক্তিকে যমকিঙ্করেরা তাড়না করিতেছে?" তখন হরি-দূতগণ সেই মহাতেজা যজ্ঞমালিকে বলিলেন,—"এ ব্যক্তি তোমারই পাপাত্মা ভ্রাতা—সুমালী।" যজ্ঞমালি বিষ্ণুকিঙ্করদিগের বাক্যশ্রবণে নিতান্ত দুঃখিত হইয়া পুনরায় জিজ্ঞাসা করিলেন,—"এ ব্যক্তি কি প্রকারে সঞ্চিত পাপরাশি হইতে মুক্ত হইতে পারে? তত্ত্বজ্ঞ মানবগণ কহিয়া থাকেন, যাহার সহিত সপ্তপদ গমন করা যায়, সে বন্ধু হয়, সুতরাং আপনারা আমার অযাচিত-লব্ধ বন্ধু হইয়াছেন; অতএব ত্বরায় ইহার মুক্তির উপায় বলুন।" যজ্ঞমালির বাক্যশ্রবণে কোন এক বিষ্ণুদূত, কৃপাপরবশ হইয়া ঈষৎহাস্য-সহকারে হরিপ্রিয় যজ্ঞমালিকে কহিলেন,—"হে নারায়ণ-পরায়ণ মহাভাগ যজ্ঞমালে! উহার মুক্তির উপায় বলিতেছি, শ্রবণ কর। তুমি পূর্ব্বজন্মে কোন সুমহৎ কর্ম্ম করিয়াছ, তাহা আমি সংক্ষেপে বলিতেছি, স্থিরচিত্তে শ্রবণ কর। তুমি পূর্ব্বজন্মে বিশ্বম্ভর নামে কোন এক বৈশ্য ছিলে। তৎকালে তোমা দ্বারা অগণিত মহাপাতক সকল সঞ্চিত হয়; অধিক কি, স্বকর্ম্মানুষ্ঠানে তোমার ইচ্ছা পর্য্যন্ত ছিল না এবং পিতামাতাকেও পরিত্যাগ করিয়াছিলে। একদা বন্ধুগণ তোমাকে পরিত্যাগ করিলে, তুমি ক্ষুধানলে সন্তপ্ত হইয়া শোকক্লিষ্টহৃদয়ে কোন এক বিষ্ণুমন্দিরে প্রবেশপূর্ব্বক বৃষ্টিসমুদ্ভূত চরণলগ্ন কর্দ্দম মার্জ্জিত করিবার বাসনায় তথায় ঘর্ষণ করাতেই বিষ্ণুগৃহ-উপলেপনের ফল হয়। তুমি সেই রাত্রিতে উপবাসী থাকিয়া সেই দেবালয় মধ্যে অবস্থান করত সর্পদষ্ট হইয়া প্রাতঃকালে পঞ্চত্ব প্রাপ্ত হও। তুমি সেই বিষ্ণুগৃহের উপলেপন-পুণ্য-প্রভাবেই বিপ্রকুলে জন্ম এবং অচলা হরিভক্তি লাভ করিয়াছিলে; এক্ষণে শতকোটি কল্প হরিসন্নিধানে অবস্থানপূর্ব্বক বিষ্ণুলোকেই পরম জ্ঞানলাভ করিয়া মোক্ষপদ প্রাপ্ত হইবে। হে মহামতে! তুমি যে পাতকিশ্রেষ্ঠ নিজ অনুজকে পাপমুক্ত করিতে বাসনা করিতেছ, তাহার উপায় বলিতেছি, শ্রবণ কর। হে মহাভাগ! গোচর্ম্মমাত্র পরিমিত ভূমি উপলেপনের পুণ্য দান করিয়া তুমি স্বীয় ভ্রাতাকে নিস্তার কর, তাহাতে পরম মঙ্গল হইবে।" হে মুনিবরগণ! মহামতি যজ্ঞমালি এইরূপ অভিহিত হইয়া দেবদূতের বচনানুরূপ পুণ্যফল দান করায়, সুমালীর পাপজাল বিচ্ছিন্ন হইল এবং যমদূতগণ তাহাকে পরিত্যাগ করিয়া দূরে পলায়ন করিল। অনন্তর সর্ব্বভোগসমন্বিত বিমান আগত হইলে, সুমালী তাহাতে আরোহণপূর্ব্বক দেবতার ন্যায় আনন্দ উপভোগ করিতে লাগিল। হে বিপ্রগণ! তৎকালে সেই উভয় ভ্রাতা সুহৃদ্গণকর্ত্তৃক সমস্কৃত হইয়া পরস্পর পরস্পরকে আলিঙ্গনপূর্ব্বক পরম প্রীতি প্রাপ্ত হইল। সেই সময়ে মহর্ষি সকল যজ্ঞমালি ও সুমালীকে

স্তব করিতে লাগিলেন এবং গন্ধর্ব্বগণ তাঁহাদিগের গুণগানে প্রবৃত্ত হইল। হে দ্বিজসত্তম সকল! তাঁহারা এইরূপে বৈকুণ্ঠে গমনপূর্ব্বক হরিসারূপ্য প্রাপ্ত হইলেন। অতঃপর মহামতি সত্যবান্ তথায় বহুকাল দিব্যভোগ উপভোগপূর্ব্বক পরিণামে জ্ঞানলাভ করিয়া মুক্ত হইলেন এবং মহাভাগ্যশালী সুশীলা অযুতযুগ বিষ্ণুলোকে অবস্থিতি করিয়া পুনরায় পৃথিবীতে বিপ্রত্ব লাভ করিলেন। অনন্তর সতত হরিপূজা ও হরিনাম-পরায়ণ হইয়া মুক্তিপ্রাপ্তি-বাসনায় বিবিধ যাগযজ্ঞাদি ধর্ম্ম কার্য্যের অনুষ্ঠানপূর্ব্বক একদা হরিনাম উচ্চারণ করিতে করিতে জাহ্নবী-তটে গমন করিলেন এবং তথায় অবগাহনপূর্ব্বক ভগবান্ বিশ্বেশ্বর হরিকে অর্চ্চনা করিয়া যোগিগণের দুর্লভ পরম ধাম প্রাপ্ত হইলেন। হে মুনীশ্বরগণ! আপনাদিগের নিকট বিষ্ণুমন্দিরের উপলেপন মাত্রের মাহাত্ম্য বর্ণন করিলাম, অতএব সর্ব্বপ্রযত্নে জনার্দ্দনকে অর্চ্চনা করুন। বিপ্রগণ! যাহারা নারায়ণের শরণাপন্ন হইতে পারে, তাহাদিগকে নরক দর্শন করিতে হয় না, এজন্য সর্ব্বতোভাবে জগৎপতি জনার্দ্দনের পূজা করা কর্ত্তব্য। যে সকল মানব, অনিচ্ছাসত্ত্বেও একবার মাত্র ভগবান্ হরিকে অর্চ্চনা করে, তাহাদিগকে কোনকালে ভববন্ধনে পতিত হইতে হয় না। হে বিপ্রেন্দ্রগণ! যে ব্যক্তি হরিপূজানিরত মানবগণকে হরিজ্ঞানে পূজা করে, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর তাহাকে পূজা করিয়া থাকেন। যাহারা হরিপূজা পরায়ণ, তাহাদিগের সঙ্গিগণের সঙ্গমাত্রে মহাপাতকীও নিখিল পাপপুঞ্জ হইতে মুক্ত হয়। অশেষবিধ পাপাচারীরাও হরিপূজায় ও হরিনামসংকীর্ত্তনে আসক্তচিত্ত ভক্তগণের শুশ্রূষা করিলে পরম গতি প্রাপ্ত হইয়া থাকে।

চতুস্ত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩৪ ॥

পঞ্চত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন,—হে বিপ্রেন্দ্রগণ! পুনরায় লক্ষ্মীপতির মাহাত্ম্য শ্রবণ করুন; হরি-কথামৃত-শ্রবণে কাহার না প্রীতি জন্মিয়া থাকে? বিষয়ার্ত্ত মমতাকুলচিত্ত নরগণের একমাত্র হরিনামই সর্ব্বপাপনাশক। যে ব্যক্তি সর্ব্বপাপহারী হরিকে একবারও প্রণাম করে না, সে শবতুল্য; তাহার সহিত কদাচ আলাপ করিবে না। যে গৃহে হরিপূজা হয় না, তাহা শ্মশানোপম; তাহাতে প্রবেশ অকর্ত্তব্য। হরিপূজা-পরাঙ্মুখ ও গো ব্রাহ্মণ-বেদদ্বেষী মনুষ্য রাক্ষস মধ্যে গণ্য। ব্রাহ্মণের প্রতি দ্বেষ-প্রাণ যে কোন ব্যক্তি, যদি ভগবান্ গোবিন্দের পূজা করে, তাহা হইলে তৎকৃত সেই পূজা বিফল হইবে। হে মহাভাগগণ! যাহারা অন্যের শুভভঙ্গের নিমিত্ত তাঁহার পূজা করে, তাহাদিগের সেই পূজা অচিরে তাহাদিগকেই নষ্ট করিয়া থাকে। হরিপূজায় রত হইয়া পাপ আচরণ করিলে তাহাকে তত্ত্বদর্শীরা বিষ্ণুদ্বেষী বলিয়া থাকেন। বিষ্ণুরত, শান্ত, লোকানুগ্রহ-পরায়ণ, সর্ব্বভূতের প্রতি দয়াযুক্ত ব্যক্তি সাক্ষাৎ বিষ্ণু বলিয়া কীর্ত্তিত হন। কোটিজন্মার্জ্জিত পুণ্যবলে বিষ্ণু-ভক্তি জন্মিয়া থাকে; যাহাদিগের সেই বিষ্ণুভক্তি অচলা, তাহাদিগের পাপমতি কেন

হইবে?' হরিপূজারত ব্যক্তিদিগের কোটিজন্মে অর্জ্জিত পাপ ক্ষণমধ্যে ক্ষয় প্রাপ্ত হয়,—তাহাদিগের আবার পাপবুদ্ধির সম্ভাবনা কি? যাহারা হরিভক্তিহীন, তাহারা চণ্ডাল, আর যদি চণ্ডালও হরিভক্তিপরায়ণ হয়, তবে সে পূজ্য। বিষয়ান্ধ মনুষ্যগণের অশেষ দুঃখ মোচন ও ভক্তি মুক্তি প্রদান করিতে হরিসেবাই বিখ্যাত। লোভ, মোহ, অজ্ঞান ও সঙ্গ বশতঃ বিষ্ণুর উপাসনা যে করে, সে ব্যক্তিও অক্ষয় স্বর্গ প্রাপ্ত হয়। কণামাত্র হরি-চরণামৃত যে ধারণ করে, তাহার সর্ব্বতীর্থে স্নান করা হয় এবং সে বিষ্ণুর অতি প্রিয়পাত্র হয়। শুভ হরিচরণামৃত অকালমৃত্যু-শান্তি, সর্ব্বব্যাধি নাশ ও সর্ব্বদুঃখ দূর করে। যে মহাত্মগণ জ্যোতির পরম জ্যোতি নারায়ণের শরণাগত, মুক্তি তাহাদিগের নিত্যসহচরী। সূত কহিলেন,—পূর্ব্বকালে সত্যযুগে কণিক নামে এক ব্যাধ ছিল। সে পরদার ও পরস্ব অপহরণ, পরনিন্দা এবং প্রাণিপীড়নে সতত উদ্যত ছিল। শতসহস্র গো-ব্রাহ্মণ হত্যা করিয়াছিল। দেবস্বহরণ তাহার নিত্যকর্ম্ম ছিল। সে এত মহৎ পাপ করিয়াছিল যে, তাহার সংখ্যা কোটি কোটি বৎসরেও করিতে পারা যায় না। একদা মহাপাপিষ্ঠ কৃতান্ততুল্য সেই ব্যাধ স্বচ্ছতোয় সরোবর, বিপণিমালা ও ভূষিত নারীগণে অলঙ্কৃত, সর্ব্বসমৃদ্ধিশালী ও অমরাবতীনিভ সৌবীরনগরে গমন করিল। সেই নগরের উপবন মধ্যে হেমকলসে আচ্ছাদিত রমণীয় বিষ্ণুমন্দির দর্শনে ব্যাধ আনন্দিত হইল। অর্থলোলুপ ব্যাধ 'বহু সুবর্ণ হরণ করিব' এই নিশ্চয় করিয়া সেই মন্দিরে গমন করিল। তথায় তত্ত্বজ্ঞানী শান্ত নিঃস্পৃহ দয়ালু ধ্যানমগ্ন বিষ্ণুসেবা-পরায়ণ তপোনিধি দ্বিজবর উতঙ্ককে একাকী দেখিয়া তাহাকে চৌর্য্যের অন্তরায় ভাবিয়া, ভগবানের দ্রব্যরাশি লইবার মানসে নিশা-যোগে খড়্গধারণপূর্ব্বক বক্ষঃস্থলে পাদাক্রমণ ও পাণি দ্বারা কেশগ্রহণ করিয়া তদ্বধে উদ্যত হইল। উতঙ্ক তাহা দেখিয়া বলিলেন,—"হে সাধো! এই নিরপরাধকে কেন বৃথা বধ করিবে? হে ব্যাধ! আমি তোমার কি অপরাধ করিয়াছি, বল? লোকে যে অপরাধ করিয়া থাকে, তাহারই শাসন করে। হে সৌম্য! সজ্জনেরাও পাপীকে অকারণে বিনাশ করেন না। বিরোধী মূর্খেও গুণ অবস্থিত দেখিলে শান্তচিত্ত সজ্জনেরা প্রতিকূলতাচরণ করেন না। যে ব্যক্তি নানারূপে উৎপীড়িত হইলেও ক্ষমা করে, তাহাকে উত্তম মনুষ্য ও বিষ্ণুর প্রিয়পাত্র বলিয়া থাকে। পরহিতৈষী সুজন বিনাশকালেও বৈর আচরণ করে না; চন্দনবৃক্ষ ছেদন সময়ে কুঠারের মুখ সুবাসিত করিয়া দেয়। বিধি কি আশ্চর্য্য বলবান্! লোককে বিবিধপ্রকারে পীড়া দিয়া থাকেন! সর্ব্বসঙ্গমুক্ত হইলেও দুরাত্মার কাছে পীড়ন পাইতে হয়। জগতে দুর্জ্জনেরা অকারণে লোককে কষ্ট দিয়া থাকে; তন্মধ্যে সাধুজনকেই কষ্ট দেয়, সমান ব্যক্তিকে কোনমতেই দিতে পারে না। তৃণ-জল-সন্তোষ-বৃত্তি মৃগ-মীন-সজ্জনের ব্যাধ-ধীবর-দুর্জ্জনেরা অকারণ বৈরী হয়। মায়া কি বলবতী! অখিল জগৎকে মুগ্ধ করিয়া আছে, আর দারাপত্য-মিত্রের জন্য সকল দুঃখে নিক্ষিপ্ত করিতেছে। দেখ, যাহারা পরদ্রব্য অপহরণ করিয়া ভার্য্যা পোষণ করিয়াছে, পরিণামে সেই সমস্ত ত্যাগ করিয়া, তাহাদিগের একাকী যাইতে হইবে। আমার মাতা, আমার পিতা, আমার ভার্য্যা, আমার পুত্র ও আমার এই সমস্ত—এই মমতাই জন্তুগণের সর্ব্বদা ক্লেশ বিধান করিয়া থাকে। ইহকালে ও পরকালে

পাপ ও পুণ্যই সঙ্গে থাকে, অপর কেহ থাকে না, যাবৎ অর্জ্জন, বন্ধুগণ তাবৎকালই থাকে। ধর্ম্মাধর্ম্মতঃ দ্রব্য উপার্জ্জন করিয়া যে ব্যক্তি যাহাদিগকে পোষণ করিয়াছে, মরণকালে তাহাকে অগ্নিমুখে আহুতি দিয়া, তাহারা ঘৃতান্ন ভোজন করে। পরলোক গমনকালে ধর্ম্মাধর্ম্ম তাহার সঙ্গে থাকে; ধন, পুত্র ও বান্ধব কিছুই সঙ্গে যায় না। পাপাচারী মনুষ্যের কামনা কেবল বাড়িতে থাকে, তৎপরে ধনাদি উপার্জ্জনে বৃথা ক্লেশের উৎপত্তি হয়। যাহা হইবার, তাহা হইবেই, অজ্ঞলোকে ইহা জানে না। কোটি কোটি গ্রন্থে যাহা উক্ত, তাহাই সংক্ষেপে বলিতেছি,—'ভবিতব্যতা অপরিহরণীয়, কিন্তু লোকে তাহা বুঝে না।' যাহা হইবার, তাহা হইবেই ও যাহা হইবার নহে, তাহা হইবে না, এই জ্ঞান যাহাদিগের অচল, তাহারা কদাচ চিন্তায় কষ্ট পায় না। এই স্থাবর জঙ্গমাত্মক জগৎ দৈবের অধীন, অতএব দৈব ভিন্ন কেহই জন্ম মৃত্যু জানিতে পারে না। যে কোন স্থানে থাকুক না কেন, যাহা ভবিতব্য, তাহা নিশ্চিত হইবে; কিন্তু লোকে তাহা বুঝিতে না পারায় বৃথা আয়াস করিয়া থাকে। উঃ! সন্তান কলত্রের জন্য মনুষ্যের কি কষ্ট! সে মহাপাপ করিয়াও যত্নপূর্ব্বক তাহাদিগকে পোষণ করে, আর তদুপার্জ্জিত ধন বান্ধবেরা তাহার সমান ভোগ করে, কিন্তু পরিণামে সে একাকীই পাপের ফল ভোগ করিয়া থাকে।" উত্তঙ্কমুনি এইরূপ বলিলে পর কণিক ভয়বিহ্বল-চিত্তে তাহাকে পরিত্যাগ করিয়া, কৃতাঞ্জলিপুটে পুনঃ পুনঃ ক্ষমা প্রার্থনা করিল এবং তদীয় সংসর্গপ্রভাবে ও ভগবান্ হরির সান্নিধ্য নিষ্পাপ হইয়া অনুতাপ করতঃ এই কথা বলিল,—"হে প্রভো! আপনার দর্শনে আমার সমস্ত মহাপাপ বিনষ্ট হইয়াছে। আমি অতি পাপমতি নিত্যই মহাপাপ করিয়াছি। আমার নিষ্কৃতি কিরূপে হইবে? আমি কাহার শরণ লইব? পূর্ব্বজন্মার্জ্জিত পাপে ব্যাধ হইয়াছি, এই জন্মেও রাশি রাশি পাপ করিয়াছি; আমার কি গতি হইবে? হায়! অচিরেই আমার আয়ুঃক্ষয় হইবে। আমি অনেক পাপ করিয়াছি, তাহার কিঞ্চিন্মাত্রও প্রতীকার করি নাই, আমার কি দশা হইবে? কষ্ট বা কি হইবে? হায়! বিধি আমাকে পাপশতাকুল ও পৃথিবীর ভারস্বরূপ করিয়া কেন সৃজন করিলেন? আমি কত জন্ম আর নিষ্ঠুরাচারে পাপের ফল ভোগ করিব?" এইরূপে তখন কণিক নিজে নিজে আত্মনিন্দা করিয়া, অনুতাপে তৎক্ষণাৎ পঞ্চত্ব প্রাপ্ত হইল। মহামতি দয়ালু উত্তঙ্ক ব্যাধকে পতিত দেখিয়া বিষ্ণুপাদোদক সেচন করিলেন। ব্যাধও সেই পাদোদক স্পর্শমাত্র পাপমুক্ত হইল এবং দিব্যবিমানে আরোহণ করিয়া মুনিকে বলিল,—"হে সুব্রত মুনিশ্রেষ্ঠ উত্তঙ্ক! আপনি আমার গুরু; আপনার প্রসাদে মহাপাতক-বন্ধন হইতে আমি মুক্তি পাইয়াছি। হে মুনিপুঙ্গব! আপনার উপদেশ শ্রবণে আমার অনুতাপ জন্মিয়াছিল, তাহাতেই সমস্ত পাপ বিনষ্ট হইয়াছে। আপনি যে আমার অঙ্গে হরি-চরণামৃত সেচন করিয়াছিলেন, তাহারই ফলে বিষ্ণুর পরম ধামে চলিয়াছি। হে সুব্রত! আপনার সদৃশ গুরু প্রাপ্ত হইয়া, আমি কৃতার্থ হইলাম। আপনাকে নমস্কার। হে বিভো! অপরাধ সকল মার্জ্জনা করিবেন।" এই কথা বলিয়া, সে মুনিশ্রেষ্ঠের উপর দিব্য পুষ্প বর্ষণ করিল ও তিনবার প্রদক্ষিণ করিয়া নমস্কার করিল। তৎপরে বিমানা-রোহণে সর্ব্বকাম-সমন্বিত অপ্সরোগণাকীর্ণ বিষ্ণুলোকে গমন করিল। ইহা দেখিয়া

তপোনিধি উতঙ্ক বিস্মিত হইয়া মস্তকে অঞ্জলিবন্ধনপূর্ব্বক ভগবানের স্তব করিতে লাগিলেন। সেই স্তবে মহাবিষ্ণু প্রসন্ন হইয়া, তাঁহাকে বরদান করিলেন। সেই বরে উতঙ্ক মুনিও পরম পদ প্রাপ্ত হইলেন।

পঞ্চত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩৫ ।

ষট্‌ত্রিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ! উতঙ্ককৃত সেই স্তোত্র কি, ভগবান্ কিপ্রকারে তুষ্ট হইলেন, আর পুণ্যবান্ পুরুষ উতঙ্ক কি বর লাভ করিয়াছিলেন—বলুন। সূত কহিলেন,—হরিধ্যান-পরায়ণ দ্বিজবর উতঙ্ক হরিপূজার প্রভাব দেখিয়া ভক্তিপূর্ব্বক স্তব করিতে লাগিলেন,—"হে নারায়ণ! তুমি আদিদেব, জগতের আশ্রয় ও প্রলয়ের কারণ। তুমি শার্ঙ্গ-চক্র-অসি-পদ্মধারী মহান্; তোমায় যে স্মরণ করে, প্রসন্ন হইয়া তুমি তাহার যন্ত্রণা দূর কর,—তোমায় নমস্কার। বিধি যাঁহার নাভিকমল হইতে উৎপন্ন, যিনি লোকসমূহের সৃষ্টিকর্ত্তা, যাঁহার ক্রোধে রুদ্র উৎপন্ন হইয়া, এই বিশ্বের সংহার করেন, সেই আদিনাথকে প্রণাম। তুমি পদ্মাপতি, পদ্মপলাশলোচন; তুমি বিচিত্রবীর্য্য, অখিলের একমাত্র কারণ; তুমি বেদান্তবেদ্য পুরাণ পুরুষ; তুমি তেজোধাম বিষ্ণু; তোমার পদে প্রণাম। তুমি সর্ব্বগত আত্মা তুমি অচ্যুত, তুমি জ্ঞান অথচ জ্ঞানীদিগের শ্রেষ্ঠ, তুমি করুণানিধি পরমাত্মা, তুমি প্রপন্নজনের আর্ত্তিহারী,—এই অধমজনের বরদাতা হও। হে জগদীশ! স্থূলসূক্ষ্মাদি ভেদে জগতের যে বিস্তার হইয়াছে,—হে সারাৎসার! সেই সমস্তই তুমি;—হে পরাৎপর! তোমা ভিন্ন আর কিছুই নাই। জাতিগুণহীন, মায়াবিহীন, নিরঞ্জন, নির্ম্মল, অমেয়, অগোচর যে তোমার পরমাত্মসংজ্ঞক সূক্ষ্ম রূপ, তাহা সাধুজনেরা দর্শন করিয়া থাকেন। হে সর্ব্বেশ্বর! সুবর্ণ এক হইলেও তন্নির্ম্মিত ভূষণসমূহ যেমন উপাধিভেদে ভিন্ন, সেইরূপ অখিলরূপী তুমি এক হইলেও ভিন্ন ভিন্ন রূপে দৃশ্যমান হও। হে মায়াপুরুষ! তোমার মায়ায় চিত্ত মোহিত থাকায়, যাহাদিগের আত্মদর্শন হয় না, তাহারা আবার তোমার কৃপায় মায়া বিগত হইলে সর্ব্বস্বরূপী তোমায় আত্মরূপে দর্শন করিতে পায়। নির্গুণ, পরমানন্দস্বরূপ, মায়াতীত, অজর, অবিনাশী বিষ্ণুসংজ্ঞক অনুপম পরম জ্যোতিকে আমি প্রণাম করি। যাঁহা হইতে এই সমস্ত প্রপঞ্চ উৎপন্ন, যাঁহাতে প্রতিষ্ঠিত, যাঁহা হইতে চৈতন্যলাভ করে ও যাঁহার স্বরূপ, তাঁহাকে নমস্কার। যিনি অপ্রমেয়, জগতের আধার হইলেও স্বয়ং নিরাধার, পরমানন্দ ও চিদ্রূপ, সেই বাসুদেবকে নমস্কার করি। যিনি হৃদয়-কন্দরবাসী, যোগিগণ সেব্য, যোগের নিদানভূত প্রণবের অধিদেব,—তাঁহাকে প্রণাম। যিনি নাদস্বরূপ, নাদের বীজ, প্রণব ও প্রণবরূপী,—সেই সচ্চিদানন্দরূপী চক্রপাণিকে বন্দনা করি। যিনি অক্ষর, জগতের সাক্ষী, নিরঞ্জন ও অবাঙ্মনসগোচর, সেই অনন্তাখ্য বিশ্বরূপকে নমস্কার। ইন্দ্রিয়, মন, বুদ্ধি, সত্ত্ব, তেজ, বল, ধৃতি, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ, এই সমস্ত যাঁহার স্বরূপ,—যে জগৎপতিকে

পণ্ডিতেরা বিদ্যা ও অবিদ্যাস্বরূপ, পরাৎপর এবং পরাৎপরতর বলিয়া থাকেন,—যিনি অনাদিনিধন, শান্ত, সর্ব্ববিধাতা ও অচ্যুত,—যাঁহার শরণাগত হইলে মুক্তি অবশ্যম্ভাবিনী এবং যিনি বরেণ্য, বরদ, পুরাণ, সনাতন ও সর্ব্বগত, তাঁহাকে প্রণাম, ভূয়ো প্রণাম, ভূয়োভূয়ঃ প্রণাম। যাঁহার পাদজল ভবরোগের বৈদ্যস্বরূপ, যাঁহার পদরজ বিশুদ্ধির কারণ, যাঁহার নাম দুষ্কর্ম্ম-নিবারণের উপায়,—সেই অপরিমেয় পুরুষকে ভজনা করি। যিনি সদ্রূপ হইলেও অসদ্রূপ ও সদসৎ উভয়রূপ,—যিনি অব্যয়, শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠ ও তাহা হইতেও শ্রেষ্ঠ,—সেই বিলক্ষণ পুরুষকে ভজনা করি। যিনি অপ্রকাশ, অনির্দ্দেশ্য, মহতের মহত্তর, নিরাকার, পূর্ণ, আকাশমধ্যগ, বিদ্যা ও অবিদ্যা-অতীত, জগদ্বাসী, অণু হইতে অণুতর, অজ, সর্ব্বোপাধিশূন্য, নিত্য, সনাতন ও পরমানন্দস্বরূপ পূর্ণব্রহ্ম; সেই বিষ্ণুসংজ্ঞক তেজের শরণাগত হইলাম। কর্ম্মীরা যাঁহার ভজনা করেন, যোগীরা যাঁহাকে দর্শন করেন, সেই পূজ্য হইতে পূজ্যতর শান্ত শরণ্য প্রভুকে নমস্কার করি। পণ্ডিতেরা যাঁহার দর্শন পান না, যিনি সর্ব্বব্যাপী, সকল হইতে অধিক, নিত্য ও অব্যয়,—অন্তঃকরণ-সংযোগে যাঁহাকে জীব ও অবিদ্যা কার্য্য রহিত হইলে পরমাত্মা কহে, যিনি সর্ব্বাত্মক, সর্ব্বকারণ ও সর্ব্বকর্ম্ম-ফলদাতা, সেই বরেণ্য অজর পরাৎপরকে প্রণাম করি। সর্ব্বজ্ঞ সর্ব্বগত মহান্ বেদান্তগোচর বেদজ্ঞবর বাঙ্মনোতীত অনন্তশক্তি সেই জ্ঞানৈক-বেদ্য পুরুষের ভজনা করি। যিনি ইন্দ্র, বহ্নি, যম, বরুণ, বায়ু, চন্দ্র, সূর্য্য ও ঈশ প্রভৃতি দেবগণ দ্বারা লোকপালন করিতেছেন, সেই পূর্ণরূপী ভগবানের শরণ লইলাম। যাঁহার বাহু, নেত্র, মস্তক ও পদ সহস্র,—যিনি সমস্ত যজ্ঞস্বরূপ, আদ্য, পরিপূর্ণ ও অভীষ্টদাতা,—যিনি কাল, কালবিভাগের কারণ, গুণাতীত, গুণপ্রিয় ও সগুণ,—যাঁহাকে সংজ্ঞাতীত, অতীন্দ্রিয় ও বিতৃষ্ণ কহে,—যিনি মনোময়, আত্মময়, প্রাণময় ও অবাঙ্ময়,—যাঁহাকে জ্ঞানবিশেষে প্রাপ্ত হওয়া যায়,—সেই নিরীহ মনোতীত পুরুষের আশ্রয় লইলাম। সাক্ষাৎ পদ্মযোনি প্রভৃতি দেবগণ যাঁহার রূপ, বল, প্রভাব, কর্ম্ম ও পরিমাণ জানিতে অক্ষম,—সেই নিত্য আত্মরূপকে কিরূপে স্তব করিব? অতএব হে বিষ্ণো! সংসার-সমুদ্রে পতিত, মোহাকুল, শত কামনায় আবদ্ধ, বিজ্ঞানভেদে ভ্রান্তমতি এই জড় ব্যক্তিকে পরিত্রাণ করুন; আপনাকে সদা নমস্কার। হে বিষ্ণো! লজ্জাবিহীন নির্দ্দয় পরদ্রব্য-পরায়ণ, মমত্বপাশে আকৃষ্ট, অকিঞ্চন এই জনকে পরিত্রাণ করুন। হে কৃপার্ণব! আপনার পুনঃপুনঃ শরণ লইতেছি; আপনি কৃপা করিয়া এই পাপরত কৃতঘ্ন অলস শোকার্ত্ত পিশুন অকীর্ত্তিভাক্ ভয়াকুল ব্যক্তিকে পরিত্রাণ করুন।" এইরূপ স্তবে ভগবান্ কমলাপতি প্রসন্ন হইয়া তাঁহার সম্মুখে আবির্ভূত হইলেন। তখন দ্বিজবর উজ্জ্বল অতসীপুষ্পবর্ণ, কিরীট কুণ্ডল-হার-কেয়ূরধারী শ্রীবৎস-কৌস্তুভধর, হেমযজ্ঞোপবীতী, কমলপত্রনয়ন, নাসাগ্রকম্প্র মুক্তার আভায় বিশুদ্ধিত দেহপ্রভাশালী, বনমালাবিভূষিত, তুলসীদলার্চ্চিত-চরণ, কিঙ্কিণীনূপুরাদিশোভিত, পীতাম্বরধারী ভগবান্ গরুড়ধ্বজকে সাক্ষাৎ দর্শন করিয়া ক্ষিতিতলে দণ্ডবৎ প্রণাম করিলেন এবং আনন্দ-বাষ্পে ভগবানের চরণদ্বয় ক্ষালিত করিয়া, একাগ্রচিত্তে 'মুরারে রক্ষা কর, রক্ষা কর' এই কথা বলিলেন। তখন কৃপাসিন্ধু ভগবান্ হরি, তাঁহাকে উঠাইয়া আলিঙ্গন করিলেন ও বলিলেন,—

"হে বৎস! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি, তোমার অসাধ্য কিছুই নাই; অতএব বর গ্রহণ কর।" উতঙ্ক তখন দেবদেব চক্রপাণির এই বাক্য শ্রবণ করিয়া পুনরায় তাঁহাকে প্রণাম করত বলিলেন,—"হে প্রভো! কেন মোহজাল বিস্তার করিতেছেন? আমার অন্য বরে প্রয়োজন নাই; কেবল জন্ম-জন্মান্তরে আপনার প্রতি অটল অচল ভক্তি থাকে,—রাক্ষস, পিশাচ, মনুষ্য, পক্ষী, মৃগ, সরীসৃপ বা কীট—যে-সে যোনিতে আমি জন্মগ্রহণ করি না কেন, হে কেশব! যেন আপনার প্রতি অটল অচল ভক্তি থাকে—প্রসন্ন হইয়া এই বর প্রদান করুন।" দেবদেবও "তথাস্তু" বলিয়া তাঁহাকে শঙ্খপ্রান্ত দ্বারা স্পর্শ করত যোগিবৃন্দেরও দুর্লভ দিব্যজ্ঞান প্রদান করিলেন। পরে বিপ্রেন্দ্র উতঙ্ক পুনরায় স্তব করিলে, ভগবান্ সস্মিতমুখে তদীয় মস্তকে হস্ত দিয়া এই কথা বলিলেন যে,—"হে বিপ্রসত্তম! ক্রিয়াযোগ দ্বারা সদা আমার আরাধনা কর, তাহা হইলে মুক্ত হইয়া বৈকুণ্ঠধামে গমন করিবে। আর তোমার কৃত এই স্তব যে ব্যক্তি পাঠ করিবে, সে পূর্ণ-মনোরথ হইয়া, মুক্তির ভাজন হইবে।" এই কথা বলিয়া ভগবান্ মাধব তথায় অন্তর্হিত হইলেন, উতঙ্কও ভগবানের আদেশমত কার্য্য করিয়া, বৈকুণ্ঠধামে গমন করিলেন। অতএব ভগবান্ জনার্দ্দনের প্রতি ভক্তি সর্ব্বদা কর্ত্তব্য। সর্ব্বকাম-প্রদায়িনী হরিভক্তিই সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া জানিবেন। হে বিপ্রেন্দ্রগণ! দেবদেব গরুড়ধ্বজের পূজা করুন,—তাঁহাকে পূজা, প্রণাম বা স্মরণ করিলে, তিনি মোক্ষ প্রদান করিয়া থাকেন। অতএব ঐহিক ও পারত্রিক ফলাকাঙ্ক্ষী ব্যক্তি ভক্তি-সহকারে অনন্ত অপরাজিত দেব নারায়ণের পূজা করিবে। যে ব্যক্তি সমাহিত-চিত্তে এই অধ্যায় পাঠ বা শ্রবণ করে, সে সর্ব্বপাপমুক্ত হইয়া পরম পদ লাভ করে।

ষট্‌ত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩৬ ॥

সপ্তত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন,—হে বিপ্রেন্দ্রগণ! সর্ব্বপাপহর নারদ-কথিত ভগবানের পুণ্য মাহাত্ম্য পুনরায় বলিতেছি, শ্রবণ করুন। হরিকথার কি আশ্চর্য্য মহিমা! জগতে ইহা শ্রোতা, বক্তা বিশেষতঃ ভক্তবৃন্দের পাপ নষ্ট করে ও পুণ্য প্রদান করে। যাঁহারা হরিভক্তি-রসাস্বাদে আনন্দিত, তাঁহাদিগকে আমি প্রণাম করি; যেহেতু তাঁহাদিগের সঙ্গ মুক্তির কারণ। যাঁহারা হরিভক্ত বা হরিনাম-পরায়ণ,—দুর্ব্বৃত্ত বা সুবৃত্ত হউন না কেন,—তাঁহাদিগকে আমি নিত্য প্রণাম করি। হে মুনিপুঙ্গবগণ! যে ব্যক্তি সংসার-সাগর-তরণে ইচ্ছা করে, সেই ব্যক্তি সেই পরমাত্মার ভজনা করিবে,—কারণ তদীয় ভক্তেরা পাপ হইতে উত্তীর্ণ হয়। দর্শন, স্মরণ, পূজা ধ্যান বা প্রণাম করিলে, ভগবান্ গোবিন্দ দুস্তর ভবসাগর হইতে উদ্ধার করিয়া থাকেন। শয়নে, ভোজনে, জপে, অবস্থানে, উত্থানে ও বিচরণে যাঁহারা হরিনাম উচ্চারণ করেন,—তাঁহাদিগকে নিয়ত নমস্কার। বিষ্ণুভক্তদিগের কি আশ্চর্য্য ভাগ্য! যেহেতু যোগিগণেরও দুর্লভ মুক্তি তাঁহাদিগের করস্থ।

পূর্ব্বকালে যজ্ঞধ্বজ নামে চন্দ্রবংশীয় এক বিষ্ণুভক্ত রাজা ছিলেন। তিনি ভগবানের মন্দিরে নিত্য সম্মার্জ্জন কার্য্য ও দীপ দান করিতেন এবং তাঁহার সর্ব্বভূতে দয়া ছিল। একদা সেই রাজা মনোহর রেবানদীর তীরে বিচিত্র কারুকার্য্য শোভিত, হরিমন্দির নির্ম্মাণ করিলেন। তথায় তিনি সর্ব্বদা সম্মার্জ্জনে ও দীপদানে নিরত থাকিতেন, নিয়ত হরিগত-চিত্তে হরিনাম, হরিকে প্রণাম এবং হরিভক্ত জনের উপর প্রীতি করিতেন। বীত-হোত্র নামে তাঁহার পুরোহিত তদীয় চরিত্র দর্শনে বিস্মিত হইলেন। একদা বেদ-বেদাঙ্গ পারগ বীতহোত্র বিষ্ণু-পরায়ণ রাজাকে উপবিষ্ট দেখিয়া জিজ্ঞাসা করিলেন,—"হে ভরত-বংশাবতংস পরম ধার্ম্মিক হরিভক্ত রাজন্! তুমি বিষ্ণুভক্তাগ্রগণ্য হইলেও কেন নিত্য সম্মার্জ্জন ও দীপদানে রত, তাহা বল,—ইহার ফল কি জানিতে পারিয়াছ? হে মহাভাগ! তৈল ও বর্ত্তির সম্পাদনে এবং গৃহসম্মার্জ্জনে তুমি সদাই উদ্‌যোগী; ইহা ভিন্ন বিষ্ণুর অনেক প্রিয়তর কার্য্য ত আছে, তথাপি তুমি ইহাতেই সতত উদ্যত কেন? বোধ করি, ইহাতে মহাপুণ্য আছে—তুমি সর্ব্বতো-ভাবে জানিয়া থাকিবে। যদি রহস্য না হয় ও আমার প্রতি প্রীতি থাকে, তবে বল।" পুরোহিতের এই বাক্য শুনিয়া তখন রাজসত্তম সবিনয়ে কৃতাঞ্জলিপুটে বলিলেন,—"হে দ্বিজপুঙ্গব! আমারই পূর্ব্ব চরিত্র বলিতেছি, শ্রবণ করুন। আমি জাতিস্মর বলিয়া স্মরণ হইতেছে; ইহা শ্রোতৃবর্গের অতীব বিস্ময় জনক। পূর্ব্বে স্বারোচিষ মন্বন্তরে সত্যযুগে রৈবত নামে একজন ব্রাহ্মণ ছিল। সে বেদ-বেদাঙ্গ-পারদর্শী হইলেও অযাজ্য-যাজন, গ্রামযাজন অবিক্রেয়-বিক্রয়, পৈশুন্য ও নিষ্ঠুরাচরণ করিত। তাহার এইরূপ গর্হিতাচরণ দেখিয়া স্বজনবর্গ তাহাকে পরিত্যাগ করিল। তখন সে অনন্যোপায় হইয়া অন্ন-বস্ত্রের জন্য দেশে দেশে ভ্রমণ করিতে লাগিল। অবশেষে দুঃখ, দারিদ্র্য ও দুঃশীলতা নিবন্ধন শ্বাস-কাস পীড়ায় নর্ম্মদা নদীর তীরে তাহার মৃত্যু হইল। তৎপরে তাহার পত্নী বন্ধুমতীকে স্বৈরচারিণী হইতে দেখিয়া বান্ধবেরা পরিত্যাগ করিল। তাহার গর্ভে মহাপাপাচারী, ব্রহ্মদ্বেষী, পরদার ও পরদ্রব্যাভিলাষী, প্রাণিহিংসক, মদ্যপায়ী, নিন্দক, পিশুন, মার্গরোধক এবং পশু-পক্ষি-মৃগাদি জীবের কালান্তক সদৃশ দণ্ডকেতু নামে চণ্ডাল হইয়া আমি জন্মিয়াছিলাম। তখন আমি অসংখ্য গো ব্রাহ্মণ মৃগ-পক্ষী বধ করিয়াছি ও সুমেরুপ্রমাণ বহু সুবর্ণ হরণ করিয়াছি। একদা আমি কামসন্তপ্ত হইয়া পরস্ত্রীর সহিত রতিকামনায় রাত্রিকালে পূজাদি বিবর্জ্জিত এক বিষ্ণুমন্দিরে গিয়াছিলাম। হে ব্রহ্মন্! তথায় নিজ উপভোগার্থ শয়ন করিতে গিয়া বস্ত্রের প্রান্তভাগ দ্বারা কতক স্থানের ধূলি মার্জ্জনা করিয়াছিলাম। সেখানে যত ধূলিকণা মার্জ্জিত হইয়াছিল, তৎক্ষণাৎ তত জন্মের পাপ ক্ষয় প্রাপ্ত হইল। হে দ্বিজোত্তম! আর রত্যর্থে প্রদীপ স্থাপন করায় আমার যাবতীয় পাপ সম্পূর্ণরূপে ক্ষয় হইল। ইত্যবসরে নগররক্ষিগণ তথায় আসিয়া তস্করবোধে আমাদিগের উভয়কে বধ করিল। আমি তৎক্ষণাৎ সেই নারীর সহিত সর্ব্বভোগ-সমন্বিত দিব্যবিমানে আরোহণ করিয়া বিষ্ণুলোকে গমন করিলাম। তথায় ব্রহ্মার সম্পূর্ণ শতকল্প থাকিয়া ব্রহ্মলোকে আবার ততকাল অবস্থান করিলাম। পরে দিব্যভোগ সহকারে তাবৎকাল স্বর্গে অবস্থান করিয়া অদৃষ্টক্রমে সেই পুণ্যপ্রভাবে

এক্ষণে মর্ত্ত্যলোকে যদুবংশে উৎপন্ন হইয়াছি এবং নিষ্কণ্টকে রাজ্য ও সম্পদ্ ভোগ করিতেছি। হে ব্রহ্মন্! যত্নার্থে সম্মার্জ্জনা ও দীপদান করিয়া যখন এবংবিধ শ্রেয়োলাভ করিয়াছি, তখন না জানি, যাহারা ভক্তিপূর্ব্বক করে, তাহাদিগের কি ফল লাভ হইয়া থাকে। হে মাধুবর! এইজন্যই আমি জাতিস্মর বলিয়া পরম ভক্তিসহকারে দীপদান ও সম্মার্জ্জনে যত্নবান্ আছি। যে ব্যক্তি নিঃস্পৃহ হইয়া একাকী সেই জগন্নাথের পূজা করে, সে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া পরম পদ প্রাপ্ত হয়। আমি যখন অনিচ্ছায় কার্য্য করিয়া ঈদৃশ সৌভাগ্য প্রাপ্ত হইয়াছি, তখন প্রশান্ত-ভক্তিমান্ লোকে সম্যক্ পূজা করিলে কিনা ফল প্রাপ্ত হইয়া থাকে ?" দ্বিজোত্তম বীতিহোত্র রাজার এই বাক্য শুনিয়া অতি সন্তুষ্ট হইয়া হরিপূজাপরায়ণ হইলেন। অতএব হে ব্রাহ্মণগণ! শ্রবণ করুন, অবিনাশী সেই ভগবান্ নারায়ণ, জ্ঞান বা অজ্ঞানপূর্ব্বক পূজিত হইলে মুক্তি প্রদান করিয়া থাকেন। যখন শরীর ক্ষণভঙ্গুর, সম্পদ্ অচিরস্থায়ী ও মৃত্যু নিত্য-সন্নিহিত; তখন ধর্ম্মসঞ্চয় সবিশেষ কর্ত্তব্য। এই যে স্বজনবর্গ দেখিতেছ, ইহারা চিরস্থায়ী নহে; বিভব আজ আছে, কাল নাই; শরীরের নাশ অবশ্যম্ভাবী; অতএব হরিপূজা কর। হে মানব! তুমি মদমত্ত হইয়া কেন বৃথা গর্ব্ব করিতেছ? দেখিতেছ না যে, দেহের অপায় নিকটে? ধনাদি ত কোন্ ছার! সহস্রকোটি জন্ম যাহারা পুণ্য অর্জ্জন করিয়াছে,—তাহাদিগেরই দেবদেব জনার্দ্দনের উপর ভক্তি-শ্রদ্ধা জন্মিয়া থাকে। গঙ্গাস্নান, অতিথিসৎকার ও নিখিল যজ্ঞ—এই সমস্তই সুলভ; কিন্তু বিষ্ণুভক্তি অতীব দুর্লভ। ভবার্ণবে নিমগ্ন জনগণের পক্ষে তুলসী-সেবা, সৎসঙ্গ, হরিভক্তি ও মনুষ্যজন্ম দুর্লভ; সেই মনুষ্যজন্ম লাভ করিয়া তোমরা বৃথা নষ্ট করিও না;—আমি পুনঃপুনঃ বলিতেছি, সেই মহাত্মার অর্চ্চনা কর। যদি দুস্তর ভবসাগর তরিতে ইচ্ছা কর, তবে অতি দুর্লভ হরিভক্তি অবলম্বন কর; অচিরে গোবিন্দের পূজা কর, বিলম্ব করিও না;—দেখিতেছ না কৃতান্তের নগর সন্নিহিত? হে বিপ্রেন্দ্রগণ! যদি মুক্তি অভিলাষ করেন, তবে সেই সর্ব্বকারণ জগদ্যোনি নারায়ণের অর্চ্চনা করুন। যাহারা সর্ব্বাধার সর্ব্বযোনি সর্ব্বান্তর্যামী সেই মহাত্মা প্রভুর শরণাপন্ন হয়, তাহারা নিশ্চয় কৃতকার্য্য হইয়া থাকে। যাহারা প্রণতার্ত্তিহারী সেই মহাবিষ্ণুর অর্চ্চনা করে, তাহারাই প্রকৃত বান্ধব, পূজ্য ও সবিশেষ নমস্কারের পাত্র। যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া নিষ্কাম বিষ্ণুভক্তবর্গকে ভোজন করায়, সে একবিংশতি পুরুষের সহিত বিষ্ণুলোকে গমন করে। যে ব্যক্তি উহাঁদিগকে ফল বা জল প্রদান করে, সে সাক্ষাৎ ভগবান্ হরি; তদ্বিষয়ে সন্দেহ নাই। যাহারা বিষ্ণুপূজাপরায়ণের শুশ্রূষা করে, তাহারা একবিংশতি পুরুষসহ বিষ্ণুলোকে যায়। যাহারা নিঃস্পৃহ হইয়া হরি বা হরের পূজা করে, তাহারা নিখিল ভুবন পবিত্র করিয়া থাকে। যে গৃহে হরিপূজাপরায়ণ ব্যক্তি বাস করে, তথায় সমস্ত দেবতা ও স্বয়ং হরি লক্ষ্মীসহ অবস্থান করেন। যাহার গৃহে পবিত্র তুলসীমালা বিদ্যমান আছে, তাহার নিত্য নিখিল শ্রেয়োলাভ হইয়া থাকে। শালগ্রাম-শিলারূপে সাক্ষাৎ কেশব যথায় বিরাজমান থাকেন, তথায় গ্রহগণ কিংবা ভূত বেতাল প্রভৃতির উৎপাত থাকে না। শালগ্রাম-শিলা যেস্থানে বিদ্যমান, তাহাই তীর্থ ও তপোবন মধ্যে গণ্য; কারণ, তথায় ভগবান্ মধুসূদন সন্নিহিত থাকেন। যে গৃহে তুলসী বিদ্যমান নাই ও

শালগ্রামশিলার পূজা না হইয়া থাকে, সে গৃহকে অমঙ্গলপূর্ণ শ্মশানতুল্য জানিবে। হে দ্বিজগণ! পুরাণ, ন্যায়, মীমাংসা, ধর্ম্মশাস্ত্র ও সাঙ্গবেদ এই সমস্তই বিষ্ণুর মূর্ত্তি। যাহারা ভক্তিপূর্ব্বক ভগবান্‌কে চারিবার প্রদক্ষিণ করে, তাহারা সর্ব্বোত্তম পরম স্থান প্রাপ্ত হয়। এই বিষয়ে নারদকথিত একটী পুরাতন ইতিহাস আছে,—ইহার কথনে ও শ্রবণে সর্ব্বপাপ নষ্ট হইয়া থাকে। পূর্ব্বে বৈবস্বত মন্বন্তরে ইন্দ্র ও বৃহস্পতির যে সংবাদ ঘটিয়াছিল, তাহা বলিতেছি, হে দ্বিজগণ! শ্রবণ করুন। একদা সর্ব্বভোগসম্পন্ন ইন্দ্র দেবতা ও অপ্সরোগণে পরিবেষ্টিত হইয়া বৃহস্পতিকে বলিলেন,—"হে সর্ব্বতত্ত্বার্থদর্শী মহাভাগ বৃহস্পতে! অতীত ব্রাহ্মকল্পে সর্গ, ইন্দ্র ও দেবগণের বৃত্তান্ত কি,—যথাযথ বলুন।" তাহা শুনিয়া বৃহস্পতি বলিলেন,—"হে শক্র! আমি ইদানীন্তন লোক, কিছুই জানি না; পূর্ব্বদিনের কৃত কর্ম্ম অথবা ব্রহ্মার এই বর্ত্তমান দিনের ঘটনা ও অতীত মনুর বিষয় কিছুই বলিতে পারি না। হে পুরন্দর! সুধর্ম্ম নামে বিখ্যাত এক ব্যক্তি আছেন, তিনি সমস্ত জানেন;—চল তাঁহার কাছে গিয়া জিজ্ঞাসা করি।" ইন্দ্র তখন বৃহস্পতি ও দেবগণের সহিত সুধর্ম্মের নিকট গমন করিলেন। বৃহস্পতির সহিত দেবরাজকে সমাগত দেখিয়া সুধর্ম্ম বিবিধ উপচারে যথোচিত পূজা করিলেন। ইন্দ্র তখন তদীয় সমৃদ্ধি দর্শনে মনে মনে বিস্মিত হইয়া সবিনয়ে তাঁহাকে বলিলেন,—"হে সর্ব্বধর্ম্মজ্ঞ সুধর্ম্ম! তোমাকে সর্ব্বসম্পৎশালী এবং কীর্ত্তি, যশ ও তেজে মদপেক্ষা অধিক দেখিতেছি; তুমি কি দান, তপস্যা, যজ্ঞ বা তীর্থসেবার প্রভাবে এতাদৃশ সমৃদ্ধি প্রাপ্ত হইয়াছ? তুমি অতীত ব্রাহ্মকল্প এবং অতীত ইন্দ্র ও দেবগণের বৃত্তান্ত আমায় বল।" দেবরাজ এই কথা বলিলে পর তখন সুধর্ম্ম হাস্য করত বিনয়সহকারে পূর্ব্ববৃত্তান্ত যথাবিধি বলিতে লাগিলেন; সুধর্ম্ম বলিলেন,—"হে ইন্দ্র! সহস্র চারি যুগে ব্রহ্মার এক দিন; ব্রহ্মার সেই দিনে চতুর্দ্দশ মনু ও ইন্দ্র এবং বিবিধ দেবতা পৃথক্ পৃথক্ কীর্ত্তিত আছে। সমস্ত ইন্দ্রেরই সম্পদাদি একরূপ এবং যে যে মনুর অন্তর, সেই সেই মনুর পুত্রেরা তৎকালে নৃপতি হন। হে শক্র! এক্ষণে উক্ত মনু প্রভৃতির নাম বর্ণনা করিতেছি,—শ্রবণ কর। (১) স্বায়ম্ভুব, (২) স্বারোচিষ, (৩) উত্তম, (৪) তামস (৫) রৈবত, (৬) চাক্ষুষ, (৭) বৈবস্বত, (৮) সূর্য্যসাবর্ণি, (৯) দক্ষসাবর্ণি, (১০) ব্রহ্মসাবর্ণি, (১১) ধর্ম্মসাবর্ণি, (১২) রুদ্রসাবর্ণি, (১৩) রৌচ্য, (১৪) ভৌত্য—ইঁহারা চতুর্দ্দশ মনু। ইঁহাদিগের অধিকার কালের দেবতা ও ইন্দ্রের নাম বলিতেছি, শুন। স্বায়ম্ভুব মন্বন্তরে যাম নামে দেবতা ও শচীপতি নামে ইন্দ্র; স্বারোচিষ অন্তরে পারাবত ও তুষিত নামে দেবতা ও বিপশ্চিৎ নামে সর্ব্বসম্পত্তিশালী ইন্দ্র; তৃতীয় মন্বন্তরে সুধামা, সত্য, শিব ও প্রতর্দ্দন নামে দেবতা ও ইন্দ্রের নাম সুশান্তি; চতুর্থে দেবতার নাম সুরূপ, হরি, সুপ্ত ও সুধী এবং ইন্দ্রের নাম শিখি; পঞ্চমে অমিতাভ প্রভৃতি দেবতা ও বিভু নামে ইন্দ্র; ষষ্ঠে দেবতার নাম আদ্য প্রভৃতি ও মনোজব নামে ইন্দ্র; বৈবস্বত মন্বন্তরে আদিত্য, বসু ও রুদ্র প্রভৃতি দেবতা এবং ইন্দ্রের নাম পুরন্দর; অষ্টমে সুতপা প্রভৃতি দেবতা ও বিষ্ণুপূজা-প্রভাবে বলি ইন্দ্র হন; নবমে পারাবত প্রভৃতি দেবতা ও অদ্ভুত নামে ইন্দ্র; দশমে বামনাদি দেবতা ও শান্তি নামে ইন্দ্র; একাদশে বিহঙ্গম প্রভৃতি দেবতার নাম ও ইন্দ্রের নাম বৃষ; দ্বাদশে হরিতাদি দেবতা ও

ঋতধামা নামে ইন্দ্র; ত্রয়োদশে সুত্রামা প্রভৃতি দেবতা ও দিবস্পতি নামে মহাবলশালী ইন্দ্র এবং চতুর্দ্দশ মন্বন্তরে চাক্ষুষাদি দেবতা ও শুচি নামে ইন্দ্র। এইরূপে মনু, ইন্দ্র ও দেবগণ যাথাযথ বর্ণনা করিলাম। এই মনুগণ ব্রহ্মার একদিনে নিজ নিজ অধিকার ভোগ করিয়া থাকেন। ব্রহ্মার সৃষ্টিমাত্রই এইরূপ জানিবে। কর্ত্তা অনেকে আছেন; তাঁহাদিগের সংখ্যা কে জানিতে পারে? আমি যখন বিষ্ণুলোকে ছিলাম, তখন অনেক ব্রহ্মা হইয়াছেন; হে অদিতিনন্দন! তাঁহাদিগের সংখ্যা বলিতে আমি অশক্ত। তৎপরে আমি স্বর্গলোকে আসিলে চারি জন মনু অতীত হইয়াছেন, আমার বিভবও অতি বিস্তৃত জানিবে। হে প্রভো! আমি কোটিযুগ এই স্থানে থাকিব, তৎপরে কর্ম্মভূমিতে গমন করিব। হে পণ্ডিত! আমি যে সুকৃত করিয়াছি, তাহা বলিতেছি; ইহার কথনে ও শ্রবণে সমস্ত পাপ নষ্ট হইয়া যায়। হে শক্র! আমি পূর্ব্বে মর্ত্তলোকে ধর্ম্মেধ্যামিষভোজী অতিপাপী এক গৃধ্র ছিলাম। একদা আমি বিষ্ণুগৃহ-প্রাচীরে উপবিষ্ট আছি, এমন সময়ে এক ব্যাধ আসিয়া আমার বাণবিদ্ধ করিল। আমি তৎক্ষণাৎ ভূতলে পতিত হইলাম। তখন মাংসলোলুপ এক কুক্কুর আমায় মুখে করিয়া লইল। সেই কুক্কুর, অন্য কুক্কুর কর্ত্তৃক অভিদ্রুত হইয়া আমায় মুখে করিয়া বিষ্ণুমন্দির প্রদক্ষিণ করিয়াছিল। তাহাতেই জগন্ময় অন্তরাত্মা সেই বিষ্ণু আমাকে ও কুক্কুরকে পরম পদ প্রদান করিয়াছেন। হে দেবরাজ! এইরূপে প্রদক্ষিণ করার যখন এই ফল, তখন মনে করিয়া দেখ, যথাবিধি প্রদক্ষিণ করিলে কি ফল হইয়া থাকে?" মহাত্মা সুধর্ম্ম এই কথা বলিলে পর, দেবরাজ মনে মনে প্রীত হইয়া, হরিপূজাপরায়ণ হইলেন। অদ্যাপি সমস্ত দেবগণ ভারতবর্ষে জন্মগ্রহণ করিবার মানসে সেই অনাময় নারায়ণের অর্চ্চনা করিয়া থাকেন। এমন কি, যাহারা ভক্তিপূর্ব্বক তাঁহার পূজা করে, তাহাদিগকে ব্রহ্মাদি দেবগণ পূজা করিয়া থাকেন। পরিগ্রহশূন্য মহাত্মা যতিদিগের নারায়ণ-স্মরণে সংসারবন্ধন কেন হইবে,—যখন তাহাদিগের সঙ্গালাপিগণও মুক্তিলাভ করিয়া থাকে? যে মানবগণ নিঃসঙ্গ হইয়া প্রতিদিন নারায়ণের অর্চ্চনা করে, তাহারা অশেষ-পাপমুক্ত হইয়া প্রফুল্লচিত্তে বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হইয়া থাকে। যাহারা বীতরাগ ও পরাপবাদশূন্য হইয়া দেবদেব নারায়ণকে সতত স্মরণ করিয়া থাকে, তাহাদিগের আর মাতৃস্তন্য পান করিতে হয় না। যাঁহারা হরিকথা শ্রবণ করেন ও তৎপাদপদ্মে নিবেশিতচিত্ত, তাঁহারা জগৎপাবক; তাঁহাদের সঙ্গে ও আলাপে লোকে হরিবৎ পূজ্য হইয়া থাকে। যথায় হরিপূজাপরায়ণ শুদ্ধবুদ্ধি মহাত্মারা বিরাজমান, তথায় সমস্ত শুভ, নিম্নগামী জলের ন্যায়, আসিয়া থাকে। চৈতন্যকারণ হরিই পরম বন্ধু, হরিই পরম গতি, হরিই পরম পূজ্য। হে দ্বিজশ্রেষ্ঠগণ! স্বর্গাপবর্গ-ফলদাতা নিরাময় সদানন্দ সেই হরির পূজা কর, পরম শ্রেয়োলাভ হইবে। যাহারা নিষ্কাম ও শুদ্ধচিত্ত হইয়া হরির পূজা করে, তাহাদিগের প্রতি তিনি প্রসন্ন হইয়া সকল অভীষ্ট প্রদান করিয়া থাকেন। যে ব্যক্তি একাগ্রচিত্তে এই বিষয় শ্রবণ বা পাঠ করে, সে অশ্বমেধের ফল প্রাপ্ত হয়। হে দ্বিজগণ! হরিপূজার যে ফল, তাহা সংক্ষেপে ও বিস্তারে বলিলাম, এক্ষণে আর কি বলিতে হইবে, বলুন।

সপ্তত্রিংশ অধ্যায় সমাপ্ত॥ ৩৭॥

অষ্টাত্রিংশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে তত্ত্বার্থদর্শী সূত! আপনি সমস্তই বলিলেন, এক্ষণে চতুর্যুগের স্থিতি-লক্ষণ-শ্রবণে কৌতূহল হইতেছে। সূত কহিলেন,—হে মহাপ্রাজ্ঞ লোকোপকারী ঋষিগণ! সাধু! সাধু! সর্ব্বলোকের উপকারক যুগধর্ম্ম বলিতেছি, শ্রবণ করুন। এই ধর্ম্ম কোন সময়ে বৃদ্ধি প্রাপ্ত হয়, কোন সময়ে বা বিলুপ্ত হইয়া থাকে। সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারি যুগ। হে সাধুত্তমগণ! দেবপরিমিত দ্বাদশ সহস্র বৎসরে এক মহাযুগ হয়; তত্ত্বদর্শী পণ্ডিতগণ বলিয়াছেন, সত্যাদি যুগ সকল, অনুরূপ সন্ধ্যা ও সন্ধ্যাংশযুক্ত। প্রথমে সত্য, পরে ত্রেতা, তৎপরে দ্বাপর ও শেষে কলিযুগ। হে বিপ্রগণ! সত্যযুগে, কি দেব, কি দানব, কি গন্ধর্ব্ব, কি যক্ষ, কি রাক্ষস ও কি পন্নগ, তৎকালে সকলেই দেবসম, জানিবেন। তৎকালে সকলেই হৃষ্ট ও ধার্ম্মিক এবং ক্রয় বিক্রয় বা বেদ বিভাগ নাই। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র ইহারা সকলেই স্ব স্ব কর্ত্তব্য পালনে তৎপর, নারায়ণ-পরায়ণ, তপস্যা ও ধ্যান-নিরত, কামাদিদোষশূন্য, শমাদিগুণে ভূষিত, অসূয়া ও দম্ভ বিহীন, আশ্রমোচিত কার্য্যানুষ্ঠানে নিযুক্ত ও সত্যবাদী। ব্রাহ্মণাদি বর্ণত্রয়, ব্রহ্মচর্য্যাদি চারি প্রকার আশ্রমধর্ম্ম-প্রতিপালক, বেদাধ্যয়নে আসক্ত ও সর্ব্বপ্রকার শাস্ত্রার্থপারগ এবং নিষ্কাম ভাবে আশ্রমোচিত কার্য্যের যথাকালে অনুষ্ঠান হেতু সকলেই পরম গতি প্রাপ্ত হইয়া থাকে। ঐ সত্যযুগে ভগবান্ নারায়ণ সুনির্ম্মল ও শুক্লবর্ণ। সম্প্রতি ত্রেতাযুগের বিষয় বর্ণন করিতেছি একাগ্র চিত্তে শ্রবণ করুন। হে বিবুধ পূজ্যগণ! ত্রেতায় ধর্ম্ম পাদহীন ও নারায়ণ লোহিতবর্ণ হন এবং সমুদয় মানবগণ কিঞ্চিৎ ক্লেশান্বিত, ক্রিয়া যোগরত, যজ্ঞানুষ্ঠানে তৎপর, সত্যব্রত, ধ্যাননিরত আর দান ও প্রতিগ্রহ পরায়ণ হইয়া থাকে। মুনিবর সকল! দ্বাপরযুগে ধর্ম্ম দ্বিপাদহীন ও ভগবান্ হরি পীতবর্ণ হইয়া থাকেন। ঐকালে বেদ বিভক্ত হয় এবং কোন কোন ব্যক্তিকে অসত্য-পরায়ণ দেখা যায়। ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়, কিঞ্চিৎ রাগদ্বেষাদি-দোষে দূষিত হয়। কোন কোন বিপ্র স্বর্গ ফলভোগার্থ, কেহ কেহ ধনাদিপ্রাপ্তি-কামনায় এবং কোন কোন বিপ্র বা কোনরূপ পাপ-কার্য্যের নিমিত্ত জন্য যজ্ঞানুষ্ঠান করিয়া থাকেন। হে বিপ্রসত্তম মুনিবরগণ! দ্বাপরযুগে ধর্ম্ম ও অধর্ম্ম উভয়ই প্রবর্ত্তমান থাকে। প্রজাগণ অধর্ম্মপ্রভাবে ক্ষয়প্রাপ্ত হয় এবং কেহ কেহ অতিশয় অল্পায়ুঃ হইয়া থাকে। তৎকালে কোন কোন ব্যক্তি, পুণ্যানুষ্ঠানে নিরত মানবগণকে দেখিয়া সতত অসূয়া প্রকাশ করে। এক্ষণে কলিধর্ম্ম বলিতেছি, সুসমাহিত চিত্তে শ্রবণ করুন। উক্ত তমোগুণময় কলিযুগ উপস্থিত হইলে ধর্ম্ম ত্রিপাদহীন এবং নারায়ণ কৃষ্ণবর্ণ হন। কদাচিৎ কোন ধর্ম্মাত্মা, দান বা যজ্ঞানুষ্ঠান করিয়া থাকেন এবং কদাচিৎ কেহ কর্ম্মযোগে নিরত হন। কলিকালে কোন ব্যক্তিকে ধর্ম্মরত দেখিলে সকলে অসূয়া প্রকাশ করিয়া থাকে। ঐ সময় ব্রতাচরণ, দান ও যজ্ঞাদি সকল বিনষ্ট হয় এবং অধর্ম্মের প্রাদুর্ভাব হেতু দৈবাদি উপদ্রব সকল প্রাদুর্ভূত হইয়া থাকে। কলিযুগে নিখিল ব্যক্তি, অসূয়াপরায়ণ ও দম্ভাচারনিরত এবং সমুদয় প্রজাই অল্পায়ু হইবে। ঋষিগণ কহিলেন,—

হে মুনে! আপনি ত সংক্ষেপে সমুদয় যুগধর্ম্ম কীর্ত্তন করিলেন; সম্প্রতি বিস্তাররূপে কলিধর্ম্ম বর্ণন করুন। হে মুনিসত্তম! আপনি অখিল বেদবিদ্‌গণের অগ্রগণ্য, অতএব বলুন,—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র, ইঁহাদিগের কি প্রকার আহার ও কি প্রকার আচরণ হইবে? সূত কহিলেন,—হে মুনিগণ! পূর্ব্বে দেবর্ষি নারদ, মুনিবর সনৎকুমারকে এবিষয় যেরূপ কহিয়াছিলেন, আমি তাহা বলিতেছি, আপনারা সকলে শ্রবণ করুন। ভগবান্ হরি কৃষ্ণবর্ণ হইলে সমুদয় ধর্ম্মই বিনষ্ট হইয়া থাকে, এইজন্য কলিকাল অতি ভয়ঙ্কর; উহাতে সর্ব্ববিধ পাপই সাধিত হয়। ঘোর কলিযুগ উপস্থিত হইলে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র সকলেই ধর্ম্ম-পরাঙ্মুখ এবং নিখিল দ্বিজগণই বেদপাঠে বিরত হইয়া থাকে। ঐ সময় সমুদয় মানব, ব্যাধবৃত্তিনিরত, দম্ভাচারপরায়ণ, লোভপরতন্ত্র, কৃতঘ্ন ও ভণ্ড। সেইজন্য, কলিযুগে সকলেই অল্পায়ুঃ হইবে এবং আয়ু অল্পতা প্রযুক্তই সম্যক্ বেদ গ্রহণে অপারকতা ঘটিবে; সুতরাং বিদ্যাগ্রহণের অভাব নিবন্ধন অধর্ম্ম প্রবৃত্ত হওয়ায় পাপনিরত সমুদয় প্রজা কনিষ্ঠক্রমে কালকবলে পতিত হইতে থাকিবে। কলিযুগে ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় পরস্পর-সঙ্কীর্ণ, কাম-ক্রোধপরায়ণ, জ্ঞানশূন্য, বৃথা অহঙ্কারে অভিভূত, পরস্পর বৈরাচরণে আসক্ত এবং পরধন-গ্রহণে লোলুপ হইবে। ঐ সময়ে কি ব্রাহ্মণ, কি ক্ষত্রিয়, কি বৈশ্য, সকলেই ধর্ম্মপরাঙ্মুখ, অসার্থ, তপস্যা ও সত্য-বিবর্জ্জিত এবং সমুদয় লোকই দয়াদাক্ষিণ্যশূন্য হইবে। উত্তম লোকেরা নীচতা এবং নীচলোক সকল উত্তমতা লাভ করিবে। কলিকালের ভূপতিগণ, ধনসংগ্রহে নিরত, লোভপরায়ণ, ধর্ম্মবিধ্বংসকারী এবং বাহিরে ধর্ম্মকঞ্চুকে আবৃতাঙ্গ হইবে। সর্ব্বপ্রকার অধর্ম্মসঙ্কুল এই ঘোর কলিযুগে যাহার বহুল রথ, তুরঙ্গ ও মাতঙ্গ থাকিবে, তাহাকেই সকলে রাজা বলিবে। দ্বিজাতিগণ, শূদ্রের দাসত্ব করিবে। পতিগণ ধর্ম্মপত্নীতে আসক্ত না হইয়া উপপত্নীতে উপগত থাকিবে। পুত্রেরা পিতাকে, শিষ্য সকল গুরুকে এবং বনিতাগণ পতিকে দ্বেষ করিবে। সমুদয় দ্বিজগণ দুষ্কর্ম্মশালী, লোভাক্রান্ত-চিত্ত এবং সতত পরান্নলোলুপ হইবে। নিখিল মানব পরস্ত্রীনিরত ও পরস্বহরণে আসক্ত থাকিবে। সকলেই মৎস্যামিষ ভোজন, অজা ও মেষ দোহন এবং অসূয়াপরবশ হইয়া ধর্ম্মপরায়ণ ব্যক্তিকে উপহাস করিবে। কলিযুগে মানবগণ নদীতীরে ভূমি-কর্ষণ-পূর্ব্বক ধান্যাদি রোপণ করিবে এবং ধান্যাদির ফলও অল্প পরিমাণে জন্মাইবে। যোষিদ্‌গণ বেশ্যাদিগের ন্যায় অঙ্গসৌষ্ঠব ও আচরণে অনুরাগবতী এবং স্বীয় স্বীয় স্বামীর প্রতি ধর্ম্মবিরুদ্ধাচারিণী হইবে। দ্বিজগণ প্রায়ই কৃপণ, বন্ধু, সাধু ও বিধবাদিগের বিত্ত অপহরণ করিবে। ব্রাহ্মণেরা হেতুবাদে হতজ্ঞান হইয়া বেদের নিন্দা করত কোনরূপ ব্রতাচরণ, যাগযজ্ঞ ও অগ্নিতে আহুতিদানে বিরত থাকিবে। দ্বিজগণ কেবলমাত্র দম্ভার্থ পিতৃযজ্ঞাদিকার্য্যের অনুষ্ঠান করিবে। নিখিল মানবই অপাত্রে দান এবং দুগ্ধসঞ্চয় নিমিত্ত গোগণকে আদর করিবে। বিপ্রগণ স্নান-শৌচাদি কার্য্যানুষ্ঠানে পরাঙ্মুখ থাকিবে এবং অকালে ধর্ম্মপরায়ণ, কূটযুক্তিবিশারদ ও বেদ-ব্রাহ্মণগণের নিন্দায় নিরত হইবে। বিষ্ণুভক্ত ব্যক্তি কাহারও প্রিয়পাত্র হইবে না। কাহাকেও দেবপূজায় আসক্ত দেখিলে সকলেই তাহাকে উপহাস করিবে। হে বিপ্রেন্দ্রগণ! কলিযুগে রাজকিঙ্করেরা ধনের জন্য দ্বিজগণকে বন্ধন ও প্রহার করিবে। দ্বিজগণ দান, যজ্ঞ ও জপাদি কার্য্যের ফল বিক্রয় এবং

চণ্ডালাদির নিকটেও প্রতিগ্রহ করিবে। কলির প্রথমাংশেই মানবগণ হরিনিন্দা করিতে থাকিবে এবং শেষাবস্থায় কেহই হরিনাম স্মরণ করিবে না। কলিযুগে দ্বিজগণ শূদ্রা স্ত্রী ও বিধবা-সহবাসে এবং শূদ্রান্ন-ভোজনে নিরত থাকিবে। পাষণ্ডগণ যুক্তিযুক্ত কুহকবাক্য বলিয়া চারি প্রকার আশ্রমীর নিন্দা করিবে। অধম শূদ্রগণ সন্ন্যাসচিহ্ন ধারণ করত দ্বিজগণের শুশ্রূষা ও স্বধর্ম্ম প্রতিপালন করিবে না এবং কুযুক্তিদানে পারদর্শী হইয়া ধর্ম্মকথা কীর্ত্তন করিবে। তাহারা দুরাত্মা, কলুষিতান্তঃকরণ, প্রবঞ্চিত, পরপক্বান্নভোজী, উৎকোচজীবী, ঘোর পাপাচরণে নিরত ও পাষণ্ড হইবে এবং কাপালিক-ভিক্ষুবৃত্তি অবলম্বন করিবে। হে দ্বিজসত্তমগণ! কলিকালে সন্ন্যাস-চিহ্নধারী শূদ্রগণই ধর্ম্মত্যাগী দ্বিজগণের ধর্ম্মোপদেষ্টা হইবে। হে বিপ্রসত্তমগণ! কলিযুগে এতদ্ভিন্ন অপরাপর বহুতর ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যও পাষণ্ড হইবে। কলিযুগ উপস্থিত হইলে বিপ্রগণ বেদপাঠ ও দেবার্চ্চনে পরাঙ্মুখ হইয়া শূদ্রমার্গপ্রবৃত্ত ও গীতবাদ্যপরায়ণ হইবে। কলিযুগে সকলেই অল্পবিত্ত, বৃথা অহঙ্কারদূষিত ও বৃথাচিহ্নধারী হইয়া পরদ্রব্য অপহরণ ব্যতীত কখন কাহাকে দান করিবে না; সতত সকলেই প্রতিগ্রহপরায়ণ, জগতের অনিষ্টকরকার্য্যে প্রবৃত্ত, আত্ম-শ্লাঘা নিরত, পরনিন্দায় আসক্তচিত্ত, বিশ্বাসহীন, দেব ও দ্বিজগণের প্রতি অসদ্ব্যবহারী, কুৎসিতবাদী এবং বহুলোকের সেবক হইবে। তৎকালে মানবগণের পরমায়ুর পরিমাণ ষোড়শবর্ষ, অনন্তর তাহারা প্রাণত্যাগ করিবে। পঞ্চম বা ষষ্ঠবর্ষেই কন্যাগণ প্রসব করিতে থাকিবে এবং প্রায় সকলেই সপ্তম কিংবা অষ্টম বর্ষেই পরলোক গমন করিবে। কলিযুগে নিখিল মনুষ্যই স্বধর্ম্মত্যাগী, খল, কৃতঘ্ন, মর্য্যাদাবিহীন, যাচক, পরাপমানে নিরত, আপনার প্রশংসাবাদে তৎপর এবং সর্ব্বদা পরস্ব-অপহরণের উপায়-চিন্তায় নিমগ্ন হইবে। অতি আনন্দের সহিত পরগৃহে ভোজন, পরনিন্দা, পরের প্রতি বৃথা মিথ্যাপবাদ, পিতা মাতা ও পুত্রের নিন্দা, বাক্যে ধর্ম্মপ্রকাশ ও মনে মনে পাপচিন্তা করিবে। সর্ব্বদা ব্যাধি, তস্কর, দুর্ভিক্ষ ও নানা প্রকার দুঃখে প্রপীড়িত, বিদ্যা ধন ও যৌবন-মদে মত্ত এবং কপটাচারী হইবে। দুষ্কর্ম্ম বিচার না করিয়াই অপরকে দোষ এবং সর্ব্ব প্রযত্নে স্বদোষ গোপন করিবে। পাপিষ্ঠ নরাধম সকল সমাকৃষ্ট্রণে স্বীয় কপটতা বিস্তার এবং ধর্ম্মপথ-প্রবর্ত্তক বা ধর্ম্মকার্য্যানুরত ব্যক্তিকে বৃথা তিরস্কার করিতেও ক্ষান্ত থাকিবে না। কলিযুগ উপস্থিত হইলে সমুদয় মানব স্বেচ্ছাচারী, ম্লেচ্ছগণ রাজা, শূদ্রগণ ভিক্ষারত এবং দ্বিজগণ শূদ্রগণের শুশ্রূষাপরায়ণ হইবে। কি ব্রাহ্মণ, কি ক্ষত্রিয়, কি বৈশ্য, কি শূদ্র এবং কি অন্য জাতি, সকলেই অত্যন্ত কামাসক্ত হইয়া পরস্পর পরস্পরের পত্নীতে সন্তান উৎপাদন করিবে; তাহাদিগের শিষ্য, গুরু, পুত্র, পিতা এবং ভার্য্যা বা পতি কিছুই বিবেচনা থাকিবে না। কলিযুগে ধনাঢ্য ব্যক্তিগণও যাচক হইবে। দ্বিজাতি সকল মুনিবেশ ধারণ-পূর্ব্বক উপরে ধর্ম্মের ভান করত রসাদি অ-পণ্যবস্তুর বিক্রয়, বেদ ও ধর্ম্মশাস্ত্রের নিন্দা এবং শূদ্রবৃত্তি অবলম্বনে জীবিকা নির্ব্বাহ করিয়া পরিণামে নরকে বাস করিবে। নিখিল মানবই ক্ষুধা ও অনাবৃষ্টিভয়ে কাতর হইয়া সতত আকাশপানে চাহিয়া থাকিবে। তপস্বীদিগের ন্যায় কন্দ পত্র ও ফলমাত্র আহার করিবে; অধিক কি, অনাবৃষ্ট্যাদিতে পীড়িত হইয়া আত্ম-ঘাতী হইবে। কলিকালে সকলেই কামার্ত্ত, খর্ব্বাকৃতি, বহুভোজী, অল্পভাগ্য অথচ

বহু সন্তানযুক্ত, শূদ্রস্ত্রী-পোষণপর-বেশ্যা, সৌন্দর্য্যলোলুপ এবং বেদবাক্যে অনাদরপূর্ব্বক সতত কেবলমাত্র নিজ গৃহকার্য্যে তৎপর হইবে। কলিকাল উপস্থিত হইলে কুল-কামিনীগণ দুঃশীলা, দুষ্টমতি, পুরুষের প্রতি সর্ব্বদা অনুরাগবতী, মিথ্যা ও কঠোরভাষিণী, দেহসংস্কার-বর্জ্জিতা এবং বহুভাষিণী হইয়া স্বামীর প্রতি অসদাচরণ করিবে। অধিকাংশ মানব চৌরাদিভয়ে ভীত হইয়া নগর, গ্রাম ও প্রাকারোপরি কাষ্ঠময় যন্ত্র সকল নির্ম্মাণ করিবে এবং দুর্ভিক্ষ ও রাজস্বে পীড়িত হইয়া দুঃখিতান্তঃকরণে যে দেশে প্রচুর পরিমাণে গোধূম, যব ও ধান্যাদি উৎপন্ন হয়, সেই দেশে গমন করিবে। সকলেই হৃদয় মধ্যে স্বীয় দুরভিসন্ধি গোপন রাখিয়া মৌখিক মিষ্টবাক্য প্রয়োগ এবং যাবৎকাল না নিজ কার্য্যসিদ্ধি হয়, তাবৎকাল পর্য্যন্ত অপরের সহিত বন্ধুত্ব করিবে। ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়াও মিত্রাদি স্নেহ ও সম্বন্ধে আবদ্ধ থাকিবে এবং খাদ্যদ্রব্য স গ্রহার্থ শিষ্য করিবে। সংকালে নারীগণ উভয় হস্তে শিরঃকণ্ডুয়ন করিতে করিতে স্বামী ও গুরুজনদিগকে ভর্ৎসনা এবং তাঁহাদিগের আজ্ঞা অবহেলা করিবে; দ্বিজগণ পাপজালে জড়িত ও পাষণ্ড-সহবাসে নিরত হইয়া অগ্নিতে আহুতি দান এবং দেবপূজা পরিত্যাগ করিবে;—পণ্ডিতগণের অনুমান করিতে হইবে যে, সেই সময়ই প্রবল কলি।) তৎকালে অধর্ম্মের বৃদ্ধি ও বাল্য-মৃত্যু উপস্থিত হইবে। এইরূপে ক্রমে সর্ব্বধর্ম্ম বিলুপ্ত হইলে, জগতের আর শ্রী থাকিবে না। হে দ্বিজসত্তমগণ! এই ত আমি কলির স্বরূপ কীর্ত্তন করিলাম, কিন্তু কলি হরিভক্তি-পরায়ণ ব্যক্তিদিগের কোন প্রকার অনিষ্ট করিতে সক্ষম হইবে না। জ্ঞানিগণ সত্যযুগে তপস্যা, ত্রেতায় ধ্যান, দ্বাপরে জ্ঞান এবং কলিতে কেবল দানই পরম ধর্ম্ম বলিয়া থাকেন। সত্যকালে দশবর্ষে, ত্রেতায় একবর্ষে এবং দ্বাপরে এক মাসে যে পুণ্যফল লাভ করা যায়, কলিকালে একদিনেই সেই ফল লব্ধ হয়। সত্য-যুগে ধ্যান, ত্রেতাযুগে যজ্ঞ এবং দ্বাপরযুগে অর্চ্চনা করিয়া যাদৃশ ফলভাগী হওয়া যায়, কলিকালে একবার মাত্র হরিনাম করিতে পারিলে, সেই ফল প্রাপ্ত হইয়া থাকে। যে সকল মানব একদিন দিবারাত্রি হরিনাম সংকীর্ত্তন ও হরিপূজা করে, তাহাদিগের কলিভয় থাকে না। যাহারা সর্ব্বদা "নমো নারায়ণায়" এইরূপ কীর্ত্তন করে, তাহারা নিষ্কামই হউক আর সকামই হউক, কলি তাহাদিগের কোনরূপ বাধা উৎপাদন করিতে সমর্থ নহে। হে দ্বিজগণ! ঘোর-কলিযুগে যে সকল মানব হরিনামে আসক্ত, তাহারাই কৃতকৃত্য হইয়া থাকে; তাহাদিগের কলিভয় থাকে না এবং যাহারা শিবনাম-পরায়ণ ও শিব-পূজায় নিরত, ঘোর কলিযুগে তাহারাই শিবতুল্য। ভীষণ কলিযুগ উপস্থিত হইলে, নিখিল জগতের আধার, পরমাত্মস্বরূপ বিষ্ণুকে ধ্যান করিলে, মানবকে আর অবসন্ন হইতে হয় না। যে ব্যক্তি—সকলের পরমার্থ, নিখিল জগতের আদিকারণ, ভক্তগণের আশ্রয়দাতা ভগবান্ গোবিন্দের শরণাগত হইতে পারে, সে কখন অবসাদ-গ্রস্ত হয় না। হে দ্বিজগণ! ভগবান্ হরি শ্রদ্ধাশালী মানবগণের অখিল পাপরাশি দূর করিয়া থাকেন; যে মানব সেই অজর আদিদেব ভগবান্‌কে ধ্যান করে, সে কখন অবসন্ন হয় না। সত্যধর্ম্ম-বিবর্জ্জিত ঘোর কলিযুগে যে সকল ব্যক্তি একবার মাত্র হরির অর্চ্চনা করে, তাহারাই মহাভাগ্যবান্। কলিতে বেদবিহিত যাবতীয় কর্ম্মফলেরই অন্যান্য যুগ

অপেক্ষা তারতম্য আছে,—কেবল মাত্র হরি-স্মরণই সম্পূর্ণ ফলদায়ক। যাহারা নিত্য 'হে হরে! গোবিন্দ! কেশব! বাসুদেব! হে জগন্ময়!' কিংবা 'হে শিব! হে নীলকণ্ঠ! হে রুদ্রেশ! ত্রিলোচন!' এইরূপ উচ্চারণ করে, তাহাদিগকে কলি কোনরূপ ক্লেশদান করিতে পারে না। যে মানবগণ 'হে মহাদেব! বিরূপাক্ষ! গঙ্গাধর! হে মৃড়! অব্যয়!' এবং 'হে জনার্দ্দন! জগন্নাথ! হে পীতাম্বরধর! অচ্যুত!' সতত এবংবিধ কীর্ত্তন করে, তাহারা নিঃসন্দেহ কৃতার্থ হইয়া থাকে। সংসারী ব্যক্তিগণ পুত্র, পত্নী ও ধনাদি প্রাপ্ত হইতে পারে বটে, কিন্তু ঘোর-কলিযুগে হরি-ভক্তি তাহাদিগের অতি দুষ্প্রাপ্য। সনৎ-কুমার কহিলেন,—"হে কারুণ্যবারিধে! মহাভাগ! আপনি যথার্থই বলিয়াছেন, হে বদতাংবর বিপ্রেন্দ্র! তথাপি আমি পুনরায় শ্রবণ করিতে ইচ্ছা করি। হে মুনিশার্দ্দূল! আপনি পূর্ব্বেই বলিয়াছেন যে, যাহারা বেদনিন্দক ও ধর্ম্মের প্রতি সম্যক্ শ্রদ্ধাবিহীন, তাহারাই পাষণ্ড এবং অধর্ম্মনিরত ব্যক্তিদিগের নরকযাতনার বিষয়ও উল্লেখ করিয়াছেন; অতএব বেদমার্গ-বহিষ্কৃত ঘোর-কলিযুগ উপস্থিত হইলে, যখন সমুদয় ব্যক্তিই পাপ-নিরত ও পাষণ্ড হইবে—কথিত আছে, তখন হে ব্রহ্মন্! সেই সকল চিত্তশুদ্ধি-বিহীন জনগণের কি প্রকারে নিষ্কৃতি হইবে? হে সাধুবর! চিত্ত-শুদ্ধির অভাব হেতু ব্রাহ্মণাদির স্ব স্ব কার্য্য ও সিদ্ধ হইবে না, সুতরাং তাহাদিগরই বা কিরূপে সদ্গতি হইবে?" নারদ কহিলেন,—"হে মহাপ্রাজ্ঞ! উত্তম বিষয় জিজ্ঞাসা করিয়াছ। তুমি জনগণের প্রতি পরম দয়াবান্; এজন্য আমি তাহাদিগের নিষ্কৃতির উপায় বলিতেছি, সম্যক্ একাগ্রচিত্তে শ্রবণ কর। নিখিল ধর্ম্ম-শাস্ত্রে যাহা সুনিরূপিত হইয়াছে এবং যাহা সর্ব্বলোকের উপকারক, আমি সেই গুহ্য হইতেও গুহ্যতর বিষয় প্রকাশ করিতেছি। স্থাবর-জঙ্গমাত্মক এই সমুদয় জগৎই দৈবাধীন, সুতরাং দৈবকর্ত্তৃক যেরূপ প্রেরিত হয়, সেইরূপই ঘটিয়া থাকে। মানবগণ যথাশক্তি বেদ-বিহিত সমুদয় কার্য্য অনুষ্ঠান করিয়া, একমনে বিষ্ণুকে স্মরণ করত, তাঁহাতেই কর্ম্মফল অর্পণ করিবে। পরমাত্মা মহাবিষ্ণুতে কর্ম্ম সকল সমর্পিত হইলে, হরি-স্মরণ মাত্রে সম্পূর্ণতা প্রাপ্ত হইয়া থাকে। ঘোর-কলিযুগে হরিই পরম গতি এবং হরিভক্তিই মহাবিপদ্বারণ। হরিভক্তি-পরায়ণ মানবগণের পাপ-বন্ধন থাকে না। হে দ্বিজগণ! হরি-স্মরণ-নিষ্ঠ কিংবা শিবনামরত জীবগণের সতত সত্যই সমস্ত কর্ম্ম সম্পূর্ণতা প্রাপ্ত হইয়া থাকে। হরিভক্তি-পরায়ণ মানবগণের কি সৌভাগ্য! অন্য আর অধিক কি কহিব, সুরগণও তাহাদিগকে পূজা করিয়া থাকেন। সেইজন্য আমি যাহা সমুদয় লোকের হিতজনক, তাহাই বলিতেছি। যে সকল মানব হরিনামামৃতপানে আসক্ত, কলি তাহাদিগের কিছুই করিতে পারে না। সত্য সত্য হরিনামই আমার জীবন এবং কলিকালে হরিনাম ভিন্ন আর গতি নাই।" মুনিবর সনৎকুমার, মহাত্মা নারদ কর্ত্তৃক এইরূপ সম্যক্ প্রবোধিত হইয়া সত্য সত্যই পরম শান্তি লাভ করিলেন; অতএব হে বিপ্রেন্দ্রগণ! মদীয় বাক্য শ্রবণ করুন, যাহাদিগের চিত্ত সতত হরি-পরায়ণ, তাহারা পরম স্থান প্রাপ্ত হয়, আর তাহাদিগের পতন হয় না। ঘোর-কলিযুগ উপস্থিত হইলে, যাহারা হরিনাম-পরায়ণ, তাহারাই সমস্তপাপ মুক্ত হইয়া পরম গতি প্রাপ্ত হইবে। হে পণ্ডিতগণ! শিবপূজক এবং হরিপূজকের কোন বিষয়েই পারলৌকিক চিন্তা নাই,

সর্ব্বত্রই উভয়ে সমান। কলিযুগে যাঁহারা একবারও হরিনাম কীর্ত্তন করেন, তাঁহারাই কৃতার্থ; তাঁহাদিগকে নিত্য বার বার নমস্কার করি। নারদ, সনৎকুমার ঋষির নিকট যে বৃহন্নারদ নামক পুরাণ কীর্ত্তন করিয়াছিলেন, তাহা এই আমি আপনাদিগকে বলিলাম। এই পুরাণ পবিত্র, সর্ব্বদুঃখপহারক, সর্ব্বপাপবিনাশক এবং নিখিল যজ্ঞফল ও নিখিল পুণ্যফললাভ ইহা হইতে হয়। যে পণ্ডিতগণ, এই পুরাণের এক শ্লোক বা শ্লোকার্দ্ধও পাঠ করেন, পাপজনিত দুর্গতি তাঁহাদের কদাচ হয় না। হে দ্বিজগণ! যে পণ্ডিত-প্রবরেরা একবারও এই গ্রন্থের এক অধ্যায় পাঠ করেন, তাঁহারা জ্যোতিষ্টোম যজ্ঞের ফল লাভ করেন। সর্ব্বকামপ্রদ এই পুরাণ যাঁহারা ভক্তি-সহকারে পাঠ বা শ্রবণ করেন ও তৎফল শ্রীকৃষ্ণে অর্পণ করেন, তাঁহাদের পুণ্যফল শ্রবণ করুন;—তৎক্ষণাৎ শতজন্মার্জ্জিত-পাপ-মুক্ত হইয়া যথাসময়ে সহস্র কুলের সহিত পরমপদ প্রাপ্ত হইয়া থাকেন। যাঁহারা প্রত্যহ তন্ময় হইয়া হরিকথা শ্রবণ করেন, তাঁহাদের তীর্থ, দান, তপস্যা বা যজ্ঞে প্রয়োজন কি? যাঁহারা প্রত্যহ হরি-গুণানুবাদ শ্রবণ করেন, তাঁহাদের পুত্র, মিত্র, ক্ষেত্র, কলত্র, ভৃত্য বা বান্ধবে প্রয়োজন কি? আরোগ্যকর, দুঃখবিনাশক এই ধন্য পুরাণ গৃহে লিখিত হইয়া যাহাদের গৃহে থাকে, তাহাদের পুণ্যফল শ্রবণ করুন;—ভূত বেতালাদি দুষ্ট গ্রহ তথায় বাধাদানে সমর্থ হয় না এবং প্রতিদিন বিবিধ মঙ্গল হইতে থাকে। অগ্নিপীড়া বা চৌরাদিভীতিও থাকে না। কুটুম্বপোষণরত ব্রাহ্মণকে সহস্র কোটি গোদান করিলে যে ফল হয়, এই পুরাণের এক অধ্যায় পাঠে তাহা পাওয়া যায়। শত বার গঙ্গাস্নান এবং শত বার জ্যোতিষ্টোম যজ্ঞের ফললাভ, দশ অধ্যায় পড়িলে হয়। বিষ্ণুপরায়ণ হইয়া যে ব্যক্তি এই শাস্ত্র পাঠ বা শ্রবণ করেন, তাঁহার পুণ্যফল বলিতেছি, একাগ্রচিত্তে শ্রবণ করুন;—তৎক্ষণাৎ শতজন্মার্জ্জিত পাপমুক্তি হয় এবং দেহান্তে শতবংশ সমভিব্যাহারে তাঁহার মুক্তি লাভ হয়। যে ব্যক্তি প্রত্যহ প্রাতঃকালে উঠিয়া এই পুরাণের বিংশতিশ্লোক পাঠ করে, তাহার প্রতিদিন জ্যোতিষ্টোম-যজ্ঞফল ও গঙ্গাস্নানফল লাভ হয়। এই পবিত্র পুরাণ দুরাচারদিগকে বলিবে না। নীচাসনে বসিয়া সকলেরই এই পুরাণ শ্রবণ করিতে হয়। এই পুরাণ শ্রবণ ইহ-পরকালে সুখদায়ক। এই পুরাণ কীর্ত্তন বা শ্রবণ করিলে তৎক্ষণাৎ পাপ দূর হয়। যাহারা দম্ভ বশতঃ বা মোহ বশতঃ এই উত্তম পুরাণ শ্রবণ করে, সে সকল ব্যক্তিও পাপমুক্ত হইয়া পরম গতি প্রাপ্ত হয়।

অষ্টত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩৮ ॥

বৃহন্নারদীয় পুরাণ সমাপ্ত।

॥ শ্রীঃ ॥

কলিকাতা, বিজয়া বটিকা কার্য্যালয়ে

এ মহৌষধ প্রাপ্তব্য।

ইহা কৃ সালসা নহে, তবে সালসা নাম না দিলে লোকে ইহার গুণাবলীর বিষয় কিছুই হৃদয়ঙ্গম করিতে সমর্থ হইবেন না, সেইজন্য সালসা নাম দিতে হইল। আমরা ইংরেজী-ভাবাপন্ন হইয়া পড়িতেছি; এই আয়ুর্ব্বেদীয় ঔষধের নামকরণ তাই বিজাতীয়

ভাষায় করিতে বাধ্য হইলাম,—নচেৎ উপায় নাই। বলুন দেখি, সোমরস না দিলে, সাধারণে কি বুঝিবেন ?

চরক-গ্রন্থ অনন্তরত্নের ভাণ্ডার ;—মহা কল্পতরুস্বরূপ।

সাধক এবং ভক্ত একান্ত মনে যাহা খুঁজিবেন,

উহাতে তাহাই পাইবেন।

বি, বসু এণ্ড কোম্পানীর সালসা

সেই চরক-মহাসাগর মন্থন পূর্ব্বক উত্থিত হইয়াছে।

এ সালসা-বোতলকে ধন্বন্তরির অমৃতপূর্ণ

কলস বলিলে অত্যুক্তি হয় না।

বি, বসু এণ্ড কোম্পানীর সালসা

এক মহাতেজঃস্বরূপ। উত্তর চীনদেশ হইতে আনীত কোন লতাবিশেষের এমনি গুণ যে, এ সালসা সেবনের পাঁচ মিনিট পরেই দেহে এবং মনে মহাস্ফূর্ত্তি অনুভূত হইবে। মনে হইবে, শরীরে যেন কোন বৈদ্যুতিক ক্রিয়া নিষ্পন্ন হইল। এই মহাশক্তি-স্বরূপিণী সালসা-সুধা পানে মনঃ-প্রাণ স্বর্গীয় সুখে বিভোর হইয়া উঠিবে। এ সালসা সহজ-শরীরেও সেবনীয়।

কঠোর পরিশ্রমের পর সেবন করিলে

সঙ্গে সঙ্গে শ্রান্তিদূর হয়।

বি, বসু এণ্ড কোম্পানীর সালসা

সদ্গন্ধযুক্ত এবং খাইতে সুস্বাদু।

এ সুধা সর্ব্বরোগহর।

বাঙ্গালী যৌবনে বৃদ্ধ—৩২ বৎসর পূর্ণ না হইতেই অনেক বাঙ্গালীর অঙ্গ শিথিল হইয়া পড়ে; ৪২ বর্ষ বয়সে প্রকৃতই অনেকে জরাগ্রস্ত হন। বি, বসু এণ্ড কোম্পানীর সালসা যথানিয়মে সেবন করিলে, মানব-দেহে সহজে জরা আক্রমণ করিতে পারিবে না। শরীর সবল, সতেজ, সটান থাকিবে। যিনি ৬০ বৎসরের বৃদ্ধ, অঙ্গের মাংস

যাঁহার লোপ হইয়াছে, কটীতট কুব্জভাব ধারণ করিবার উপক্রম করিতেছে,—তিনি তিন মাস কাল এই বি, বসু এণ্ড কোম্পানীর সালসা সেবন করিয়া দেখুন, শরীরে সত্য-সত্যই যেন নবযৌবনের আবির্ভাব হইবে। বলবীর্য্য বিলক্ষণ বৃদ্ধি পাইবে। ঠিক্ যেন নূতন মানুষ হইবেন। যাঁহারা বিশেষ পরীক্ষা করিতে চাহেন, তাঁহারা ঔষধ-সেবনের পূর্ব্বে এক বার নিজ দেহের ওজন লইবেন এবং ঔষধ-সেবনের পর প্রতিমাসে এক এক বার ওজন লইবেন. দেখিবেন, ক্রমশই আপনার ওজন-বৃদ্ধি হইতেছে এবং দেহে বলের আধিক্য হইতেছে। শিশু, বালক, যুবক, বৃদ্ধ, স্ত্রী—সকলেই বি, বসু এণ্ড কোম্পানীর সালসা সেবন করিতে পারেন।

বি, বসু এণ্ড কোম্পানীর সালসা

সেবন করিলে, নানা রোগ আরাম হয়। তন্মধ্যে প্রধানতঃ সহজে এবং শীঘ্র এই রোগগুলি দূর হয়;—(১) দূষিত রক্তকে পরিষ্কার করে; (২) সরু হাড়কে মোটা করে; (৩) কৃশ ব্যক্তিকে সবল ও স্থূলদেহ করে; (৪) ক্ষুধাবৃদ্ধি হয়; (৫) কোষ্ঠ পরিষ্কার হয়; (৬) লাবণ্য-বৃদ্ধি হয়; (৭) স্মরণশক্তি এবং মেধা-বৃদ্ধি হয়।

বি, বসু এণ্ড কোম্পানীর সালসা

নিম্নলিখিত রোগে মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে;—(১) নানা প্রকার পারার ঘা; (২) নানা প্রকার চর্ম্মরোগ; (৩) খোস, চুলকুনি; (৪) গর্ম্মির ঘা; (৫) বাতরোগ; (৬) গাঁটের বেদনা ও ফোলা; (৭) শরীরের অন্য স্থানে বেদনা; (৮) অর্শ ও ভগন্দর; (৯) অম্লাদি-রোগ; (১০) মেহ আদি প্রস্রাবের পীড়া।

বি, বসু এণ্ড কোম্পানীর সালসা

(১) পুরুষত্ব-হানির মহৌষধ; (২) শুক্রের বিবিধ দোষ নিবারণে ব্রহ্মাস্ত্র; (৩) নানারূপ কাস-রোগের উৎকৃষ্ট ঔষধ; (৪) কৃমি-রোগের মহৌষধ; (৫) জ্বর-রোগে পুনঃ পুনঃ আক্রান্ত হইয়া যাঁহারা অতিশয় ক্ষীণদেহ হইয়াছেন, তাঁহাদের ইহা সেবন করা একান্ত বিধেয়। তদবস্থায় সেবন করিলে পুনরায় জ্বরের আশঙ্কা থাকে না।

বি, বসু এণ্ড কোম্পানীর সালসা

সেবন করিয়া গলিত-কুষ্ঠ রোগ পর্য্যন্ত আরাম হইয়াছে।

কলি-কলুষ-নাশক এই মহৌষধ—এই সোমরস—এই মহাশক্তি,—এই আয়ুর্ব্বেদীয় সালসা, একবার সেবন করিয়া দেখুন, হাতে হাতে প্রত্যক্ষ শুভ ফল পাইবেন। অন্তরের মর্ম্মরোগ দূর হইবে।

মূল্যাদি।

	মূল্য	ডাঃমাঃ	প্যাকিং
১নং আধপোওয়া শিশি	॥/০	... ॥০	... /০
২নং একপোওয়া শিশি	১,/০	... ۱۰	... /০
৩নং দেড়পোওয়া শিশি	১॥/০	... ১৲	... /০

ভ্যালুপেবলে লইলে মূল্য আরও দুই আনা বা চারি আনা অধিক পড়ে। দুই শিশি বা চারি শিশি, ছয় শিশি অথবা এক ডজন একত্র লইলে ডাকমাশুল কিছু কম পড়ে। রেল-ওয়ে ষ্টেশনের নিকট যাঁহাদের বাড়ী, তাঁহারা রেল-পার্শেলে এই সালসা দুই শিশি, চারি শিশি ছয় শিশি বা এক ডজন একত্র লইলে, মাশুল আরও কম পড়ে। ডাক-যোগে ঔষধ লইবেন, কি রেল-পার্শেলে ঔষধ লইবেন,—তাহা গ্রাহকগণ স্পষ্ট করিয়া লিখিবেন। রেল-পার্শেলে ঔষধ লইলে কোন্ ষ্টেশনে ঔষধ পাঠাইতে হইবে,তাহাও যেন পত্রে লেখা থাকে। প্যাকিং চার্জ্জ স্বতন্ত্র; ৩ নং এক ডজন শিশা একত্র লইলে মায় প্যাকিং চার্জ্জ প্রায় ৮৲ আট টাকা ডাঃমাঃ লাগে। রেলওয়ে পার্শেলের মাসুল কলিকাতা হইতে রেলপথের দূরত্ব অনুসারে স্থিরীকৃত হয়।

বিশেষ কথা।

১নং এক ডজন সালসা লইলে কমিশন এক টাকা; ২নং এক ডজন সালসার কমিশন দেড় টাকা; ৩নং এক ডজন সালসার কমিশন দুই টাকা। এক ডজনের কম লইলে কেহ কমিশন পাইবেন না। এমন কি,এগার শিশি একত্র লইলেও, কেহ কমিশন পাইবেন না।

১নং (আধপোওয়া) এক শিশি সালসা ৪ দিন সেবনীয়; ২নং (একপোওয়া) এক শিশি ৮ দিন সেবনীয়; ৩নং (দেড়পোওয়া) এক শিশ ১২ দিন সেবনীয়। ৪ দিন সেবন করিলেই উপকার জানিতে পারিবেন।

কতিপয় কথা।

বি, বসু এণ্ড কোম্পানীর এই সালসা সেবনকালে, সাধারণতঃ বিধি-নিষেধ কিছুই নাই। আফিসের, আদালতের, বা স্কুলের, বা অন্যান্য কাজকর্ম্ম সাধারণতঃ সকলেই করিতে পারিবেন।

স্ত্রীলোকের পক্ষে এ সালসা আশু ফলপ্রদ। স্ত্রীজনসুলভ রোগাদি ইহাতে সহজেই আরোগ্য হইয়া থাকে।

এ সালসা এক মাস কাল সেবন না করিলে, সাধারণতঃ সম্যক্ ফল পাওয়া যাইবে না। অধিকাংশ স্থলে, এক মাসেই দেহ নীরোগ হইবে। কিন্তু যাঁহাদের বহুতর জটিল পীড়া, কিংবা যাঁহাদের বংশে পুরুষানুক্রমে পারম্পরিক রোগের বীজ প্রবেশলাভ

করিয়াছে, তাহাদিগকে কিছু অধিক দিন ব্যাপিয়া অর্থাৎ দুই মাস কাল বি, বসু এণ্ড কোম্পানীর সালসা সেবন করিতে হইবে।

কিন্তু নানাবিধ অত্যাচার হেতু যাঁহাদের দেহ অতীব দুর্ব্বল ও শিথিল হইয়া পড়িয়াছে, পুরুষত্ব-লোপের উপক্রম হইয়াছে,— অথবা যাঁহাদের বয়স অধিক হওয়া হেতু, ঐ সকল রোগ স্বতই আসিয়া উপস্থিত হইয়াছে, তাঁহাদের পক্ষে এ সালসা তিন মাস সেবন করা কর্ত্তব্য। তিনি শুষ্ক তরু সরস হইবে, আবার নবপল্লব দেখা দিবে,—আবার ফুলে ফলে পরিশোভিত হইবে,— সুতরাং এরূপ স্থলে, তিন মাসকাল বি, বসু এণ্ড কোম্পানীর সালসা সেবন না করিলে, চলিবে কেন?

সালসা পাইবার ঠিকানা,—

কলিকাতা, ৭৯নং হারিসন রোড, পটল-ডাঙ্গা, বিজয়া বটিকা কার্য্যালয়ে বি, বসু এণ্ড কোম্পানীর নিকট এ সালসা প্রাপ্তব্য

বি, বসু এণ্ড কোম্পানীর

মলম

সকল রকম ঘায়ের ইহা মহৌষধ। শরীরের যে কোন স্থানে, যেরূপ প্রকারের ক্ষত হউক না কেন, সাত দিন এ মলমের প্রলেপ দিলে, সে ক্ষত বিশুষ্ক হইবে। যাঁহাদের গর্ম্মির ঘা প্রবল এবং যাঁহাদের পারাজনিত ঘায়ের বা প্রবল, তাঁহাদিগকে এ সালসা সেবনের সঙ্গে সঙ্গে এই মলম ব্যবহার করিতে হইবে। ইহা অতীব নির্দ্দোষ মলম। কুষ্ঠের ঘা পর্য্যন্ত ইহাতে ভাল হয়।

১নং মলমের কৌটার মূল্য ৷৷৵০; ২নং মূল্য ১৷০; ৩নং মূল্য ১৷৷৵০। ডাঃমাঃ প্যাকিং চার্জ্জ ইত্যাদি সমস্তই বিজয়া বটিকার ন্যায়।—কলিকাতা, ৭৯নং হারিসন রোড বি, বসু এণ্ড কোম্পানীর নিকট প্রাপ্তব্য।

উদরাময় বটিকা

পেটের অসুখ-গ্রস্ত ব্যক্তি-মাত্রেরই উদরাময় বটিকা সেবন করা বিধেয়। রোগে যিনি ভুগিতেছেন,—যাঁহার পাতলা অপাক বাহ্যে হয়, সময়ে-সময়ে দমক হয়, পেট কামড়ায়, পেট হুড় হুড় করে, পেট ফাঁপে,—উদরামর বটিকা সেবনে আশু উপকার পাইবেন। আমাশয় ও রক্তামাশয় রোগে, [illegible] অম্লাম্ল-স্বরূপ [illegible] দিনের পেটের পীড়া,—কঠিন গ্রহণীরোগ, উদরাময় বটিকা [illegible] ন সহজেই [illegible] হইয়াছে,—এমন হাজার হাজার দৃষ্টান্ত আছে। রোগীর জীবনে হতাশ হইয়া, [illegible] ও কবিরাজ যে রোগীকে ছাড়িয়া দিয়াছেন, এমন সকল রোগীও অনেক সময় উদরাময় বটিকায় আরোগ্য হইয়াছেন। যাঁহার জ্বর এবং পেটের পীড়া এ উভয়ই আছে, তাঁহাকে বিজয়া বটিকার সহিত উদরাময় বটিকা সেবন করিতে হইবে।

উদরাময়	বটিকার সংখ্যা	মূল্য	ডাঃমাঃ	প্যাকিং
১ নং কৌটা ...	২০	৷৷৵০ ...	৷০ ...	৵০
২ নং কৌটা ...	৪০	১৶০ ...	৷০ ...	৵০
৩ নং কৌটা ...	৬০	১৷৷৵০ ...	৷০ ...	৶০

ভ্যালুপেবলে লইলে আরও দুই আনা অধিক লাগে। (পাইকেরীদর বিজয়া বটিকার ন্যায়।)

প্রশংসা-পত্র।

মহাশয়! অনেক দিন হইতে আমি উদরাময় রোগে ভুগিতেছিলাম। আয়ুর্বেদীয় এবং হোমিওপ্যাথিক চিকিৎসায় কোন ফল হয় নাই, সৌভাগ্যক্রমে আপনার ১ কৌটা উদরাময় বটিকাতেই সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছি। এক্ষণে ঘরে রাখিবার জন্য আর এক কৌটার আমার আবশ্যক আছে; অনুগ্রহপূর্ব্বক ভিঃপিঃতে পাঠাইয়া দিবেন।

শ্রীউপেন্দ্রনাথ শীল। ডেপুটি মাজিষ্টর, উড়িষ্যা, কটক।

উদরাময় বটিকা পাইবার ঠিকানা।

কলিকাতা ৭১ নং হ্যারিসন রোডে বি, বসু এণ্ড কোং এজেন্টের নিকট অথবা [illegible], জেলা বর্দ্ধমান, একমাত্র স্বত্বাধিকারী জে, সি, বসুর নিকট প্রাপ্তব্য।